

২

বিপ্লব নবাব্দ সাংস্কৃতিক



তালিবুল হাশেমী

বিশ্বনবীর সাহাবী

২য় খণ্ড

তালিবুল হাশেমী

অনুবাদ ঃ আবদুল কাদের

আধুনিক প্রকাশনী

ঢাকা

প্রকাশনায়

বাংলাদেশ ইসলামিক ইনস্টিটিউট পরিচালিত

আধুনিক প্রকাশনী

২৫ শিরিশদাস লেন

বাংলাবাজার, ঢাকা-১১০০

ফোন : ৭১১৫১৯১, ৯৩৩৯৪৪২

ফ্যাক্স : ৮৮-০২-৭১৭৫১৮৪

আঃ প্রঃ ১৩৭

১ম প্রকাশ : এপ্রিল ১৯৮৯

৬ষ্ঠ প্রকাশ

জমাদিউল আউয়াল ১৪৩০

জ্যৈষ্ঠ ১৪১৬

মে ২০০৯

বিনিময় : ১২০.০০ টাকা

মুদ্রণে

বাংলাদেশ ইসলামিক ইনস্টিটিউট পরিচালিত

আধুনিক প্রেস

২৫ শিরিশদাস লেন

বাংলাবাজার, ঢাকা-১১০০

سرور کائنات کے پجاسی صحابی - এর বাংলা অনুবাদ

BISHA NABIR SAHABI 2nd Volume by Talibul Hashemy.

Published by Adhunik Prokashani, 25 Shirishdas Lane,

Banglabazar, Dhaka-1100.



Sponsored by Bangladesh Islamic Institute.

25 Shirishdas Lane, Banglabazar, Dhaka-1100.

Price : Taka 120.00 Only

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

‘পঞ্চাশজন সাহাবী’র দ্বিতীয় খণ্ডের প্রথম সংস্করণ নিঃশেষিত হয়ে গেছে। এ জন্য দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হলো। এ মুহূর্তে কয়েকটি কথা বলা প্রয়োজন। আধুনিক প্রকাশনী কর্তৃপক্ষ সাহাবী চরিত গ্রন্থসমূহকে কয়েক খণ্ডে প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছেন। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে ‘পঞ্চাশজন সাহাবী’র প্রথম খণ্ড ‘বিশ্ব নবীর সাহাবী’ প্রথম খণ্ড নামে প্রকাশিত হয়েছে। ‘পঞ্চাশজন সাহাবী’র দ্বিতীয় খণ্ডও ‘বিশ্ব নবীর সাহাবী’ দ্বিতীয় খণ্ড হিসেবে প্রকাশিত হলো। পরবর্তীতে আরো কয়েক খণ্ডে ‘বিশ্ব নবীর সাহাবী’ প্রকাশের প্রস্তুতি চলছে। সময়-সুযোগে ইনশাআল্লাহ তা প্রকাশিত হবে।

‘বিশ্ব নবীর সাহাবী’র দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় সংস্করণ প্রকাশ মুহূর্তে আল্লাহ রাব্বুল আলামীনের দরবারে সবিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করি। গ্রন্থটি বাংলাভাষী পাঠককে আকৃষ্ট করতে পেরেছে বলেই আমাদের বিশ্বাস। প্রথম সংস্করণ শেষ হয়ে যাওয়াই তার প্রমাণ। দ্বিতীয় সংস্করণও পাঠকের কাছে সমাদৃত হবে বলে আমরা আশা করি।

‘বিশ্ব নবীর সাহাবী’ গ্রন্থের অনুবাদের ভুলত্রুটি আমাদের কাছেই কাঁদে নিতে হবে। এ ব্যাপারে কারো কোন বক্তব্য থাকলে তা জানানোর অনুরোধ রইলো। ভুল-ত্রুটি শুধরে নেয়ার আন্তরিক প্রয়াস চালানো হবে। দ্বিতীয় সংস্করণ প্রকাশে যারা সহযোগিতা করেছেন তাঁদের প্রতি বিশেষ করে আধুনিক প্রকাশনী কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। ‘বিশ্ব নবীর সাহাবী’ গ্রন্থের অনুবাদ কাজের জন্য আল্লাহর নিকট আখিরাতের মুক্তি কামনা করি। যারা এ কাজে সহযোগিতা করেছেন আল্লাহ পাক তাঁদেরকেও আখিরাতে মুক্তি দিন-এ মুনাজাত করি। আমীন।

ঢাকা, ১৭ই ফালগুন ১৪০০ সাল

১৭ই রমযান, ১৪১৪ হিজরী।

১লা মার্চ, ১৯৯৪ সাল।

বিনয়াবনত

আবদুল কাদের

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
০ কুরআনে হাকিম ও সাহাবীদের মর্যাদা	১
২১. হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)	২৫
২২. হযরত মুগিরাহ (রাঃ) বিন হারিছ হাশেমী	৫৫
২৩. হযরত আবুল আছ (রাঃ) বিন রবি	৬১
২৪. হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)	৬৯
২৫. হযরত ওবায়দুল্লাহ বিন আব্বাস (রাঃ)	৭৮
২৬. হযরত যবরকান (রাঃ) বিন বদর তামিমী সাদী	৮২
২৭. হযরত জারুদ (রাঃ) বিন আমর আবদী	৮৭
২৮. হযরত মোহাম্মদ (রাঃ) বিন তালহা (রাঃ)	৯৩
২৯. হযরত আবদুল্লাহ (রাঃ) বিন বুদাইল (রাঃ) খুজায়ী	৯৭
৩০. হযরত হুরাইতিব (রাঃ) বিন আবদুল উজ্জা	১০২
৩১. হযরত আব্বাস (রাঃ) বিন মিরদাস	১০৭
৩২. হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের	১১২
৩৩. হযরত আমর (রাঃ) বিন সাঈদ উযুক্বী	১২৬
৩৪. হযরত সাঈদ (রাঃ) বিন আছ	১২৯
৩৫. হযরত আব্বাস (রাঃ) বিন উবাদাহ আনসারী	১৩৫
৩৬. হযরত হারাম (রাঃ) বিন মিলহান আনসারী	১৪১
৩৭. হযরত হাসিঙ্কুল ইয়ামান (রাঃ)	১৪৫
৩৮. হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদ আনসারী	১৪৮
৩৯. হযরত হুরকাহ (রাঃ) বিন আমর আনসারী	১৫৫
৪০. হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ আনসারী	১৫৭
৪১. হযরত হাস্‌সান (রাঃ) বিন সাবিত আনসারী	১৬১
৪২. হযরত আবু মাসউদ বদরী আনসারী (রাঃ)	১৮১
৪৩. হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস জুহান্নি	১৮৬
৪৪. রাফায়াহ (রাঃ) বিন রাফে (রাঃ) আনসারী	১৯২
৪৫. হযরত আবদুর রহমান (রাঃ) বিন জাবার আনসারী	১৯৫
৪৬. হযরত যায়েদ (রাঃ) বিন ছাবিত আনসারী	১৯৯
৪৭. হযরত হারমাহ (রাঃ) বিন আবি আনাছ আনসারী	২১৩
৪৮. হযরত সাহাল (রাঃ) বিন হুনাইফ আনসারী	২১৭
৪৯. হযরত নু'মান (রাঃ) বিন বশির (রাঃ) আনসারী	২২১
৫০. হযরত ইয়ামিন (রাঃ) বিন উমায়ের	২৩১

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

কুরআনে হাকিমও সাহাবীদের মর্যাদা

সারগম্মারে কায়েনাত, কবরে মওজুদাত, রহমতে আলম মুহাম্মাদুর রাসুলুদ্বাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হলেন মানবকুলের শ্রেষ্ঠতম মানব। তিনি ছিলেন কামিল ইনসান। সার্বিক গুণাবলীর সমাহার ঘটেছিল তাঁর মধ্যে। এমনভাবে রাসুলুদ্বাহ'র (সাঃ) সাহাবায়ে কিরাম (রাঃ) মর্যাদা ও চারিত্রিক বৈশিষ্ট্যের দিক থেকে সর্বোচ্চ পর্যায়ে সমাসীন। নবীদের (সাঃ) পর তাঁদের মত উন্নত মানব আজও বিশ্বে আবির্ভূত হয়নি। এ সব মহান মানব যীরা সর্বশ্রেষ্ঠ মানব রাসুলে আকরামের (সাঃ) দর্শনে নিজেদের চক্ষুকে আলোকিত করেছিলেন। তাঁরা সর্বোত্তম চরিত্রবানের উপর নিষ্ঠার সাথে ঈমান এনেছিলেন। সরাসরি সুহবতের ফায়েরাজও তাঁরা হাসিল করেছিলেন এবং তাঁর উত্তম আদর্শকে জীবনের অনিবার্য শিক্ষা বানিয়ে নিয়েছিলেন। তাঁরা নতোমন্ডলীয় হেদায়াতের শ্রোঙ্কল তাঁরকা সদৃশ। তাঁদের সত্যবাদিতা ও ইখলাস, দিয়ানত এবং আমানত, শুবকামনা ও ত্যাগ এবং খোদাতীতি অতুলনীয়। তাঁদের পুত পবিত্র আত্মা থেকে আজ পর্যন্তও সৌভাগ্য এবং সফলতার দীপ্তি বিচ্ছুরিত হয়। তাহজিব তামাদুনের ওছ তাঁরা সজিত করেছিলেন। তাঁরাই রাজনীতি এবং অর্থনীতির ওঙ্কল্য প্রদান করেছিলেন। জাহেলিয়াতের তমসা এবং কুফর ও শিরকের অন্ধকার গহরে তাঁরাই হে নায়াতের প্রদীপ জ্বলেছিলেন। আদ্বাহর নাম বুলন্দ করার জন্যে তাঁরা জ্ঞান মাল, সন্তান-সন্ততি তথা প্রয়োজনের মুহুর্তে সব কিছুই হাজির করেছিলেন।

রাসুলে আকরাম (সাঃ) একবার লোকদের সস্বোখন করে বললেন, তোমাদের মধ্যে কেউই মুমিন হতে পারে না যতক্ষণ পর্যন্ত পিতামাতা, সন্তান-সন্ততি এবং অন্যান্য লোকদের চেয়ে আমার সাথে তাঁর ভালোবাসা বেশী না হয়।

খ্রিয় নবীর (সাঃ) এ ইরশাদের সত্যতা সাহাবীরা (রাঃ) নিজেদের আমল দিয়ে এমনভাবে প্রমাণ করেছেন, যা বিশ্বের ইতিহাসে নজিরবিহীন। রিসালাত প্রদীপের এ সব পতত্র নায় বা সত্য পথে যে ধরনের দুঃখ-মুসিবত ও নির্বাতন সহ্য করেছেন তা পাঠ করলে শরীরের প্রতিটি লোমকুপ ঝাড়া হয়ে যায়। গা শিউরে উঠে। সত্য বীনের প্রসার ও প্রচার এবং হক ঝাতার শির উন্নত করার লক্ষ্যে তাঁরা জীবনের প্রতিটি ক্ষেত্রে যে কুরবানী দিয়েছিলেন তা ব্যক্তি ও সামাজিক জীবনে কিয়ামত পর্যন্ত তাওহীদ পহীদের জন্যে মশাল স্বরূপ হয়ে থাকবে। এ সব পবিত্র নফসের মানুষ আদ্বাহর

সম্ভারি জন্মে মাতা-পিতাকে পরিত্যাগ করেছেন। পরিবার-পরিজন থেকে বিচ্ছিন্নতা আবলম্বন করেছেন। স্বদেশ ভূমি ও গোত্রের লোকজনকে বিদায় জানিয়েছেন। ঘর-বাড়ী পরিত্যাগ করেছেন। ক্ষুধা সন্নেছেন। সব ধরনের শারীরিক নির্বাচন সহ্য করেছেন। এমনকি প্রয়োজনে হক পথে নিজের জীবনকেও নজরানা হিসেবে পেশ করতেও কৃষ্টিত হননি। শুধুমাত্র প্রিয় নবীর (সাঃ) জীবনকালেই নয় বরং তাঁর ওফাতের পর সাহাবীরা (রাঃ) আল্লাহর বীনের প্রতি যে ধরনের দরদ দেখিয়েছেন ও নিষ্ঠার সাথে খেদমত, হিফাজত ও প্রসারের কাজ করেছেন তার স্বীকৃতি প্রদান আমাদের ঈমানেরই দাবী। এ সকল পবিত্র আত্মা ইসলামী উম্মাহর কল্যাণকামী। এই উম্মাহ তাঁদের ইহসানের বোঝা থেকে কখনো অব্যাহতি পেতে পারে না। কোন নবী এবং রাসূল শেষ নবীর (সাঃ) সাহাবীর (রাঃ) মত জীবন উৎসর্গকারী সাথী পাননি। বাস্তব কথা হলো, প্রত্যেক সাহাবীই ব্যক্তিগতভাবে আল্লাহর নিদর্শন ছিলেন। আল্লাহর কিতাব এবং রাসূলের (সাঃ) সূনাত এ সব মহান ব্যক্তির মাধ্যমেই আমাদের কাছে পৌঁছেছে। তাঁদের চারিত্রিক দৃঢ়তার মাধ্যমে এ উম্মাত সাফল্য এবং কল্যাণের পথে ধাবিত হতে পারে। তাঁরা হলেন সুউচ্চ সত্যবাদিতার আলোকোজ্বল তারকা। তাঁদেরকে প্রত্যক্ষ করে মুসলিম উম্মাহ জীবন তরীর মনবিলে মাকসূদ নির্ধারণ করতে পারে। আল্লাহ পাকের এসব পবিত্র এবং নির্বাচিত ব্যক্তির ত্যাগের আবেগ মহান ঐশ্বর এত পছন্দীয় ছিল যে কুরআনে পাকের স্থানে স্থানে তাঁদের গুণের কথা বর্ণনা করা হয়েছে। তাদের প্রশংসা করা হয়েছে এবং সরাসরি তাদেরকে বেহেশতের সুসংবাদ দেওয়া হয়েছে। স্বজন আল্লাহ তায়ালা স্বয়ং রাসূলের (সাঃ) সাহাবীদের শান বর্ণনা করেন তখন সেইসব পবিত্র নফসের মর্যাদা প্রমাণে আর কোন দলিলের প্রয়োজন হয় না। কুরআনে হাকিম সাহাবা কিরামের (রাঃ) গুণাবলী, তাদের স্থান, মান ও মর্যাদা সম্পর্কে কি ধরনের বর্ণনা দিয়েছে তা দেখা যাক। সূরানে ফাতাহতে ইরশাদ হচ্ছে : "মুহাম্মাদ (সাঃ) আল্লাহ রাসূল। আর যীরা তাঁর সাথে রয়েছেন তাঁরা কাফেরদের উপর কঠোর এবং নিজেদের মধ্যে পরস্পর রহমশীল। তোমরা যখনই দেখবে তখনই তাদেরকে রক্ষ, সিদ্ধা, আল্লাহর ফজিলত এবং তাঁর সম্ভৃতি অর্জনের প্রচেষ্টায় মশগুল পাবে। সিদ্ধাহার চিহ্ন তাঁদের চেহারায় মণ্ডলুদ রয়েছে। যা থেকে তাঁদেরকে পৃথকভাবে চেনা যায়। ইঞ্জিল এবং তাওরাততেও তাঁদের গুণাবলী বর্ণনা করা হয়েছে। তাদের উদাহরণ এভাবে দেয়া হয়েছে যে, যেমন একটি ক্ষেত। ক্ষেতে বীজ অংকুরিত হলো। পরবর্তীতে তা শক্তিশালী হলো। এরপর আরো ঋনিকটা বর্ধিত হলো। অতঃপর নিজের কাণ্ডের উপর দাঁড়িয়ে গেল। এ ক্ষেত কৃষককে খুশী করে। অন্যদিকে কাফেররা ফুলে ফলে সুশোভিত ক্ষেত দেখে জ্বলে যায়। তাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে আল্লাহ তাদের মাগফিরাত এবং বড় ছওয়াবেবের গুমাদা করেছেন।" -সূরা ফাতাহ : ২৯

এ আয়াতসমূহে সাহাবায়ে কিরামের তিনটি গুণের কথা বিশেষভাবে বর্ণনা করা হয়েছে। ৩৭ তিনটি হলো: কাকেরদের উপর কঠোর, পরস্পর রহমণীল এবং এ ধরনের ইবাদাত জ্ঞান যে তাদের চেহারা সিজদার নিদর্শন সুস্পষ্টভাবে ফুটে উঠতো। কাকেরদের উপর কঠোর অর্থ এ নয় যে, তাঁরা কাকেরদের সাথে ভিত্তি ব্যবহার করতেন। বরং তার অর্থ হলো, কাকেরদের মোকাবিলায় তাঁরা ছিলেন পাখরের মত কঠিন। কোন ধমক, কঠোরতা, চাপ অথবা লোভ-লালসা তাদেরকে হক পথ থেকে বিচ্যুত করতে পারতো না। তাঁরা ছিলেন শ্রিয় নবীর (সাঃ) পক্ষে কাকেরদের বিরুদ্ধে মাঝার কাকন বাঁধা জীবন উপসর্গকারী মানুষ।

পরস্পর রহমণীলের অর্থ হলো মুমিনরা একে অপরের ভাইয়ের মূর্তিমান প্রতিচ্ছবি। একে অপরের প্রতি দয়দ শোষণ এবং দুঃখে দুঃখীত হয়। একজন আরেকজনকে সালাম, সদালাপ এবং হাসি-বুখী ব্যবহার প্রদর্শন করে। একে অন্যের সাথে পরামর্শ করে। পরস্পর সাহায্য করে এবং অপরের ব্যাখ্যায় ব্যথিত হয়। একে অন্যের খুন নিজের উপর হারাম মনে করে। আত্মীয়তার বন্ধন ছিন্ন করা, জুলাম, প্রতিশোধ গ্রহণ, অন্যায় প্রতিশ্রুতি, খারাপ খারণা, অপবাদ দেয়া বিক্রম এবং ফিতনা-ফাসাদ থেকে তারা দূরে থাকে। তাদের পরস্পর রহমণীল হওয়া অথবা লাভূদের জব্বার চূড়ান্ত অবস্থা এই ছিল যে, হজরত আবদুর রহমান (রাঃ) বিন আউফ মকা থেকে হিজরত করে মদীনা এলেন। মদীনা এসে তিনি হজরত সাল্লাদ (রাঃ) বিন রবি আনসারীর বাড়ী উঠলেন। হজরত সাল্লাদের (রাঃ) দু'জন স্ত্রী ছিল। তিনি হজরত আবদুর রহমানকে (রাঃ) বললেন, আমার সকল ধন সম্পদ আপনি অর্ধেক ভাগ করে নিন। এমনকি আমি নিজের স্বীয় একজনকে তালাক দিচ্ছি। ইচ্ছের পর আপনি তাকে শাদী করবেন।

হজরত আবদুর রহমানের (রাঃ) অন্তরেও হজরত সাল্লাদের (রাঃ) মতই লাভূদের আবেগ ছিল। তিনি নিজের ভাইকে এ ধরনের পরীক্ষায় ফেলা পছন্দ করলেন না। তাঁর লাভূত্বোধের প্রতি সম্মান প্রদর্শন করে বললেন, আল্লাহ পাক তোমার সম্পদ ও সন্তান-সন্ততিতে বরকত দিন এবং তোমার উপর রহমত নাযিল করুন। আমার আর কিছু প্রয়োজন নেই। বাজারের রাত্তা কোন দিকে শূখু এতটুকু বলে দাও। ব্যবসা করে আমি আমার রুখী কামাই করবো।

সিজদার নিদর্শন অর্থ কপালের সেই দাগ নয় যা সিজদা করার কারণে নামাজীদের কপালে পড়ে থাকে। বরং তার অর্থ খোদাতীতি, বিনয়, সত্যবাদিতা, শারাকত এবং সফরিফের সেই সব চিহ্ন যা আল্লাহর সামনে অবনত হওয়ার কারণে মানুষের চেহারা দীপ্যমান হয়ে উঠে। একজন অহংকারী, দুঃখভীত এবং বেশরম মানুষের চেহারা একজন শরীফ পবিত্র এবং বিনয়ী মানুষের চেহারা থেকে অবশ্যই পৃথক ধরনের হয়। কুরআনে কারিমে সাহাবাদের ৩৭-বর্ণনায় বলা হয়েছে যে,

তাদের চেহারা আলোর প্রদীপ থাকে। ইমাম মালেক (রঃ) এই গুণ বর্ণনা করতে গিয়ে বলেছেন, সাহাবায়ে কিরামের বাহিনী সিরিয়া প্রবেশ করলো। এ সময় সেখানকার খৃষ্টানরা বলতে লাগলো, ইসার (আঃ) অনুশামীদের যে গুণ আমরা কিতাবে পড়েছি অথবা নিজেদের আলমেদের কাছে শুনছি, আরব থেকে আগত লোকদেরও একই গুণে গুণান্বিত মনে হয়।

সূরায় আল-আনফালে সাহাবায়ে কিরামের (রাঃ) এ গুণাবলী বর্ণনা করা হয়েছেঃ “ঈমানদার তারাই যাদের অন্তর আল্লাহর নাম নেওয়ার সাথে সাথে কেঁপে ওঠে এবং যখন তাদের সামনে আল্লাহর কালাম পাঠ করা হয় তখন তাদের ঈমান বৃদ্ধি পায় ও তারা নিজেদের রবের উপর ভরসা রাখে। সেই মানুষ যারা নামাজ কায়েম রাখে এবং আমরা তাদেরকে যে রক্তী দিয়েছি তা থেকে খরচ করে। তারাই সত্যিকারের ঈমানদার। তাদের জন্যে নিজেদের রবের কাছে মর্যাদা রয়েছে। অধিকতর মাগফিরাত এবং ইজ্জতের রক্তীও রয়েছে।”

সূরায় “আত-তাওবাহতে” ইরশাদ হয়েছে : এবং ঈমানদার পুরুষ ও ঈমানদার মহিলা একে অপরের সাহায্যকারী। নেক কথা শিক্ষা দেয় এবং খারাব কথা থেকে বিরত রাখে। নামাজ কায়েম রাখে, যাকাত দেয় এবং আল্লাহ ও তার রাসূলের নির্দেশ মুতাবেক চলে। আল্লাহ এ সব লোকের উপর রহম করবেন। অবশ্যই আল্লাহ সবচেয়ে বড় বিজ্ঞ।

সাহাবায়ে কিরামের (রাঃ) গুণই হলো তাঁদের অন্তর আল্লাহভীতিতে পরিপূর্ণ। তাঁদের সামনে কুরআনে হাকিমের আয়াত পঠিত হলে তাঁদের ঈমান বৃদ্ধি পায়। পক্ষান্তরে কাফেরদের সামনে আল্লাহর কালাম পঠিত হলে তারা তাতে ঠাট্টা বিদ্রূপ করে। তাঁরা নিজেদের প্রকৃত স্রষ্টার উপর ভরসা রাখে। নামাজের পাবন্দী করে এবং নিজেদের হালাল আয় থেকে আল্লাহর পথে অকাতরে ব্যয় করে। একে অপরকে সাহায্য করে। ভালো কাজের নির্দেশ দেয় এবং খারাপ কাজ থেকে বিরত রাখে, নামাজ পড়ে, রোযা রাখে, যাকাত প্রদান করে, আল্লাহ এবং আল্লাহর রাসূলের নির্দেশ মুতাবিক চলে।

সূরায় “আত-তাওবা” হর’ অন্য এক স্থানে আল্লাহ পাক মুহাজির এবং আনসার সাহাবাদের (রা) প্রতি নিজেদের সন্তুষ্টির সুসংবাদ এই ভাষায় দিয়েছেনঃ

“যারা ঈমান এনেছে এবং হিজরত করেছে ও নিজেদের জ্ঞান এবং মাল দিয়ে আল্লাহর রাসূল জিহাদ করেছে, আল্লাহর নিকট তাঁরা সর্বোচ্চ মর্যাদার আসনে সমাসীন এবং তাঁরা সফলতা লাভকারী। তাদের রব তাদেরকে তাঁর রহমত, সন্তুষ্টি এবং এমন আনন্দের সুসংবাদ দিয়েছেন। যাতে তাঁদের জন্যে স্থায়ী নিয়ামত সমূহ থাকবে।

চিরকালের জন্যে তাঁরা সেখানে অবস্থান করবে। অবশ্যই আল্লাহর নিকট তাদের জন্য বড় প্রতিদান রয়েছে।”

সূরায় আল-আনফালেও একই ধরনের কথা বলা হয়েছে : “যারা ঈমান এনেছে ও যারা আল্লাহর রাস্তায় ঘরবাড়ী পরিত্যাগ করেছে এবং জিহাদ করেছে, যারা আশ্রয় দিয়েছে এবং সাহায্য করেছে তারা ই সত্যিকারের মুমিন। তাদের জন্যে ৩৩াহ খাতার ক্রমা এবং সুন্দর স্মিক রয়েছে। এবং যারা পরে ঈমান এনেছে এবং হিজরত করেছে ও তোমাদের সাথে একত্রিত হয়ে জিহাদ করেছে তারাও তোমাদেরই অন্তর্ভুক্ত।” — আয়াতঃ ৭৪-৭৫

এ পবিত্র আয়াত সমূহে আল্লাহ পাক বিশেষ করে সে সব মুহাজির এবং আনসারের কথা উল্লেখ করেছেন যারা ইসলাম গ্রহণ প্রক্লে অ্যাবর্তী ভূমিকা পালন করেছেন। আর এভাবেই তারা “আস-সাবিকুনাল আওয়ালুন”-এর মহান উপাধির যোগ্য বলে বিবেচিত হয়েছেন। “আস-সাবিকুনাল আওয়ালুন” অর্থাৎ ইসলামের প্রথম যুগের সাহাবীদেরকে এ মর্যাদা ও স্থান দেয়া হয়েছে। এতে তাদের সাথেই শুধু আল্লাতের প্রতিশ্রুতি দেয়া হয়নি, বরং তাদের পদাংক অনুসরণ করে ইসলাম গ্রহণকারী সাহাবাদেরও (রাঃ) বেহেশতের সুসংবাদ দেয়া হয়েছে। অ্যগামীদের দলে সে সব মুহাজির সাহাবী (রাঃ) রয়েছেন, যারা নবুয়ত প্রাঙ্কির প্রথম যুগে কঠিন অবস্থায় ঈমান আনার সৌভাগ্য লাভ এবং হক পথে চলার জন্যে অবর্ণনীয় দুঃখ কষ্ট বরদাশত করেছিলেন। এমনকি তাঁরা নিজের ঘর বাড়ীও পরিত্যাগ করেন। তাদের এই সব কুরবানী আল্লাহর নিকট গ্রহণীয় হয় এবং তাঁরা তাঁর কাছে সাক্ষা মুমিন এবং অল্পাভী হিসেবে অভিহিত হন। হক পথে তাঁরা যে নজীরবিহীন কুরবানী স্বীকার করেন তার কৃতিপয় দৃষ্টান্ত পরখ করুন :

নবুয়ত প্রাঙ্কির প্রথম তিন বছরে প্রিয় নবী (সাঃ) অত্যন্ত গোপনীয়তার সাথে তাবলীগের দায়িত্ব আঞ্জাম দিতে থাকেন। নবুয়ত প্রাঙ্কির চতুর্থ বছরের শুরুর্তে “কাসদা” বিমা তুমার ওয়া আ’রিজ আনিল মুশরিকিনা” (অর্থাৎ আল্লাহর নির্পেশাবলী প্রকাশ্য শুনান এবং মুশরিকদের কোন পরওয়া করবেন না) এ হুকুম নাখিল হলো। এ নির্পেশানুসারে রাসুলুল্লাহ (সাঃ) প্রকাশ্যে হকের তাবলীগ শুরু করেন। ফলে মক্কার মুশরিকদের ক্রোধ ও গোবার আঙন পূর্ণ শঙ্কির সাথে ফেটে পড়লো। তাওহীদের দাওয়াত গ্রহণকারীদের উপর তারা এমন এমন লোমহর্ষক নির্বাতন চালালো যে তাতে মানবতা মুখ ধুবড়ে পড়ে রলো।

হজরত বিলাল হাবশী (রাঃ) মক্কার এক মুশরিক সরদার উমাইয়াহ বিন খালফের গোলাম ছিলেন। ইসলামের আহ্বান শুনতেই তিনি সাক্ষা অক্লে ঈমান আনেন। তাঁর মুসলমান হওয়ার কথা শুনাই উমাইয়াহ অগ্নিশর্মা হয়ে উঠলো। সত্য গ্রহণের অপরাধে

হজরত বিলালের (রাঃ) জন্যে সে বিভিন্ন ধরনের শান্তি আবিষ্কার করলো। তাঁর গলার রশি বেঁধে মাতান যুবকদের হাতে তা দিয়ে দিত। আর তারা সে রশি ধরে তাকে মকার পাহাড়ী এলাকায় টেনে নিয়ে বেড়াত। অতঃপর উস্তগ বালিতে এনে উপর করে শূইয়ে দিত এবং পাখর এনে শরীরের ওপর চাপা দিত। রাসূলের (সাঃ) কবি হজরত হাসসান (রাঃ) বিন ছাবিত বলেন, আমি জাহেলী যুগে হজ্ব অথবা উমরাহর জন্য মদীনা থেকে মকা গিয়ে ছিলাম। সেখানে গিয়ে দেখলাম যে, হেলেরা বিলালকে (রাঃ) রশি দিয়ে বেঁধে এদিক-ওদিক টেনে নিয়ে বেড়াচ্ছে। এ সত্ত্বেও সে লাত, উজ্জা, হাবল, আসাফ, নায়েলাহ এবং বাওয়ানাহকে (মূর্তি ও দেব-দেবীর নাম) সরাসরি অস্বীকার করছে।

কখনো কখনো উমাইয়াহ শরৎ হজরত বিলালকে (রাঃ) ঘর থেকে বের করে নিয়ে যেত এবং হিরার উস্তগ বালুর উপর শূইয়ে দিয়ে ভারী পাখর তার বুকের উপর রেখে দিত। যাতে নড়াচড়া করতে না পারে। অতঃপর বলতো, মুহাম্মাদের (সাঃ) আনুষ্ঠান প্রত্যাহার কর এবং লাত ও উজ্জাই প্রকৃত স্রষ্টা তার প্রতিশ্রুতি দাও। নচেৎ এভাবেই পড়ে থাকবে। এর জবাবে হক পুরন্ত হজরত বিলালের (রাঃ) মুখ দিয়ে আহাদ আহাদ শব্দ বেরলতো। প্রকৃত সাহাবী হজরত আমর(রা) বিনুল আস থেকে রণিত আছে যে, তিনি হজরত বিলালকে (রাঃ) এ অবস্থায় দেখলেন যে উমাইয়াহ তাকে উস্তগ শব্দ মাটিতে শূইয়ে রেখেছে। মাটিও এমন উস্তগ যে, তার উপর যদি শোশত রাখা হতো তাহলে তা গলে যেত। কিন্তু তিনি সে অবস্থাতেও লাত এবং উজ্জাকে অস্বীকার করে চলেছেন।

কোন কোন দিন বনু জুমাহর ছোকড়ারা হজরত বিলালকে (রাঃ) মারাত্মকভাবে প্রহার করতো। দিনের বেলায় কাপড় খুলে লোহার জিরাহ পরাতো এবং রোদে রেখে দিত। সম্ভায় হাত-পা বেঁধে এক প্রকোষ্ঠে নিক্ষেপ এবং রাতে চাবুক দিয়ে কষাঘাত করতো। এ সত্ত্বেও তাঁর কদম হক পথ থেকে বিচ্যুত হয়নি। মুখ দিয়ে আহাদ আহাদ শব্দ ছাড়া আর কিছুই বের হতো না।

আবু ফাকিহাহ ইয়াসার ইযদী (রাঃ) ও উমাইয়াহ বিন খালফের গোলাম ছিলেন। তিনিও ইসলাম গ্রহণ করলেন। এতে উমাইয়াহ তাকেও জুলুম-নির্যাতনের নিশানা বানালো। উস্তগ বালুর উপর মুখ উবু করে তাকে শূইয়ে দিত এবং গিঠের উপর রেখে দিত ভারী পাখর। ডম্ভাবহ গরম ও বোঝার কারণে তিনি বেহঁশ হয়ে যেতেন। একদিন পাষাণ কদম উমাইয়াহ হজরত আবু ফাকিহাহ (রাঃ) দু'পায়েই রশি বাঁধলো এবং তাকে নির্দম্ভাবে টেনে বাইরে নিয়ে গেল। সেখানে উস্তগ বালুর উপর শূইয়ে দিল এবং এত জোরে তার গলার উপর চাপ দিল যে জিহ্বা বেরিয়ে এলো। তিনি নিঃসার হয়ে পড়ে রইলেন। উমাইয়াহ ভাবলো কারবার খতম। কিন্তু তখনো তিনি জীবিত ছিলেন। ঘটনাক্রমে হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) সেই পথ দিয়ে যাচ্ছিলেন। তিনি হজরত আবু ফাকিহাহ (রাঃ) ওপর এ নির্যাতনের মর্মকূল চিত্র দেখলেন। তাঁর অঙ্গর কেঁদে

উঠলো এবং সে সময়ই আবু ফাকিহাকে (রাঃ) উমাইয়াহ'র কাছ থেকে ক্রয় করে আযাদ করে দিলেন। কিন্তু সে যুগে কাফেরদের জুলুম-নির্যাতন থেকে কোন স্বাধীন মুসলমান অথবা গোলাম কেউই মুক্ত ছিল না। হজরত আবু ফাকিহাহ (রাঃ) মুক্ত হওয়া সত্ত্বেও কাফেরদের নির্যাতনের শিকার হয়ে রইলেন। ফলে নবুওতের ৬ষ্ঠ বছরে তিনি হিজরত করে হাবশা চলে গেলেন। হক পথে নির্যাতন সহিতে সহিতে শাস্ত্র ভেঙ্গে পড়েছিল। বদরের যুদ্ধের কিছু দিন পূর্বে তিনি ইনতিকাল করেন।

কোরেশ সরদার সুহাইল বিন আমরের নেক প্রকৃতির সন্তান হজরত আবু জান্দাল (রাঃ) এবং হযরত আব্দুল্লাহ (রাঃ) নবুওতের প্রথম যুগে ইসলাম গ্রহণ করেন। তাতে পিতা এত ক্রোধান্বিত হলেন যে, দুই পুত্রের পায়ে বেড়ি লাগিয়ে কারাগারে নিক্ষেপ করলো। তাঁরা সেখানে বছরের পর বছর ধরে বন্দীত্বের নির্যাতন সহিতে থাকেন।

হজরত ইয়াসির (রাঃ) বিন আমের, তাঁর পত্নী হজরত সুমাইয়াহ (রাঃ) বিনতে খাবাত এবং দুই পুত্র আবদুল্লাহ (রাঃ) এবং আশ্মার (রাঃ) ইসলাম গ্রহণ করেন। আবু জেহেল তাঁদের উপর প্রচণ্ড নির্যাতন চালায়। তাদের অবস্থা পড়ে শরীরের লোমকূপ খাড়া হয়ে যায়। সে তাদেরকে পানিতে ডুবিয়ে রাখতো। উত্তপ্ত বালু এবং প্রজ্বলিত আগুনের উপর শূইয়ে দিত। ম্রকার প্রথর বোদে দুপুরে দাঁড় করিয়ে রাখতো। বেত দিয়ে শিটাতো। মোট কথা সে নির্যাতন চরম সীমায় গিয়ে পৌছলো। একদিন প্রিয় নবী (সাঃ) তাদেরকে কঠিন নির্যাতন সহ্য এবং ম্রর খেতে দেখলেন। তিনি বললেন, "হে ইয়াসিরের খান্দান! ঐখ্য ধর। নিঃসন্দেহে তোমাদের স্থান জান্নাত।"

জালেম আবু জেহেল একদিন হজরত সুমাইয়াহ'র (রাঃ) গোপন নাজুক স্থানে এত জ্বায়ে নিষাহ মারলো যে তিনি মৃত্যু মুখে পড়িলেন। অতঃপর আর একদিন সে হতভাগা হজরত আবদুল্লাহকে (রাঃ) তাঁর মেরে শহীদ করে ফেললো। হজরত ইয়াসিরও (রাঃ) বৃদ্ধ অবস্থায় নির্যাতন সহিতে সহিতে ওফাত পেলেন। হজরত আশ্মারের (রাঃ) হায়াত ছিল, এক্ষণে তিনি বেঁচে গেলেন। নচেৎ আবু জেহেল তাঁকেও মেরে ফেলতে ঝিধা করতো না।

হজরত যুবাইর (রাঃ) ইবনুল আওয়াম ঈমান আনলেন। এতে তাঁর অভিভাবক চাচা নওফিল বিন খুয়ায়েলদ ক্রোধে ফেটে পড়লো। হাফিজ ইবনে কাছির (রাঃ) "আল বিদায়্যা ওয়ান নিহায়্যা" গ্রন্থে লিখেছেন, নওফিল হজরত যুবাইরকে (রাঃ) চাটাইতে শূইয়ে দিত। এর পর আগুন ছালিয়ে তাতে ধুনি দিত এবং যুবাইরকে (রাঃ) বলতো, নিজের বাপ দাদার ধর্মে ফিরে আয়। কিন্তু যুবাইর (রাঃ) বার বারই বলতেন, "কখনই নয় কখনই নয়। এখন আর আমি কুসুরী গ্রহণ করবো না।"

হজরত মাছরাব (রাঃ) বিন উমাইর বনু আবদিদার গোত্রের এক সম্বল পরিবারের সন্তান ছিলেন। মকায় তাঁর মত সুদর্শন যুবক দ্বিতীয় আর কেউ ছিল না। সে সর্বোত্তম মানের পোশাক পরতো এবং উন্নত ধরনের সুগন্ধি ব্যবহার করতো। যে রাত্তা দিয়ে হাঁটতো তা সুবাসিত হয়ে যেত। পায়ে জরিদার হাজরামী জুতা পরিধান করতো। পিতা-মাতার এ আদুরে সন্তান বেশীর ভাগ সময় সাজ-গোজ, আরাম-আয়েশ এবং সুন্দর চুলের যত্ন করেই কাটাতে। এ সম্বন্ধে আব্বাহ পাক তাঁকে সুন্দর শভাব দান করেছিলেন। রাসূলের (সাঃ) নবুয়ত প্রাপ্তির প্রথম যুগে বেই তাওহীদের অমীম বাণী তাঁর কর্ণ কুহরে প্রবেশ করলো তখনই নির্ধিখায় তাকে বাগত জানালো। বাড়ীর লোকেরা এ খবর পেয়ে ইসলাম গ্রহণের অভিযোগে হাত-পা বেঁধে তাঁকে নির্জন স্থানে আটক করে রাখলো। কিন্তু তিনি কোন অবস্থাতেই হক পথ থেকে বিচ্যুত হলেন না। অবশেষে তাঁকে বাড়ী থেকে বহিস্কার করা হলো। নবুয়ত প্রাপ্তির পাঁচ বছর পর তিনি রাসূলের (সাঃ) ইজিতে হিজরত করে হাবশা চলে গেলেন। সেখান থেকে প্রত্যাবর্তনের পর জুলুম নির্ধাতন সহিতে সহিতে তাঁর স্ত্রী নিঃশেষ হয়ে গেল। রেশমের পোশাকের পরিবর্তে একটি কম্বলের অর্ধেক পরিধান করতেন এবং বাকী অংশ গায়ে জড়াতেন। পরিধেয় অংশটুকু বাবলার কাঁটা দিয়ে আটকে রাখতেন। নবুয়ত প্রাপ্তির ১২ বছর পর প্রিয় নবী (সাঃ) তাঁকে ইসলামের প্রথম শিক্ষক বানিয়ে মদীনা শেরণ করেন। সেখানে তিনি অত্যন্ত ষোগ্যতার সাথে ইসলামের তাবলীগ করতে থাকেন। তৃতীয় হিজরীতে ওহোদের যুদ্ধে বীরত্বের সাথে লড়াই করতে করতে শাহাদাত প্রাপ্ত হন। এতে নবী করিম (সাঃ) খুবই দুঃখিত হলেন। তিনি তাঁর লাশের নিকটে দাঁড়িয়ে গেলেন এবং এ আয়াত তিলাওয়াত করলেন :

“মুমিনদের মধ্যে বহু এমন লোক রয়েছে যে, তারা আব্বাহর সাথে যে প্রতিশ্রুতি দিয়েছিল তা সত্যভাবে পালন করে দেখিয়েছে। তাদের মধ্যে অনেকে নিজেদের সময় পুরো করেছে এবং অনেকে ইন্তেজার বা অপেক্ষা করেছে এবং নিজের ইচ্ছার কোন পরিবর্তন সাধন করেনি।” (সুরায়ে আহযাব : ২৩)

এরপর প্রিয় নবী (সাঃ) বিহুল চিত্তে বললেনঃ “মকায় আমি তোমার মত সুদর্শন এবং সুন্দর পোশাক পরিধানকারী আর কাউকে দেখিনি। কিন্তু আজ দেখছি যে, তোমার চুল অবিন্যস্ত ও মাটিতে লেপ্ট রয়েছে এবং তোমার শরীরের উপর একটি চাদর। আমি স্বাক্ষ্য দিচ্ছি যে, কিয়ামতের দিন তোমরা আব্বাহর সান্নিধ্যে উপস্থিত হবে।”

হজরত খাবাব (রাঃ) ইবনুল ইরত ইসলাম গ্রহণ করলেন। কাফিররা তাঁর উপর মারাত্মক নির্ধাতন শুরু করলো। তাঁরা তাঁর কাপড় খুলে আঙনের উপর শুইয়ে দিত এবং বুকের ওপর রাখতো ভারী পাথর। কখনো দগদগে আঙনের ওপর শুইয়ে ভারী মেহের মানুষ তাঁর বুকের উপর বসতো। বাতে তিনি পাশ ফিরতে না পারেন। খাবাব (রাঃ) অটল

ধৈর্যের সাথে সে আঙনে কাবাব হতেন। এমন কি জখমের রক্ত এবং পুঁজ গলে গলে সেই আঙন নিভে যেত। ইবনে সায়্যাদ (রাঃ) বর্ণনা করেছেন, খাবাব (রাঃ) পাকও এক মহিলা উম্মেহ আনমারের গোলাম ছিলেন। মহিলাটি ইসলাম গ্রহণের অভিযোগে তাকে কখনো লোহার খিরাহ পরিয়ে ব্রোদে শুইয়ে দিত এবং কখনো গরম লোহা দিয়ে তাঁর মাথায় দাগ দিত। এ ধরনের ভয়ংকর নির্যাতন সহ্য করতে করতে হজরত খাবাব কিছুদিন অতিবাহিত করলেন। এরপর একদিন ফরিয়াদ নিয়ে প্রিয় নবীর (সাঃ) খিদমতে হাজির হলেন।

সহীহ বুখারীতে বর্ণিত আছে, সে সময় রাসূলুল্লাহ (সাঃ) কাবার দেয়ালের ছায়ায় শুয়ে ছিলেন। হজরত খাবাব রাসূলুল্লাহ'র (সাঃ) কাছে আরজ করলেনঃ "ইয়া রাসূলুল্লাহ ! আপনি আল্লাহ পাকের কাছে আমাদের জন্য কেন দোয়া করেন না ?" একথা শুনে হজরত (সাঃ) উঠে বসলেন। তাঁর পবিত্র চেহারা লাল হয়ে গেল এবং বললেনঃ

"তোমাদের আগে অতীতকালে এমন লোকও ছিল, লোহার চিরুণী দিয়ে যাদের শোশত চেঁচে ফেলা হয়েছিল। হাজি ছাড়া তাদের শরীরের আর কিছুই ছিলনা। এ কঠোর অবস্থায়ও তাঁরা নিজের ধীনের উপর থেকে আস্থা হারাননি। তাদের মাথার উপর করাচ চালান হয়েছে। করাচ দিয়ে চিরে তাদেরকে দু'ভাগ করা হয়েছে। এ সত্ত্বেও তাঁরা ধীন পরিত্যাগ করেননি। আল্লাহ এ ধীনকে অবশ্যই বিজয়ী করবেন এবং তোমরা দেখতে পাবে যে, সওয়ার একাকী ইয়েমেন থেকে হাজ্জারে মাওত পর্যন্ত যাবে ও আল্লাহ ছাড়া কাউকেই ভয় করবে না।"

হজরতের (সাঃ) ইরশাদ শুনে হজরত খাবাব (রাঃ) আল্লাহ'র অভিপ্রায় বুঝে ফেললেন এবং নীরবে ফিরে গেলেন। আল্লামা ইবনে আসির (রঃ) বলেছেন, হজরত ওমর ফারুক (রাঃ) নিজের খিলাফতকালে একবার হজরত খাবাবকে (রাঃ) তাঁর নির্যাতনের কাহিনী শুনারের নির্দেশ দিলেন। তিনি কাপড় উঠিয়ে আমীরুল মুমিনিনকে নিজের পিঠ দেখালেন। পিঠ দেখে তিনি খ' মেরে গেলেন। কোন শ্বেত রোগীর চামড়া যেমন সাদা হয়ে যায় তেমনি তাঁর সারা পিঠ সাদা হয়ে গেছিল। হজরত খাবাব (রাঃ) বললেনঃ

"আমীরুল মুমিনিন, আঙন জালিয়ে তার উপর আমাকে শুইয়ে দেয়া হত। এমনকি আমার পিঠের চর্বি সে আঙন নিভিয়ে দিত।"

হজরত আবু যর গিফারী (রাঃ) নিজের দেশ থেকে মক্কা এসে ইসলাম গ্রহণের ঘোষণা দিলেন। এ সময় মুশরিকরা চার দিক থেকে তাঁর উপর ঝাঁপিয়ে পড়লো এবং মার মার ধর ধর করে রক্তাক্ত করে ফেললো। হজরত আবাস (রাঃ) এসে যদি তাদের হাত থেকে ছাড়িয়ে না নিতেন তাহলে সেদিনই তাঁর ভবশীলা সাক হয়ে যেত।

হজরত ওসমান (রাঃ) বিন মাজ্জউন ইসলাম গ্রহণ করলেন। মুশরিকরা তাঁকে বিভিন্ন ধরনের জুলুম-নির্যাতন, হাসি-ঠাট্টা, বিক্রপ এবং অর্থনৈতিক চাপে নিষ্ক্ষেপ করলো। অবশেষে বাধ্য হয়ে তিনি মর-বাড়ী ত্যাগ করে হাবশায় হিজরত করলেন।

হজরত আবদুল্লাহ (রাঃ) বিন মাসউদ ইসলাম গ্রহণের পর মুশরিকদের সামনে কুরআন তিলাওয়াত করলেন। এতে সেই জ্বালেমরা এমন নিষ্ঠুরভাবে মারলো যে, তাঁর চেহারা ফুলে গেল এবং শরীরের কয়েক স্থান থেকে রক্ত প্রবাহিত হতে লাগলো। কিন্তু তাতে তিনি অক্ষিপ্ত করলেন না। একদিকে জ্বালেমরা তাঁকে প্রহার করছিল অন্যদিকে তিনি কুরআন তিলাওয়াত অব্যাহত রেখেছিলেন। যখন তাঁর উপর কাফিরদের জুলুম-নির্যাতন সীমাহীন অবস্থায় গিয়ে পৌঁছলো তখন প্রিয় নবীর (সাঃ) ইশারায় তিনি হাবশায় হিজরত করলেন।

হজরত ওসমান গনি (রাঃ) ইসলাম গ্রহণ করলেন। এ অপরাধে তাঁর চাচা তাঁকে বেঁধে মারলো। তাঁর ওপর এত নির্যাতন চালানো হলো যে, অবশেষে তিনি স্ত্রী হজরত রোকাইয়া (রাঃ) বিনতে রাসুল্লাহ (সাঃ) সহ স্বদেশ ভূমি ত্যাগ করে হাবশায় গিয়ে উপস্থিত হলেন।

হজরত তালহা (রাঃ) ঈমান আনলেন। এ কারণে মক্কার কাফিররা তাঁর উপর সীমাহীন অত্যাচার চালালো। সে সময় তাঁর মাতা ইসলাম গ্রহণ করেন নি। তিনিও পুত্রের ইসলাম গ্রহণে অত্যন্ত বিরক্ত হলেন। ইমাম বুখারী (রঃ) “তারিখুস সগীর” গ্রন্থে মাসউদ বিন খারাসের একটি বর্ণনা উল্লেখ করেছেন। এ বর্ণনায় বলা হয়েছে যে, তাঁরা সাফা এবং মারওয়ার মধ্যবর্তী স্থানে চক্র মারছিলেন। তাঁরা দেখলেন অনেক মানুষ একজন যুবককে টেনে হিঁচড়ে নিয়ে যাচ্ছে। তিনি জিজ্ঞেস করলেন, কি ঘটনা? মানুষেরা বললো, তালহা বিন উবায়দুল্লাহ বেদীন হয়ে গেছে। একজন মহিলা সে যুবকের পেছনে পেছনে গড় গড় করতে করতে এবং গালি দিতে দিতে যাচ্ছিলেন। তিনি জিজ্ঞেস করলেন, মহিলাটি কে? লোকজন জবাবে বললো সে তার মা সায়বাহ বিনতে হাজ্জরামী। হাকেম ইবনে কাছির (রঃ) “আলবিদায়্যা ওয়ান নিহায়্যা” গ্রন্থে লিখেছেন, নওফিল বিন খুয়াইলদ আদবিয়া কোরেশের বাঘ ষিভাবে মশকুর ছিলো। হজরত তালহার (রাঃ) ইসলাম গ্রহণে অত্যন্ত ক্রোধান্বিত হলো। সে হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) এবং হজরত তালহাকে (উভয়ই বনু তামিম গোত্রের এবং পরস্পর আত্মীয় ছিলেন) এক রশিতে বাঁধলো এবং নির্যাতন চালালো।

ইবনে আছির (রঃ) এবং ইমাম হাকিম (রঃ) বলেছেন, হজরত তালহার (রাঃ) ইসলাম গ্রহণের ঋণ স্বর যখন তাঁর চাচা এবং বড় ভাই ওসমান বিন আবদুল্লাহ পেলেন তখন তারা হজরত তালহা (রাঃ) ও হজরত আবু বকর সিদ্দিককে (রাঃ) দড়ি দিয়ে বেঁধে

খুব পিটালো। এর উদ্দেশ্য ছিল যাতে তাঁরা ইসলাম পরিত্যাগ করেন। কিন্তু নির্ধাতন যতই করা হোক না কেন ইসলাম থেকে তাঁদের সমান্যতম বিচ্যুতিও ঘটলো না।

হজরত আমের (রাঃ) বিন ফাহিরাহ হজরত আয়েশাহ সিদ্দিকার (রাঃ) এক ধরনের ভাই ভোফায়েল বিন আবদুল্লাহর গোলাম ছিলেন। তিনি ঈমান আনলেন। এতে মক্কার মুশরিকদের রাগ ও ফ্রোথের তুফান তাঁর উপরে গিয়ে আপতিত হলো। এ হতভাগারা যাবতীয় নির্ধাতনই তাঁর উপর চালালো। কখনো তাঁকে নৃশংসভাবে মারা হতো। কখনো উশ্ণও বালিতে এবং কাঁটার উপর টেনে হিঁচরে নিয়ে বেড়ানো হতো। একদিন হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) দেখলেন যে, কাফিররা তাঁর শরীরে কাঁটা বিধিয়ে দিচ্ছে এবং দাড়ি ধরে ধাপ্পার মারছে। তিনি তৎক্ষণাৎ তাঁকে ক্রয় করে আশাদ করে দিলেন। এ সম্বন্ধে হজুরের (সাঃ) সাথে হিজরত করে মদীনা না যাওয়া পর্যন্ত কাফিররা তাঁর উপর নির্ধাতন চালাতে কসুর করেনি।

হজরত আয়াশ (রাঃ) বিন আবু রবিয়াহ, হজরত সালমাহ (রাঃ) বিন হিশাম এবং হজরত ওয়ালিদ (রাঃ) বিন ওয়ালিদ ইসলাম গ্রহণ করলেন। কাফিররা তাঁদেরকে কারাগারে নিক্ষেপ করলো। সেখানে তাঁরা বছরের পর বছর ধরে নিঃসঙ্গ জীবন অতিবাহিত করেন।

হজরত যিল্লিরাহ (রাঃ) কোরেশের মখজুম বংশের দাসী ছিলেন। দাওয়াতে হকের প্রথম যুগে তিনি ইসলাম গ্রহণ করেন। সত্য গ্রহণের অপরাধে আবু জেহেল তাঁর ওপর নিত্য-নতুন নির্ধাতন চালাতো। তিনি জীবন দিতে রাজী ছিলেন, কিন্তু আল্লাহর একত্ববাদ থেকে মুখ ফিরিয়ে নিতে কোন ক্রমেই প্রস্তুত ছিলেন না। আল্লামা বালাজুরী (রঃ) বর্ণনা করেছেন, হক পথে চরম নির্ধাতন সহিতে সহিতে তাঁর দৃষ্টিশক্তি ক্ষীণ হয়ে আসছিল। এতে আবু জেহেল ভর্সনা করে বললো লাভ এবং উজ্জ্বা তোমাকে অন্ধ করে দিয়েছে। তিনি নির্ধিকায় জবাব দিলেন, লাভ এবং উজ্জ্বা পাথরের মূর্তি। তাদের কে পূজা করছে লেকথা তারা কি করে জানবে। আমার দৃষ্টিশক্তি চলে গিয়ে থাকলে তা আমার আল্লাহর তরফ থেকে মুসিবত হিসেবে এসেছে তিনি চাইলে আমার দৃষ্টিশক্তি ফিরিয়েও দিতে পারেন। আল্লাহ তাঁর এ দৃঢ়তাকে অত্যন্ত পছন্দ করলেন। পরের দিন তিনি যখন ঘুম থেকে জাগলেন তখন তিনি দৃষ্টিশক্তি ফিরে পেয়েছেন। ইবনে হিশাম লিখেছেন, হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) তাঁকেও ক্রয় করে মুক্ত করে দিয়েছিলেন।

হজরত নূরাইনাহ (রাঃ) কোরেশের বনু আদি গোত্রের একটি শাখা বনি মুয়াক্কালের দাসী ছিলেন। নবীর (সাঃ) নবুয়ত প্রাপ্তির প্রথম বছরগুলোতেই ইসলাম গ্রহণের সৌভাগ্য অর্জন করেন। এতে হজরত ওমর (রাঃ) বিন খাত্তাব (নিজের জাহেলী যুগে) এত উত্তেজিত হয়ে পড়েন যে, তাঁর উপর প্রতিদিন নির্ধাতন চালাতেন। মারতে মারতে যখন ক্রান্ত হয়ে

পড়তেন তখন বলতেন আমি ক্লান্ত হয়ে পড়েছি। এজন্যে তোমাকে ছেড়ে দিয়েছি। এখনো সময় আছে, নতুন ধর্ম ত্যাগ কর। তিনি জবাবে বলতেন, “অবশ্যই নয়। তুমি যত ইচ্ছা জুলুম করে নাও।” অবশেষে তাঁকেও হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) খরিদ করে স্বাধীন করে দেন।

হজরত নাহদিয়াহ (রাঃ) এবং তার কন্যা বনু আবিদিদ দার গোত্রের এক মহিলার ক্রীতদাসী ছিলেন। নবুয়ত প্রাপ্তির প্রথম যুগেই ইসলাম গ্রহণ করেন। তাঁর প্রভু তাঁর ওপর কঠিন নির্যাতন চালান। কিন্তু তিনি এ নির্যাতন উপেক্ষা করে হক পথে অটল ছিলেন।

হজরত উম্মেহ উবাইস (রাঃ) বনু যোহরাহ গোত্রের বাদী ছিলেন। হক দাওয়াতের প্রতি সাড়া দানকারী প্রথম মুসলমানদের অন্যতম ছিলেন। হক পথে চলার অপরাধে মক্কার মশহুর মুশরিক সর্দার আসওয়াদ বিন আবদে ইয়াজুছ তার উপর চরম নির্যাতন চালাতো। কিন্তু তিনি কোন অবস্থাতেই ইসলাম থেকে মুখ ফিরাননি। শেষে হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) তাঁকে এ নির্যাতনের পাঞ্জা থেকে মুক্তি দেন।

হজরত হুমামাহ (রাঃ) হজরত বিশাল হাবশীর (রাঃ) মা ছিলেন। হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) “আল ইসতিয়াব” গ্রন্থে লিখেছেন, তিনিও পুত্রের মত দাওয়াতে হকের প্রথম যুগে ইসলাম গ্রহণের সৌভাগ্য অর্জন করেছিলেন। মুশরিকরা তাঁর পুত্রের উপর যেমন নির্যাতন চালাতো তেমনি তাঁকেও শাস্তি দিত। কিন্তু তিনি ইসলামের ওপর অটল ছিলেন।

এ হ'লো মক্কার ইসলাম গ্রহণকারী সাবিকুনাল আওয়ালদের উপর জুলুম-নির্যাতনের মাত্র কতিপয় উদাহরণ। রাসূলের (সাঃ) নবুয়ত প্রাপ্তির প্রথমযুগে তাগুহীদের ঝাণ্ডাবাহীদের কোন শাস প্রশাস গ্রহণকারীই কাকেরদের জুলুম-নির্যাতন ও অত্যাচারের হাত থেকে নিস্তার পাননি। যখন তাদের নির্যাতন সীমা ছাড়িয়ে গেল তখন রাসূলুল্লাহ (সাঃ) মজলুম মুসলমানদেরকে হাবশার দিকে হিজরত করার পরামর্শ দিলেন। বর্ততঃ নবুয়ত প্রাপ্তির ৫ এবং ৬ বছর পর অনেক মুসলমান পুরুষ এবং মহিলা মক্কা থেকে হিজরত করে হাবশা চলে গেলেন। প্রতিটি মানুষ প্রকৃতিগত ভাবেই স্বদেশ এবং নিজের ঘর-বাড়ীকে ভালোবেসে থাকে। এসব পরিত্যাগ করে যাওয়া তাদের জন্যে এক বিরাট পরীক্ষা। কিন্তু আল্লাহর এ পবিত্র বাস্পাহরা সে পরীক্ষাতেও উত্তীর্ণ হন। তাদের মধ্যে একদল নবীর (সাঃ) হিজরতের পূর্বেই মক্কা ফিরে আসেন এবং অন্য দলটি খায়বারের যুদ্ধ ৭ হিজরী পর্যন্ত হাবশার মুহাজিরের জীবনের মুসিবত সহ্য করতে থাকেন। নবুয়ত প্রাপ্তির ১৩ বছর পর শ্রিয় নবী (সাঃ) সাহাবায়ে কিরামকে (রাঃ) মদীনায়ে হিজরতের নির্দেশ দেন। নির্দেশ প্রাপ্তির সঙ্গে সঙ্গে হক পন্থীরা তাতে সাড়া দিলেন এবং শ্রিয়

বদশভূমি, ধন-সম্পদ এবং ঘর-বাড়ীকে বিদায় জানিয়ে মদীনা গিয়ে পৌঁছিলেন। আল্লাহ পাক তাঁদের এই কুরবানী অত্যন্ত পছন্দ করলেন। শুধু এ কুরবানীই নয় বরং পরবর্তীতে তাঁদের পদাঙ্ক অনুসরণ করে যারা এসেছেন তাঁদেরকেও আল্লাহ তা'মালা নিজের সন্তুষ্টির সুসংবাদ দিয়েছেন। যদিও পরবর্তীতে আগমনকারীরা অগ্রগামীদের মত জুলুম-নির্যাতন সহ্য করেননি, তবুও তাঁরাও নিজের ধন-সম্পদ, সন্তান-সন্ততি ও জীবন হক পথে বিলিয়ে দিয়েছেন এবং হকের ঝাণ্ডা উজ্জীন রাখার জন্যে যে কোন ধরনের কোরবানী দিতে পিছপা হননি। আল্লাহ পাক নিজের বিশেষ ফজিলতে তাদেরকেও সাবিকুলাল আওয়ালুনের পবিত্র দলের অন্তর্ভুক্ত করেছেন। হ্যাঁ, কিছু পার্থক্যও সূচীত করেছেন। মক্কা বিজয়ের পূর্বে ঈমান আনয়নকারীদেরকে মক্কা বিজয়ের পরে ঈমান গ্রহণকারীদের চেয়ে আফজাল বা উত্তম বলা হয়েছে। যেমন সূরাত্বে আল-হাদিদে ইরশাদ হয়েছে :

“তোমাদের মধ্যে যে ব্যক্তি বিজয়ের (মক্কা) পূর্বে ব্যয় করেছে এবং লড়াই করেছে (আর যে এই কাজ পরে করেছে) তা বরাবর হতে পারে না। যারা পরে ব্যয় (ধন-সম্পদ) এবং জিহাদ ও কিতাল (কাফেরদের) করেছে তাদের মর্যাদা পূর্বে ব্যয়কারীদের চেয়ে কম। আল্লাহ পাক সবার সাথেই নেক ওয়াদা করেছেন এবং যে কাজ তোমরা সম্পাদন করো সে সম্পর্কে আল্লাহ ওয়াকিবহাল।” (আয়াত ১১০)

কুরআনে করিমে মুহাজিরদের সাথে সাথে আনসারদের উঁচু মর্যাদার কথাও স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। তাঁরাও আল্লাহর সন্তুষ্টি অর্জন এবং আখিরাতে সমান সমান সওয়াবের অংশীদার হবেন। সাহাবায়ে কিরামের (রাঃ) পবিত্র কাতারে আনসারদের এক বিশেষ মর্যাদা রয়েছে। এ সকল পবিত্র আত্মার লোক মক্কা থেকে তিনশ' মাইল দূরে এক পুরোনো শহর ইয়াসরাবে বসবাস করতেন। তাঁরা সেখানে অত্যন্ত নির্বান্ধাটি এবং শান্তিপূর্ণভাবে জীবন অতিবাহিত করছিলেন। এ সব মানুষের ইসলাম গ্রহণেরও প্রয়োজন ছিল না এবং মক্কার হক পন্থীদের আশ্রয় প্রদানেও বাধ্য ছিলেন না। শুধুমাত্র সং প্রকৃতির কারণে তাঁরা হক দাওয়াতের প্রতি সাড়া দিয়েছিলেন।

নবীর (সাঃ) নবুয়ত প্রাপ্তির ১১ বছর পর হজ্জ মওসুমে ৬ জন ভদ্র শভাবের খাজরাজী মক্কা এলেন। রাসূলুল্লাহ (সাঃ) তাঁদের সামনে ইসলাম পেশ করলেন। তাঁরা নিকিঁদায় তা কবুল করলেন। ইয়াছরাব ফিরে গিয়ে অন্যান্যদের কাছেও তাঁরা তাওহীদের দাওয়াত দিলেন। নবুয়ত প্রাপ্তির ১২ বছর পর দ্বিতীয়বার তাঁরা মক্কা এলেন। এ সময় তাঁদের সাথে আরো ৬ জন হক পন্থী এসেছিলেন। তাঁরা হুজুরের (সাঃ) হাতে বাইয়াত হলেন। তাঁদের আবেদন অনুযায়ী প্রিয় নবী (সাঃ) হজরত মুসআব (রাঃ) বিন উমায়েরকে ইসলামের প্রথম দায়ী বানিয়ে ইয়াছরাব প্রেরণ করলেন। তাঁদের তাবলিগী প্রচেষ্টার ফলশ্রুতিতে ইয়াছরাবের ঘরে ঘরে ইসলামের চর্চা হতে লাগলো। নবুয়ত প্রাপ্তির ১৩ বছর পর ইয়াছরাবের ৭৫ জন হকপন্থী (৭৩ জন পুরুষ এবং ২ জন মহিলা)

মক্কা এলেন এবং কাফিরদের অগোচরে রাতের বেলা আকাবার ঘাঁটিতে বিশ্ব নেতার (সাঃ) সাথে সাক্ষাৎ করলেন। তাঁর হাতে বাইয়াত হলেন। রাসূলুল্লাহকে (সাঃ) ইয়াছরাব তাশরীফ নেয়ার দাওয়াত দিলেন। এ সময় এ ওয়াদাও করলেন যে, তাঁরা নিজের জীবন, সন্তান এবং সম্পদ দিয়ে তাঁকে (সাঃ) হেফাজত ও সাহায্য করবেন। এই বাইয়াত ইতিহাসে বাইয়াতে উক্বায়ে ছানিয়াহ, বাইয়াতে শাইলাতুল উক্বাহ অথবা বাইয়াতে উক্বায়ে কাবিরাহ নামে স্মরণ করা হয়। এ বাইয়াত ইসলামের ইতিহাসে মাইল ফলকের মর্যাদা রাখে। প্রকৃতপক্ষে এ বাইয়াত আরব ও আজম এবং জিন ও ইনসানের কাছ থেকে আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করার বাইয়াত ছিল। সে সময় আরবের প্রতিটি অণু পরমাণু হকের নিশানবাহীদের খুন পিপাসু ছিল। ইয়াছরাব ভূখণ্ডের এ সকল পৃথ পবিত্র মানুষ উঠে দাঁড়ালেন এবং নিজের জীবন, সম্পদ এবং সন্তানদেরকে মক্কায় নবীর (সাঃ) পদতলে এনে রাখলেন। এ সব পবিত্র ব্যক্তিত্ব নিজের সব কিছু হক পথে নিয়োজিত করলেন এবং ভয়-ভীতি ও গালমন্দের পরওয়া করলেন না। এ বাইয়াতের কারণে আনসাররা এমন এক মর্যদায় অধিষ্ঠিত হলেন, যার উপর তাঁরা চিরকাল ফخر করতেন। হজুর (সাঃ) মক্কায় ইসলাম গ্রহণকারী সাহাবীদেরকে (রাঃ) মদীনায হিজরতের অনুমতি দিলেন। অনুমতি পেয়ে প্রায় সকল পুরুষ ও মহিলা সাহাবীই (রাঃ) মক্কাকে বিদায় জানিয়ে মদীনা গিয়ে পৌঁছলেন। আনসাররা তাঁদেরকে আহলান সাহলান ওয়া মারহাবা বলে স্বাগত জানালেন এবং অত্যন্ত ছুটি চিন্তে তাঁদের মেহমানদারী করলেন। কিছু দিন পর স্বয়ং হজরত রাসূলুল্লাহ (সাঃ) হজরত আবু বকর (রাঃ) এবং হজরত আমের (রাঃ) বিন কাহিরাহসহ ইয়াছরাবে তাশরীফ আনলেন। এ সময় আনসাররা রাসূলুল্লাহকে (সাঃ) এমন উচ্চ সমর্থনা জানালো যার নজীর বিশ্বের ইতিহাসে পাওয়া ভার। সে দিন “ইয়াছরাব” “মদীনাতুন নবীতে” রূপান্তরিত এবং তার ভূমি নভোমণ্ডলীর ইর্ষায় পরিণত হলো।

মুহাজিরীনে কিরাম (রাঃ) বছরের পর বছর ধরে বিষবৎ অকথ্য জুলুম-নির্ধাতন সহ্যের পর নিজের পরিবার পরিজন, ঘর-বাড়ী এবং ধন-সম্পদ ত্যাগ করে যখন মদীনা পৌঁছলেন তখন তাঁদের কাছে আল্লাহর নাম ছাড়া আর কিছুই ছিল না। কিন্তু মদীনার আনসাররা যে ভালোবাসা এবং নিষ্ঠা ও সততার সাথে সে দেশত্যাগীদের মেহমানদারী করলেন তা এক ইমান প্রকল্পিত কাহিনী। ইসলামের ইতিহাসে এ কাহিনী চিরকালের জন্যে আলোর বিচ্ছুরণ ঘটাবে।

প্রকৃতিগত ভাবে আনসাররা ছিলেন অত্যন্ত শরীফ, সাদাসিধে এবং রুচিনীল ও দরাজদিলসম্পন্ন মানুষ। কিন্তু শত-শত বছরের পুরোনো পারম্পরিক মুনাফিকী ও শত্রুতা তাদের শরীফ চরিত্রকে প্রায় ধ্বংস করে দিয়েছিল। ইসলাম আনসারদের পারম্পরিক মুনাফিকীকে ঋতম এবং যারা একে অশরের রক্ত পিপাসু ছিল তাদেরকে বীনের মজবুত আত্ম বন্ধনে আবদ্ধ করে। আল্লাহ পাক এভাবে আনসারদেরকে ভয়াবহ

ধ্বংসের হাত থেকে রক্ষা করেন। সুরায়ে আল-ইমরানে ইরশাদ হয়েছে : “আল্লাহর রজু এক্যবদ্ধভাবে দৃঢ়তার সাথে ধারণ কর এবং বিচ্ছিন্নতা সৃষ্টি করোনা। আর আল্লাহর সে নিয়ামত স্মরণ করো যখন তোমরা পরস্পর শত্রু রূপে পরিগণিত ছিলে। অতঃপর তিনি তোমাদের অন্তরে (পারস্পরিক) ভালোবাসা সৃষ্টি করে দিলেন। ফলে পরস্পর তোমরা ভাই হয়ে গেলে। প্রকৃতপক্ষে তোমরা অগ্নি গহ্বরের কিনারায় দণ্ডায়মান ছিলে। আল্লাহ পাক তোমাদেরকে তা থেকে বাঁচিয়ে নিলেন। এই ভাবেই আল্লাহ তোমাদের নিকট নিজের নিদর্শনাবলী প্রকাশ্যভাবে বর্ণনা করেন। যাতে করে তোমরা পথ পাতা।”—
আয়াতঃ:১০৩

আনসাররা আল্লাহ তাঁলার এ মহান ইহসানের পুরোপুরি শুকর আদায় করলেন। তাঁরা নিজের জীবন, সম্পদ এবং সন্তানদেরকে হক পথে ওয়াকফ করে দিলেন এবং নিজেদের ত্যাগ, তিতিক্ষা এবং নিষ্ঠার এক উজ্জল নিদর্শন ইতিহাসের পাতায় নিপিবদ্ধ করে দিলেন। হিজরতের কয়েকমাস পর শ্রিয় নবী (সাঃ) মুহাজির এবং আনসারদের মধ্যে ব্রাতৃত্বের বন্ধন কায়েম করলেন। এ সম্পর্ক প্রতিষ্ঠা শুধুমাত্র এক জরুরী পরিস্থিতির ফলশ্রুতি ছিল না বরং এর মধ্যে বিশেষ হিকমত এবং মুসলিহাত ছিল। এর ফলে একদিকে মুহাজিরদের অন্তর থেকে স্বদেশ ত্যাগের অনুভূতি বিদূরিত হচ্ছিল। দ্বিতীয়তঃ মুহাজিররা পরীক্ষা-নিরীক্ষা এবং ছলুম-নির্ঘাতনের অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হয়ে ঋটি সোনায় রূপান্তরিত হয়েছিলেন। তাঁদের প্রশিক্ষণ এবং সংশোধন স্বয়ং বিশ্ব নবী মুত্তাফা (সাঃ) করেছিলেন। এ ঋটি সোনা সদৃশ মুহাজিররা যাতে নও-মুসলিম আনসার ভাইদের প্রশিক্ষণ দিতে পারেন সে ব্যবস্থাই এ ব্রাতৃত্ব বন্ধন প্রতিষ্ঠার মাধ্যমে সম্পন্ন করা হয়েছিল। ব্রাতৃত্ব বন্ধন সৃষ্টির পূর্বেই আনসাররা মুহাজিরদের প্রতি ছিলেন দয়ার্ধ্য বা সেবাগত প্রাণ। কিন্তু এ সম্পর্ক সৃষ্টির পর তাঁরা পাতানো ভাইদের সাথে আপন ভাইয়ের চেয়েও সুন্দর ব্যবহার করলেন। তাঁরা তাঁদেরকে নিজেদের ঘরে নিয়ে গেলেন এবং সকল ধন-সম্পদ ও আসবাব পত্রসহ ঘরের প্রতিটি জিনিস গুণে গুণে তার অর্ধেক দিয়ে দিলেন। আনসারদের মালিকানা দানের আবেগ ছিল চূড়ান্ত পর্যায়ের। হজরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (রাঃ) বিন রাবি’ আনসারী নিজের দু’ ঐর একজনকে নিজের মুহাজির ভাইয়ের জন্যে পৃথক করার প্রস্তুতি নিয়েই ফেলেছিলেন। এর বিশদ বিবরণ পূর্বেই দেওয়া হয়েছে।

আনসাররা নিজের খেজুর বাগান এবং জমি মুহাজির ভাইদেরকে পেশ করলেন। বাগান পরিচর্যা এবং কৃষি বিষয়ে ওয়াকিবহাল না থাকার কারণে তাঁরা তা গ্রহণ করতে আপত্তি জানালেন। তখন আনসারদের ঈমানী জোশ উদ্বেলিত হয়ে উঠলো। তাঁরা বললেন, এ খেজুরের বাগান ও জমি আমরা অবশ্যই আপনাদেরকে দিব। তাতে কৃষি ও সেচ কাজ আমরাই করবো এবং উৎপাদিত শস্যের অর্ধেক আপনাদেরকে নিতে হবে। মুহাজিররা আন্তরিকতার সাথে নিজের আনসার ভাইদের এ প্রস্তাব কবুল করলেন। ঈম্মব্বার যুদ্ধ পর্যন্ত মুহাজিররা এ সকল খেজুর বাগান থেকে উপকৃত হতে থাকলেন।

খায়বার যুদ্ধের পর তাঁরা এ সব বাগান কৃতজ্ঞতাররূপে আনসারদেরকে কিরিয়ে দিয়েছিলেন।

সহীহ বুখারীতে বর্ণিত আছে, বন্ধনে আবদ্ধ হওয়ার ভাতৃত্ব সহোদরের মতই আত্মীয় হয়ে গিয়েছিল। এমনকি কোন আনসার ইস্তিকাল করলে মুহাজির ভাই তার সম্পদের উত্তরাধিকার হতেন এবং মরহুমের নিকটাত্মীয় তা থেকে বঞ্চিত হতেন। বদরের যুদ্ধের পর মুহাজিরদের আর্থিক অবস্থা ভালো হয়ে গেলে সূর্যায় আনফালের এই আয়াত নাযিল হলোঃ "নিকটাত্মীয় পরস্পরের বেশী হকদার" (আয়াত ৭৫).

বস্তুতঃ আল্লাহর এ ফরমান বাস্তবায়নে আনসার এবং মুহাজিরদের পারস্পরিক উত্তরাধিকারের বিধান বাতিল করা হয় এবং শুধুমাত্র নিকটাত্মীয়ের মধ্যেই উত্তরাধিকারের নীতি চালু হয়।

আনসারদের ত্যাগ ও সততা নিজেদের বন্ধনে আবদ্ধ হওয়া ভাইদের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি, বরং যখনই প্রয়োজন হয়েছে তখনই তাঁরা হক পথে নিজের সাধ্যের বাইরেও কোরবানী পেশ করেছেন। হজরত হারিছাহ (রাঃ) বিন নু'মান আনসারী নিজের কয়েকটি বাড়ী প্রিয় নবীর (সাঃ) হাওয়ালা করে দিয়েছিলেন। এমনভাবে আসহাবে সুফফার ভরণ পোষণের বিষয়টিও নিজেদের দায়িত্বে নিয়েছিলেন। জিহাদের ডাক এলেই তাঁরা নিজেদের জ্ঞান এবং মাল সমেত ইসলামের জন্যে দণ্ডায়মান হয়ে যেতেন। রাসূলুল্লাহ (সাঃ) বদরের যুদ্ধের পূর্বে আনসারদের ইচ্ছা বিশেষ করে অবহিত হলেন। কেননা তাঁরা মদীনার বাইরে গিয়ে শত্রুর বিরুদ্ধে লড়াই করার প্রতিশ্রুতিবদ্ধ ছিল না। মুহাজিরদের সাথে পরামর্শের পর যখন হুজুর (সাঃ) বললেন, এখন অন্যরাও পরামর্শ দিন। আওস গোত্রের সরদার হজরত সায়াদ (রাঃ) বিন মাযাজ তৎক্ষণাৎ উঠে দৌড়ালেন এবং আবেগময় ভাষায় আরজ করলেনঃ

"ইয়া রাসূলুল্লাহ, আমরা আপনার উপর ঈমান এনেছি। আপনার রিসালাতের সত্যতা স্বীকার করেছি। আপনার আনুগত্যের প্রতিশ্রুতি দিয়েছি। সুতরাং যা মর্জি হয় তাই করুন। সেই মহান আল্লাহর শপথ, যিনি আপনাকে রাসূল (সাঃ) বানিয়ে প্রেরণ করেছেন। আপনি সমুদ্রে কাঁপিয়ে পড়ার নির্দেশ দিলে আমরা তাই করবো। আমাদের একজন শাস-প্রশাস গ্রহণকারীও পেছনে থাকবে না। ইনশা'ল্লাহ আপনি আমাদেরকে যুদ্ধের ময়দানে অটল এবং বাহাদুর হিসেবেই পাবেন। আল্লাহ আমাদের তরফ থেকে আপনার চক্ষু শীতল করবেন।"

অন্য এক রাত্তরায়তে আছে, সেই সময় খাজরাজ গোত্রের সরদার হজরত সায়াদ (রাঃ) বিন উবাদাহ এই বস্তুত করেছিলেনঃ

“হে আল্লাহর রাসূল, সম্ভবতঃ আপনি আনসারদের প্রতি ইঙ্গিত করেছেন। আপনি যদি সমুদ্রের নির্দেশ দেন তাহলে আমরা তা পদদলিত করবো। আর যদি শুকনো স্থানের নির্দেশ দেন তাহলে বারকে গামমাদ পর্যন্ত (হাবশাহ অথবা ইয়েমেনের একটি স্থানের নাম) উটের কলিঙ্গা গলিয়ে ফেলবো।”

আনসারদের জিহাদের আবেগ এবং ত্যাগের জয়বাহ দেখে হজুরের (সাঃ) চেহারা মুবারক আনন্দে বলমল করে উঠলো।

শুধু বদরের যুদ্ধেই নয় বরং আনসাররা প্রত্যেক যুদ্ধেই এবং সব সময়ই মুহাজিরদের পাশে থেকে হক পথে জীবন কুরবানীর চরম পরাকাষ্ঠা প্রদর্শন করেছেন। সত্য পথে তাদের জীবন দান এবং রাসূল (সাঃ) প্রেমের কতিপয় উদাহরণ এখানে পেশ করা হলোঃ

হজরত হিন্দ (রাঃ) বিনতে আমর বিন হারাম আনসারীয়াহর স্বামী হজরত আমর (রাঃ) বিন জামুহর সন্তান হজরত খাল্লাদ (রাঃ) বিন আমর (রাঃ) এবং ভাই হজরত আবদুল্লাহ (রাঃ) বিন আমর বিন হারাম ওহোদের যুদ্ধে বাহাদুরীর সাথে লড়াই করতে করতে শাহাদাত প্রাপ্ত হন। হজরত হিন্দ (রাঃ) স্বামী, সন্তান এবং ভাইয়ের শাহাদাতের খবর শুনে কোন দুঃখ প্রকাশ না করে লোকদেরকে জিজ্ঞেস করলেনঃ “রাসূলের (সাঃ) কি অবস্থা আমাকে তা বলো। তাঁর তো কোন ক্ষতি হয়নি ?”

লোকরা যখন বললো, খোঁদার ক্ষমলে হজুর (সাঃ) ভালো আছেন; তখন তাঁর চেহারা আলোকোজ্বল হয়ে উঠলো। ধীরে ধীরে তিনি যুদ্ধের ময়দানের দিকে রওয়ানা হলেন। যখন রাসূলুল্লাহকে (সাঃ) দেখলেন তখন অযাচিতভাবে মুখ দিয়ে একথা বেরিয়ে গেলঃ “আপনি ভালো থাকলে সব মুসিবতই তুচ্ছ ব্যাপার।”

হজরত আনাস (রাঃ) বিন নজর আনসারী ওহোদের যুদ্ধে কতিপয় বাহাদুর মুসলমানকে অস্ত্র ফেলে দিয়ে বিবগ্ন অবস্থায় বসে থাকতে দেখলেন। জিজ্ঞেস করলেন, তোমরা যুদ্ধ ছেড়ে এখানে বসে আছ কেন? তাঁরা বললেন, আফসোস ! রাসূলুল্লাহ (সাঃ) শহীদ হয়ে গেছেন। হজরত আনাস বললেন, তাহ'লে তোমরা জীবিত থেকে কি করবো। ওঠো এবং হক বা সত্যের জন্যে রাসূলুল্লাহ (সাঃ) যেমন জীবন দান করেছেন তেমনি তোমরাও কাফেরদের সাথে লড়াই করে জীবন বিলিয়ে দাও। একথা বলেই অত্যন্ত জোশের সাথে তরবারী চালাতে চালাতে কাফেরদের মধ্যে গিয়ে উপস্থিত হলেন এবং ৭০টি আঘাত খেয়ে শহীদ হয়ে গেলেন। তাঁর লাভুশুত্রু হজরত আনাস (রাঃ) বিন মালেক খাদেমে রাসূল (সাঃ) থেকে বর্ণিত আছে যে, সূর্য্যে আহযাবের এ আঘাত হজরত আনাস (রাঃ) বিন নজরের প্রসঙ্গেই অবতীর্ণ হয় : “ইমানদারদের মধ্যে এমনও না-২/২-

আছেন যীরা আল্লাহর সাথে কৃত ওয়াদা সত্য করে দেখিয়েছেন। তাদের মধ্যে কেউ নিজের সময় পূর্ণ করেছে এবং কেউ সময় আসার অপেক্ষায় আছেন।—আয়াতঃ:২৩

হজরত খুবাইব (রাঃ) বিন আদি আনসারী এবং হজরত য়ায়েদ (রাঃ) বিন দাছনা আনসারীকে যাদল ওকারাহর লোকেরা বিশ্বাসঘাতকতা করে রাজি নামক স্থানে গ্রেফতার করলো। অতঃপর মক্কার কোরেশদের হাওয়ালা করে দিল। এ জ্বালেমরা তাঁদের দু'জনকেই শূলে চড়ানোর সিদ্ধান্ত নিল। উরওয়াহ (রাঃ) এবং মুসা (রাঃ) বিন উকবাহ থেকে বর্ণিত আছে যে, মুশরিকরা যখন হজরত খুবাইবকে (রাঃ) শূলে চড়াচ্ছিল তখন তাঁকে উচ্চস্বরে ডেকে এবং কসম খেয়ে জিজ্ঞেস করলো, তোমার পরিবর্তে যদি মুহাম্মাদ (সাঃ) শূলে চড়ে এ সময় তুমি নিজের গৃহে আরামে অবস্থান কি পছন্দ করবে? হজরত খুবাইব (রাঃ) বললেনঃ “আল্লাহর কসম! মুহাম্মাদুর রাসূলুল্লাহর (সাঃ) পবিত্র পায়ে যদি কাঁটাও ফোটে। আর আমি নিজের গৃহে আরামে বসে থাকবো—এটা আমার সহ্যেরবাইরে।”

এমনিভাবে হজরত য়ায়েদ (রাঃ) বিন দাছনাকে শূলে চড়ানোর আগে আবু সুফিয়ান (তখনও ঈমান আনেননি) জিজ্ঞেস করলো, “হে য়ায়েদ! খোদার কসম তুমি সত্যি সত্যি বল, যদি তোমার পরিবর্তে মুহাম্মদের গর্দান উড়িয়ে দেয়া হয় তাহলে কি তুমি নিজের পরিবার-পরিজনসহ খুশীতে থাকবে?”

এ হক পন্থী বীর পুরুষ আবু সুফিয়ানকে ঠিক একই জবাব দিয়েছিলেন যা খুবাইব (রাঃ) মুশরিকদের দিয়েছিলেন। অর্থাৎ আমিতো মুহাম্মাদের (সাঃ) পায়ে কাঁটা ফোটাও সহ্য করতে পারি না। তাঁর জবাব শুনে আবু সুফিয়ানের (রাঃ) মুখ দিয়ে বেরিয়ে এলঃ “মুহাম্মাদের সাথী তাঁকে যেভাবে ভালোবাসে, দুনিয়ার আর কোন ব্যক্তিরই এমন প্রেমিক নেই।”

ওহাদের যুদ্ধে হজরত সায়াদ (রাঃ) বিন রবি' আনসারী মুশরিকদের বিরুদ্ধে বাহাদুরী প্রদর্শন করে মারাত্মকভাবে আহত হলেন। এক রাওয়ান্নাত মতে তিনি ১২টি আঘাত পেয়েছিলেন এবং অজ্ঞান হয়ে মাটিতে পড়ে গিয়েছিলেন। তিনি রাসূলুল্লাহকে (সাঃ) গভীরভাবে ভালোবাসতেন এবং রাসূলেরও (সাঃ) তাঁর সাথে গভীর সম্পর্ক ছিল। যুদ্ধে পর তিনি সায়াদকে (রাঃ) দেখলেন না। সাহাবাদেরকে (রাঃ) সম্বোধন করে বললেন, “এমন কি কেউ আছে যে সায়াদ বিন রবি'র খবর আনবে?”

হজরত উবাই (রাঃ) বিন কায়্বা আনসারী আরজ করলেনঃ “ইয়া রাসূলুল্লাহ, আমি যাচ্ছি।” একথা বলে তিনি যুদ্ধের ময়দানে গেলেন এবং লাশের মধ্যে ঘুরে ঘুরে হজরত সায়াদ (রাঃ) বিন রবি'কে খোঁজ করতে লাগলেন। বার বার তাঁর নাম ধরে

ডাকছিলেন, কিন্তু কোন জবাব পাচ্ছিলেন না। অবশেষে তিনি উচ্চস্বরে একথা বললেন, “সাম্মাদ যদি জীবিত থাকে তাহলে জবাব দাও — রাসূলুল্লাহ (সাঃ) আমাকে তোমার কাছে পাঠিয়েছেন।”

সে সময় হজরত সাম্মাদ (রাঃ) বিন রবি’র মুম্ব অবস্থা। হুজুরের (সাঃ) নাম শুনে শরীর ও রুহের সকল শক্তি একত্র করে তিনি ক্ষীণ কণ্ঠে জবাব দিলেনঃ

“রাসূলুল্লাহর (সাঃ) পবিত্র খিদমতে আমার সালাম পেশ করবে এবং আমার আনসার ডাইদেরকে বলবে, খোদা নাখাতা আজ যদি রাসূলুল্লাহ (সাঃ) শহীদ হয়ে থাকেন, আর তোমাদের মধ্যে যদি কেউ জীবিত থাকে তাহলে আল্লাহর নিকট অবশ্যই মুখ দেখাতে পারবে না এবং তাঁর নিকট তোমাদের কোন ওজরই গ্রহণীয় হবে না। আমরা লাইলাতুল উক্বাতে রাসূলুল্লাহ’র (সাঃ) উপর আত্মোৎসর্গের সন্মাদা করেছিলাম।” একথা বলেই আল্লাহর ডাকে সাড়া দিয়ে তিনি দুনিয়া ছেড়ে চলে গেলেন।

আনসারদের এ কুরবানীর কারণেই আল্লাহর নিকট মুহাজিরদের মত তারাও মর্যাদার যোগ্য বলে বিবেচিত হয়েছিলেন। তাদেরকে সাচ্ছা মুমিন উপাধিতে ভূষিত করেছিলেন এবং জ্ঞানাতের সুসংবাদ দিয়েছিলেন।

কুরআনে কারিমে সাহাবায়ে কিরামের (রাঃ) মর্যাদা বিভিন্নভাবে বর্ণিত হয়েছে। কোথাও সকল সাহাবীর (রাঃ) উচ্চ মর্যাদার কথা সামষ্টিকভাবে বর্ণনা করা হয়েছে এবং কাউকে বাদ না দিয়ে সবার জন্যে মাগফিরাত এবং বেহেশতের সুসংবাদ দেওয়া হয়েছে। কোথাও কোন বিশেষ ঘটনা অথবা স্থান ও কাল হিসেবে সাহাবায়ে কিরামের (রাঃ) কোন বিশেষ দলকে আল্লাহর সন্তুষ্টির সুসংবাদ প্রদান করা হয়েছে। কোন কোন স্থানে এমন আয়াতও আছে যা কোন বিশেষ সাহাবীর (রাঃ) শানে নাযিল হয়েছে। এমন অনেক আয়াতও আছে যা পূর্বে নাযিল হয়েছিল। এ সত্ত্বেও রাসূলুল্লাহ (সাঃ) যখন কোন সাহাবীর (রাঃ) কোন বিশেষ নেক কাজ দেখেছেন তখন এ সব আয়াত তিলাওয়াত করেছেন। এর মাধ্যমে তিনি এটাই বলতে চেয়েছেন যে, রাসূলের (সাঃ) অমুক সাহাবীর (রাঃ) এ কাজ আল্লাহর নিকট এত পছন্দনীয় যে, তাঁর উপর এ আয়াত প্রযোজ্য।

যে সব আয়াতে সকল সাহাবীকে (রাঃ) জ্ঞানাতী বলা হয়েছে তার মধ্যে কতিপয় উপরে বর্ণনা করা হয়েছে। এখন অন্য ধরনের কিছু উদাহরণ এখানে পেশ করা হলোঃ

৬ষ্ঠ হিজরীর ১লা জিলকদ সারওয়ারে আলম (সাঃ) ওমরাহ’র ইরাদা করলেন এবং ১৪শ’ সাহাবী (রাঃ) সহ মদীনা মুনাওয়ারাহ থেকে মক্কা যাত্রা করলেন। তিনি সাহাবীদেরকে (রাঃ) তরবারী ছাড়া অন্য কোন অস্ত্র সাথে নিতে নিষেধ করলেন এবং তরবারীও খাপে ভরে নিতে বললেন। জুল হালিফা পৌছে হুজুর (সাঃ) এবং সাহাবীর

(রাঃ) ইহরাম বাঁধলেন। এদিকে মক্কায় কোরেশরা মুসলমানদের আগমনের খবর পেয়ে মৃত্যুর জন্যে প্রস্তুত হয়ে গেল। রাসূলুল্লাহ (সাঃ) যখন খবর শেলেন যে, কোরেশরা বাধা দিতে প্রস্তুত তখন তিনি হুদাইবিয়া পৌঁছে তাঁবু খাটালেন এবং সেখান থেকে কোরেশদের নিকট এক পরগাম প্রেরণ করলেন। পরগামে তিনি জানালেন যে, আমরা শুধু ওমরায় করতে এসেছি। লড়াই করা আমাদের উদ্দেশ্য নয়। কোরেশরা দু'দিন পর উরওয়াহ (রাঃ) বিন মাসউদ হাকামীকে (তিনি তখনো ঈমান আনেননি) হুজুরের (সাঃ) সাথে আলোচনার জন্যে পাঠালো। তিনি আলাপ আলোচনার পর ফিরে গিয়ে কোরেশদেরকে আলোচনার বিস্তারিত জানালেন এবং সাথে সাথে আরো বললেনঃ

“হে কোরেশ ভাইয়েরা! দুনিয়ার বড় বড় রাজা বাদশাহদের দরবারে যাওয়ার সুযোগ আমার হয়েছে। আমি কাইসার ও কিসরা এবং নাজ্জানীর দরবারের শান শওকত দেখেছি। কিন্তু খোদার কসম, মুহাম্মাদের (সাঃ) সাথীরা তাকে যে ইজ্জত এবং সম্মান করে তা কেনি ক্রয়কৃত গেলামও সেই সব রাজা বাদশাহদের সাথে করে না। মুহাম্মদ (সাঃ) ঝুঁ ফেললেও এ সব মানুষ অস্রসর হয়ে সে ঝুঁ নিজের হাতে নেয় এবং উৎসাহ উদ্বীপনার সাথে তা মুখে এবং হাতে লাগায়। মুহাম্মাদ (সাঃ) শুভু করলে এ সব মানুষ ব্যবহৃত পানির প্রতিটি ফোটার উপর এমনভাবে ঝাঁপিয়ে পড়ে যেন তাঁরা পরস্পর এজ্জনে লড়াই করে জীবন দেবে। মুহাম্মাদ (সাঃ) কোন নির্দেশ দিলে তা পালনের জন্যে সবাই এগিয়ে আসে। মুহাম্মাদ (সাঃ) কোন কথা বললে সকলেই চুপ মেতে যায়। মুহাম্মাদের (সাঃ) এমন মর্ষদা যে, কোন সাথী তাঁর প্রতি তাকাতেও সাহস পায় না। আমার কথা যদি তোমরা শোনো, তাহলে তোমরা তাঁর সাথে সন্ধি করে নাও।”

কোরেশরা যদিও উরওয়াহ (রাঃ) বিন মাসউদকে বুজুর্গ ব্যক্তি হিসেবে মানতো কিন্তু তাঁর পরামর্শের প্রতি কর্ণপাত করলো না। ওদিকে হুজুর (সাঃ) উরওয়াহর (রাঃ) ফিরে যাওয়ার পর হজ্জরত ওসমান জুন্নুরাইনকে (রাঃ) নিজের দূত হিসেবে কোরেশদের নিকট প্রেরণ করলেন। কোরেশরা হজ্জরত ওসমানকে (রাঃ) মক্কায় আটকে ফেললো। যখন তিনি ফিরে এলেননা তখন মুসলমানদের মধ্যে প্রচারিত হলো যে, হজ্জরত ওসমানকে (রাঃ) মুশিরিকরা শহীদ করে ফেলেছে। হুজুর (সাঃ) বললেন, “যদি এ খবর সঠিক হয়, তাহলে আমরা ওসমানের (রাঃ) বদলা নেয়া ছাড়া এখান থেকে ফিরে যাবো না।” সাহাবায়ে কিরাম (রাঃ) যদিও সরঞ্জামহীন ছিলেন তবুও সবাই হুজুরের (সাঃ) কথায় সাড়া দিলেন। প্রিয়নবী (সাঃ) একটি বাবলা বৃক্ষের নীচে বসে পড়লেন এবং মুসলমানদের নিকট থেকে দেখে জীবন থাকা অবস্থায় কাফিরদের সাথে লড়াই করার ও পেছনে না হট্টার বাইয়াত নিলেন।

সকল সাহাবীই (রাঃ) অত্যন্ত উৎসাহ উদ্বীপনায় সাথে জীবন কুরবানী করার বাইয়াত করলেন। ইসলামের ইতিহাসে এই বাইয়াত “বাইয়াতে রিদওয়ান” নামে

প্রসিদ্ধ। এই সময় সুরায়ে ফাতাহর এ আয়াত নাযিল হয় : “আল্লাহ মু’মিনদের প্রতি সন্তুষ্ট হয়ে গেলেন। যখন তারা বৃক্ষের নীচে ভোমার নিকট বাইয়াত করছিলেন। তাদের অন্তরের অবস্থা তিনি জানতেন।”—আয়াতঃ:১৮

হিজরতের সময় হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) গারে ছুর এবং মদীনা সফরে রাসূলুল্লাহর (সাঃ) সাথে থাকার মহান মর্যাদা লাভ করেছিলেন। এ কাজটি ছিল জীবন বাজী রাখার কাজ। কেননা সে সময় মক্কার কাফিররা রাসূলের (সাঃ) এবং তাঁর সাথীদের জীবন হননের অপচেষ্টায় লিপ্ত ছিল। আল্লাহ পাক হজরত আবু বকর সিদ্দিকের (রাঃ) জীবন কুরবানী করার আবেগ এত পছন্দ করলেন যে, এই আয়াতনাযিল করলেন : “তোমরা যদি রাসূলকে সাহায্য না কর তাহলে আল্লাহ তাঁকে সাহায্য করেছে। যে সময় কাফিররা তাঁকে বহিস্কার করেছিল তখন সে দু’জনের দ্বিতীয় ছিল। যখন তাঁরা গার এ ছিলেন তখন তিনি নিজের সাথীকে বলছিলেন দু’শিত্তায়াত হলো না। অবশ্যই আল্লাহ আমাদের সাথে রয়েছেন।”—সুরায়ে তওবাহঃ:৪০ আয়াত

যেন শয়খ আল্লাহ পাক হজরত আবু বকর সিদ্দিককে (রাঃ) দুইজনের একজনের মর্যাদাপূর্ণ খিতাবে ভূষিত করলেন।

যখন সুরায়ে “আল-হাদিদদের” এ আয়াত নাযিল হলো : ‘কে আছ যে আল্লাহকে কর্তৃক দেবে? ভালো কর্তৃক। যাতে আল্লাহ তাকে কয়েকগুণ বাড়িয়ে ফেরত দেবে এবং তার জন্যে উত্তম বদলা রয়েছে।”—আয়াতঃ:১১

এ আয়াত শুনে হজরত আবুদ দাহদাহ আনসারী (রাঃ) হজুরকে (সাঃ) জিজ্ঞেস করলেন, “হে আল্লাহর রাসূল! আল্লাহ কি আমাদের নিকট কর্তৃক চান?” রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “হে আবুদ দাহদাহ। হ্যাঁ। তিনি আরজ করলেন, “আপনার হাতটা আমাকে একটু দেখান।” হজুর (সাঃ) নিজের পবিত্র হাত তাঁর দিকে বাড়িয়ে দিলেন। তিনি তা নিজের হাতে নিয়ে বললেন, “ইয়া রাসূলুল্লাহ! আমি আল্লাহকে আমার বাগান কর্তৃক দিয়ে দিয়েছি।” হজরত আবু দাহদাহ (রাঃ) যে বাগানটি আল্লাহর রাহে দিলেন তাতে ৬শ খেজুরের বৃক্ষ ছিল এবং সেখানে তাঁর বাড়ী ছিল। প্রিয় নবীর (সাঃ) সাথে কলা বলে তিনি সোজা বাড়ী গেলেন এবং স্ত্রীকে ডেকে বললেন, “দাহদাহ’র মা! বেরিয়ে এসো। আমি এই বাগান আল্লাহকে কর্তৃক দিয়ে দিয়েছি।”

স্বীও নেকবখত ছিলেন। বললেন, “হে আবুদ দাহদাহ, তুমি লাভের বাগিচা করেছ।” এবং তৎক্ষণাৎ সামান নিয়ে বাগান থেকে বের হয়ে এলেন।

একদিন সারগম্মারে আলম (সাঃ) সাহাবায়ে কিরামের (রাঃ) এক দলের মধ্যে মধ্যমণি হিসেবে বসেছিলেন। এ সময় এক ব্যক্তি পেশেশান অবস্থায় তাঁর খিদমতে

হাজির হয়ে আরজ করলেনঃ “হে আল্লাহর রাসূল! আমি একজন মুসাফির। মদীনায় আমার ধাকা ও খাতমার কোন বন্দোবস্ত নেই। আপনার সাহায্যের মুখাপেক্ষী।”

প্রিয় নবী (সাঃ) তৎক্ষণাৎ আজগুয়াজে মুতাহহিরাতের (স্ত্রীদের) নিকট ঘরে কিছু খাবার আছে কিনা তা জিজ্ঞাসা করে পাঠালেন। সব দিক থেকেই উত্তর এলো যে আজ সবাই জুখা। তখন তিনি সাহাবাদের (রাঃ) দিকে তাকালেন এবং বললেন : “এমনকি কেউ আছে যে আল্লাহর বান্দাহকে মেহমান বানাবে?”

হজুরের (সাঃ) ইরশাদ শুনে হজরত আবু তালহা আনসারী (রাঃ) উঠে দৌড়ালেন এবং আরজ করলেন :

“ইয়া রাসূল্লাহ! তাকে আমার সাথে নিয়ে যাবো।” একথা বলেই তিনি বাড়ী গেলেন এবং স্ত্রীকে মেহমান আগমনের খবর দিলেন। তিনি জানালেন : “বাচ্চাদের জন্যে কিছু পাকানো হয়েছে। এছাড়া আল্লাহর কসম ঘরে কিছুই নেই।”

হজরত আবু তালহা (রাঃ) বললেন, “এতে ক্ষতির কিছু নেই। বাচ্চাদেরকে ভুলিয়ে-ভালিয়ে শুষিয়ে দাও। যখন তারা শুয়ে পড়বে তখন আমরা তাদের খাবার মেহমানের সামনে দেব। তুমি চেরাগ ঠিক করার বাহানায় উঠে তা নিভিয়ে দেবে। অন্ধকারে মেহমান খাবার খেয়ে নেবে এবং আমরাও এমনি এমনি মুখ চালাতে থাকবো।”

মোট কথা এভাবে মেহমানকে খাবার খাইয়ে স্বামী-স্ত্রী দু’জন এবং বাচ্চারা রাতে অভুক্ত অবস্থায় কাটালেন। সকালে যখন এ অপরিচিত মেহমান হজুরের (সাঃ) খিদমতে উপস্থিত হলেন তখন রাসূলের (সাঃ) মুখে সূর্যে হাশরের এ আয়াত উচ্চারিত হচ্ছিলঃ “এবং সে ব্যক্তি নিজের উপর অন্যদের অস্বাধিকার প্রদান করে! যদিও তারা কুখাতুরথাকে।”—আয়াতঃ৯)

আর হজুর (সাঃ) বলছিলেন, “রাতে মেহমানের সাথে তোমাদের ব্যবহার আল্লাহ খুব পছন্দ করেছেন।”

এভাবে আরো একদিন এই হজরত তালহাই (রাঃ) রাসূলের নিকট উপস্থিত ছিলেন। ঠিক এমনি সময় সূর্যে আলো ইমরানের এই আয়াত নাযিল হলোঃ “যতক্ষণ পর্যন্ত নিজের সবচেয়ে প্রিয় সম্পদ আল্লাহর রাস্তায় খরচ না করবে ততক্ষণ তোমরা কখনই সওয়াব পাবে না।”—আয়াতঃ৯২)

মসজিদে নববীর সামনে এক প্রশস্ত ও সুন্দর বাগানের মালিক ছিলেন হজরত তালহা (রাঃ)। এ বাগানের কূপ “বিরহার” পানি অত্যন্ত পরিষ্কার, সুমিষ্ট ও খোশবুদার

বিশ্ব নবীর সাহাবী

ছিল। রাসূলুল্লাহ (সাঃ) অত্যন্ত উৎসাহের সাথে এ কূপের পানি পান করতেন। মদীনাঃ এ ধরনের সম্পদ অত্যন্ত মূল্যবান বলে পরিগণিত হতো। কিন্তু হজরত আবু তালহা উঠে দৌড়লেন এবং আরজ করলেন : “ইয়া রাসূলান্না! আমার সবচেয়ে প্রিয় সম্পদ হলো ‘বিরহ’। আমি তা আল্লাহর রাস্তায় ওয়াকফ করছি। আল্লাহর কসম, যদি একথা গোপন রাখা যেত তাহলে তা কখনো প্রকাশ করতামনা।”

আল্লাহর পথে তাঁর খরচের জববাহ দেখে রাসূলুল্লাহর (সাঃ) চেহারা মুবারাক আলোকোচ্ছল হয়ে উঠলো। তাঁর জন্যে দোয়া করলেন এবং বললেন, নিজেদের নিকটাত্মীয়দের মধ্যে এ বাগান বন্টন করে দাও। তিনি তৎক্ষণাৎ রাসূলের (সাঃ) নির্দেশ পালন করলেন এবং সমগ্র বাগান আত্মীয়-স্বজনদের মধ্যে বন্টন করে দিলেন।

কুরআনে হাকিমের সাহাবা কিরামের (রাঃ) ভালো কাজের আকাংখা, ত্যাগ ও আল্লাহর পথে ব্যয়ের প্রশংসা প্রায়ই করা হয়েছে; আল্লাহর পথে ব্যয়ের একটি চূড়ান্ত নজীর হলো : তাবুকের যুদ্ধের সময় হজুর (সাঃ) সাহাবায়ে কিরামকে (রাঃ) আল্লাহর পথে ব্যয়ের আহ্বান জানালেন। এ সময় অন্যান্য সাহাবী (রাঃ) নিজেদের সামর্থের চেয়ে বেশী সম্পদের কোরবানী দিলেন। কিন্তু হজরত আবু বকর সিদ্দিক (রাঃ) এক ইতিহাস সৃষ্টি করলেন।

তিনি ঘরের সেলাইয়ের সুতা পর্যন্ত এনে রাসূলের (সাঃ) সামনে পেশ করলেন। রাসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞেস করলেন, আবু বকর, ঘরে কিছু রেখে এসেছো তো? জবাবে হজরত আবু বকর (রাঃ) বললেন, “ইয়া রাসূলান্নাহ! আল্লাহ এবং আল্লাহর রাসূলের (সাঃ) নাম ছাড়া আর কিছুই রেখে আসিনি। আর তাই আমার জন্যে যথেষ্ট।”

সাহাবায়ে কিরাম (রাঃ) এমনি ধরনের উন্নত চরিত্রের অধিকারী ছিলেন। আল্লাহ পাক তাদের পথকে অনুকরণীয় পথ হিসেবে বর্ণনা করেছেন এবং তাঁদের বিরোধীতাকে রাসূলের বিরোধীতা হিসেবে আখ্যায়িত করেছেন। সুরায়ে আন নিসাতে ইরশাদ হয়েছে:

“তাদের সামনে হিদায়াতের রাস্তা খুলে যাওয়ার পরও যারা রাসূলের (সাঃ) বিরোধিতা করে এবং মুমিনদের রাস্তা পরিত্যাগ করে চলে; আমরা তাদেরকে সে দিকেই ফিরিয়ে দেব যেদিকে তারা ফেরে এবং কিয়ামতের দিন জাহান্নামে প্রবেশ করাবো। আর জাহান্নাম অত্যন্ত খারাপ স্থান।

মুফাসসিরদের নিকট এখানে ‘মুমিনদের রাস্তা’র অর্থ হলো সাহাবায়ে কিরামের (রাঃ) রাস্তা বা পথ, আর সাহাবায়ে কিরামের (রাঃ) সেই পবিত্র নফস সম্পর্কে কুরআনে হাকিমের বারংবার তারিফ এবং প্রশংসা করা হয়েছে। সাহাবাদের উন্নত চরিত্র ও সুন্দর

সূক্ষ্ম কাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হলে ভারি ভারি কিতাব রচনা করতে হয়। এখানে তাঁদের কতিপয় গুণাবলীর কথা উল্লেখ করা হলো :

সাহাবায়ে কিরাম (রাঃ) ছিলেন আল্লাহ এবং আল্লাহর রাসূলের অনুগত, সত্য ঈমানের অধিকারী, নেক নিয়তধারী, নেকীর প্রতি অগ্রগামী, প্রতিটি ভালো কাজে আশুমান, হকের জন্যে জীবন বাজী রাখা, হকের জন্যে আত্মীয় স্বজন, বদেশ, ঘর বাড়ী, ধন সম্পদ সবকিছুই কোরবাণী করা, হালাল কামাই এবং হালাল খাওয়া, হারাম থেকে বিরত থাকা, ন্যায়-পরায়ণ, আমানতদার, প্রতিশ্রুতি পূরণকারী হক পথে সব ধরনের মুসিবত ধৈর্য এবং স্থৈর্যের সাথে মুকাবিলাকারী, মুখলিস, হক পথে বেশী বেশী সম্পদের কোরবাণী করা, নিজের প্রয়োজনের উপর অন্যের প্রয়োজনকে অগ্রাধিকার প্রদান, নিজের জ্বানকে আয়ত্বে রাখা, পরস্পর রহমশীল, কাফেরদের উপর কঠিন, কবিরাহ গুণাহ এবং বেশরমী থেকে বেঁচে থাকা, নিজেদের গুণস্থান হেফাজত করা, রাগের সময় ক্ষমা করা, নামাজ কায়ম করা, হজ্ব করা, রোযা রাখা, যাকাত প্রদান করা জ্ঞান আহরণকরা, নেক কাজের নির্দেশ দেয়া এবং মন্দ কাজ থেকে বিরত রাখা, সত্য সাক্ষ্য প্রদান করা, আল্লাহর ভয়ে ক্রন্দন করা, মুসিবতে ধৈর্য ধারণ, ফখর এবং আত্মসম্ভরিতা থেকে দূরে থাকা, গরীব, মিসকিন ও সত্তমালকারীকে সাহায্য করা, প্রতিবেশীর সাথে ভালো ব্যবহার করা, পিতা-মাতার খিদমত করা রাতের নির্জনত্বে বেশী বেশী সিজদা করাসহ এ ধরনের বহু গুণের আধার ছিলেন তারা।

সাহাবায়ে কিরাম (রাঃ) এ গুণের বদৌলতেই আল্লাহর প্রিয় ও পছন্দীয় হতে পেরেছিলেন। তাঁদের মর্যাদার সবচেয়ে বড় প্রমাণ এর থেকে আর কি হতে পারে যে, কুরআনে পাকে তাঁদেরকে ইহ ও পরকালে সফলতায় অভিবিক্ত মানুষ হিসেবে আখ্যায়িত করা হয়েছে এবং প্রকাশ্য ভাষায় বলা হয়েছেঃ “আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছে এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট হয়েছে।”

একজন মুসলমানের জীবনের লক্ষ্যই হলো আল্লাহর সন্তুষ্টি অর্জন এবং পরকালীন মুক্তি। কিন্তু যেসব মহান নফসকে স্বয়ং আল্লাহ নিজের সন্তুষ্টির সুসংবাদ দেন; তাঁদের মরতবা ও মর্যাদার আন্দাজ কে করতে পারে? নিঃসন্দেহে নবীদের (রাঃ) পর তাঁরাই হলেন সৃষ্টির শ্রেষ্ঠ ব্যক্তিত্ব। আর যে ব্যক্তি তাদের পদাংক অনুসরণ করে চলে তার ভাগ্যবান হওয়া সম্পর্কে কোন কথাই উঠতে পারে না। আল্লাহ পাক সকল মুসলমানকে সাহাবাদের (রাঃ) পদাংক অনুসরণ করার তাওফিক দিন আমীন।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)

মকায় তখন চরম অবস্থা। সাহাবীরা (রাঃ) মুশরিকদের অত্যাচারে জর্জরিত। শুধু অত্যাচারই নয় তাদের জীবন বিপন্ন। এ অবস্থায় রাসূলে করীম (সাঃ) তাদেরকে হিজরতের অনুমতি দিলেন। হিজরতের অনুমতি পেয়ে তাঁরা নিজেদের ঘর বাড়ী এবং প্রিয় স্বদেশ ভূমি ছেড়ে ইয়াসরাব চলে এলেন। এর অব্যবহিত পরই রাসূলুল্লাহ (সাঃ)-ও ইয়াসরাব তামরীফ আনলেন। হেজাজ ভূমির এ প্রাচীন শহর "মদীনাতুন নবী" নামে খ্যাত হলো। এ সময় এক ঘটনা ঘটলো : মুজাহিদদের মদীনা আগমনের পর বেশ কিছুদিন যাবত তাদের কোন সন্তান জন্ম গ্রহণ করেনি। মদীনার ইহুদীরা ছিল অত্যন্ত নীচ প্রকৃতির। তারা এক গুজব রটালো। যাদু করে তারা মুসলমানদের বংশধারা বিচ্ছিন্ন করে দিয়েছে—এ ছিল তাদের গুজবের বিষয়বস্তু। ইহুদীদের কথায় মুসলমানদের আস্থাতো ছিল না। কিন্তু তারা মানসিকভাবে দুর্বল হয়ে পড়লেন। ইহুদীদের এ মিথ্যা প্রচারণা যখন তুলে তখন তাদের মুখে ছাই দিয়ে এক মুহাজির পরিবারে একটি শিশু ভূমিষ্ঠ হলো। এ শব্দ চারদিকে ছড়িয়ে পড়লে মুসলমানদের মধ্যে খুশীর বন্যা বয়ে গেল এবং তাদের না'রা ধ্বনিতে পাহাড় গুঞ্জরিত হয়ে উঠলো। শিশুটির মাতা-পিতা তাকে নিয়ে রাসূলুল্লাহ (সাঃ)-এর খিদমতে হাজির হলেন। তিনি শিশুটিকে কোলে উঠিয়ে নিলেন। অতঃপর একটি বেজুর আনালেন। পবিত্র মুখে তা চিবুলেন এবং মুখের লালানবজাতকের মুখে দিলেন। শিশুটির জন্য দোয়া করলেন এবং তাকে তার মায়ের কোলে তুলে দিলেন।

নিঃসন্দেহে শিশুটি সৌভাগ্যবান। তার জন্ম গ্রহণে হক পহীদের মধ্যে খুশীর জোয়ার বয়ে গিয়েছিল। শিশুটির মুখে এবং পেটে সর্ব প্রথম যে বস্তু গিয়েছিল তাহলো রহমতে দো-আলাম কব্বরে মগজুদাত (সাঃ)-এর পবিত্র মুখের লাল। এ শিশুটি ছিলেন সাইয়েদেনা হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) ইসলামের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ও মর্যাদাসম্পন্ন ব্যক্তিত্ব। রাসূল (সাঃ)-এর ইন্তেকালের সময় যদিও তাঁর বয়স ১০ বছরের বেশী ছিল না তবুও নিজের বংশ, ইলম ও ফজল, জুহুদ ও ইবাদাত

বাহাদুরী এবং অন্যান্য গুণাবলীর ভিত্তিতে তিনি উঁচু মর্যাদা সম্পন্ন অন্যতম সাহাবী ছিলেন। কোরেশের বনু আসাদ গোত্রের সাথে ছিলেন তিনি সম্পৃক্ত। তাঁর বংশনামা নিম্নরূপঃ

আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) ইবনুল আওয়াম বিন খুয়ালেদ বিন আসাদ বিন আবদুল উজ্জা বিন কুসাই।

হযরত আবদুল্লাহ (রাঃ) -এর পিতা হযরত যোবায়ের (রাঃ) ইবনুল আওয়াম আসহাবে আশারাহ মুবাশশিরা (রাঃ) -এর অন্তর্ভুক্ত ছিলেন। হাওয়ারীয়ে রাসূল (সাঃ) তাঁর উপাধি ছিল। তিনি উম্মুল মু'মিনিন হযরত খাদিজাতুল কুবরা (রাঃ) -এর আপন ভ্রাতুষ্পুত্র ছিলেন। হুযর (সাঃ) -এর কুফু হযরত ছুফিয়া (রাঃ) বিনতে আবদুল মুত্তালিব তাঁর মাতা ছিলেন। এ দিক থেকে রাসূলুল্লাহ (সাঃ) তাঁর মামাতো ভাই ছিলেন। এবং হযরত আবদুল্লাহ (রাঃ) ছিলেন হুযর (সাঃ) -এর ভ্রাতুষ্পুত্র।

হযরত আবদুল্লাহ (রাঃ) -এর মাতা হযরত আসমা (রাঃ) সাইয়েদনা সিদ্দিকে আকবর (রাঃ) -এর বড় কন্যা ছিলেন। তিনি জ্বলিলুল কদর সাহাবিয়াদের অন্তর্ভুক্ত। তাঁর উপাধি ছিল জাতুন নাতাক অথবা জাতুন নাতাকাতাইন। কেননা নবী (সাঃ) -এর হিজরতের সময় তিনি নিজের কমরবন্দ (নাতাক) ছিড়ে খাদ্য ভাঙের মুখ বেঁধেছিলেন। মাতার দিক থেকে মুহসিনায়ে উম্মতে উম্মুল মু'মিনিন হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) -এর খালা ছিলেন। মোট কথা মাতা ও পিতা উভয় দিক থেকেই তাঁর বংশীয় মর্যাদা সবার নিকট গ্রহণযোগ্য ছিল।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যোবায়ের (রাঃ) -এর জন্ম সাল প্রশ্নে দু'ধরনের রাওয়ানেত আছে। এক রাওয়ানেত অনুযায়ী তিনি প্রথম হিজরীতে জন্ম গ্রহণ করেন এবং অন্য রাওয়ানেত অনুসারে তাঁর জন্ম হিজরতের ২০ মাস পর দ্বিতীয় হিজরীতে হয়েছিল। যে পরিবেশে তিনি ভূমিষ্ট হয়েছিলেন তা ওপরে বর্ণনা করা হয়েছে।

কতিপয় রাওয়ানেতে বর্ণিত আছে যে, প্রিয় নবী (সাঃ) তাঁর জ্বলিলুল কদর নানার কুনিয়ত বা পদবী অনুযায়ী তাঁর কুনিয়তও আবু বকরই দিয়েছিলেন। তাঁর দ্বিতীয় কুনিয়ত ছিল আবু খুয়ালেব। এ পদবীতেই তিনি প্রসিদ্ধি লাভ করেছিলেন।

ইমাম হাকিম (রাঃ) “মুসতাদরাকে” লিখেছেন, হযরত আবদুল্লাহ (রাঃ)-এর বয়স সাত-আট বছর হলে একদিন হযরত যোবায়ের (রাঃ) তাকে সাথে নিয়ে রাসূল (সাঃ)-এর নিকট হাজির হলেন এবং আরজ করলেন :

“ইমা রাসূলুল্লাহ (সাঃ) আমার এ বাচ্চার বাইয়াত নিন।”

হযুর (সাঃ) শিশু আবদুল্লাহকে দেখে মুচকি হাসলেন। অতপর অত্যন্ত মুহাৰাত ও স্নেহের সাথে বাইয়াত নিলেন।

চরিতকাররা বর্ণনা করেছেন বিশ্বনবী (সাঃ)-এর প্রতি হযরত যোবায়ের (রাঃ)-এর ছিল অগাধ ভক্তি শ্রদ্ধা। তিনি প্রায়ই নবী (সাঃ)-এর দরবারে উপস্থিত থাকতেন এবং রিসালাতের ফয়েজে নিজেকে অবকাহিত করতেন। উম্মুল মু’মিনিন হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) ভাগিনাকে খুব ভালবাসতেন। এ জন্য তিনি কখনো মায়ের সাথে আবার কখনো একাকী তার খিদমতে হাজির হতেন। তার মুখস্থ শক্তি ছিল অত্যন্ত প্রখর। রাসূলুল্লাহ (সাঃ)-কে যা করতে দেখতেন এবং বলতে শুনতেন তা স্মরণ রাখতেন। বস্তুতঃ অনেক হাদীস তিনি সরাসরি রাসূল (সাঃ)-এর নিকট থেকে বর্ণনা করেছেন।

একবার বিশ্বনবী মুত্তফা (সাঃ) উলকী লাগালেন অথবা টিকা নিলেন। এ সময় হযরত আবদুল্লাহ (রাঃ) সেখানে উপস্থিত ছিলেন। উলকী লাগানোর ফলে রক্ত বেরলো। রাসূলুল্লাহ (সাঃ) তা হযরত আবদুল্লাহ (রাঃ)-কে দিয়ে বললেন, কোথাও পুতে রেখে এসো। তিনি রাসূল (সাঃ) কে এত শ্রদ্ধা করতেন যে, এ পবিত্র রক্ত কোথাও পুতে রাখাকে পছন্দ করলেন না। হযুর (সাঃ)-এর দৃষ্টির বাইরে গিয়ে তিনি তা পান করলেন। এরপর ফিরে এলে রসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞেস করলেন, রক্ত কোথায় নিক্ষেপ করে এলে? তিনি বললেন, “ইমা রাসূলুল্লাহ! আমি তা পান করেছি।” হযুর (সাঃ) ফরমালেন, “যার শরীরে আমার খুন প্রবেশ করবে, তাকে জাহান্নামের আগুন স্পর্শ করতে পারবে না। অবশ্য এক সময় তোমাদের হাতে মানুষ মারা যাবে।” (তারিখুল খুলাফা লিসসুমুতি)

হযরত আবদুল্লাহ (রাঃ) শৈশব কাল থেকেই অত্যন্ত সাহসী এবং ভয়হীন ছিলেন। পরিখা বা খন্দকের যুদ্ধের সময়ে তাঁর বয়স ছিল প্রায় পাঁচ বছর। এত ছোট বয়সেও তিনি এক উঁচু টিলাম চড়ে যুদ্ধের দৃশ্য দেখতেন এবং সামান্যতম ভীতও হতেন না।

একবার তিনি কতিপয় সমবয়স্ক বালকের সাথে খেলা করছিলেন। জনৈক ব্যক্তি তাদেরকে ভয় দেখানোর জন্য বিকট আওয়াজ দিল। অন্যান্য বালকরা এতে

ভীত হয়ে দৌড় দিল। কিন্তু হযরত আবদুল্লাহ (রাঃ) ঠায় দাঁড়িয়ে রইলেন। অতপর সঙ্গীদেরকে পুন্দরায় ভেঙে আনলেন এবং বললেন, আমি তোমাদের নেতা হচ্ছি, এমসো সবাই মিলে সেই ব্যক্তির দুই মিমির মজা দেখাই। সুতরাং সবাই তাকে নেতা বানিয়ে তার ওপর কাঁপিয়ে পড়লো। উপায়ান্তর না দেখে অবশেষে তাকে ভেঙেই যেতে হলো।

হযরত ওমর ফারুক (রাঃ) ছিলেন ভীতিপ্রদ মানুষ। তাঁর দবদবাও ছিল প্রচুর। শিশুরা কোথাও খেলছে। আর সেখান দিয়ে যদি হযরত ওমর (রাঃ)-এর গমন হতো তাহলে আর রক্ষা নেই। সবাই ভোঁ দৌড় দিয়ে পালাতো। একদিন হযরত আবদুল্লাহ (রাঃ) সমবয়সীদের সাথে খেলছিলেন। ঠিক এমন সময় হযরত ওমর (রাঃ) সেখান দিয়ে যাচ্ছিলেন। সব বালক খেলা ছেড়ে এদিক ওদিক লুকিয়ে পড়লো। কিন্তু হযরত আবদুল্লাহ (রাঃ) সেখানেই দাঁড়িয়ে রইলেন। হযরত ওমর ফারুক (রাঃ) জিজ্ঞেস করলেন, 'বৎস! তুমি পালাওনি কেন?'

হযরত আবদুল্লাহ (রাঃ) নির্ভয়ে বললেন, "আমি কেন পালাবো? আমি দুই মিমিও করিনি। আর রাতাও সংকীর্ণ নয় যে তা আপনার জন্য ছেড়ে দেব।"

হযরত ওমর ফারুক (রাঃ) তার সাহসিকতা এবং নির্ভীকতা দেখে খুব খুশী হলেন এবং মুচকী হেসে সামনের দিকে অগ্রসর হলেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) রাসূল (সাঃ) এবং সিদ্দিকে আকবর (রাঃ)-এর যুগে অপ্রাপ্ত বয়স্ক ছিলেন। এজন্য কোন যুদ্ধে শরীক হতে পারেননি। হযরত ওমর ফারুক (রাঃ)-এর সময়ে তিনি যৌবন প্রাপ্ত হন। ইবনে হাজার (রঃ) "আল ইসাবাহ" গ্রন্থে লিখেছেন, এ সময় তিনি সর্বপ্রথম নিজের পিতার সাথে ইয়ারমুকের যুদ্ধে (১৫ হিজরী) অংশগ্রহণ করেন। তখন তার বয়স ছিল প্রায় ১৫ বছর। বস্তুতঃ তিনি তখনো অনভিজ্ঞ ছিলেন এবং যুদ্ধের হান্ধামায় তার ক্ষতি হওয়ার আশংকা ছিল। এ জন্য হযরত যোবায়ের (রাঃ) তাকে ঘোড়ায় চড়িয়ে দিয়েছিলেন এবং একজন মুজাহিদকে তার হেফাজতের জন্য নিয়োগ করেছিলেন।

হযরত ওমর ফারুক (রাঃ) ১৯ হিজরীতে হযরত আমর (রাঃ) ইবনুল আছের সাহায্যার্থে একদল সৈন্য মিশর প্রেরণ করেন। হযরত আবদুল্লাহ (রাঃ)-এর পিতা হযরত যোবায়ের (রাঃ) এ বাহিনীর অন্যতম অফিসার ছিলেন। তিনি মদীনা থেকে রওয়ানা হওয়ার সময় হযরত আবদুল্লাহ (রাঃ)-কেও সাথে নিয়ে চললেন। সুতরাং তিনি মিশরের কয়েকটি অভিযানে পিতার সাথে অংশ নিলেন। মিশর থেকে প্রত্যাবর্তনের পর তিনি জ্ঞানার্জনে ব্যাপৃত হয়ে পড়লেন। এ অবস্থায় ২৪

হিজরীতে হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাহাদাতের পর হযরত ওসমান গনি (রাঃ)-এর শিলাফতকাল শুরু হলো। আমীরুল মু'মিনিন হযরত ওসমান গনি (রাঃ) ২৬ হিজরীতে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন সায়্যাদ বিন আবি ছাবাহকে ত্রিপোলী (লিবিয়া) করতলগত করার জন্য আফ্রিকা প্রেরণ করলেন। সে যুগে লিবিয়া, আলজিরিয়া এবং মরক্কো প্রভৃতির সম্মিলিত নাম ছিল আফ্রিকা; আর ত্রিপোলী ছিল এ রাষ্ট্রের কেন্দ্র।

ত্রিপোলীর শাসক ছিল খৃষ্টান। তার নাম ছিল বাতরিক জোগরী। সে একজন অভিজ্ঞ জেনারেলও ছিল। সে এক লাখ ২০ হাজার যুদ্ধবাহী সৈন্য মুসলমানদের মুকাবেলায় এনে দৌড় করালো। তার একটি কন্যা ছিল। বিভিন্ন রাওয়াজেতে তার নাম ফিলপানা বলা হয়েছে। রূপে গুণে, মেধা ও বাহাদুরীতে সে ছিল অদ্বিতীয়া। সে-ও পিতার কৌশে কৌশ মিলিয়ে ঘোড়ায় চড়ে যুদ্ধে অংশ নিরেছিল এবং নিজের বাহিনীকে মুসলমানদের বিরুদ্ধে অনুপ্রাণিত করেছিল। কয়েকমাস ধরে উভয় বাহিনীর মধ্যে সংঘর্ষ হলো। কিন্তু জয়-পরাজয় নির্ধারিত হলো না। কতিপয় ঐতিহাসিক জোগরীর একটি ঘোষণার কথা উল্লেখ করেছেন। ঘোষণাটিতে বলা হয়েছিল, যে ব্যক্তি মুসলমানদের সেনাপতির মস্তক কর্তন করে আনতে সক্ষম হবে তাকে একলাখ দিনার নগদ পুরস্কার দেয়া হবে এবং নিজের কন্যাকেও তার সাথে বিয়ে দেবে। এ ঘোষণায় খৃষ্টান বাহিনীর হিম্মত কয়েক গুণ বেড়ে গেল এবং অনেক খৃষ্টান সৈন্য হযরত আবদুল্লাহ (রাঃ) বিন সায়্যাদের সন্ধানে থাকতো। হযরত আবদুল্লাহ (রাঃ) বিন সায়্যাদ সতর্কতা স্বরূপ যুদ্ধের ময়দানে আগমন ছেড়ে দিয়েছিলেন। হযরত ওসমান (রাঃ) কয়েকমাস যাবৎ যুদ্ধের ফলাফলের কোন খবর পাচ্ছিলেন না। এ অবস্থায় তিনি হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর নেতৃত্বে একটি সাহায্যকারী দল ত্রিপোলী প্রেরণ করলেন। ইবনে যোবায়ের (রাঃ) জিহাদের ময়দানে আবির্ভূত হলেন। তাকে দেখে মুসলমানরা নারাজে তকবীর ধ্বনি উচ্চারণ করলেন। জোগরী এর কারণ জিজ্ঞেস করলো। তাকে বলা হলো যে, মুসলমানদের সাহায্যার্থে তাজাদম সৈন্যের আগমন ঘটেছে। এ কথা শুনে সে হতবিহ্বল হয়ে পড়লো। কিন্তু যথারীতি নিজের বাহিনীর সাহস যুগিয়ে যেতে লাগলো। ইবনে যোবায়ের (রাঃ)-এর আগমনের পূর্বে যুদ্ধের কোন নির্দিষ্ট সময় ছিলো না। তিনি এসেই সকাল থেকে জিহাদে পর্বত যুদ্ধের সময় নির্ধারণ করেছিলেন। সুতরাং এভাবেই যুদ্ধ চলতে লাগলো। ইবনে যোবায়ের (রাঃ)-এর পরামর্শে সেনাপতি আবদুল্লাহ (রাঃ) বিন সায়্যাদও ঘোষণা করলেন যে, যে ব্যক্তি জোগরীর মস্তক কেটে আনতে পারবে তাকে এক লাখ দিনার নগদ পুরস্কার এবং জোগরীর কন্যার সাথে তার বিয়ে দেয়া হবে। এ ঘোষণা দানের পর তিনি নিজেও অত্যন্ত

তৎপরতার সাথে যুদ্ধে অংশ নিলেন। কিন্তু এ সত্ত্বেও যুদ্ধ কোন সিদ্ধান্তমূলক পর্যায়ে উপনীত হলো না। একদিন ইবনে যোবায়ের (রাঃ) নিজের সেনাপতিকে বললেন, এভাবে যুদ্ধে কোন সিদ্ধান্ত হবে না। কেননা আমরা কেন্দ্র থেকে অনেক দূরে রয়েছি। পক্ষান্তরে জেগরী নিজের দেশের অভ্যন্তরে রয়েছে এবং সবধরনের সাহায্য পাচ্ছে। আমার পরামর্শ হলো, আগামীকাল আমরা নিজেদের বাহিনীর নির্বাচিত বাহাদুরদেরকে তাদের তাবুতে প্রেরণ করবো এবং অবশিষ্ট সৈন্য খৃষ্টানদের সাথে মুকাবেলা করবো। দ্বিপ্রহরের পর খৃষ্টান বাহিনী যখন ক্রান্ত হয়ে ফিরতে থাকবে তখন আমাদের তাজাদম বাহাদুর তাঁবু থেকে বের হয়ে তাদের ওপর হামলা করে বসবে। সেনাপতি এ পরামর্শ খুব পছন্দ করলেন এবং পরবর্তী দিন সে অনুযায়ী কাজ করা হলো। খৃষ্টান সৈন্যরা যখন ক্রান্ত হয়ে পিছে হটছিল তখন ইবনে যোবায়ের (রাঃ) নিজের বাহাদুর সৈন্যসহ তাদের ওপর ঝাঁপিয়ে পড়লো। এ হামলা ছিল আকস্মিক এবং প্রচণ্ড। জেগরী ও তার কন্যার শত প্রচেষ্টা সত্ত্বেও খৃষ্টানরা দৃঢ়ভাবে যুদ্ধ করতে পারেনি। প্রচণ্ড বিশৃংখলার মাঝে তারা পলায়ন করে। হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর হাতে জেগরী নিহত হল এবং তার কন্যাকে মুসলমানরা স্রোফতার করল। সেনাপতি নিজের ঘোষণা অনুযায়ী তাকে ইবনে যোবায়ের (রাঃ)-কে দিয়ে দিলেন। তিনি তাকে বিয়ে করেছিলেন না আযাদ করেছিলেন সর্বজন গ্রাহ্য ইতিহাস পুস্তকে এর কোন জবাব পাওয়া যায় না। ত্রিশোলাই পদানত করার পর মুসলমানরা আফ্রিকার অন্যান্য সকল শহর ও অঞ্চল একের পর এক জয় করলেন। এ সব অভিযানে ইবনে যোবায়ের (রাঃ) বাহাদুরীর চরম পরাকাষ্ঠা প্রদর্শন করেন। 'দায়েরা মাযারেফে ইসলামিয়া' গ্রন্থে আল ইগাফির উদ্ধৃতি দিয়ে বর্ণনা করা হয়েছে যে, হযরত ইবনে যোবায়ের (রাঃ) বিজয়ের খবর নিয়ে মদিনা ফিরে এলেন এবং অত্যন্ত সুললিত ও শক্তিশালী ভাষায় অভিযানের বর্ণনা দিলেন। হযরত সাঈদ (রাঃ) ইবনুল আস ২৯-৩০ হিজরীতে তাবারিস্তানে (উত্তর ইরানে) সৈন্য প্রেরণ করলেন। এ সময় হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-ও এ বাহিনীতে যোগ দেন এবং বিভিন্ন অভিযানে বাহাদুরীর সাথে অংশ নেন। তাবারিস্তান বিজয়ের পর মদীনা ফিরে এলে হযরত ওসমান জুন্নরায়িন (রাঃ) তাকে মাসাহিফ লিখন (কুরআনে করীম নকল) মজলিসের সদস্য নিয়োগ করেন। এ মজলিসের অন্যান্য সদস্য ছিলেন। হযরত যামেদ (রাঃ) বিন সাবিত আনসারি, হযরত সাঈদ (রাঃ) বিন আস এবং হযরত আবদুর রহমান (রাঃ) বিন হারিস বিন হিশাম। হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর বয়স তখন মাত্র ৩০ বছর ছিল। কিন্তু এ গুরুত্বপূর্ণ ও পবিত্র কাজে তার নির্বাচন এ কথারই প্রমাণ দেয় যে, সে সময় তিনি জ্ঞান ও মর্যাদার দিক থেকে অত্যন্ত উচ্চ আসনে সমাসীন হয়েছিলেন।

হযরত ওসমান জুন্নরাইন (রাঃ)-এর বিরুদ্ধে গোপলযোগ শক্তিশালী হয়ে উঠলে, এবং ৩৫ হিজরীতে বিশৃংখলাকারীরা খিলাফত ভবন অবরোধ করলো। এ সময় অন্যান্যের মত হযরত আবদুল্লাহ (রাঃ)-ও বিদ্রোহীদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য সেখানে উপস্থিত ছিলেন। তিনি নিজের সৈন্যসহ বিদ্রোহীদের মুকাবিলা করার জন্য হযরত ওসমান (রাঃ)-এর অনুমতি চেয়ে আবেদন জানালেন। কিন্তু শরীফ ব্যক্তিত্ব আমীরুল মু'মিনিন (রাঃ) আল্লার দোহাই দিয়ে তাদের কেউই যেন তার খাতিরে রক্ত প্রবাহিত না করে এ অনুরোধ জানালেন। ফলে হযরত ইবনে যোবায়ের (রাঃ) চূপ মেরে গেলেন। এ সময়েও তিনি অন্যান্য কুরাইশ যুবকদের সাথে দরজার বাইরে দাঁড়িয়ে পাহারা দিতে থাকলেন। অবরোধের চল্লিশতম দিনে বিদ্রোহীরা সদর দরজা ছেড়ে পিছনের দিক থেকে প্রাচীর টপকে ভিতরে প্রবেশ করলো এবং বয়সের ভারে দুর্বল আমীরুল মু'মিনিনকে কুরআন তিলাওয়াত অবস্থায় নৃশংসভাবে শহীদ করে বসলো। হযরত উসমান (রাঃ)-এর শাহাদাতের পর হযরত আলী কাররামালাহ ওয়াল্লাহুহাছ খলিফা নির্বাচিত হলেন। এ সময়ে উম্মুল মু'মিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ) কিসাসে উসমান (রাঃ) অথবা সংশোধনের বাঁতা তুলে ধরলেন। এ প্রসঙ্গে ৩৬ হিজরীতে দুঃখজনক উষ্টের যুদ্ধ সংঘটিত হলো। হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) উম্মুল মু'মিনিন (রাঃ)-এর পদাতিক বাহিনীর অফিসার ছিলেন। তিনি এত নির্ভিক চিন্তে যুদ্ধ করেছিলেন যে, তার সারা শরীর আঘাতে আঘাতে ঝাঝরা হয়ে গিয়েছিল। যুদ্ধ শেষে গণনা করে দেখা গেল যে, তার শরীরে বর্শা এবং তরবারীর চল্লিশেরও বেশী আঘাত রয়েছে। যুদ্ধ শুরুর পূর্বেই হযরত আবদুল্লাহ (রাঃ) পিতৃস্নেহ থেকেও বঞ্চিত হন। পিতা হযরত যোবায়ের (রাঃ) নিরপেক্ষতা অবলম্বন করে যুদ্ধের ময়দান থেকে ফিরে যাচ্ছিলেন। ঠিক এমনি সময় আমরা বিন জারমুজ নামক এক বদ বাতিন ব্যক্তি তাকে নামাযে সিজদাহরত অবস্থায় শহীদ করে ফেলে। যুদ্ধে হযরত আলী (রাঃ) জয়ী হলেন। এ সময় হযরত আবদুল্লাহ একাকিত্ব অবলম্বন করলেন এবং সিকফিনের গৃহযুদ্ধে কার্থতঃ অংশই নেননি। এ সময়েও দাগমাতুল জানদালের সালিনীতে উপস্থিত ছিলেন।

৪০ হিজরীর রামাদান মাসে হযরত আলী কাররামালাহ ওয়াল্লাহুহাছ শাহাদাত বরণ করলেন। সাইয়েদেনা হযরত হাসান (রাঃ) খিলাফতের দায়িত্ব পেলেন। কিন্তু উদ্ধৃত পরিহিতির কারণে কয়েক মাস পর তিনি আমীর মাযীয়ার পক্ষে খিলাফত ছেড়ে দিলেন। এভাবে ৪১ হিজরীতে কারোর অংশগ্রহণ ছাড়াই আমীর মাযীয়া (রাঃ) ইসলামী জাহানের শাসক বনে গেলেন। হযরত ইবনে যোবায়ের (রাঃ) তাঁর শাসনামলের বেশীরভাগ সময়ই নির্জনত্বে কাটান এবং রাজনীতিতে অংশগ্রহণ করেননি। কোন বিসম্বাদে না জড়িয়ে তিনি আমীর মাযীয়ার (রাঃ) হাতে বাইয়াত করেন। বৃদ্ধ পিতার রেখে যাওয়া সম্পদের বিরাত অংশ তিনি পেয়েছিলেন। তাছাড়া নিজেও ব্যবসা করতেন। এ জন্য জীবিকার কোন চিন্তা

ছিল না। আমীর মাযিয়া (রাঃ) ৪৯-৫০ হিজরীতে অথবা ৫১-৫২ হিজরীতে কাসতানতুন্নিমা জয়ের জন্য একটি বাহিনী শ্রেণণ করেন। জিহাদ ফিসাবিগিল্লাহর খাতিরে তিনি এ বাহিনীতে যোগ দেন। কতিপয় রাওয়ালয়েত মুতাবেক এ বাহিনী সম্পর্কেই রাসূলুল্লাহ (সাঃ) ভবিষ্যদ্বাণী করে বলেছিলেন যে, “কাইসারের শহরে আমার উম্মাতের প্রথম যে বাহিনী জিহাদ করবে আল্লাহ তাদেরকে ক্ষমা করে দিয়েছেন।”

এ অভিযান থেকে প্রত্যাবর্তনের পর তিনি পূর্বেকার মতই নির্জনত্বে গ্রহণ করেন। আর এ একাকীত্বের কাল চলে আমীর মাযিয়া (রাঃ)-এর শাসনকালের শেষ পর্যায়ে ইয়াযিদকে উত্তরাধিকার মনোনয়ন পর্যন্ত। আমীর মাযিয়া (রাঃ) জনগণের প্রতি এ মনোনয়ন মেনে নেয়ার আহবান জানান। হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ), হযরত আবদুর রহমান (রাঃ) ইবনে আবিবকর (রাঃ), হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) এবং হযরত হোসাইন (রাঃ) বিন আলী (রাঃ) ইয়াযিদকে মনোনয়নের প্রচণ্ড বিরোধিতা করেন। আমীর মাযিয়া (রাঃ) তাঁদেরকে এ প্রস্তাবে সম্মত করার জন্যে সন্নয় দামেক থেকে মক্কা মুম্বাজ্জামা আগমন করেন। এ সব বুজুর্গ ব্যক্তি মদীনা থেকে এসে এখানে স্থায়ীভাবে বসবাস শুরু করেছিলেন। অন্য এক রাওয়ালয়েতে বলা হয়েছে যে, মদীনাতেই এ সব ব্যক্তির সাথে আমীর মাযিয়া (রাঃ)-এর আলোচনা হয়েছিল। আমীর মাযিয়া (রাঃ) এ চারজনকে ডেকে পাঠালেন। আলোচনার জন্যে সবাই হযরত ইবনে যোবায়ের (রাঃ)-কে প্রতিনিধি বানালেন। হযরত মাযিয়া (রাঃ) এবং ইবনে যুবায়ের (রাঃ)-এর মধ্যে এ আলোচনা হলো:

আমীর মাযিয়া (রাঃ) : তোমরা সবাই আমার প্রিয়। তোমরা ভালোভাবেই জানো যে, আমি তোমাদের সাথে সব সময় ভালো ব্যবহার করেছি। ইয়াযিদ তোমাদের ভাই এবং চাচার পুত্র। মুসলমানদেরকে বিশৃংখলা ও খুনাখুনির হাত থেকে রক্ষার জন্য আমি চাই যে, তোমরা তাকে খিলাফতের জন্যে মনোনয়ন দেবে। কিন্তু রাষ্ট্রীয় সকল ক্ষমতা নিজেদের হাতে রাখবে। সে তোমাদের সাথে কোন বাদানুবাদ করবে না।

আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) : হে আমীর! আমরা তিনটি বিকল্প আপনার নিকট পেশ করছি। এর মধ্যে যে কোন একটি আপনি গ্রহণ করুন।

প্রথম বিকল্প হলো: রাসূল (সাঃ)-এর মত কাউকেই মনোনীত করবেন না। আপনার পর উম্মাত নিজেই খলিফা নির্বাচন করে নেবে। দ্বিতীয় পথ হলো: আবু বকর সিদ্দিক (রাঃ)-এর পথ। নিজের উত্তরাধিকার সেই ব্যক্তিকে মনোনয়ন করুন যিনি আপনার আত্মীয় এবং আপনার কবিতাভূক্ত নন। তৃতীয় পথ হলো হযরত ওমর (রাঃ)-এর গৃহীত পথ। কতিপয় ব্যক্তিকে মনোনয়ন দিন। যারা আপনার পত্রে নিজেদের মধ্য থেকে কাউকে খলিফা নির্বাচন করে নেবেন।

আমীর মাযিয়া (রাঃ)ঃ রাসূল (সাঃ)-এর পর এমন মানুষ ছিলেন যার ওপর উম্মাত ঐকমত্য পোষণ করতে পারতো। এভাবে তারা আবুবকর সিদ্দিক (রাঃ)-এর ব্যাপারে একমত হয়েছিলেন। কিন্তু এখন সে অবস্থা কোথায়? এখনতো মতভেদ আরো বৃদ্ধি পাওয়ার আশংকা রয়েছে। হযরত আবুবকর (রাঃ)-এর দৃষ্টি হযরত ওমর (রাঃ)-এর ওপর পড়তে পারতো। কিন্তু আমার পর (বনু উমাইয়ার বাইরে) এমন কে আছে যাকে আমি পূর্ণ আস্থার সাথে মনোনয়ন দিতে পারি। বর্তমান অবস্থায় তৃতীয় বিকম্পের ওপর কাজ করা সম্ভব নয়। এছাড়া কি আর কোন পথ নেই?

আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) : না।

আলোচনার পর আমির মাযিয়া (রাঃ) এ সব বুজুর্গকে কি নিজেদের ওপর ছেড়ে দিয়েছেন, না শক্তি প্রয়োগ করে তাদের কাছ থেকে উত্তরাধিকারের বাইয়াত আদায় করেছিলেন? যা হোক, আমীর মাযিয়ার অন্তরে হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) সম্পর্কে খটকা সৃষ্টি হয়েছিল। সূতরাং ৬০ হিজরীর রজব মাসে মৃত্যুর পূর্বে তিনি ইয়াযিদের জন্য যে ওসিয়তনামা রেখে যান তাতে অন্যান্য নসিহতের সাথে একটি নসিহত এও ছিল: “শিলাফত প্রব্লে কুরাইশের তিনজনের ব্যাপারে তোমার বিপদের আশংকা থাকবে। হোসাইন (রাঃ) বিন আলী (রাঃ) এবং আবদুল্লাহ বিন ওমর (রাঃ) এবং আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)। ইরাকবাসী একদিন না একদিন হোসাইন (রাঃ)-কে অবশ্যই তোমার বিরুদ্ধে এনে দাড়া করাবে। তিনি পরাভূত হলে কামাসুন্দর দৃষ্টিতে কাজ করবে। তিনি আমাদের আত্মীয়। রাসূলুল্লাহ (সাঃ)-এর নাতি। আমাদের ওপর তাদের হক আছে। আবদুল্লাহ বিন ওমর (রাঃ) শিলাফতের জঞ্জালে পড়া পসন্দ করবেন না এবং ইবাদাতেই মশগুল থাকবেন। অন্যান্যরা যখন তোমার বাইয়াত করবেন তখন তিনিও এ ব্যাপারে তাদের অনুসরণ করবেন। যে ব্যক্তিটির ব্যাপারে তোমার প্রকৃত ভয় আছে সে হলো আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)। এ ব্যক্তি খেঁকশিয়ালের চাল চেলে বাঘের মত তোমার ওপর হামলা করে বসবে। তাকে কাবু করতে পারলে কখনো জীবিত ছেড়ে দেবে না। হাঁ সে যদি সন্ধি করে তাহলে জাতিকে রক্তারক্তির হাত থেকে রক্ষার জন্য তুমিও সন্ধি করা থেকে বিরত থেক না।”

আমীর মাযিয়া (রাঃ)-এর মৃত্যুর পর ইয়াযিদ শাসন পরিচালনার সিংহাসনে আরোহণ করলো। সিরিয়াবাসী তৎকালীন তার হাতে বাইয়াত হলো। আমীর মাযিয়া (রাঃ) জীবদ্দশাতেই হেজ্জাজের অধিকাংশ লোকের বাইয়াত নিয়ে রেখেছিলেন। যারা বাইয়াত হননি তাদের মধ্যে সাইয়েদেনা হযরত হোসাইন (রাঃ) এবং হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) এমন দু’ ব্যক্তিত্ব ছিলেন যাদেরকে ইয়াযিদের কোনক্রমেই উপেক্ষা করার ছিল না। সে মদীনার গম্বর্জ ওয়ালাদ বিন উতবাহকে উভয় বুজুর্গের বাইয়াত না-২/৩-

দেয়ার তাকিদ দিয়ে নির্দেশ পাঠালেন। ওয়াশিদ উভয়কেই ডেকে পাঠালেন। হযরত হোসাইন (রাঃ) তার ডাকে এলেন। কিন্তু বাইয়াত গ্রহণে অস্বীকৃতি জানালেন। ইবনে যোবায়ের (রাঃ) একদিনের সময় চেয়ে নিলেন এবং রাতেই পরিবার পরিজনসহ মদীনা থেকে বের হয়ে মক্কা মুমাজ্জামা চলে আসেন। মক্কাবাসীরা তাঁকে সাপরে গ্রহণ করলো। কেননা তাঁর আল্লাহ ভীতি ও অন্যান্য গুণাবলীর তারা প্রশংসাকারী ছিল। সে সময়ই হযরত হোসাইন (রাঃ)-ও পরিবার পরিজনসহ কুফার উদ্দেশ্যে মদীনা থেকে মক্কা তাল্লীক রাখলেন। হযরত ইবনে যোবায়ের (রাঃ) সাইয়েদেনা হোসাইন (রাঃ)-এর কুফাগমনের কথা জানতে পেলে তাঁর নিকট এলেন এবং বললেনঃ “আপনি এখানে হেরেম শরীফে অবস্থান করুন। এটাই উত্তম এখান থেকে আপনি শহরসমূহে দূত প্রেরণ করুন এবং ইরাকী সমর্থকদেরকে এখানেই আপনার নিকট পৌঁছার কথা বলুন। অতঃপর আপনার হাত যখন শক্তিশালী হবে তখন ইয়াযিদের গবর্ণরকে এখান থেকে বের করে দেবেন। আমিও আপনাকে সমর্থন করবো। এ সমর্থন দান আমার জন্য করয। আমি আপনাকে এ পরামর্শ দেব যে, খিলাফতের দাবী হেরেম শরীফ থেকেই করুন। কেননা সমস্ত দুনিয়ার মানুষ এখানে সমবেত হয়। আল্লাহ চাইলে আপনি আপনার উদ্দেশ্যে অসফল হবেন না।

হযরত হোসাইন (রাঃ) কুফা গমনে দৃঢ় সংকল্প ছিলেন। এ জ্ঞান্যে তিনি ইবনে যোবায়ের (রাঃ) -এর পরামর্শ গ্রহণ করলেন না। অন্য এক রাতওয়ালেত মতে তিনি হযরত ইবনে যোবায়ের (রাঃ)-কে এ মর্মে জবাব দিয়েছিলেনঃ “আমি আমার পিতা থেকে এ হাদীস শুনেছি যে, হেরেম শরীফের একটা ভেড়া আছে। যার কারণে তার স্বরমত বা মর্যাদা ভুলুষ্ঠিত হবে। আমি এখানে অবস্থান করে সেই ভেড়া হতে চাই না।”

হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) এবং অন্যান্য শূভাকাংক্ষীরাও সাইয়েদেনা হোসাইন (রাঃ)-কে কুফা গমন না করার পরামর্শ দিলেন। কিন্তু তিনি কারোর পরামর্শ মানলেন না এবং পরিবার-পরিজন সমেত কুফা রওয়ানা হয়ে গেলেন। ৬১ হিজরীর ১০ই মুহাররাম কারবালার লোমহর্ষক ঘটনা সংঘটিত হলো। সাইয়েদেনা হোসাইন (রাঃ) নিজের বেশ কিছু প্রিয় সাথীসহ কারবালার ময়দানে ইয়াযিদের সৈন্যের হাতে শহীদ হয়ে গেলেন। এ হৃদয় বিদারক ঘটনার খবর হযরত ইবনে যোবায়ের (রাঃ) পেলেন এবং অত্যন্ত দুঃখিত হলেন। তিনি সকল মক্কাবাসীকে হেরেম শরীফে ডাকলেন এবং তাদের সামনে এক হৃদয়ঙ্গমশী বক্তৃতা করলেন। তিনি বললেনঃ “হে মানুষেরা। ইরাকবাসীর চেয়ে জঘন্যতম সৃষ্টি এ বিশ্ব চরাচরে আর নেই। আর ইরাকীদের মধ্যে সবচেয়ে বেশী জঘন্য হলো কুফার মানুষ। হযরত হোসাইন (রাঃ)-এর হাতে বাইয়াত হওয়ার জন্যে বারংবার তারা তাকে চিঠি দিয়েছিল। কিন্তু হযরত হোসাইন (রাঃ) যখন তাদের সীমাত্ত পৌঁছলেন তখন তারা তাঁকে বান্ধবহীন এবং সাহায্যকারীহীন অবস্থায় নিক্ষেপ করলো।

বরং তাদের অধিকাংশই বনু উমাইয়াকে সমর্থন জানালো। ইয়াযিদ বাহিনী মজলুম হোসাইন (রাঃ)-কে ঘিরে নিল এবং ইয়াযিদের বাইয়াত করার জন্যে তাঁর নিকট দাবী জানালোঃ সাথে সাথে তাঁকে ইবনে যিয়ারদের নিকট আত্মসমর্পন করতে বললো। অন্যথা যুদ্ধের জন্য প্রস্তুত হতে বললো। আল্লার কসম! তিনি সাজ-সরঞ্জামহীন ছিলেন এ কথা হোসাইন (রাঃ) অবহিত ছিলেন। তবে তিনি জিহ্মতীর জীবন অপসন্দ করতেন এবং মর্যাদার মৃত্যু গ্রহণ করলেন। আল্লাহ হোসাইন (রাঃ)-এর হত্যাকারীদের অপমানিত করলেন। কিন্তু আল্লার ইচ্ছার বিরুদ্ধে কিছুই করার নেই। আমি জিহ্মেস করি, হোসাইন (রাঃ)-এর শাহাদাতের পর আমরা কি সেই সব জঘন্য লোকের কথা এবং কাছের ওপর ভরসা করতে পারি? উপস্থিত জনতা একবাক্যে বললো-অবশ্যই নয়।”

হযরত ইবনে যোবায়ের (রাঃ) বক্তৃতা অব্যাহত রেখে বললেনঃ “হে মানুষেরা! আল্লার কসম, সেই বালেমরা উঁচু মর্যাদা সম্পন্ন ব্যক্তিকে হত্যা করেছে। তিনি দিনে রোযা রাখতেন এবং রাত জেগে ইবাদাত করতেন। তিনি ছিলেন কুরআনের অনুরাগী এবং পবিত্র। প্রত্যেক দিক থেকেই তিনি তার চেয়ে বেশী খেলাফতের হকদার ছিলেন। আল্লার কসম! হোসাইন (রাঃ) রোযার মুকাবিলায় মদপান, আল্লার ডরে ক্রন্দনের পরিবর্তে নৃত্য গীত, কুরআনের হেদায়েতের মুকাবিলায় গুমরাহী এবং হকের জিকরের পরিবর্তে শিকারী কুকুরের উল্লেখ করা অত্যন্ত অপসন্দ করতেন। আল্লাহ এ সব ধোঁকাবাজ হত্যাকারীকে কঠিন শাস্তি দেবেন।”

ইবনে যোবায়ের (রাঃ) বক্তৃতা শেষ করে কেঁদে ফেললেন এবং উপস্থিত জনতা ডুকরে কেঁদে উঠলো। অতপর সবাই ইবনে যোবায়ের (রাঃ)-এর চারপাশে একত্রিত হয়ে বললো, “আল্লার কসম! হোসাইন (রাঃ)-এর পর খিলাফতের হকদার আপনার চেয়ে বেশী আর কেউ নেই। হোসাইন (রাঃ)-এর হত্যাকারীদের বিরুদ্ধে আমরা ঘৃণা প্রকাশ করছি। আপনি হাত বাড়িয়ে দিন। আমরা আপনার হাতে খিলাফতের বাইয়াত করছি।”

মানুষের গীড়গীড়িতে হযরত ইবনে, যোবায়ের (রাঃ) নিজের হাত অঙ্গসর করে দিলেন। ইবনে আবাস (রাঃ) এবং মুহাম্মদ বিন হানফিরাহ (রাঃ) ছাড়া মক্কাবাসী তাঁর হাতে বাইয়াত করলো।

ইয়াযিদ এ কথা শুনে অগ্নিশর্মা হয়ে উঠলো। সে ইবনে যোবায়ের (রাঃ)-কে জেফতার করে দামেস্ক শেরণের জন্য মদীনার গবর্ণরকে নির্দেশ দিল। এ নির্দেশ প্রাপ্তির পর মদীনার গবর্ণর ইবনে যোবায়ের (রাঃ)-কে জেফতার করার জন্য একটি ছোট বাহিনী শেরণ করলো। এ বাহিনীর নেতৃত্ব দিচ্ছিল হযরত আবদুল্লাহ (রাঃ)-এর এক ভাই আমর বিন যোবায়ের (রাঃ)। অন্য এক রাজমাস্তেত অনুসারে আমর বিন যোবায়ের (রাঃ) দূত হিসেবে আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর নিকট গেলেন এবং বললেন যে.

আমীরুল মু'মিনিন ইয়াযিদ বিন মাযিনা (রাঃ) অত্যন্ত প্রকৃত সাথে আপনাকে দামেস্ক থেকে পাঠিয়েছেন। এ দূতসীরির উদ্দেশ্য ছিল ভিন্ন প্রকৃতির। ইবনে যোবায়ের (রাঃ) যদি তার সাথে যেতে সম্মত হয় তাহলে তাঁকে ত্র্যেকতার করা হবে। যা হোক, হযরত আবদুল্লাহ (রাঃ) ইয়াযিদ বাহিনীকে পরাজিত করলেন অথবা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করার অপরাধে আমর বিন যোবায়ের (রাঃ)-কে ত্র্যেকতার করলেন এবং কিছুদিন পর তাকে হত্যা করলেন। এরপর ইবনে যোবায়ের (রাঃ) প্রকাশ্যভাবে ইয়াযিদকে বরখাস্তের ঘোষণা দিলেন। মদীনাবাসী তাঁর অনুসরণ করলো এবং তারা ইয়াযিদের খিলাফত অস্বীকার করে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন হানজালাহ (রাঃ) গাসিনুল মালায়েকাকে নিজেদের স্থানীয় আমীর নির্বাচন করলো। কথিত আছে যে, বাইয়াত বাতিলের পূর্বে মদীনাবাসীদের একটি প্রতিনিধিদল দামেস্ক গিয়েছিল। সেখানে তাদেরকে সাদর অভ্যর্থনা জানানো হয়েছিল। কিন্তু সে প্রতিনিধি দল কিরে এসে মদীনাবাসীদের সামনে ইয়াযিদের তৎপরতার এমন এক অপচিহ্ন পেশ করলো যে, তাতে তারা ইয়াযিদ থেকে দূরে সরে গেল। ইয়াযিদ এ পরিস্থিতি আনতে আনার জন্য মুসলিম বিন উকবাহ মাররীর নেতৃত্বে একটি সিরীয় বাহিনী হেজাজ প্রেরণ করলো। এ বাহিনী মদীনা পৌঁছেলে মদীনাবাসী সর্ব শক্তি দিয়ে তার মুকাবিলা করলো। কিন্তু মুসলিম বিন উকবার সামরিক কৌশলের সামনে তারা পরাজিত হলো। হযরত আবদুল্লাহ বিন হানজালাহ (রাঃ) হাজর হাজর মদীনাবাসীসহ সিংহ বিক্রমে যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেলেন। শহীদদের মধ্যে বিশজন সাহাবী (রাঃ)-ও ছিলেন। সিরীয় বাহিনী তিন দিন ধরে মদীনা মুনাওয়রাতে হত্যা ও লুণ্ঠনের রাজত্ব চালালো। এরপর তারা হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-কে অনুগত বানাবোর জন্য মক্কা মুমাজ্জামার দিকে রওমানা হলো। পশ্চিমে মুসলিম বিন উকবাহ মারা গেল এবং তার স্থানে হাসিন বিন নুমায়ের সিরীয় বাহিনীর সেনাপতি হলো। সে মক্কার নিকটে পৌঁছেলে ইবনে যোবায়ের (রাঃ) শহরের বাইরে বেরিয়ে সিরীয় বাহিনীর বিরুদ্ধে সর্বশক্তি দিয়ে লড়াই করলেন। কিন্তু সিরীয়দের প্রচণ্ড চাপের কারণে অবরুদ্ধ হয়ে বাধা দানের সিদ্ধান্ত নিলেন। হাসিন বিন নুমায়ের বুকাবিস পাহাড়ের ওপর কামান স্থাপন করে কা'বা ঘরের ওপর গোলা নিক্ষেপ শুরু করলো। এতে কা'বা ভবনের প্রচুর ক্ষতি হলো। এ সত্ত্বেও হযরত ইবনে যোবায়ের (রাঃ) অত্যন্ত বীরত্বের সাথে মুকাবিলা করতে লাগলেন। তিনি মসজিদে হারামে তাবু টানিয়ে রেখেছিলেন। গোলাগুলীর কোন পরওয়া ছিল না। তাবু থেকে বের হয়ে অত্যন্ত নির্ভাবনায় হেরেম শরীফে নামাযে মশগুল থাকতেন। স্বয়ং হাসিন বিন নুমাইয়ের বর্ণনা হলো: আমাদের মক্কা অবরোধকালে ইবনে যোবায়ের (রাঃ) নিজের তাবু থেকে এমনভাবে বের হতেন যেমন জঙ্গল থেকে বাঘ বের হয়।

অবরোধকালে খারিজীদের একটি দল নাফে বিন আরযাক এবং নাজদাহ বিন আমের (রাঃ)-এর নেতৃত্বে মক্কায় এলো তারা ইয়াযিদ বিরোধী হলেও ইবনে যোবায়ের

(রাঃ)-এর সমর্থক ছিল না। এলম্বেও তারা তাকে ইয়াযিদ থেকে উত্তম মনে করতো। তাদের ধারণা ছিল যে, ইবনে যোবায়ের (রাঃ) যদি তাদের সমর্থন করেন তাহলে তারা ইয়াযিদ বাহিনীর বিরুদ্ধে এ নাযুক সময়ে তাঁর সাহায্য করবে।

নাকে এবং নাজদাহ ইবনে যোবায়ের (রাঃ)-এর সাথে সাক্ষাত করে এ প্রস্তাব পেশ করলেন যে, যদি তিনি হযরত ওসমান (রাঃ), হযরত আলী (রাঃ), হযরত তালহা (রাঃ) এবং নিজের পিতা হযরত যোবায়ের (রাঃ)-এর প্রতি অসন্তুষ্টি প্রকাশ এবং তিরস্কার করেন তাহলে তাদের দল তাঁদের সমর্থনে সিরীয় বাহিনীর সাথে যুদ্ধের জন্য প্রস্তুত রয়েছে। হযরত ইবনে যোবায়ের (রাঃ) এ সব বুদ্ধগর্কে তিরস্কার করতে পরিশ্কারভাবে অস্বীকার করলেন এবং তাদের যুক্তির দাঁত ভাঙ্গা জবাব দিয়ে সর্বশেষে বললেনঃ “নিঃসন্দেহে এ সময় তোমাদের সাহায্য আমার জন্য অত্যন্ত কদরের বস্তু ছিল। কিন্তু আমার শাসক হবার ইচ্ছে নেই। জয়-পরাজয়ের চিন্তাও নেই। আমি তো সত্য এবং ন্যায়ের জন্য লড়াই করছি। যদি আমার সাথে এক হয়ে সিরীয়দের মুকাবিলা করো, তাহলে আল্লাহ তোমাদেরকে প্রতিদান দেবেন। আর তোমরা যদি আমাকে সাহায্য না করো, আল্লাহই আমার জন্য যথেষ্ট। তোমরা যদি আমার শত্রুর সাথে গিয়ে মিলিত হও তাহলেও আমি কোন পরওয়া করি না।” তাঁর জবাব শুনে খালেকীরা নিরাশ হয়ে ফিরে গেল।

মক্কার অবরোধ অব্যাহত ছিল, ঠিক এমনি সময় ৬৪ হিজরীর ১৪ রবিউল আউয়াল ইয়াযিদ মারা গেল। তার মৃত্যুর খবর মক্কা পৌঁছেলে হাছিন বিন নুমায়ের অবরোধ প্রত্যাহার করে নিল। এক রাওয়ানেত অনুসারে অবরোধ অবসানের পর হাছিন বিন নুমায়েরের আবেদনে হযরত ইবনে যুবায়ের (রাঃ) হেব্রেম শরীফের দরজা খুলে দিলেন এবং সিরীয়রা নিষ্ক্রিয় থাকার ক্ষমতা লাগলো। এ সময় হাছিন ও ইবনে যোবায়ের (রাঃ)-এর সাক্ষাত ঘটলো। অন্য এক রাওয়ানেতে আছে যে, রওয়ানা হওয়ার পূর্বে হাছিন ইবনে যোবায়ের (রাঃ)-কে পরশাম পাঠিয়ে ছিলেন। তাতে সে বাতহা নামক স্থানে রাতে নির্জনে তাঁর সাথে সাক্ষাত করতে চেয়েছিলো এবং উভয় পক্ষ থেকে ১০ জন করে লোক সেখানে নিজে যাওয়ার কথা বলা হয়েছিল। যা হোক, উভয়ের সাক্ষাত ঘটলো। হাছিন ইবনে যোবায়ের (রাঃ)-কে বললো, ইয়াযিদ মারা গেছে। আমার দৃষ্টিতে বর্তমানে আপনার চেয়ে খিলাফতের হকদার আর কেউ নেই। আমি এবং আমার সঙ্গীরা আপনার হাতে বাইয়াতের জন্য সিরিয়ারবাসীদের উদ্বুদ্ধ করবো। হিজাজবাসী প্রথম থেকেই আপনার সাথে রয়েছে। সিরীয়বাসীর বাইয়াতের পর সমগ্র ইসলামী বিশ্ব আপনাকে খলিফা হিসেবে মেনে নেবে। এতদিন আমাদের মধ্যে যে রক্তাক্ত লড়াই হয়েছে তা আপনি ক্ষমা করে দিন।

ইবনে যোবায়ের (রাঃ) হাছিন বিন নুমায়েরের প্রস্তাব প্রত্যাখ্যান করে গুরুশস্ত্রীর অঞ্চ দরাজ কশ্টে বললেন : “মদীনা এবং মক্কাবাসীর রক্তাক্ত ঘটনা ক্ষমা করা আমার পক্ষে সম্ভব নয়। আল্লাহর কসম। যতক্ষণ এক এক হিজাজবাসীর কিসাসে বা বদশীর দশ দশ সিরীয় মস্তক উড়িয়ে না দেয়াবো ততক্ষণ তোমার সাথে কোন আলোচনা বা সমঝোতা হতে পারে না।

হাছিন নিরাশ হয়ে বললো যে, “আমার ধারণা ছিল আপনি আরবের অন্যতম চিত্তাশীল ব্যক্তিত্ব এখন বুঝতে পারলাম আমার সে ধারণা ভুল ছিল। আমি আপনাকে খিলাফতের মসনদের দিকে আহবান জানাচ্ছি। আর আপনি আমাকে যুদ্ধের হুমকি দিচ্ছেন। আমি আন্তে আন্তে কথা বলছি। আর আপনি চড়া গলায় কথা বলছেন।”

এ কথা বলে হাছিন নিজের বাহিনীতে ফিরে গেল এবং পরদিন সিরিয়া রওয়ানা হয়ে গেল।

অবরোধকালে কা'বা ভবনের প্রচুর ক্ষতি সাধিত হয়েছিল। হাছিনের কিরে যাওয়ার পর হযরত ইবনে যোবায়ের (রাঃ) কা'বাকে নতুন করে নির্মাণের ইচ্ছা প্রকাশ করলেন। এ জন্যে প্রথমে পুরাতন ভবন সম্পূর্ণরূপে ভেঙ্গে ফেলা প্রয়োজন ছিল। কিন্তু কেউই এ কাজে সাহস পেল না। অবশেষে ইবনে যোবায়ের (রাঃ) স্বয়ং আল্লাহর নাম নিয়ে প্রাচীরের ওপর চড়ে বসলেন এবং একটি পাথর খসিয়ে তা ভেঙ্গে ফেললেন। তার এ কাজ দেখে অন্যান্যরাও তাতে শরীক হলো। সমগ্র প্রাচীর ডাঙ্গা শেষ হলে ভিত্তি খননের কাজ শুরু হলো। ইবনে যোবায়ের (রাঃ) হাতিমের পরিত্যক্ত অংশে কা'বার সীমানাঙ্কিত করলেন এবং রাসূলুল্লাহ (সাঃ) যেভাবে নতুন ভবন তৈরী করতে চেয়েছিলেন তেমনি তৈরী করলেন। তিনি এ কাজে অন্তর খুলে অর্থ খরচ করলেন এবং অত্যন্ত হিচ্ছত ও বদান্যতা দেখালেন। যে দিন তিনি এ কাজ সমাপ্ত করলেন সে দিন নতুন ভবনের আভ্যন্তরীণ ও বহির্ভাগের ওপরে এবং নীচে মিশক-আম্বর লাগালেন। তার ওপর রেশমের গিলাফ চড়ালেন। কৃতজ্ঞতায় অনেক গোলাম আযাদ করলেন। অনেক উট এবং বকরী জবেহ করলেন। অতঃপর তিনি কুরাইশের এক বড় দলের সাথে সন্মুখ হয়ে ঘর থেকে বের হয়ে ডানবীম নামক স্থানে পৌঁছে ওমরাহর ইহরাম বাধলেন। আল্লাহ পাক তাঁকে রাসূল (সাঃ)-এর ইচ্ছা অনুযায়ী ইবরাহীমি বুনিয়াদের ওপর কা'বা নির্মাণের তাওফিক দিলেন। এক রাওরায়তে বর্ণিত আছে যে, তিনি সর্বপ্রথম হাজ্জের আসওয়াদের ওপর রূপা বিছালেন। গোলাবারুদ বর্ষণের কারণে হাজ্জের আসওয়াদ ক্ষতিগ্রস্ত হয়েছিল। এজন্যেই ইবনে যোবায়ের (রাঃ) তা রূপা দিয়ে বাধলেন।

ওদিকে সিরিয়ায় ইয়াযিদের মৃত্যুর পর তার পুত্র মাযিয়া ক্ষমতাসীন হলো। সে প্রকল্পন দীনদার এবং নরম প্রকৃতির লোক ছিল। শাসন কাজের ঝামেলায় জড়িয়ে পড়া

সে পছন্দ করতো না। এ জন্যে কিছু দিন পরই সে খিলাফতের দায়িত্ব থেকে অব্যাহতি নিলো। এখন সম্রা হিজাজ, ইরাক, মিসর এবং দক্ষিণ আরব ইবনে যোবায়ের (রাঃ)-এর খিলাফত মেনে নিল। এমনকি সিরিয়ার বনু উমাইয়্যার বিরোধীরাও তাকে খলিফা হিসেবে মেনে নিলেন। সে সময় ইবনে যোবায়ের (রাঃ) এক রাজনৈতিক ভুল করে বসলেন। তিনি মদীনা মুনাওয়্যারাহ থেকে বনু উমাইয়্যার অন্যান্য প্রভাবশালী ব্যক্তিদেরকেও জোরপূর্বক বের করে দিলেন। বহিষ্কৃতদের মধ্যে মারওয়ান ইবিনুল হাকাম এবং তার পুত্র আবদুল মালেকও অন্তর্ভুক্ত ছিল। তারা দামেস্ক পৌঁছলো। সে সময় সেখানে বিশৃংখলা বিরাজ করছিলো। অবশেষে বনু উমাইয়্যার সকল প্রভাবশালী ব্যক্তির জাবিয়াহ নামক স্থানে একত্রিত হয়ে মারওয়ানকে খলিফা নির্বাচিত করলো। মারওয়ান ১৩ হাজার উমাইয়্যাহোঁদাসহ “মরজে রাহেতের” দিকে অগ্রসর হলো। সেখানে জাহাক বিন কায়েস (রাঃ)-এর নেতৃত্বে ইবনে যোবায়ের (রাঃ)-এর সমর্থক বাহিনী তাবুতে অবস্থান করছিল। উভয় পক্ষের মধ্যে রক্তাক্ত যুদ্ধ সংঘটিত হলো। এ যুদ্ধে উমাইয়্যাহ বাহিনীই অগ্রগামী ছিল। এভাবে সম্রা সিরিয়ার ওপর বনু উমাইয়্যার কর্তৃত্ব বহাল হলো। মারওয়ান সাঈদ বিন আছের নেতৃত্বে একটি বাহিনী মিশর প্রেরণ করলো। ইবনে যোবায়ের (রাঃ)-এর নিয়োগকৃত মিশরের গবর্ণর আবদুর রহমান বিন আহমদ আক্রমণে তিষ্ঠাতে না পেয়ে মিশর আমর বিন সাঈদের হাওয়ালা করে দিলো। এখন অবস্থা এ দাঁড়ালো যে, হিজাজ এবং ইরাক হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর কবজায় রলো। অন্য দিকে সিরিয়া ও মিশরের ওপর মারওয়ানের রাজত্ব। মারওয়ান বেশী দিনের জন্য শাসন কাজ চালাতে পারলো না এবং সে ৬৫ হিজরীর রামাদান মাসে মৃত্যুমুখে পতিত হলো। তার পর তার পুত্র আবদুল মালিক ক্ষমতার মসনদে বসলো।

সে সময় জাসার অভিযানের (১৩ হিজরী) শহীদ সেনাপতি আবু ওবায়েদ ছাকাকীর (রাঃ) পুত্র মুখতার ছাকাকী ইরাক দখলের জন্য তৎপরতা শুরু করে। সে হোসাইনের কিসাস বা বদলা গ্রহণের ঝাণ্ডা উড্ডীন করলো এবং কুফাকে আন্দোলনের কেন্দ্র বানালা। ইরাকে অবস্থানরত বনু উমাইয়্যাহ বিরোধীরা তার সাথে একত্রিত হলো। তারা ইবনে যোবায়ের (রাঃ)-এর পক্ষ থেকে কুফার গবর্ণর আবদুল্লাহ বিন মতিকে জোরপূর্বক বের করে দিল। এভাবে কুফা এবং সে সাথে সম্রা ইরাকের (বসরা ছাড়া) ওপর মুখতার বিন আবি ছাকাকীর কর্তৃত্ব প্রতিষ্ঠা হলো। এক্ষণে সে প্রতিশোধের তরবারী খাপ থেকে বের করলো এবং যারা কারবালার ঘটনায় অংশ নিয়েছিল অথবা বনু উমাইয়্যাহকে সহযোগিতা করেছিল তাদেরকে বেছে বেছে হত্যা করলো। নিহতদের মধ্যে ছিল শামার জিল জওশান, হারমাল বিন কামিল, খাওসী বিন ইয়াবিদ, ওমর বিন সায়াদ, যিয়াদ বিন মালিক, আবদুল্লাহ বিন কায়েস এবং ওসমান বিন খালিদেদ মত ২০ জন। এরপর সে ইবরাহীম বিন মালিক আশতারের নেতৃত্বে একটি বাহিনী ওবায়েদ উল্লাহ বিন যিয়াদকে

ওংখাতের জন্য মোছাল প্রেরণ করলো। আরব এবং মোছালের মধ্যবর্তী স্থানে খাজির নদীর তীরে তার এবং ইবনে যিয়াদ বাহিনীর সংঘর্ষ হলো। ইবরাহীম বিন মালিক আশতার ইবনে যিয়াদকে শোচনীয়ভাবে পরাজিত এবং বহুতে হত্যা করলো।

মুখতার যদি আন্দোলনকে শুধুমাত্র হোসাইন (রাঃ)-এর হত্যাকাণ্ডের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণের মধ্যেই সীমাবদ্ধ রাখতো তাহলে ব্যাপারটি এক ধরনের হতো। কিন্তু একই সময় সে ইবনে যোবায়ের (রাঃ) এবং বনু উমাইয়া উভয়ের ক্ষমতার বিরুদ্ধে সশস্ত্র তৎপরতা শুরু করলো। সে নিজের বাজে ধ্যান-ধারণা এবং আকীদা-বিশ্বাসও মানুষের মধ্যে প্রচার করতে লাগলো। ইবনে যিয়াদকে পরাজিত করার পর বনু উমাইয়ার সাথে মুখতারের সরাসরি কোন সংঘর্ষ হয়নি। অবশ্য ইবনে যোবায়ের (রাঃ)-এর সাথে তার চন্দ্র ক্রমেই বেড়ে চললো। শুদিকে ইবনে যোবায়ের (রাঃ)-এর মনে সম্প্রদেহ ঘনীভূত হলো। তিনি মনে করলেন যে, হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) এবং মুহাম্মাদ বিন হানফিয়াহ হয়তো তাকে সহযোগিতা করছেন। তিনি সতর্কতা হিসেবে উভয় বৃদ্ধকে নজরবন্দী করলেন। এ খবর শেয়ে মুখতার মকায় একটি বাহিনী প্রেরণ করে তাদেরকে নজর বন্দী থেকে মুক্ত করালেন। এরপর উভয় বৃদ্ধই মক্কা থেকে তায়েফ চলে গেলেন।

আযমীদের শক্তিতে শক্তিমান হয়ে মুখতার ১৮ মাস যাবত বনু উমাইয়াহ এবং ইবনে যোবায়ের (রাঃ)-এর বিরুদ্ধে সফল লড়াই চালালো। এ সময় সে কুফার আরবদের ওপর প্রচণ্ড নির্ধাতন করলো। ফলে তারা তার বিরুদ্ধে চলে গেল এবং তাদের অনেক শরীফ ব্যক্তি কুফার স্বামী আবাস পরিভাগ করে বসরাহ চলে গেলেন। তখন হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর ছোট ভাই মাসয়াব বিন যোবায়ের (রাঃ) বসরার গবর্নর ছিলেন। তারা মাসয়াবকে কুফার ওপর হামলা চালানোর জন্যে অনুপ্রাণিত করলেন। মাসয়াব সমকালীন প্রখ্যাত জেনারেল মুহাম্মাদ বিন আবি আফরাহকে বসরা ডেকে পাঠালেন। সে সময় সে খারিজীদের বিরুদ্ধে সংঘর্ষরত এবং ইবনে যোবায়ের (রাঃ)-এর পক্ষ থেকে পারস্যের গবর্নর ছিলেন। তিনি খারিজীদের সাথে এক নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত সন্ধি করে নিয়েছিলেন এবং এক শক্তিশালী বাহিনী নিয়ে বসরাহ পৌঁছিলেন।

একশে মাসয়াব বিন যোবায়ের (রাঃ) সম্পূর্ণরূপে প্রস্তুত হয়ে কুফার দিকে অগ্রসর হলেন। মুখতারও মুকাবিলার জন্যে ব্যাপক প্রস্তুতি নিয়ে রেখেছিল। উভয় পক্ষের মধ্যে দু'তিনটি রক্তাক্ত সংঘর্ষে মুখতার পরাজিত হলো এবং অবশেষে কুফার রাজধানী ভবনে অপরূহ হয়ে বসে পড়লো। মাসয়াব এত কঠোর অবরোধ আরোপ করলেন যে, ৪০ দিন পর তাকে বাইরে বেরিয়ে আসতে হলো। সে সময় তার সাথে মাত্র ১৯ জন ছিল।

মুখতারসহ তারা সবাই মাসরাব বাহিনীর সাথে লড়াই করতে করতে মৃত্যুমুখে পাঠত হলো। এমনভাবে ইবনে যোবায়ের (রাঃ)-এর এক বড় শত্রু শেষ হলো এবং ইরাকের ওপর তাঁর কর্তৃত্ব বহাল হলো। মুখতার ইবনে যোবায়ের (রাঃ) এবং বনু উমাইয়াহ উভয়েরই শত্রু ছিল। তার হত্যার পর আবদুল মালিক এবং ইবনে যোবায়ের (রাঃ) পরস্পর মুখোমুখী হলো এবং উভয়ের মধ্যে সংঘর্ষ শুরু হয়ে গেল। সর্ব প্রথম আবদুল মালিক এক শক্তিশালী বাহিনীসহ কারকেসিয়ার দিকে অগ্রসর হলো। হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর পক্ষ থেকে যাকর বিন হারিস এখানকার গবর্ণর ছিলেন। যাকর অত্যন্ত বীরত্বের সাথে আবদুল মালিকের মুকাবিলা করলো। কিন্তু অবশেষে তিনি আবদুল মালিকের সাথে সন্ধি করে নিলেন এবং স্বীয় কন্যাকে তার পুত্র মুসাম্মামার সঙ্গে বিয়ে দিয়ে দিলেন। এরপর আবদুল মালিক এক বিরাট বাহিনীসহ ইরাকের দিকে রওদানা হলো। তার ইরাক পৌঁছার পূর্বেই মাসরাব বিন যোবায়ের (রাঃ) মুহান্নাব বিন আবি সাফরাহকে পারস্য এবং আবদুল্লাহ বিন হাবেমকে খোরাসান প্রেরণ করেছিলেন। ফলে আবদুল মালিকের মুকাবিলার জন্য তাঁর নিকট খুব কম সৈন্যই ছিল। এ সত্ত্বেও তিনি হিশ্মত হারা হলেন না এবং “দীরে জাসলিক” নামক স্থানে উমাইয়াহ বাহিনীর বিরুদ্ধে পূর্ণ শক্তি দিয়ে মুকাবিলা করলেন। আবদুল মালিক মাসরাবের জীবনের নিরাপত্তা দানের প্রত্যাব পেশ করলো। কিন্তু তিনি এ প্রত্যাব প্রত্যাখ্যান করলেন এবং বীর বিক্রমে যুদ্ধ করে নিহত হলেন। মাসরাব হত্যার পর ইরাক আবদুল মালিকের পদানত হলো। অতপর সে মকা মুসাম্মামার সৈন্য প্রেরণের প্রস্তুতি শুরু করলো। মুসতাদরাকে হাকিমেরে বর্ণিত আছে যে, একদিন সে বনু উমাইয়াহ সকল নেতৃস্থানীয় ব্যক্তিত্ব এবং তার শূভাকাঙ্ক্ষীদেরকে একত্রিত করলো এবং মিম্বরে দাড়িয়ে বললোঃ “তোমাদের মধ্যে কে ইবনে যোবায়েরকে খতম করার দায়িত্ব নেবে?” আবদুল মালিকের এ প্রশ্নে হাজ্জাজ বিন ইউসুফ ছাকাফী দাড়িয়ে বললোঃ

“আমীরুল মু’মিনিন! এ কাজের দায়িত্ব আমার ওপর ন্যস্ত করুন,” আবদুল মালিক তিনবার প্রশ্নটি উচ্চারণ করলেন এবং তিনবারই হাজ্জাজ এ কাজের জন্য নিজেই পেশ করলো। হাজ্জাজ আরো বললো যে, সে একটি ঢাল ছিন্ন করেছে বলে স্বপ্নে দেখেছে।

সর্বশেষে আবদুল মালিক এ অভিযানের দায়িত্ব হাজ্জাজের ওপর ন্যস্ত করলো এবং বর্তমানে মদীনাবাসীদের সাথে কোন বিবাদে জড়িয়ে না পড়ার জন্যে তাকে নির্দেশ দিলো। সেই সত্বে তারেক পৌঁছে অবস্থান গ্রহণ এবং সেখান থেকে ছোট ছোট বাহিনী মক্কার ওপর হামলার জন্যে প্রেরণের নির্দেশও তাকে দেয়া হলো। ফলে ইবনে যোবায়ের (রাঃ)-এর শক্তি অত্যন্ত দুর্বল হয়ে পড়বে। এর পর যদি আরও সৈন্যের প্রয়োজন হয় তাহলে তাকে জানানোর কথা বলা হলো।

হাজ্জাজ এ সব নির্দেশ পালনের ওয়াদা করলো এবং তিন হাজার সৈন্যসহ তায়েফ পৌঁছে অবস্থান নিলো। ইবনে যোবায়ের (রাঃ) পরিস্থিতি অকণ্ড হলেন এবং মক্কা মুয়াজ্জামা রক্ষার ব্যবস্থাদি সম্পন্ন করলেন। হাজ্জাজ বাহিনী প্রায়ই মক্কার ওপর হামলার চেষ্টা করতে লাগলো। কিন্তু ইবনে যোবায়ের (রাঃ)-এর সমর্থকরা তাদেরকে ভাগিয়ে দিলো। এভাবে কয়েকমাস অতিক্রান্ত হওয়ার পর হাজ্জাজ আবদুল মালিকের নিকট সাহায্য প্রার্থনা করলো এবং সাথে সাথে মক্কা আবরোধের অনুমতি চাইলো। আবদুল মালিক তৎক্ষণাৎ পাঁচহাজার যোদ্ধার একটি বাহিনী হাজ্জাজের সাহায্যার্থে প্রেরণ করলো এবং তাকে মক্কা অভিমুখে রওয়ানা হওয়ার অনুমতি দিল। সাহায্য পৌঁছতেই হাজ্জাজ অসুস্থ হয়ে মক্কা আবরোধ করলো এবং বুকাবিস পাহাড়ের ওপর কামান স্থাপন করে শহর ও হেরেম শরীফের ওপর পাথর এবং আগুনের গোলা নিক্ষেপ শুরু করলো। ৭২ হিজরীর (৬৯২ সালের ২৫ মার্চ) পহেলা জিলকদ এ আবরোধ শুরু হয়ে সাত মাসেরও কিছু অধিক সময় তা অব্যাহত থাকলে এ সময় মক্কা শহর এবং বাইতুল্লাহ শরীফ অব্যাহতভাবে পাথর ও আগুনের গোলার শিকার হলো। হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) অত্যন্ত ধৈর্য, স্বৈর্য এবং সাহসিকতার সাথে আবরোধের মুকাবিলা করলেন। পাথর এবং আগুনের গোলা বর্ষণের মধ্যেও তিনি অত্যন্ত ইতমিনান ও বীর স্থিরাভাবে কা'বা শরীফে নামায পড়তেন। কিন্তু এ সময় দুর্ভাগ্যজনক ঘটনা ঘটলো। শহরে খাদ্যের অভাব দেখা দিল। ইবনে যোবায়ের (রাঃ)-এর সঙ্গীরা আবরোধের কাঠোরতা এবং ক্ষুধায় কাতর হয়ে তার সঙ্গ ত্যাগ করতে লাগলো। ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন, দশ হাজার মানুষ ইবনে যোবায়ের (রাঃ)-এর সঙ্গ পরিত্যাগ করে হাজ্জাজের আশ্রয়ে চলে গেল। তাদের মধ্যে ইবনে যোবায়ের (রাঃ)-এর দু'পুত্র হামজাহ এবং খুবায়েবও ছিল। শুধু এক পুত্র যোবায়ের শেষ নিঃশ্বাস পর্যন্ত তার সাথে ছিলেন।

এ সময় একদিন হযরত আবদুল্লাহ (রাঃ) বৃদ্ধমাতা হযরত আসমার (রাঃ) খিদমতে হাজির হলেন। সে সময় হযরত আসমার বয়স একশ বছরেরও বেশী ছিল এবং তার দৃষ্টি শক্তি রহিত হয়ে গিয়েছিল। হযরত আবদুল্লাহ জিজ্ঞেস করলেন:

“আম্মাজ্জান! আপনি কেমন আছেন।”

হযরত আসমা (রাঃ) : আমার অবস্থা আর কি জিজ্ঞেস করছো। দৃষ্টিশক্তি রহিত হয়ে গেছে।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) : আম্মাজ্জান! মৃত্যুতে প্রশান্তি আঁছে।

হযরত আসমা (রাঃ) : পুত্র! আমি তোমার পরিণতি দেখে মরতে চাই। তুমি যদি শাহাদাত বরণ করো তাহলে নিজের হাতে তোমার কান দাফন করবো। আর যদি তুমি বিজয়ী হও তাহলে আমার অন্তর ঠাণ্ডা হবে।

এ কথা শুনে হযরত আবদুল্লাহ (রাঃ) হেসে দিলেন এবং প্রস্থান করলেন। দশ দিন পর তিনি শেষ শাশামের জন্য তার খিদমতে পুনরায় হাজির হলেন। সে সময় তিনি মসজিদে হারামে অবস্থান করছিলেন। হযরত আবদুল্লাহ (রাঃ) আরজ করলেনঃ “আম্মাজান! অবরোধের সাত মাস চলে গেল। আমার পুত্র যোবায়ের এবং হাতেপোনা কয়েকজন ছাড়া সকলেই আমাকে পরিত্যাগ করে হাজারের নিকট চলে গেছে। সে আমাকেও নিরাপত্তা দিতে প্রস্তুত। আমি যা চাইব তাই দিতে আবদুল মালিকও ওয়াদা করেছে। বলুন! এ অবস্থায় আপনার কি নির্দেশ?”

হযরত আসমা (রাঃ)ঃ পুত্র! তুমি নিজের ব্যাপার আমার চেয়ে ভালো বোঝো। যদি তুমি হকের ওপর থেকে থাকো তাহলে যাও। যে পথে তোমার সাথী-সঙ্গীরা জীবন কুরবানী করেছে সে পথে তুমিও জীবন দান কর। আর যদি তুমি নাহক বা হক পরিপন্থী পথে লড়াই করে থাকো, তাহলে খুব খারাব কাজ করেছে। মুসলমানদের রক্ত প্রবাহিত করেছে। সাথীদের জীবন নিয়ে ছিনিমিনি খেলেছ এবং নিজেও হালাক হয়েছে।

হযরত আবদুল্লাহ (রাঃ)ঃ আম্মাজান! আমি হক এবং সত্যের জন্যে লড়াই করেছি এবং হক ৭ সত্যের জন্যে সাথীদের দিয়ে যুদ্ধ করিয়েছি। শুধুমাত্র পরিবর্তিত পরিস্থিতি সম্পর্কে অবহিত করার লক্ষ্যে আপনার খিদমতে হাজির হয়েছি।

হযরত আসমা (রাঃ)ঃ যদি তুমি নিজেকে হকপন্থী মনে কর অথচ এখন সমর্থক না থাকার কারণে এবং পরিস্থিতি প্রতিকূল হওয়ার জন্যে দূশমনের সামনে নতি স্বীকার করতে চাও, তা কিন্তু ঠিক নয়। এটা শরীফ এবং বীনদারদের নীতি নয়।

হযরত আবদুল্লাহ (রাঃ)ঃ আম্মাজান! আমি মৃত্যুকে ভয় করি না। শুধু এ ধারণাই করছি যে, মৃত্যুর পর দূশমন আমার দেহকে টুকরো টুকরো করে শুলে চড়াবে।

হযরত আসমা (রাঃ)ঃ পুত্র! বকরী জবেহ করার পর চামড়া ছাড়ানো হোক অথবা তার দেহ টুকরো টুকরো করা হোক তাতে কি পরওয়া? আল্লাহ ওপর ভরসা করে তুমি বের হও। মৃত্যুর ভয়ে গোলামীর জিন্নতী বা লাশ্বনা কবুল করো না। আল্লাহ কসম! ইচ্ছের মৃত্যু জিন্নতীর হুকুমাত থেকে উত্তম এবং হক পথে তরবারীর কিমা হওয়া পথবর্তদের গোলামীর চেয়ে হাজার গুণ শ্রেষ্ঠ।

জলিলুল কদর মাতার এ সাহসিকতাপূর্ণ কথা শুনে হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) ভাবাবেগে নিমজ্জিত হলেন। তিনি অগাধ ভালোবাসার মাগ্নের মাখায় চুমু দিলেন এবং বললেনঃ “আম্মাজান! হক পথে বীরত্বপূর্ণ লড়াই করে জীবন দানের ইচ্ছাই আমার ছিল। কিন্তু আপনার মতও আমি নিতে চেয়েছি। যাতে আমার মৃত্যুর পর আপনি দুঃখ প্রকাশ না করেন। আলহামদুলিল্লাহ! আমি আপনাকে দৃঢ়চেতা পেয়েছি। আপনার

কথা আমার ঈমানকে শক্তিশালী এবং আহ্বাকে আরো মজবুত করেছে। আমি আজ অবশ্যই কতল হয়ে যাবো। আমার বিশ্বাস, আমার নিহত হওয়ার পরও আপনি এমনি ধৈর্য ও শোকের পথ অবলম্বন করবেন। আল্লাহর কসম! আমি কখনো খান্নাবেকে পছন্দ করিনি। কোন মুসলমানের ওপর যুলুম করিনি। কোন ওয়াদা ভঙ্গ করিনি। আমানতের খেয়ানত করিনি। আমার কোন আমিল অহেতুক যুলুম করলে তা প্রতিরোধ করেছি। আল্লাহর সন্তুষ্টি অর্জন ছাড়া আর আমার কোন উদ্দেশ্য নেই।”

অতপর তিনি আসমানের দিকে দৃষ্টি নিক্ষেপ করে বললেনঃ “হে আল্লাহ! আমি এসব কথা ফখর করার উদ্দেশ্যে বলিনি। বরং নিজের মায়ের ইতমিনান এবং প্রশান্তির জন্যে বলেছি।”

হযরত আসমা (রাঃ) বললেন, যাও বেটা, আল্লাহর রাহে জীবন দান কর। ইনশাআল্লাহ আমি ছাবির এবং শাকির থাকবো। একটু এগিয়ে এসো। শেব বারের মত তোমাকে একটু আদর করি।

হযরত আবদুল্লাহ (রাঃ) সামনে অরাসর হলেন এবং হযরত আসমা (রাঃ) তাকে গলায় মিলালেন। তাঁর হাত হযরত আবদুল্লাহ (রাঃ)-এর জিরার ওপর পড়লে জিজ্ঞেস করলেন, বেটা! তোমার শরীরের ওপর এটা কি? ইবনে যোবায়ের (রাঃ) : আম্মাজান! এটা জিরা। দুশমনের তরবারী এবং হামলা থেকে পরিত্রাণের জন্যে এটা ব্যবহার করি।

হযরত আসমা (রাঃ) : বেটা! আল্লাহর পথে শহীদ হওয়ার জন্যে বের হও। আর এসব ভবুর বস্তুর সাহায্য নাও।

ইবনে যোবায়ের (রাঃ) তৎক্ষণাৎ জিরা খুলে ফেললেন এবং শিরস্কাপ খুলে নিক্ষেপ করলেন। অতপর সাধারণ পোশাক পরিধান করে মাথায় সাদা রুমাল রেখে নিলেন। মাকে ব্যাপারটি জানালে তিনি বললেন, আমি এখন আনন্দিত। যাও, আল্লাহর রাতায় লড়াই কর এবং তাঁর নিকট এ পোশাকেই গমন কর।

মা'র নিকট থেকে বিদায় হয়ে হযরত আবদুল্লাহ (রাঃ) কামিসের কোণা উঠিয়ে কোমরের সাথে বেঁধে নিলেন। দু' আঙ্গিন উঠিয়ে দু'হাতে তরবারী ধরে যুদ্ধ ক্ষেত্রে পৌঁছলেন। এ সময় হাতে গোনা কয়েকজন ফিদাকার তাঁর সাথে ছিলেন। পুত্র যোবায়ের একপাশে এবং ইবনে সাকওয়ান অন্য পাশে তাঁর সহগামী ছিলো। ইবনে যোবায়ের (রাঃ) এবং তাঁর সাথীরা বেশিকৈ অরাসর হতেন সিরীয় সৈন্য ছিন্নভিন্ন হয়ে যেত। ইবনে যোবায়ের (রাঃ)-এর বয়স সে সময় ৭২ বছর হলেও বীরত্বের দিক দিয়ে তিনি ছিলেন নজিরবিহীন। দু'হাতে তরবারী চালিয়ে শত্রু ব্যূহের অনেক অভ্যন্তরে প্রবেশ করলেন। অতপর ফিরে আবার সাথীদের সাথে এসে মিলিত হলেন। একে একে সাথীরা শহীদ হয়ে

গেলে তাকে একজন বললো, আপনি অনুমতি দিলে আমি কা'বার দরজা খুলে দিতে পারি, যাতে আপনি সেখানে প্রবেশ করে দুশমনের হাত থেকে রক্ষা পান। সে সময় ইবনে যোবায়ের (রাঃ)-এর মুখ দিয়ে উচ্চারিত হয়েছিল: "আমি লাহনা বা জিন্নতী স্বীকার করে জীবন বাচাতে চাই না এবং মৃত্যুর ভয়ে সিঁড়িতে চড়নেওলা না। আমি এমন তীর ভালোবাসি যা বিচ্ছিন্ন হয় না এবং মৃত্যুর সাক্ষাৎ প্রার্থী কোন দিকে চাইতে পারে।"

এরপর তিনি বাঘের মত সিরীসদের ওপর ঝাপিয়ে পড়লেন এবং জোহর নামায পর্যন্ত অমিত বিক্রমে যুদ্ধ করতে লাগলেন। ইত্যবসরে তিনি কয়েকটি আঘাত পান। কিন্তু সাহসে মোটেই ভাটা পড়েনি। এক সময় জনৈক কৃষ্ণকায় ব্যক্তি গালি দিলে তিনি আঙমান হয়ে এমনভাবে তরবারী চালালেন যে, তার দেহ দু'টুকরো হয়ে গেল। অবশেষে জনৈক সিরীস তাঁর মাথার ওপর পাথর মারলো। ফলে তিনি মারাত্মকভাবে আহত হলেন। মাথা দিয়ে ফিনকি মেয়ে রক্ত প্রবাহিত হতে লাগলো।

প্রচণ্ড রক্তক্ষরণের ফলে তিনি খুব দুর্বল হয়ে পড়লেন। এ অবস্থায় সিরিয়ারা হস্তা করে তাঁর ওপর তরবারীর আঘাত বর্ষণ করলো। এভাবে রাসূল (সাঃ)-এর সহচর এবং জাভান নাভাকাইনের দুষ্টি রশিদ এবং সমকালীন শ্রেষ্ঠতম বাহাদুর শহীদ হয়ে মাটিতে ঢলে পড়লেন। সিরীসরা কালবিলম্ব না করে তার মাথা কেটে নিল।

হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর শাহাদাতের খবর হাজ্জাজ বিন ইউসুফকে অবহিত করা হলে সে খুব খুশী হলো। সে তার মাথা দামেকে আবদুল মালিকের নিকট প্রেরণ করলো এবং লাশ এক উঁচু স্থানে শুলে চড়িয়ে দিলো। হযরত আবদুল্লাহ বিন ওমর (রাঃ) সেই পথ দিয়ে যাচ্ছিলেন। এ দৃশ্য দেখে তিনি খুব দুঃখিত হলেন এবং লাশকে উদ্দেশ্য করে তিনবার এ বাক্য উচ্চারণ করলেন: "আবু যুবায়ের! আসসালামু আলাইকা। আল্লাহর কসম, তুমি বড় নামাযি এবং রোবাদার মানুষ ছিলে। এটা ভিন্ন কথা যে, তুমি দুনিয়াকে তার মর্যাদা থেকে বেশী সম্মান দিয়েছ। প্রকৃতপক্ষে দুনিয়া এত সম্মানের যোগ্য ছিল না। যে জামায়াতের সদস্য তুমি ছিলে সে জামায়াত অত্যন্ত মর্যাদাবান জামায়াত ছিল।"

শাহাদাতের তৃতীয় দিনে হযরত আসমা (রাঃ) হাজ্জাজে তাশরীফ নিলেন। সেখানে ইবনে যোবায়ের (রাঃ)-এর লাশ লটকানো ছিল। ঘটনাক্রমে সে সময় হাজ্জাজও সেখানে উপস্থিত ছিলো। হযরত আসমা (রাঃ)-কে বলা হলো যে, হাজ্জাজ তাঁর নিকট দণ্ডায়মান রয়েছে। তিনি তাকে সন্মোদন করে বললেন: "এ সওয়ারের অবতরণের সময় কি এখনো আসেনি?"

হাজ্জাজঃ সে বিপৎগামী ছিল। প্রাপ্য শান্তি সে পেয়েছে।

হযরত আসমা (রাঃ) : আল্লাহর কসম! সে বিপৎগামী বা অবিশ্বাসী ছিল না। রোযা রাখতো। নামায পড়তো এবং পরহেজগার ছিল।

হাজ্জাজঃ বড় বিবি! এখান থেকে চলে যাও। তোমার জ্ঞান লোপ পেয়েছে।

হযরত আসমা (রাঃ) : আমার জ্ঞান লোপ পায়নি। আল্লাহর কসম! আমি রাসূলুল্লাহ (সাঃ)-এর কাছে শুনেছি যে, বনু ছাকিকে এক কাজাব বা মিথ্যুক এবং এক হস্তা জন্ম নেবে। যাই হোক, কাজাবকে (অর্থাৎ মুখতার ছাকাকী) আমরা দেখেছি আর হস্তা হলে তুমি।

অন্য এক রাতঘণ্টাতে আছে যে, হাজ্জাজ যখন শুনলো যে হযরত ইবনে ওমর (রাঃ) ইবনে যোবায়েরের (রাঃ) প্রশংসা করেছে তখন সে তার লাশ তুল থেকে নামিয়ে ইহুদীদের কবরস্থানে নিক্ষেপ করেছিল এবং হযরত আসমা (রাঃ)-কে ডেকে পাঠিয়েছিল। তিনি আসতে অস্বীকৃতি জানালেন। এতে হাজ্জাজ অগ্নিশর্মা হয়ে পুনরায় তাকে অবিলম্বে চলে আসার কথা বললো। নচেত চুলের ঝুটি ধরে মাটিতে টেনে নেয়ার হুমকি দিল। তিনি অত্যন্ত দৃঢ়তার সাথে জবাব দিলেন, আল্লাহর কসম! সে সময় পর্যন্ত আমি আসবো না, যতক্ষণ আমার চুলের ঝুটি ধরে মাটিতে টানা না হয়। এ জবাব শুনে হাজ্জাজ সন্ন্যস্ত তাঁর নিকট গেলো এবং বললোঃ “সত্যকথা বলতে কি আল্লাহর শত্রুর কি পরিণতি হয়েছে।”

হযরত আসমা (রাঃ) বললেনঃ “হ্যাঁ, তুমি তার দুনিয়া খারাব করেছ। কিন্তু সে তোমার আখিরাত বরবাদ করে দিয়েছে। বিদ্রোপ করে তুমি আমার পুত্রকে ইবনে জাতুন নাভাকাইন বলতে। আল্লাহর কসম! আমিই জাতুন নাভাকাইন। এ সম্মানিত উপাধি রাসূলুল্লাহ (সাঃ) আমাকে সে সময় দিয়েছিলেন যখন আমি (হিজরতের সময়) তাঁর খাবার পিঁপড়া থেকে রক্ষার জন্যে নিজের নাভাক দিয়ে ঢেকেছিলাম। আমি তাকে বলতে শুনেছি যে, বনি ছাকিকে একজন কাজাব এবং একজন যালেম হবে। কাজাবকে তো আমরা দেখেছি। আর যালেম হলে তুমি।”

হযরত আসমা (রাঃ)-এর এ সঙ্গীতবাদের হাজ্জাজ চুপে চুপে চলে গিয়েছিল।

আর এক রাতঘণ্টাতে বর্ণিত আছে যে, কোন মাধ্যমে আবদুল মালিক খবর শেলো যে হাজ্জাজ ইবনে যোবায়ের (রাঃ)-এর লাশ হযরত আসমা (রাঃ)-এর নিকট হস্তান্তর করেনি। সে তার লাশ হযরত আসমা (রাঃ)-এর নিকট অবিলম্বে হস্তান্তরের নির্দেশ

দিলো। সুতরাং হাজ্জ হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর লাশ তাঁর শোকাভূত মায়ের কাছে সোপর্ন করলো। তিনি তাকে গোসল দিয়ে হাঙ্গুনে দাফন করলেন।

হযরত আবদুল্লাহ ইবনে যোবায়ের (রাঃ)-এর শাহাদাতের সামান্য কিছু দিন পরই তাঁর জলিশূলকদর মাতা হযরত আসমা (রাঃ) ইন্তেকাল করেন।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) সে সব সাহাবীর অন্তর্ভুক্ত যারা জ্ঞান ও ফযিলতের দিক দিয়ে উচ্চতর আসনে সমাসীন। যদিও তিনি রাসূল (সাঃ)-এর ফায়েজ্ঞে অবগাহিত হওয়ার বেশী সুযোগ পাননি, তবুও হযরত যোবায়ের (রাঃ) ইবনুল আওয়াম (পিতা), হযরত আসমা (রাঃ) বিনতে আবু বকর সিদ্দিক (মাতা), হযরত আবু বকর সিদ্দিক (নানা) এবং উম্মুল মু'মিনিন হযরত আয়েশা সিদ্দিকা-এর (খালা) মত বিরাট মর্যাদা সম্পন্ন ব্যক্তিত্বের ছান্নায় লালিত-পালিত হয়েছিলেন। এ অন্নে তিনি দ্বীনি এলমে সমুদ্রের মত গভীরতা অর্জন করেছিলেন।

ইসলামের সমস্ত জ্ঞান-বিজ্ঞানের মূল উৎস হলো কুরআনে হাকিম। হযরত ইবনে যোবায়ের (রাঃ) কুরআনে হাকিমের বিরাট আলেম এবং স্বারী ছিলেন। তিনি কখনো কখনো কুরআনে হাকিমের তাফসির করতেন। বস্তুতঃ তার থেকে কতিপয় আন্নাতের তাফসির সহিহ বুখারীতে বর্ণিত আছে। কুরআনের কিরআতে তার বিশেষ পারদর্শিতা ছিল। হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) তার কিরআতের অনুরাগী ছিলেন এবং তাকে “স্বারীউ লিল কুরআন” বলে অভিহিত করতেন। হযরত ওসমান জুবুরাইন (রাঃ) ৩০ হিজরীতে কুরআনে হাকিম নকল করার দায়িত্ব যেসব সাহাবীর ওপর ন্যস্ত করেছিলেন তাদের মধ্যে হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-ও একজন ছিলেন।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) থেকে ৩৩টি হাদীস বর্ণিত আছে। তার মধ্যে দুটিতে ইমাম বুখারী এবং ইমাম মুসলিম ঐকমত্য পোষণ করেন। ছয়টি বুখারী এবং দুটিতে মুসলিম ভিন্নমত প্রকাশ করেছেন। বর্ণিত হাদীসের বেশীরভাগই স্বয়ং রাসূল (সাঃ)-এর নিকট থেকে গৃহীত। ছজুর (সাঃ) ছাড়াও তিনি হযরত আবু বকর সিদ্দিক (রাঃ), হযরত ওমর ফারুক (রাঃ), হযরত ওসমান গনি (রাঃ), হযরত আলী কারামালাহ ওম্মাহাহ, উম্মুল মু'মিনিন হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) এবং হযরত যয়েদ (রাঃ) বিন ছাবিত আনসারী থেকে হাদীস বর্ণনা করেছেন। তার শাগরিদদের মধ্যে হযরত উরওয়াহ বিন যোবায়ের (রাঃ), তাউস (রাঃ), আতা বিন আবি রাবাহ (রাঃ), ইবনে আবু মালিকাহ (রাঃ), ছাবিত বিন আসলাম বানানি (রাঃ), মুহাম্মদ বিন মুনকাদ (রাঃ), উবাদ (রাঃ), হিশাম (রাঃ), আবুসা আছা (রাঃ) এবং আবুজ্জ জরিমানের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

তাকাককুহ কিদ্বীনের দৃষ্টিকোণ থেকে হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) মদীনার ফকিহ সাহাবীদের মধ্যে পরিগণিত হতেন। তিনি জনগণকে মাসলা-মাসায়েল বলতেন এবং তাদেরকে সুন্নাতের ওপর চলার পরামর্শ ও নির্দেশ দিতেন। নিজের ফযিলত ও কামালিয়াত সত্ত্বেও তিনি সমকালীন বুজুর্গদের নিকট থেকে হীনী এবং ইলমী বিষয়ে জ্ঞান অর্জনের ব্যাপারে লজ্জা অনুভব করতেন না। যে বিষয়ে জানতেন না নির্বিধায় তাদের কাছ থেকে তিনি তা জিজ্ঞেস করে নিতেন। তাদের মত সঠিক মনে করলে তার ওপরই আমল করতেন।

মুসতাদরাকে হাকিমি বর্ণিত আছে যে, হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) আরবী ছাড়া অন্য আরো কয়েকটি ভাষাতেও বিশেষ পারদর্শী ছিলেন। তার নিকট বিভিন্ন জাতি ও বংশের অনেক গোলাম থাকতো এবং তাদের ভাষাও ছিল বিভিন্ন ধরনের। ইবনে যোবায়ের (রাঃ) সবার সাথে তাদের মাতৃভাষায় কথা বলতেন। কতিপয় ঐতিহাসিক বলেছেন, হযরত ইবনে যোবায়ের (রাঃ) সাতটি বিদেশী ভাষার ওপর দখল রাখতেন।

হযরত ইবনে যোবায়ের (রাঃ) একজন বাগ্মী ছিলেন। ফাসাহাত এবং বালাগাতের দিক দিয়ে তার ভাষণ ছিল অত্যন্ত উঁচু স্তরের। কতিপয় রাওয়ানেতে আছে যে কাব্যেও তার প্রভূত দখল ছিল।

হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর আখলাক বা চরিত্র খনি মনিমুস্তায় পরিপূর্ণ ছিল। ইবাদাত, সাধনা, হক কথন, ধৈর্য ও হৈর্ষ, সুন্নাতের পাবন্দী এবং বাহাদুরীর মত বিশেষ গুণাবলী তাকে বিভূষিত করেছিল।

আল্লাহর ইবাদাতে তিনি নিবেদিত চিত্ত ছিলেন। প্রায়ই সারা রাত জেগে নামায পড়তেন এবং দিনে রোযা রাখতেন। ইবাদাতের শওক এবং মসজিদের সাথে গভীর সম্পর্কের কারণে তিনি “হামামাতুল মাসজিদ” উপাধিতে মশহুর হয়েছিলেন। নামাযে এত নির্বিষ্টচিত্ত ছিলেন যে, দাঁড়ানো অবস্থায় তাকে প্রাণহীন খুটি বা স্তম্ভের মত মনে হতো। সিদ্ধদারত অবস্থায় এমন মনে হতো যে কাপড়ের পুটুলী পড়ে রয়েছে। বিভিন্ন ধরনের পানী এবং কবুতর মাথা, কাঁধ এবং পিঠের ওপর এসে বসতো। কিন্তু তিনি তার কোন খবরই রাখতেন না। অনেক সময় রুকু এবং সিদ্ধদাতেই সারা রাত কাটিয়ে দিতেন। ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন, লোকেরা কয়েকবার পুরো সূরায় বাকারাহ শেষ করতো কিন্তু ইবনে যোবায়ের (রাঃ)-এর রুকুই শেষ হতো না। একবার ঘরের মধ্যে নামায আদান করছিলেন। পাশেই তার একটি ছোট শিশু ঘুমুছিলো। বাড়ীর ছাদ থেকে আচমকা একটি সাপ শিশুর ওপর পড়লো। বাড়ীর সবাই শিশুকে বাঁচানোর জন্য দৌড়াদৌড়ি এবং চেষ্টামেচি শুরু করলো। কিন্তু ইবনে যোবায়ের (রাঃ) ঘটনাটির খবরই

রাখলেন না। তিনি নিবিষ্টচিত্তে নামাযে মশগুল হলেন। নামায শেষ হলে তিনি ঘটনা সম্পর্কে অবহিত হলেন।

হযরত ইবনে বোবায়ের (রাঃ) কঠিন থেকে কঠিনতম সময়ও নামাযে একগাড়া করে রাখতেন। মকী অবরোধের সময় তার চারপাশে কৃষ্ণ মত পাথর বর্ষণ হচ্ছিল। কিন্তু তিনি অত্যন্ত নিবিষ্ট চিন্তা, একগাড়া এবং ইচ্ছান্বিতের সাথে নামাযে মশগুল হলেন। একবার কামানের এক পাথর মসজিদে হারামের গম্বুজে এসে লাগলো এবং এক কোণা খসে পড়লো। হযরত ইবনে বোবায়ের (রাঃ) পাশেই নামায পড়ছিলেন। তিনি সেদিকে দৃষ্টিশীল করলেন না এবং তার চেহারা কোন ধরনের প্রভাবই পরিলক্ষিত হলো না।

হযরত আবদুল্লাহ বিন আব্বাস (রাঃ) বলতেন, তোমরা যদি রাসূল (সাঃ)-এর নামায দেখতে চাও তাহলে ইবনে বোবায়ের (রাঃ)-এর নামায দেখো।

হযরত ইবনে বোবায়ের (রাঃ) জীবনে বহুবার হত্ব করেছেন। এক রাত্তরাত্রে আছে যে, জ্ঞান হওয়ার পর থেকে তিনি কোন বছর হত্ব স্বপ্ন দেখেনি। অন্য রাত্তরাত্রে তসমূহে বলা হয়েছে যে, তিনি মোট আটবার হত্ব করেছেন। একবার কা'বা শরীফে কন্যার পানি জমা হয়েছিল। হযরত ইবনে বোবায়ের (রাঃ) কয়েক কুট পানিতে সাতার কেটে ভাতরাক করেছিলেন।

হযরত ইবনে বোবায়ের (রাঃ) অত্যন্ত সঠিকবাদী ছিলেন। অস্তুরে যা থাকতো মুখেও তাই উচ্চারণ করতেন এবং কোন মুসলিহাতের কারণে তা বলতেন না। হযরত আমীর মাযিরী (রাঃ) খুব শক্তিশালী শাসক ছিলেন। কিন্তু হযরত ইবনে বোবায়ের (রাঃ) তার সামনেই ইরাদিনকে উজ্জ্বলিকার নিয়োগের প্রতিবাদ করলেন এবং কোনক্রমেই তাকে মেনে নিতে রাজী হলেন না।

খারেকীদের এক শক্তিশালী দল কতিপয় শর্তে তাকে সাহাব্যের প্রত্যব দিয়েছিল। সময়টি ছিল অত্যন্ত নাজুক এবং তার সাহাব্যের বিশেষ প্রয়োজন ছিল। কিন্তু তিনি খারেকীদের শর্ত মানতে পরিষ্কার অস্বীকার করেন এবং আকীদা বিশ্বাস থেকে সরে দাঁড়াতে প্রস্তুত নন বলেও জানিয়ে দেন।

হাছিন বিন নুমানের তাকে সিরিয়া গমনের দাওয়াত দেন এবং সাহাব্যের ওয়াদা করেন। বিনত কয়েক মাস সিরিয়ারবাসীরা যে রক্তাক্ত কাণ্ড ঘটিয়েছিল তা কমা করার শর্তও সে আরোপ করেছিল। কিন্তু তিনি তাদের এ রক্তাক্ত কাণ্ড কমা করার জন্য প্রস্তুত ছিলেন না। হাছিনকে পরিষ্কার জানিয়ে দেন যে, তিনি প্রতিশোধ নিয়েই ছাড়বেন।

ইবনে যোবায়ের (রাঃ) প্রায় ১২ বছর কিনাকভের দায়িত্ব পালন করেন। এ সময় একদিনের জন্যও শক্তির সাথে তিনি বলতে পারেননি। বনু উমাইরাহ, মুখতার হাক্বাফী, বারেকী এবং অন্যান্য বিরোধীরা তাকে খুব শ্রেণেশান করেছিল। কিন্তু তিনি অত্যন্ত নাজুক অবস্থাতেও হিংস্রতা হারা হননি এবং অত্যন্ত ধৈর্য ও হৈর্ষের সাথে প্রতিটি ছুকানের মুকাবিলা করেছেন। মক্কা অবত্রোধের শেষ দিকে যখন সাকল্যের কোন আশা ছিল না তখনও তিনি নিজের ছুকিকার অটল ছিলেন।

সুন্নাতের অনুসরণকারী হিসেবে তিনি ছিলেন নজীরবিহীন। প্রতিটি কাজে তিনি রানুল (সাঃ)-এর আদর্শকে সামনে রাখতেন এবং লোকদেরকেও এমনিভাবে কাজ করার উপদেশ দিতেন। নিজের শাসনকালে শরীয়াতের হুকুম-আহকাম জরীর প্রক্লে তিনি শক্তি প্রয়োগ করতেও বিধা করেননি। হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর বাহাদুরী বকু ও শত্রু উভয়ের নিকটই ছিল নীকৃত। তিনি আরকের অন্যতম বাহাদুর ছিলেন। একবার এক ব্যক্তি মুহল্লাব বিন আবি হাক্বরাহকে জিজ্ঞেস করলো, আত্রকাল কাদেরকে আরকের বাহাদুর বলা যেতে পারে ?

মুহল্লাব জবাব দিলেনঃ “মুসায়েব বিন যোবায়ের (রাঃ), ওমর বিন ওবায়দুন্নাহ এবং উবাদ বিন হাছিন।”

প্রশ্নকারী আশ্চর্য হয়ে জিজ্ঞেস করলো, “এবং আবদুন্নাহ বিন যোবায়ের ?” মুহল্লাব জবাব দিল, “সে তো জ্বীন, আমিতো সাধারণ মানুষের কথা বলছি।”

মুহল্লাব বিন আবি হাক্বরাহ প্রথম যুগের মহান মুসলমান জেনারেলদের মধ্যে পরিসংগিত ছিলেন। বাহাদুরীর ব্যাপারে তিনি যতখানি অবহিত ছিলেন অন্য কেউ তা কমই জানতেন। তাঁর নিকট ইবনে যোবায়ের (রাঃ)-এর বাহাদুরী ছিল অসাধারণ। তাঁর মত বাহাদুরী কোন জ্বিনের নিকট থেকেই আশা করা যায়।

ইমাম আলালুদ্বীন সুন্নতী (রাঃ) “তারিখুল খুলাফা” গ্রন্থে লিখেছেন, ইবনে যোবায়ের (রাঃ) কুরাইশদের মধ্যে মশহুর অশ্বারোহী ছিলেন এবং তাঁর বাহাদুরীর কথা সবার মুখে মুখে ফিরতো।

হযরত ইবনে যোবায়ের (রাঃ) মাতা-পিতার সীমাহীন বিদমত জ্ঞার ছিলেন এবং তাদের আনুগত্য নিজের ইমানের অংশ মনে করতেন। উষ্ট্রের যুদ্ধে হযরত যোবায়ের (রাঃ) হযরত আবদুন্নাহ (রাঃ)-কে ওসিরত করলেন যে, আমি যদি মারা যাই তাহলে আমার ওপর যে ঋণের বোকা রয়েছে তা আদায়ের দায়িত্ব হবে তোমার।

হযরত ইবনে যোবারের (রাঃ) সম্মানিত পিতার ওসিরত অনুসারে তারি ঋণের পাই পাই আদায় করে দিলেছিলেন এবং সতর্কতা বশতঃ পর পর চার বছর হচ্ছের সময় যোষণা করতেন যে, কেউ যদি তার মরহুম পিতাকে ঋণ দিয়ে থাকে তাহলে তার নিকট থেকে তা ওসুল করতে পারে। যখন তার সম্পূর্ণ বিশ্বাস হলো যে, এখন আর কোন ঋণদাতা বাকী নেই তখন পিতার মিরাহ বা সম্পদ সকল ওরারোসের মধ্যে শরীয়তের হুকুম অনুসারে বন্টন করে দিলেন। মাতা দীর্ঘজীবী হয়েছিলেন। তাকে সবসময় নিজের কাছে রেখেছিলেন এবং আনন্দপ্রাপ্তি দিয়ে যিদমত করতেন। উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ) তার খালা ছিলেন। তিনি তাকে খুব ভালবাসতেন। তার নামানুসারে তিনি নিজের কনিয়ত রেখেছিলেন উম্মে আবু আবদুল্লাহ। বতদিন তিনি জীবিত ছিলেন হযরত ইবনে যোবারের (রাঃ) তাকে সীমাহীন সম্মান প্রদর্শন এবং অর্থনৈতিক সহযোগিতা করতেন। উম্মুল মুমিনিন অত্যন্ত দানশীলা এবং প্রশস্ত মনের মানুষ ছিলেন। ইবনে যোবারের (রাঃ) তাকে বা কিছু দিতেন অকিলম্বে তিনি তা আদ্রাহর পথে খরচ করে দিতেন। একবার ইবনে যোবারের (রাঃ) বলে কেললেন যে, খালাজান যদি হাত না ওটান তাহলে ভবিষ্যতে আর আমি সাহাব্য করবো না। উম্মুল মুমিনিন এ কথা শুনে অত্যন্ত দুঃখিত হলেন এবং অসবুট হয়ে আবদুল্লাহ (রাঃ)-এর সাথে আর কথা না বলার কসম খেলেন। দীর্ঘদিন এ অবস্থা চললো। ফলে ইবনে যোবারের (রাঃ) খাবড়ে গেলেন। হযরত মিসওয়ার বিন মাখরামাহ (রাঃ) এবং আবদুর রহমান বিন আসওয়ারের মাধ্যমে শ্রদ্ধের খালায় বিদমতে হাজির হয়ে গলা জড়িয়ে ধরে কাঁদতে লাগলেন। কিন্তু উম্মুল মুমিনিন চুপ মেয়ে রলেন। এতে হযরত মিসওয়ার (রাঃ) ও আবদুর রহমান রাসূল (সাঃ)-এর হাদীস বর্ণনা করলেন যে, এক মুসলমান অন্য মুসলমানের সাথে তিন দিনের বেশী কথা না কলা জায়েয নর। উম্মুল মুমিনিন রোরদ্যমান হয়ে বললেন, আমি আবদুল্লাহর সাথে কথা না বলার জন্য কসম খেয়েছি এবং কসম ভাঙ্গাও জায়েয নর। কিন্তু তারা দু'জন বারবার পীড়াপীড়ি করতে লাগলেন। অবশেষে উম্মুল মুমিনিন ভাগিনার সাথে কথা বলতে রাজী হলেন এবং কসম ভাঙ্গার কাফকারা রূপ ৪০টি গোলাম আত্মদ করে দিলেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) পিতার অনেক ধন-সম্পদ পেয়েছিলেন। নিজেও বিভিন্ন যুদ্ধে অংশ নিয়ে প্রচুর গনিমতের মাল হাছিল করেছিলেন। এ জন্যে জীবিকার প্রস্নে মুখোপেক্ষীহীন ছিলেন। ধনী হওয়ার সত্ত্বেও অত্যন্ত ব্যয় সংকোচন করতেন। কিন্তু যখন বৈধ প্রয়োজন হতো তখন দরাজ হাতে অর্থ ব্যয় করতেন। উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ) তো তার খালা ছিলেন। তিনি অন্যান্য উম্মুল মুমিনিনকেও আর্থিক সাহায্য দিতে বিধা করতেন না। কা'বার সংকর কাজেও তিনি প্রচুর অর্থ ব্যয় করেন। বহুতঃ মুত্তাকী হওয়ার কারণে দানশীল বলা পছন্দ করতেন না। প্রকৃত

হাজিওমদন হিসেবে কারোর ওপর আস্থা এনেই তাকে সাহাব্য করতেন। অবশ্য মাতা হযরত আসমা (রাঃ) এবং খালা হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ)-এর মাধ্যমে প্রচুর অর্থ আত্মাহার রাতের কটন করতেন।

হযরত আবদুল্লাহ বিন বোবারের (রাঃ)-এর স্ত্রী ও পুত্রের সঠিক সংখ্যা বর্ণনা করা খুব কঠিন ব্যাপার। কেননা এ ব্যাপারে ঐতিহাসিকদের মধ্যে প্রচুর মতভেদ রয়েছে। “খাতলাহ বিনতে মনজুর কাআরিরাহ” নামক এক স্ত্রীর কথা কতিপয় রাত্নায়ত্তে বিস্তারিতভাবে পাওয়া যায়। এমনিভাবে কতিপয় ঐতিহাসিক খুবারেব, উবাদ, হামআহ এবং বোবারেরের নাম পুত্র হিসেবে বিশেষভাবে উল্লেখ করেছেন। আকার আকৃতিতে হযরত আবদুল্লাহ বিন বোবারের (রাঃ) জলিশুল কদর নানা হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)-এর সাথে অনেকাংশেই সাদৃশ্য রাখতেন। কতিপয় প্রখ্যাত চরিতকার লিখেছেন যে, তাঁর মুখমণ্ডলে কোন চুল ছিল না। অবশ্য তিনি অত্যন্ত শক্তিশালী গাম্ভীর্য মণ্ডিত ছিলেন। দু’হাতে দু’টি তরবারী ধরে অবলীলাক্রমে চালাতে পারতেন। নামকরা অখাত্রোহী এবং হুজ্বিশ্যার অত্যন্ত পারদর্শী ছিলেন।

হযরত আবদুল্লাহ বিন বোবারের (রাঃ)-এর শিলাকতকাল অত্যন্ত ঘনঘটাশূর্ণ ছিল। সমস্যা সংকুল হওয়া সত্ত্বেও শাসনাধীন এলাকাসমূহে তিনি কুরআন-সুন্নাহর হুকুম-আহকাম আদারী সম্প্রচারে সর্বকর্ম প্রচেষ্টা চালান। তিনি লোকদেরকে খেলভাষাশায় মশগুল হওয়া থেকে কঠোর ভাবে বিরত রাখতেন এবং রাসূল (সাঃ)-এর এ হাদীসের ওপর আমল করতেনঃ “কোন ব্যক্তি যদি শরীয়ত বিরোধী কার্যকলাপ দেখে তাহলে সে যেন তা শক্তি প্রয়োগ করে নিমূল করে।”

তিনি তাঁর শিলাকতকালে ঘোষণা দিয়েছিলেন যে, কোন ব্যক্তিকে শতরঞ্জ খেলা অবস্থার পাওয়া গেলে আত্মার কসম আমি তাঁর চুল কেটে দেব এবং দুয়রাহ মারবো। এ ধরনের অপরাধীকে যে আটক করবে তাকে অপরাধীর শরীরের সকল সরঞ্জাম বাজেয়াপ্ত করে দিয়ে দেয়া হবে।

ইবনে বোবারের (রাঃ) শাসন ও বিচার বিভাগকে পৃথক রেখেছিলেন। সব সময় কাআরা বেন আত্মাহার কিতাব এবং রাসূল (সাঃ)-এর সুন্নাহর ভিত্তিতে কারওয়ালা করেন এবং বিচারে বেন পক্ষপাতিত্ব না হয়-এ নির্দেশ তিনি দিয়ে রেখেছিলেন।

ইবনে খুবারের (রাঃ) গবর্ণর মনোনয়নে সব সময় তাকওয়া এবং গীনদারীর প্রয়োগ খেয়াল রাখতেন। তাঁর কতিপয় গবর্ণর হলেনঃ হযরত আবদুল্লাহ (রাঃ) বিন ইয়াবিদ খাতমী (মকা মুয়াজ্জামা — সফিকতকালের জন্য), হযরত নুমান (রাঃ) বিন বাশির (রাঃ)

(হেমস), আবদুল্লাহ বিন মতি (কুফা), মুহাম্মাদ বিন আবি হাফসাহ (খোরাসান), আবদুর রহম্মান বিন হাফসাহ (মিশর) এবং মাছূব বিন যোবায়ের (কসরাহ)।

ইবনে যুবায়ের (রাঃ) পৰ্বণরদের প্রতি কড়া দৃষ্টি রাখতেন। কোন পৰ্বণরের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়ার সাথে সাথে তিনি তার তাহকিক করতেন। অভিযোগ সভ্য প্রমাণিত হলে অভিযোগের ধরন হিসেবে বিধান করতেন। একবার তিনি নিজের পুত্র হামজাহকে বসরার পৰ্বণর নিরোধ করে পাঠালেন। সে বসরার শরীফদের সাথে অসৌজন্যমূলক আচরণ করলো। হযরত ইবনে যোবায়ের (রাঃ) এ খবর পেয়ে তৎক্ষণাৎ হামজাহকে বসরার ইমারতি থেকে বরখাস্ত করলেন। একবার মদীনার পৰ্বণর জাবের বিন আসওয়াদ জলিদুল কদর তাবেয়ী হযরত সায়ীদ (রাঃ) বিন মুসাইরিবকে বেত্রাঘাত করলো। অপরাধ ছিল তিনি ইবনে যোবায়ের (রাঃ)-এর বাইয়াত করতে অস্বীকৃতি জানিয়েছিলেন। ইবনে যোবায়ের এ ঘটনার খবর পেয়ে অত্যন্ত দুঃখিত হলেন এবং ক্রোধ মিশ্রিত একটি চিঠি জাবেরকে লিখলেন। তিনি চিঠিতে বাড়াবাড়ির জন্যে তাকে গালি দিলেন এবং সায়ীদ (রাঃ)-এর সাথে কোন বাদানুবাদ না করার নির্দেশ দিলেন।

হযরত ইবনে যুবায়ের (রাঃ) ইসলামের ইতিহাসের সর্বপ্রথম গোলাকৃতির মুদ্রা (সিগহাম) তৈরী করেন। মুদ্রার একদিকে 'মুহাম্মাদুর রাসূলুল্লাহ' লিপিবদ্ধ ছিল এবং অন্য দিকে ছিল 'আমারুল্লাহ বিন ওফায়ি ওয়াল আদালি' -এ বাক্য।

হযরত ইবনে যুবায়ের (রাঃ)-এর নিকট পদাভিক বাহিনী ছাড়াও নৌবাহিনীও ছিল। কিন্তু তিনি নৌবাহিনী সুসংগঠিত করার ব্যাপারে নজর দিতে পারেন নি। মাছূব বিন যোবায়ের (রাঃ) নিহত হওয়ার পর তাঁর নৌবাহিনীর শক্তিও খুব কম হয়ে যায়।

হযরত আবদুল্লাহ বিন যুবায়ের (রাঃ)-এর চরিত্র এবং কাজের প্রতি গভীরভাবে দৃষ্টি নিক্ষেপ করলে জানা যাবে যে, তিনি কখনো কোন জোর তোড় এবং স্বড়বছে অংশ নেননি। রক্তির পদসমূহকে তিনি রাজনৈতিক দৃষ্টি হিসেবেও ব্যবহার করেননি। তার খিলাফতকালে কয়েকবার এমন সুযোগও এসেছিল যে, তিনি চাইলে রাজনৈতিক জোরতালির মাধ্যমে শত্রুদেরকে কাবু করতে পারতেন। কিন্তু তিনি সব সময় জাহের ও বাডেনকে একই ধরনের রেখেছিলেন এবং কখনো চালবাহীর মাধ্যমে কোন কাজ করেননি। হক মনে করে প্রথম দিন যে মনোভাব বা হুমিকা গ্রহণ করেছিলেন আমৃত্যু সে হুমিকার প্রতিই অটল ছিলেন। কোন লোভ-লালসা তাকে নিজের পথ থেকে বিচ্যুত করতে পারেনি এবং শত্রুর প্রচণ্ড শক্তিও তাকে করতে পারেনি অবদমিত। অত্যন্ত বিপদসংকুল অবস্থাতেও তিনি নিজের সাহস উজ্জীবিত রেখেছিলেন। মাথা কাটিয়ে দিয়েছিলেন কিন্তু শত্রুর সীমানে অবনত

হজরাকে সহ্য করেননি। যদি তিনি রাজনৈতিক ভাঙ্গায়েবীদের মত যোগসাজশ করতেন অথবা মক্কা মুরাক্কামা থেকে বের হয়ে যেতেন তাহলে সম্ভবতঃ আজ ইসলামের ইতিহাস ভিন্নভাবে লিখা হতো। কিন্তু তিনি নিজের ব্যক্তিত্বকে খোঁকাবাখীর আকরণে ঢাকা দেননি এবং হেরেম শরীফ থেকেও বিচ্ছিন্ন হননি। এতে কোন সন্দেহ নেই যে, কতিপয় ব্যাপারে হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর কর্মপদ্ধতির সাথে দ্বিমত পোষণ করা যায়। তবে, এ হাকীকত বা তাৎপর্যও অস্বীকার করা যায় না যে, তিনি প্রথম যুগের এক বিরূপ ব্যক্তিত্ব ছিলেন।

হযরত মুগিরাহ (রাঃ) বিন হারিছ হাশেমী

নবুয়্যাত প্রাপ্তির পূর্বে যেসব ব্যক্তি রাসূল (সাঃ)-এর বন্ধুত্বের বশে আবদ্ধ হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন, মুগিরাহ (রাঃ) বিন হারিছ ছিলেন তাদের মধ্যে অন্যতম। ইতিহাসে তিনি আবু সুফিয়ান পদবীতে মশহুর হয়ে আছেন। তিনি হযুর (সাঃ)-এর চাচাতো এবং দুধ ভাইও ছিলেন। কেননা উভয়েই হযরত হালিমা সাদিয়া (রাঃ)-এর দুধ পান করেছিলেন। হযরত আবু সুফিয়ান মুগিরাহ (রাঃ)-এর বংশনামা হলোঃ মুগিরাহ বিন হারিছ বিন আবদুল মুত্তালিব বিন হাশিম বিন আবদে মাল্লাক বিন কুসাই।

মাতার নাম ছিল গায়নাহ (অন্য রাওন্নারেত অনুধারী গাযিয়াহ)। তাঁর সম্পর্ক ছিল বনু ফাহর গোত্রের সাথে। তাঁর নসবনামা হলোঃ গায়নাহ (গাযিয়াহ) বিনতে কামেস বিন ডুরায়্নেক বিন আবদুল উজ্জা বিন আমিরাহ বিন উমাইরাহ বিন ওরাদিয়াহ বিন হারিছ বিন ফাহর।

মুগিরাহ (রাঃ) প্রিয় নবী (সাঃ)-এর সম বয়সী এবং অল্পের দোস্ত ছিলেন। চরিতকারদের বর্ণনা মতে তিনি আকৃতিতে হযুর (সাঃ)-এর সাদৃশ্য রাখতেন। সুদর্শন, যুদ্ধবিদ্যা এবং কাব্য সাহিত্যের প্রতি তিনি ছিলেন আসক্ত। যৌবন কালেই কুরাইশের অত্যন্ত ভালো অশ্বারোহী এবং কবিত্বের মধ্যে পরিগণিত হতে থাকেন। নিকটাত্মীদের সম্পর্ক এবং এক বয়সী হওয়ার কারণে উভয়ের মধ্যে গভীর বন্ধুত্ব ছিল। হযুর (সাঃ)-এর সমবয়সী কুরাইশ যুবকদের মধ্যে তাকে সবচেয়ে বেশী ভালোবাসতেন। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার হলো যে, মানবতার মুক্তির দিশারী প্রিয় নবী (সাঃ) যখন হকের দাওয়াত প্রদান শুরু করলেন মুগিরাহ তখন সে দাওয়াতের প্রতি ইতিবাচক সাড়া প্রদান এবং সাহায্য সহযোগিতার পরিবর্তে উল্টো তাঁর বিরোধীদের কাছারে शामिल হয়ে গেলেন এবং হকের বিরোধিতা করা যেন একমাত্র দায়িত্ব হিসেবে বেছে নিলেন। তাঁর বিরোধিতা রাসূল (সাঃ) -এর সাথে শত্রুতার পর্ববসিত হয়। এমনকি তিনি হযুর (সাঃ)-কে গালমন্দ করা এবং হক পন্থীদের যুলুম নির্বাতন প্রার্থে অন্যান্য নিকট কুরাইশদের থেকে পিছিয়ে রাখলেন না। হযুর (সাঃ) মক্কা থেকে হিজরাত করে মদীনা মুনাওয়ারাহ তাম্বীক

রাখলেন। এ সঙ্গেও মুগিরাহর ইসলামের দৃশ্যমণীতে ভাটা পড়লো না। ইমাম হাকিম (রাঃ) "মুসতাদদরাকে হাকিম" লিখেছেন, মক্কা বিজয়ের পূর্বে মুসলমান ও মক্কার মুশরিকদের মধ্যে বড় বড় সংঘটিত হয়েছিল তাতে আবু সুফিয়ান মুগিরাহ মুশরিকদের পক্ষে অত্যন্ত সোচ্চারে অংশগ্রহণ করেছিলেন। এমনভাবে হকের বিরোধিতা করতে করতে তিনি বিশ বছর কসটিয়ে গেলেন। আশার বিপরীত তাঁর এ কাজ এবং শত্রুতামূলক আচরণ রাসূল (সাঃ)-এর জন্য অত্যন্ত দুঃখের কারণ হয়েছিল। এ জন্যে রাসূলুলাহ (সাঃ) তাঁর ওপর ভীষণ অসন্তুষ্ট হয়েছিলেন।

অষ্টম হিজরীতে মুগিরাহ (রাঃ) খবর পেলেন যে, বিষ নবী মুহাম্মাদ মুত্তকা (সাঃ) এক বিরাট বাহিনীসহ মক্কা দখল করতে আসছেন। এ খবর শুনে তিনি অত্যন্ত ভীত হয়ে পড়লেন এবং স্ত্রী ও শিশুদেরকে বললেন, মুহাম্মাদ (সাঃ) বিরাট বাহিনীসহ মক্কা আগমন করছেন। কুরাইশের এমন শক্তি নেই যে, তাঁকে বাধা দেবে। আমি যদি মুসলমানদের হতনত হই তাহলে তারা আমাকে জীবিত রাখবে না। এ জন্যে এখান থেকে চলে বাগদাই আমাদের জন্যে উত্তম।

স্ত্রী অত্যন্ত নেকস্বভাব এবং সম্ভবদার ছিলেন। তিনি অত্যন্ত দরদ ভরা কণ্ঠে বললেনঃ "এখনো কি তোমার চোখ খুলেনি। আরব এবং আজমের শোক দলে দলে মুহাম্মাদ (সাঃ)-এর আনুগত্য কবুল করেছে। তোমার জন্যে আকসোস যে, তুমি এখনো শত্রুতামূলক আচরণ করে চলেছ। প্রকৃতপক্ষে অন্যান্যদের চেয়ে বেশী মুহাম্মাদ (সাঃ)-কে সাহায্য-সহযোগিতা করা তোমার উচিত ছিল।"

স্বীয় কথার হযরত মুগিরাহ (রাঃ) বিশেষভাবে প্রভাবিত হলেন এবং যখন তার সন্তানরাও মাদ্রের কথার প্রতি সমর্থন জানালো তখন তাঁর অন্তরঙ্গত সম্পূর্ণভাবে পরিবর্তিত হয়ে গেল। তৎকালে তিনি গোলাদঃ "মাজকুরকে" একটি উটনী এবং ঘোড়ী ভৈরীর নির্দেশ দিলেন। অতঃপর তিনি নবজাত শিশু জাকরকে সাথে নিলেন এবং নবী (সাঃ)-এর বিদমতে হাকির হওয়ার ইচ্ছার মণীনার দিকে রওয়ানা দিলেন। সে সময় মুসলমানদের অগ্রবর্তী বাহিনী আবগরা নামক স্থানে পৌঁছে গিয়েছিল। তাঁদের দেখে মুগিরাহ (রাঃ) নিজের বেশ পরিবর্তন করে নিলেন এবং সত্তরারীকে এক স্থানে বেঁধে রেখে চুপিসারে এক মাইল পারে হেঁটে বৃহৎ ইসলামী বাহিনীতে গিয়ে পৌঁছলেন। সে সময় তিনি ছিলেন ভীত সন্ত্রস্ত। প্রতি মুহূর্তে ভরে পা কাপছিল-এ বুঝি কোন মুসলমানের হাতে পড়ে কতল হয়ে গেলেন। কিন্তু গৌতগ্যবশতঃ একা একা বিষ নবী (সাঃ)-এর সামনে এসে পড়লেন। অগ্রসর হয়ে রাসূল (সাঃ) -এর সামনে এসে দাঁড়ালেন এবং মুখ থেকে চাদর সরিয়ে দিলেন। তাঁর ধারণা ছিল জ্বর (সাঃ) সামনে গেলে খুশী হবেন। কিন্তু স্মরণ ছিল না যে, বিপত ২০ বছরে ধীনে হকের বিরোধিতার তিনি কত

কি করেছেন। তখন তার অন্তরে রাসূল (সাঃ) -এর অস্তরে আর কোন স্থান নেই। রাসূল (সাঃ) তার প্রতি ঘৃণা পোষণকারী হয়ে গেছেন। দৃষ্টি যেই মুগিরাহর ওপর পড়লো ওমানি তিনি পবিত্র মুখ অন্য দিকে কিরিয়ে নিলেন। মুগিরাহ আবার সামনে গিয়ে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (সাঃ) পুনরায় মুখ অন্যদিকে কিরিয়ে নিলেন। মুসলমানরা তাকে হযুর (সাঃ)-এর সাথে এ অবস্থার দেখলেন। তারাও তার সাথে একই আচরণ করলো। অনসার সাহাবী হযরত নুয়াইমান (রাঃ) এমন আবেগভাজিত হয়ে পড়লো যে, কর্কশ কণ্ঠে মুগিরাহকে সম্বোধন করে বললেন, "এই আল্লার দূশমন তুইতো সে ব্যক্তি যে রাসূল (সাঃ)-এর ওপর সর্ব পহার নির্বাভন চালিয়েছিল এবং তার শত্রুতার আসমান জমিন একাকার করে ফেলেছিল। সময় এসে গেছে এখন তুই সকল অপকর্মের বাদ গ্রহণ কর।"

হযরত নুয়াইমান (রাঃ)-এর বর ক্রমেই উচ্চ মার্গে চড়তে লাগলো। এদিকে ভয়ে মুগিরার জীবনও যার যার অবস্থা। তিনি দৌড়ে নিজের চাচা হযরত আবাস (রাঃ)-এর আশ্রয় নিলেন। হযরত আবাস (রাঃ) প্রথমে তাঁর প্রতি অক্ষিপ করলেন না কিন্তু যখন তিনি খুব করে অনুনর বিনয় এবং আত্মীয়তার পোহাই দিয়ে নুয়াইমান (রাঃ) ও অন্যান্য মুসলমানদের হাত থেকে তাঁর জীবন রক্ষার আবেদন জানালেন তখন হযরত আবাস (রাঃ)-এর সন্না হলো এবং তিনি হযরত নুয়াইমান (রাঃ)-কে সম্বোধন করে বললেনঃ "হে নুয়াইমান। আবু সুফিয়ান (মুগিরাহ) রাসূল (সাঃ)-এর চাচাতো ভাই এবং আমার বড়ভ্রাতৃ। এটা ঠিক যে, বর্তমানে রাসূলুল্লাহ (সাঃ) তাঁর প্রতি অসহ্যুত ময়েছেন। কিন্তু তিনি ভবিষ্যতে তাকে ক্ষমাও ভো করতে পারেন।"

হযরত আবাস (রাঃ)-এর কথা শুনে হযরত নুয়াইমান (রাঃ) ছুপ মেয়ে গেলেন এবং অন্যান্য মুসলমানও তার আহ্বার ওপর ছেড়ে দিলেন।

বিশ্বনবী (সাঃ) হজকাহ আলমন করলেন। এ সময় মুগিরাহ পুত্রসহ রাসূল (সাঃ)-এর আবাসস্থলের বাইরে বসে গেলেন। হযুর (সাঃ) বাইরে বেরিয়ে তাঁকে দেখে বিরক্তির সাথে মুখ অন্যদিকে কিরিয়ে নিলেন। হযরত মুগিরাহ (রাঃ) খুব দুঃখিত হলেন ঠিকই কিন্তু নিরাশ হলেন না। বেড়াবেই হোক রাসূল (সাঃ)-এর নিকট পৌঁছে নিজের অপরাধ ক্ষমা করিয়ে নেয়ার অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে লাগলেন। হযুর (সাঃ) বেখানেই বেডেন সেখানেই বেডেন। সেখানেই তিনি পৌঁছতে। কিন্তু রাসূলুল্লাহ (সাঃ) মুখ অন্যদিকে কিরিয়ে নিডেন। সব শেষে হযরত মুগিরাহ (রাঃ) উশ্মুল মুখিনি হযরত উশ্মে সালামাহ (রাঃ)-এর বিদমতে উপস্থিত হয়ে অভ্যন্ত বিনয়ের সাথে রাসূল (সাঃ) -এর নিকট তাঁর প্রব্লেয় সুপারিশ পেশ করার নিবেদন জানালেন। তিনি দ্বাঙ্গী হলেন এবং

হযরত (সাঃ)-এর বিদমতে আরজ করে বললেন : "ইয়া রাসূলুল্লাহ! আপনার চাচর পুত্রকে নিরাশ করবেন না।"

ইরশাদ হলো : "আমার এমন চাচর পুত্রের প্রয়োজন নেই। সে আমার ওপর কম নির্বাচন চালায়নি।"

হযরত মুগিরাহ (রাঃ) হযরত (সাঃ)-এর জবাব শুনলেন। তাঁর অন্তর ভেঙ্গে খান খান হয়ে গেল। নিরাশ হয়ে তিনি স্বীকে বললেন, "আমার জন্যে ক্যার দরজা বন্ধ হয়ে গেছে। এখন জীবিত থেকে কি লাভ? আমি এ অপ্ৰাপ্ত বন্ধক পুত্রকে নিয়ে এখান থেকে চলে যাচ্ছি। আমরা দু'জন উদ্দেশ্যহীনভাবে এদিক সেদিক চলতে থাকবো এবং একদিন ক্ষুণ্ণ-শিপাসায় কাতর হয়ে মৃত্যুবরণ করেবো।"

কোন মাধ্যমে রাসূল (সাঃ)-এর নিকট হযরত মুগিরাহর এ অবস্থার খবর পৌঁছলো। এ সময় দয়ার সাগর রাসূল (সাঃ)-এর অন্তরও আবেগময় হয়ে উঠলো। তিনি হযরত মুগিরাহ (রাঃ)-কে তার সামনে আপমনের অনুমতি মঞ্জুর করলেন। পিতা-পুত্র উভয়েই চাদর দিয়ে মুখ ঢেকে রাসূল (সাঃ) -এর বিদমতে হাজির হলেন এবং আসসালামু আইলকা ইয়া রাসূলুল্লাহ বলে অঙ্গসর হলেন। হযরত (সাঃ) খাদেমদেরকে তাদের মুখের ওপর থেকে চাদর হটানোর নির্দেশ দিলেন এবং বললেন, মুখতো দেখা যাক। তারা তৎক্ষণাৎ চাদর সরিয়ে দিলেন। পিতা-পুত্র উভয়েই সে সময় কালেমা শাহাদাত পাঠ করে ইসলাম গ্রহণের সৌভাগ্য অর্জন করলেন। হযরত (সাঃ) মুগিরাহ (রাঃ)-এর দিকে ইশারাহ করে বললেন : "আবু সুফিয়ান! তুমি আমাকে কবে মক্কা থেকে বের করে দিয়েছিলে?"

তিনি আরজ করলেন : "হে আদ্রাহর রাসূল! আমি প্রথমেই খুব লজ্জিত আছি। এরপর আরো গালাগালি করে লজ্জা দেবেন না।"

রাসূলুল্লাহ (সাঃ) বললেন : "এখন আর কোন গালাগালি নয়।"

অতপর তিনি হযরত আলী কাররামািল্লাহ ওরাব্বাহাহকে চাচর পুত্রকে সাথে নিয়ে যাওয়ার নির্দেশ দিয়ে তাকে ওজু এবং সুন্নাতের তালিম প্রদান এবং গোসল দিয়ে পুনরায় তার নিকট নিয়ে আসতে বললেন। হযরত আলী (রাঃ) নবী (সাঃ)-এর নির্দেশ পাগদের পর হযরত মুগিরাহ (রাঃ)-কে বিতীন্নবার হযরত (সাঃ)-এর বিদমতে পেশ করলেন। তিনি তাকে নামায পড়ালেন এবং বোষণা করে দিলেন যে, আদ্রাহ এবং আদ্রাহর রাসূল আবু সুফিয়ানের প্রতি রাজী হয়ে গেছেন। এ জন্যে সকল মুসলমানও যেন রাজী হয়ে যান। রাসূল (সাঃ)-এর এ বোষণায় হযরত মুগিরাহ (রাঃ) খুশীতে মাটিতে আর পা রাখতে

পারছিলেন না। এখন তাঁর জীবনে বিপ্লব এসে গেল এবং খীনে হকের একজন আনবাহ সৈনিক বনে গেলেন।

ইসলাম গ্রহণের পর হযরত আবু সুফিয়ান (মুগিরাহ) (রাঃ) মক্কা বিজয়ে রাসূল (সাঃ)-এর সাথে অংশ গ্রহণকারী ১০ হাজার মুসলমানের অন্তর্ভুক্ত হয়ে গেলেন। অষ্টম হিজরীর শওরাল মাসে হনাইনের যুদ্ধ সংঘটিত হলো এ যুদ্ধেও হযরত মুগিরাহ (রাঃ) অত্যন্ত উৎসাহ উদ্বীপনার সাথে অংশ নিলেন। যুদ্ধের সূচনার বনু হাশিমীয়ের প্রচণ্ড তীর বর্ষণে মুসলমানদের মধ্যে বিশৃঙ্খলা দেখা গেল। এ সময়ে হযরত মুগিরাহ (রাঃ) কতিপয় সাহাবীসহ রাসূল (সাঃ)-এর সাথে যুদ্ধের ময়দানে অটল পাহাড় হিসেবে দণ্ডায়মান ছিলেন। যখন শত্রুর চাপ বেশী বেড়ে গেল তখন তিনি মাক্কা তলোয়ার হাতে নিয়ে যোদ্ধার পিঠ থেকে লাঞ্ছিত পড়লেন এবং শত্রুর দিকে অঙ্গসর হতে চাইলেন। হযরত আবাস (রাঃ) এ জীবন বাণী দেখে রাসূল (সাঃ)-এর বিনমতে আরজ করলেন, "ইয়া রাসূলুল্লাহ! চাচার পুত্রের প্রতি রাগী হয়ে যান।" হুযুর (সাঃ) বললেন, "আমি রাগী হয়ে গোলাম। সে আমার সাথে যত শত্রুতাই করে থাকুক না কেন আল্লাহ তাকে মাফ করুন।" অতপর তিনি হযরত মুগিরাহ (রাঃ)-কে সম্বোধন করে বললেন, "আমার বয়সের কসম। তুমি আমার ভাই।" হুযুর (সাঃ)-এর ইরশাদ শুনে তিনি খুশীতে আত্মহারা হয়ে তাঁর কদম মুবারকে চুমু দিলেন। এক রাত্রেই আসে যে, সে সময় হযরত আবাস (রাঃ) হুযুর (সাঃ)-এর সাদা বস্ত্রের লানাম ধরে রেখেছিলেন এবং হযরত মুগিরাহ জিনের পোহনের অংশ ধরা অবস্থার ছিলেন। রাসূল (সাঃ) -এর ইরশাদ শুনেই তিনি মুশরিকদের ওপর অমিতবিক্রমে হামলা করে বসলেন। অন্যান্য মুসলমানও তাঁর অনুসরণ করলো এবং মুশরিকদের পিছনে হটিয়ে দিল। ইবনে সাল্লাদ (রাঃ) বর্ণনা করেছেন যে, হযরত মুগিরাহ (রাঃ)-এর বাহাদুরী এবং জীবন উৎসর্গের এ আবেগ হুযুর (সাঃ)-কে অত্যন্ত খুশী করেছিল এবং তিনি তাঁকে "আসাদুল্লাহ" এবং "আসাদুর রাসূল" উপাধিতে সন্মানিত করেছিলেন।

হনাইনের পর রাসূল (সাঃ)-এর যুগে সংঘটিত অন্যান্য যুদ্ধেও হযরত মুগিরাহ (রাঃ) হুযুর (সাঃ)-এর সহপাঠী হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন।

ইসলাম কবুলের পর হযরত মুগিরাহ (রাঃ) শূধুমাত্র যুদ্ধসমূহে অংশ গ্রহণ করেই অতীত জীবনের কাককরা আদার ক্ষত্রেই বরং দিন রাত্রির অধিকাংশ অংশ ইবাদাত এবং আধ্যাত্মিক সাধনার গলাকক্ষ করে গিয়েছিলেন। ইবনে সাল্লাদ (রাঃ) বর্ণনা করেছেন যে, তিনি সমস্ত রাত ধরে নামায পড়তেন এবং গরমের দীর্ঘ দিনে সকাল থেকে অর্ধ দিন পর্যন্ত নফল পড়তেন। কিছু বিরতির পর আবার নামায শুরু করতেন এবং আছর পর্যন্ত তা অব্যাহত রাখতেন। একবার শ্রিয় নবী (সাঃ) তাঁকে মসজিদে প্রবেশ

করতে দেখে উম্মুল মুমিনিন হকরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ)-কে বললেন : "আয়েশাহ! জানো একে ?"

তিনি আরম্ভ করলেন : "ইন্না রাসূলুল্লাহ! না।"

ইরশাদ হলোঃ "সে আমার চাচার পুত্র আবু সুফিয়ান ইবনুল হারিছ। দেখো, সে সবার আগে মসজিদে প্রবেশ করছে এবং সকলের শেষে বের হয়ে আসবে। তার দৃষ্টি জুতোর চামড়া থেকে বিচ্ছিন্ন হয় না।"

ইমাম হাকিম (রাঃ) "মুসত্তাফরাকে হাকিমে" এ রাজস্বায়তে উপহাসন করেছেন, হযরত মুগিরাহ (রাঃ)-এর ইবাদাত এবং আখ্যাত্তসাধনার একান্ততা দেখে রাসূলুল্লাহ (সাঃ) তাঁকে "জান্নাতের কুবকদের সরদার" উপাধি প্রদান করেন। সে যুগে হযরত মুগিরাহ (রাঃ) সাইরেন্দুল আনামের প্রশংসার অনেক কবিতা রচনা করেন।

হযরত মুগিরাহ (রাঃ) জীবনের নতুন যুগে রাসূল (সাঃ)-এর নবুওয়াত প্রাণ্ডির পূর্বের যুগের মত নবীজী (সাঃ)-এর অস্তরন বন্ধ হিসেবে পরিগণিত হন। রাসূলুল্লাহ (সাঃ) খুশীতে তাঁকে "উত্তম পরিজন" বলতেন। হযর (সাঃ)-এর প্রতি হযরত মুগিরাহরও সীমাহীন ভালোবাসা ছিল। ১১ হিজরীতে বিশ্বনবী (সাঃ) ওফাত হলে দুনিয়া তার নিকট অন্ধকার হয়ে গেল এবং তিনি এক অস্তরস্পর্শী মারহিয়াহ রচনা করেন। তিন-চার বছর পর তাঁর প্রিয় ভাই নাওফিল (রাঃ) বিন হারিছ-মারা গেলে তাঁর অস্তর একদম শীতল হয়ে গেল। সে সময় তিনি আল্লাহর নিকট দোয়া করে বললেন হে আল্লাহ! রাসূল (সাঃ) এবং ভাইয়ের পর জীবন বিশ্বাদ ও দুনিয়া নিরানন্দ হয়ে পড়েছে। এ জন্যে শীঘ্র দুনিয়া থেকে উঠিয়ে নাও। এ দোয়ার কিছুদিন পরই হজের মওসুম এলো। তিনি হজে শরীক হলেন। মিনার মাথা মুতালেন। এ সময় মাখান্ন কুর লেগে এমন-বেগে রক্ত প্রবাহিত হতে লাগলো যে, তা আর বন্ধ হয় না। মদীনা মুনাওয়ারাহ কিরে গিয়ে নিজেই নিজের কবর খুঁড়লেন। অবস্থার অবনতি ঘটলে আত্মীয় এজন ত্রন্দন করতে লাগলো। তিনি সবাইকে "ধৈর্য ধারণের নির্দেশ দিলেন এবং বললেন, ইসলাম প্রবেশের পর থেকে আজ পর্যন্ত আল্লাহ পাক প্রতিটি গুনাহ থেকে মাহকুজ রেখেছেন। কবর বৌড়ার তিন দিন পর আল্লাহর ডাকে সাড়া দিয়ে চলে গেলেন। আমীরুল মুমিনিন হযরত ওমর ফারুক (রাঃ) নামাযে জানাযা পড়ালেন এবং জান্নাতুল বাকীতে দাফন করলেন। তিনি অনেক ছেলে-মেয়ে রেখে যান। কিন্তু তাদের দিয়ে বেশ পরিশ্রা অব্যাহত থাকেনি।

হযরত আবুল আছ (রাঃ) বিন রবি

কুরাইশের তিন সন্তান ছিল খুবই ভাগ্যবান। এ তিন ভাগ্যবানের মধ্যে অন্যতম হলেন সাইয়েদেনা হযরত আবুল আছ (রাঃ) বিন রবি'। তিনজনের অপর দু'জন হলেন হযরত ওসমান জুন্নাইন (রাঃ) এবং হযরত আলী মুরতাজা (রাঃ)। এ তিনজন ছিলেন কবরে মঞ্জুদাত সারগম্মাত্রে কারেনাত রহমতে দোআলম সান্নাত্লাছ আলাইহি ওয়া সান্নামের জামাতা। তিন্ন রাতরারেত অনুবারী হযরত আবুল আছ (রাঃ)-এর নাম ছিল লাকিত, মুহশিম অথবা হিশম। কিন্তু তিনি আবুল আছ কুনিরতেই প্রসিদ্ধি লাভ করেন। কুরাইশের অত্যন্ত সম্ভ্রাত বংশ আবদি শামছের সাথে তিনি সম্ভ্রাত ছিলেন। তার নছবনামা হলোঃ আবুল আছ (রাঃ) বিন রবি' বিন আবদুল উজ্জা বিন আবদি শামছ বিন আবদি মাল্লাক বিন কুসাই। আবদি মাল্লাক পর্বত তাঁর নছব শিন্ন নবী (সাঃ) -এর নছবনামার সাথে মিলে যায়।

মাতার নাম ছিল হালাহ (রাঃ) বিনতে খুরায়েলদ। তিনি ইসলামের প্রথম মহিলা উম্মুল মুমিনিন হযরত খাদিজাতুল কুবরা (রাঃ)-এর আপন বোন। চরিতকারদের সকলেই ঐকমত্যে পোষণ করে বলেছেন যে, তিনি ইসলাম গ্রহণ ও সাহাবিয়ার হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন এবং হযরত খাদিজাতুল কুবরা (রাঃ)-এর ইতিকালের পরও জীবিত ছিলেন।

হাদিস ইবনে আবদুল বার (রাঃ) "আল ইসতিরাব" গ্রন্থে লিখেছেন, একবার তিনি শিন্ন নবী (সাঃ) -এর সাথে সাকাতের জন্য মকা মুকাররমা থেকে মপীনা তাইরিবা গেলেন। রাসূল (সাঃ) -এর আবাসস্থল পৌঁছে ভেতরে গমনের অনুমতি চাইলেন। তাঁর কঠবর হযরত খাদিজাতুল কুবরা (রাঃ) -এর কঠবরের সাথে মিল ছিল। হযর (সাঃ) -এর কানে তাঁর আওয়ার পৌঁছলো। তাঁর কঠবর শুনে রাসূল (সাঃ) -এর হযরত খাদিজাতুল কুবরাহ (রাঃ) -এর কথা স্মরণ হলো এবং উম্মুল মুমিনিন হযরত আরাশা সিদ্দিকা (রাঃ) -কে বললেন : "খাদিজা (রাঃ) -এর বোন হালাহ হতে পারেন।" ভেতরে এলে তিনি তাঁকে অত্যন্ত তাক্বিম করলেন। উম্মুল মুমিনিন হযরত খাদিজাতুল কুবরা (রাঃ) ভাগিনা আবুল আছ (রাঃ) -কে অত্যন্ত

গ্নেহ করতেন এবং নিজের সন্তান বলে মনে করতেন। আবুল আছ (রাঃ) যৌবনকালেই ব্যবসায় মশগুল হয়ে গিয়েছিলেন এবং বৃহিসম্রা ও সুন্দর আচরণের জন্যে বিরাট ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিলেন। এ ভাবে তিনি কুরাইশদের মধ্যে বিস্তারিত বলে পরিগণিত হন। তার সিয়ানডদারী, সুন্দর আচার-আচরণ ও লেন-দেনের ওপর মানুষের খুব আস্থা ছিল। কপে মানুষ তার নিকট আমানত রাখতো। ইবনে আছিনের বক্তব্য অনুসারে রাসূল্লাহ (সাঃ)-এর মত তিনিও "আমিন" খিতাবে প্রসিদ্ধ হয়েছিলেন।

হাফেজ ইবনে হাজার আসকালানী (রাঃ) বর্ণনা করেছেন, হযরত আবুল আছ (রাঃ) "আমিন" হওয়া ছড়াও অত্যন্ত সাহসী এবং বাহাদুর ছিলেন। আরববাসী বাহাদুরীর স্বীকৃতিবরূপ তাকে "হেজাযের বাঘ" লকব দিয়েছিল। নবুয়াত প্রাপ্তির কিছু দিন পূর্বে রাসূল্লাহ (সাঃ) হযরত আবুল আছ (রাঃ)-এর সাথে নিজের বড় মেয়ে হযরত যন্নব (রাঃ)-এর বিয়ে দেন। হযরত আবুল আছ (রাঃ)-এর সুন্দর চরিত্রই এ বিয়ের কারণ ছিল। অন্য দিকে হযরত খাদিজাতুল কুবরা (রাঃ)-এর ইচ্ছা এবং পীড়াপীড়িও বিয়েতে কাজ দিয়েছিল। চরিতকাররা ব্যাখ্যা করে বলেননি যে, বিয়ের সময় যন্নব (রাঃ)-এর বয়স কত ছিল। তবে, অশ্রাও বয়স্ক ছিলেন। এ জন্য কিরাস করা হয় যে, আবুল আছ (রাঃ)-এর সাথে তার প্রথম বিয়ে হয়।

বিশ্বনবী হযরত মুহাম্মাদ মুত্তকা (সাঃ) নবুয়াত প্রাপ্তির পর হকের দাওয়াত প্রদান শুরু করলেন। এ সময় উম্মুল মুমিনিন হযরত খাদিজাতুল কুবরা (রাঃ)-এর সাথে হযরত যন্নব (রাঃ)-ও ইসলাম কবুল করেন। কিন্তু হযরত আবুল আছ (রাঃ) বিভিন্ন কারণে পিতৃধর্মের ওপর কামেম থাকেন। তবে তিনি যীনে হক এবং রাসূল (সাঃ)-এর বিরুদ্ধে কখনো কোন ভৎপরতায় অংশ নেননি। ইবনে হিশাম বর্ণনা করেছেন যে, একবার কুরাইশের কতিপয় ব্যক্তি হযরত আবুল আছ (রাঃ)-কে হযরত যন্নব (রাঃ)-কে ডালাক দেয়ার জন্যে বাধ্য করতে চাইলো এবং কুরাইশের অন্য কোন মেয়ের সাথে বিয়ের প্রস্তাব দিলো। কিন্তু তিনি পরিষ্কারভাবে এ কাজ করতে অস্বীকার করলেন। এ কারণেই রাসূল্লাহ (সাঃ) ইসলাম গ্রহণের পূর্বেই তার কথা সব সময় উল্লেখ করতেন। নবুয়াত প্রাপ্তির ৭ বছর পর কুরাইশের মুশরিকরা খিয় নবী (সাঃ) এবং তার সাহায্যকারী ও সমর্থক হাশেমী ও মুত্তালেবীদেরকে শিবিরে আবিভাগিবে অবরোধ করলো এবং খানা-পিনার কোন বস্তু সেখানে নিয়ে যাওয়া নিষিদ্ধ করে দিল। এ ডয়ানক অবরোধ তিন বছর অব্যাহত ছিল। এ যোগ দুর্দিনে মুশরিকদের বিধি-নিবেধ এবং বাধা-বিপত্তি সত্ত্বেও হযরত আবুল আছ (রাঃ) জীবন বাধী রেখে খানা-পিনার কিছু বস্তু কখনো কখনো শিবির অভ্যন্তরে পৌঁছে দিতেন। মিরযা মুহাম্মাদ ডকীর বক্তব্য অনুসারে হযর (সাঃ) তার

এ বিদমভের স্বীকৃতি এ ভাবায় দিয়েছিলেন-“আবুল আহ আমাইয়ের অধিকার আপায় করেছো।”

নবুয়াত প্রাপ্তির জন্মোদশ বছরে রাসূলুল্লাহ (সাঃ) মক্কা মুম্বাজামা থেকে হযরত করলেন। এ সময় হযরত যন্নব (সাঃ) শশুর বাড়ীতে ছিলেন। হযরত আবুল আহ (সাঃ) নিজের বাশ-দাদার ধর্মের ওপর থাকে সবেও তার সাথে ভালো ব্যবহার করতেন। দ্বিতীয় হিজরীতে মক্কার মুশরিকরা বদরের যুদ্ধে রণমানা হওয়ার সময় হযরত আবুল আহ (সাঃ)-কেও সাথে নিয়ে গেল। অবস্থা এমনই ছিল যে, কোন সুস্থ ব্যক্তি যুদ্ধ অংশহন্দ করলেও পিছে থাকতে পারতো না। মুশরিকরা তাকে ভীল এবং কাপুরুষ বলে তিরস্কার এবং গালি দিত। আর কোন কুরাইশের জন্য এটা ছিল বড় শরমের ও লজ্জার ব্যাপার। বদরের ময়দানে কুরাইশরা পরাজিত হলো। হযরত আবুল আহ (সাঃ) এক আনসারী আনবাছ হযরত আবদুল্লাহ (সাঃ) বিন আবিবের হাতে বন্দী হলেন। তার সাথে অন্যান্য অনেক মুশরিককেও মুসলমানরা গ্রেফতার করলো।

মক্কাবাসী এ খবর শুনলো। বন্দীদের নিকটাত্মীয়রা রাসূল (সাঃ)-এর নিকট আত্মীয়দের মুক্তির জন্য কিদিরা বা অর্থ প্রেরণ করলো। হযরত, যন্নবও (সাঃ) দেবর আহর বিন রবির মাধ্যমে ইয়েমেনী আকীক পাথরের একটি হার হযরত আবুল আহ (সাঃ)-এর মুক্তির জন্য পাঠালেন। হযরত খাদিজাতুল কুবরা (সাঃ) এ হার বন্যা যন্নব (সাঃ)-কে বিয়ের সময় উপহার দিয়েছিলেন। হযর (সাঃ)-এর বিদমভে যখন এ হার পেশ করা হলো তখন হযরত খাদিজাতুল কুবরা (সাঃ)-এর কথা তার মনে পড়লো এবং অশ্রুতে তার জোখ কাশলা হয়ে এলো। তিনি সাহাবা (সাঃ)-দেরকে সম্বোধন করে বললেনঃ যদি তোমরা ভালো মনে কর তাহলে যন্নব (সাঃ)-কে এ হার কেন্দ্র পাঠিয়ে দাও। এটা তার মায়ের স্মৃতির নিদর্শন। আবুল আহ (সাঃ) মক্কার কিত্রে গিয়ে যন্নব (সাঃ)-কে মদীনা পাঠিয়ে দেবে। এটাই তার জন্যে কিদিরা হিসেবে বিবেচিত হবে।”

সকল সাহাবী (সাঃ) বন্দী (সাঃ)-এর এ নির্দেশের কাছে মাথানত করলেন। হযরত আবুল আহ (সাঃ) ও এ শর্ত মেনে নিলেন। মুক্ত হয়ে তিনি মক্কা পৌঁছলেন এবং ওয়াদা অনুযায়ী হযরত যন্নব (সাঃ)-কে নিজের ছোট্ট ডাই কিনানাহ বিন রবির সাথে মদীনা রণমানা করে দিলেন। কুরাইশ মুশরিকরা যখন খবর পেল যে, হযরত যন্নব (সাঃ) মদীনা যাচ্ছেন তখন তারা কিনানাহ বিন রবি’ এবং হযরত যন্নব (সাঃ)-এর পিছু নিল এবং “জি ডাওয়ারা” নামক স্থানে তাদেরকে ঘিরে ফেললো। হযরত যন্নব (সাঃ) উটের ওপর সওয়ার ছিলেন। হিবার বিন আসওয়াদ নামক

একজন মুশরিক নিবাহ দিয়ে হযরত বরনব (রাঃ)-কে মাটিতে কেলৈ দিল অথবা উটের মুখ কিরানোর জন্যে নিজেৰ নিবাহ দুৱালো। উট খুব দ্রুত শেহনের দিকে মোড় নিল। এতে হযরত বরনব (রাঃ) মাটিতে পড়ে গেলেন। তিনি গৰ্ভবতী ছিলেন। প্রচণ্ড আঘাত পেলেন কলে গৰ্ভপাত হয়ে গেল। কিরানাহ বিন রবি' অগ্নি শর্মা হয়ে গেলেন। তুন্নীর থেকে তীর বের করে ছেকোর ছেড়ে বললেনঃ "খবরদার! এখন তোমাদের মধ্য থেকে কেউ অন্নসর হলেই একদম ছাতু ছাতু করে কেলবো।"

কাফিররা খেমে গেল। আবু সুফিয়ান কিরানাহকে সম্বোধন করে বললোঃ "বাতুলুত্র তীর সম্বরণ কর আমি তোমার সাথে কিছু কথা বলতে চাই।"

কিরানাহ বললো : "বলো কি বলতে চাও।"

আবু সুফিয়ান তার কানে কানে বললো, "মুহাম্মাদ (সাঃ)-এর হাতে আমরা যেভাবে অপমানিত ও লাঞ্চিত হয়েছি তা তুমি জানো। যদি তুমি তার কন্যাকে এভাবে প্রকাশ্যে আমাদের সামনে দিয়ে নিয়ে যাও তাহলে আমরা বড় অপমানিত হবো। তার চেয়ে বরং এটাই উত্তম হবে যে, তুমি এখন বরনবকে সাথে নিয়ে মকা ফিরে এসো এবং অন্য কোন সময়ে লোপনে তাকে নিয়ে যেও।" কিরানাহ এ প্রস্তাব মেনে নিল এবং হযরত বরনব (রাঃ)-কে সাথে নিয়ে মকা ফিরে গেলেন। কিছুদিন পর সে রাতে চুলিসারে হযরত বরনব (রাঃ)-কে নিজের সাথে নিয়ে মকা থেকে বের হয়ে মদীনা পৌঁছে দিল। অন্য আরেক রাওরারোতে আছে যে, ছুদুর (সাঃ) হযরত আবুল আহ (রাঃ)-এর সাথে হযরত ব্যারেন (রাঃ) বিন হারিছাকে পাঠিয়ে দিলেন। যাতে তিনি হযরত বরনব (রাঃ)-কে নিজের সাথে মদীনা নিয়ে আসতে পারেন। হযরত ব্যারেন (রাঃ) "বাতলে ইরাকুজ" নামক স্থানে অবস্থান নেন। কিরানাহ হযরত বরনব (রাঃ)-কে এ স্থান পর্যন্ত পৌঁছে দিয়ে মকা চলে যান এবং সেখান থেকে হযরত ব্যারেন (রাঃ) হযরত বরনব (রাঃ)-কে মদীনা নিয়ে যান।

হযরত বরনব (রাঃ) -এর মদীনা গমনের পর কুরাইশের একটি দল হযরত আবুল আহ (রাঃ)-এর নিকট এসে তাকে তালাক দেয়ার কথা বললো এবং পরিবর্তে কুরাইশের যে মহিলাকে সে পছন্দ করবে তার সাথেই তার বিয়ে দেবে বলে জানালো। হযরত আবুল আহ (রাঃ) অবশেষে বললেন : "আল্লাহর কহম! আমি বরনবকে কক্ষণই পরিচ্যাপ করতে পারবো না। কুরাইশের অন্য কোন মহিলা তার বরাকর হতে পারে না।" এতে কুরাইশরা কার্ব মনোরণ হয়ে ফিরে গেল।

হযরত যম্বনব (রাঃ)-এর প্রতি হযরত আবুল আছ (রাঃ)-এর ভালোবাসা ছিল অস্বাভাবিক গভীর। তিনি মদীনা চলে যাওয়ার পর থেকে হযরত আবুল আছ (রাঃ) নিরানন্দ এবং অশান্তিতে দিন কাটাতে লাগলেন। একবার হযরত আবুল আছ (রাঃ) সিরিয়া সফর করছিলেন। এ সময় খুব ব্যস্তিত হয়ে তিনি একটি কবিতা আবৃত্তি করেছিলেন। কবিতাটির ভাবার্থ হলো : "আমি যখন এরম নামক স্থান অতিক্রম করছিলাম তখন যম্বনবের কথা মনে পড়লো। হেরেমে অবস্থানকারী সে ব্যক্তিকে আল্লাহ চিরসবুজ রাখুক। আমিন (সাঃ)-এর কন্যাকে আল্লাহ উত্তম প্রতিদান দিক এবং প্রত্যেক স্বামীই সে কথারই প্রাশংসা করে যা সে ভালভাবে জানে।"

৬ষ্ঠ হিজরীতে এক বাণিজ্যিক কাফেলার সাথে হযরত আবুল আছ (রাঃ) সিরিয়া গমন করছিলেন। আইছ নামক স্থানে ইসলামের মুজাহিদদের একটি দল কাফিলার ওপর অতর্কিতে আক্রমণ চালিয়ে সব ধন-সম্পদ কবজাহ করে নিল।

মুসলমানদের প্রত্যাবর্তনের পর হযরত আবুল আছ (রাঃ)-ও সোজা মদীনা মূনাওয়ারহ পৌঁছলেন এবং হযরত যম্বনব (রাঃ)-এর নিকট গিয়ে আশ্রয় চাইলেন। নিশ্চিন্তে তিনি তাঁকে আশ্রয় দিলেন। ভোরে মুসলমানরা যখন নামায পড়ার জন্যে মসজিদে নববীতে এলো তখন হযরত যম্বনব (রাঃ) উচ্চৈশ্বরে বললেনঃ " হে মুসলমানরা ! আমি আবুল আছ বিন রবিকে আশ্রয় দিয়েছি।"

হযর (সাঃ) নামায থেকে ফারোগ হয়ে বললেন, "তোমরা কি কিছু শুনছ?"

সবাই আরজ করলেন, "আল্লাহর রাসূল, হ্যাঁ।"

হযর (সাঃ) বললেন, "আল্লাহর কসম! এর আগে এ ঘটনা আমি জানতাম না এবং আশ্রয় দানের অধিকারতো প্রতিটি নগণ্য মুসলমানেরই রয়েছে।"

এরপর নবী করীম (সাঃ) ঘরে তাসরীফ নিলেন। এ সময় হযরত বরযব আবুল আছ (রাঃ)-এর মাল ফিরিয়ে দেয়ার জন্যে সুপারিশ করলেন। হযরত আবুল আছ (রাঃ) মকাম হযরত যম্বনব (রাঃ)-এর সাথে ভালো ব্যবহার করেছিলেন। এ জন্যে হযর (সাঃ) তাকে সম্মান করলেন। তিনি সাহাবী (রাঃ)-দের বললেনঃ "তোমরা আমার এবং আবুল আছ (রাঃ)-এর আত্মীয়তার ব্যাপারটি অবগত আছ। যদি তোমরা তার মাল ফিরিয়ে দাও তাহলে এটা তোমাদের ইহসান হবে এবং আমি খুশী হবো। আর যদি না দাও তাহলে এ মাল হবে আল্লাহর উপহার এবং তাতে তোমাদেরই অধিকার রয়েছে। তাতে আমরা কোন প্রদ্ব বা গীড়াপীড়ি নেই।"

সাহাবায়ে কিরামতো সব সময় রাসূল (সাঃ)-এর সন্তুষ্টিই চাইতেন।

অবিলম্বে তারা সকল মাল ও আসবাব হযরত আবুল আছ (রাঃ)-কে ফিরিয়ে দিলেন। তিনি তা নিয়ে মক্কা পৌঁছলেন এবং সকল লোককে তাঁর নিকট রক্ষিত আমানত ফিরিয়ে দিলেন। অতপর মক্কাবাসীদেরকে মনোস্থান করে বললেন : “হে কুরাইশেরা! এখন আমার জিন্মায় কোনো কোন আমানত অথবা মালতো নেই?”

মক্কার সকল লোক একবাক্যে বললো : “অবশ্যই নয়। খোদা তোমাকে ডালো করুন। তুমি একজন নেককার এবং বিশ্বাসী মানুষ।”

হযরত আবুল আছ (রাঃ) তাদের জবাব শুনে বললেন, “তাহলে শূনে নাও, আমি মুসলমান হচ্ছি। আল্লাহর কসম। তোমরা আমাকে খিয়ানতকারী মনে না কর এ ডেবেই শুধু আমি মুসলমান হইনি।” একথা বলেই কালেমায়ে শাহাদাত পড়লেন এবং তারপর মক্কা থেকে হযরত করে মদীনা চলে এলেন। এটা সপ্তম হিজরীর মুহাররাম মাসের ঘটনা।

মদীনা পৌঁছেই হযরত আবুল আছ (রাঃ) রাসূল (সাঃ)-এর বিদমতে উপস্থিত হয়ে বাকায়দাহ ঈমান আনলেন। হযরত আবুল আছ (রাঃ)-এর ইসলাম গ্রহণের পর হযরত (সাঃ) হযরত যয়নব (রাঃ)-এর সাথে নতুন করে বিয়ে দিয়েছিলেন কি? এ সম্পর্কে দু’ধরনের রাওয়াময়েত পাওয়া যায়। প্রথম হলো, নতুন করে বিয়ে দেননি। প্রথম আকদ অনুসারেই তাকে ফিরিয়ে দিয়েছিলেন। দ্বিতীয় রাওয়াময়েত হলো: হযরত যয়নব (রাঃ) এবং হযরত আবুল আছের মধ্যে শিরকের কারণে বিচ্ছিন্নতা এসেছিল। এ জন্যে নবী করিম (সাঃ) হযরত আবুল আছ (রাঃ)-এর ইসলাম গ্রহণের পর হযরত যয়নব (রাঃ)-কে প্রথম দফা নির্ধারিত মহরানাম দ্বিতীয় বার বিয়ে দেন এবং হযরত আবুল আছ (রাঃ)-এর বাড়ী পাঠিয়ে দেন।

হযরত আবুল আছ (রাঃ) মক্কার বিরাট ব্যবসা এবং কারবার ছেড়ে এসেছিলেন এবং তাঁর সুন্দর লেনদেন, আমানত ও দিমানতের কারণে মুসলমান হওয়া সত্ত্বেও মুশরিকরা তাঁকে মক্কার অবস্থানে বাধা দেয়নি। বস্তুতঃ তিনি রাসূল (সাঃ)-এর অনুমতি নিয়ে পুনরায় মক্কা চলে এলেন এবং আলোর মত স্বার্থীতি ব্যবসায় নিয়োজিত হলেন। মক্কার অবস্থানের কারণে যুদ্ধে অংশগ্রহণের সুযোগ তাঁর হয়নি।

হযরত ইবনে হাজ্জর (রাঃ)-এর বর্ণনা অনুযায়ী তিনি শুধুমাত্র একটি যুদ্ধে অংশ নিয়েছিলেন। ১০ হিজরীতে প্রিয় নবী (সাঃ) হযরত আলী কালনামাদ্দাহ ওয়াজহাহর নেতৃত্বে একটি বাহিনী ইয়েমেন প্রেরণ করেন। এক রাওয়াময়েতে আছে

যে, হযরত আলী (রাঃ) ইয়েমেন থেকে প্রত্যাবর্তনের সময় হযরত আবুল আছ (রাঃ)-কে সেখানকার পথের বানিয়ে দিয়েছিলেন।

হযরত আবুল আছ (রাঃ)-এর স্ত্রী হযরত যন্নব (রাঃ) বিনতে রাসূলুল্লাহ (সাঃ) অষ্টম হিজরীতে ওকাত পান। তাঁর ইতিকালে হযরত আবুল আছ (রাঃ) শোকে কাতর হয়ে পড়েন। কিন্তু অত্যন্ত ধৈর্যের পরিচয় দেন এবং সন্তানদের লাশন-পালনে মশগুল হয়ে পড়েন। হযরত যন্নব (রাঃ)-এর ইতিকালের পর তিনি অন্য কোন মহিলাকে বিয়ে করেননি। এমনভাবে তিনি তাঁর প্রতি নিবেদিত প্রাণ ছিলেন।

হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) "আল-ইসতিয়াব" গ্রন্থে লিখেছেন, ১৩ হিজরীর যিলহজ্জ মাসে হযরত আবুল আছ (রাঃ) ইতিকাল করেন। কিন্তু তারিখে ইবনে মানদাহ ওয়ালা আকমাল গ্রন্থে উল্লেখ করা হয়েছে যে, হযরত আবুল আছ (রাঃ) হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)-এর খিলাফতকালে ধর্মদ্রোহীদের উৎখাতে পুরোগুরি অংশ নিয়েছিলেন এবং মুসায়লামাহ কান্জাবের বিরুদ্ধে ইয়ামামার লড়াইয়ে বীরত্বের সাথে লড়াই করতে করতে শাহাদাতের পিয়লা পান করেন। (এ ব্যাপারে আব্দুল্লাহ ই ভালোজ্ঞানেন)।

হযরত যন্নব (রাঃ)-এর গর্ভে হযরত আবুল আছ (রাঃ)-এর দু' সন্তান জন্ম গ্রহণ করে। হেলোট্রি নাম ছিল আলী (রাঃ) এবং মেয়ের নাম ছিল উমামাহ (রাঃ) হযরত আলী (রাঃ) বিন আবুল আছ (রাঃ) রাসূলে (সাঃ)-এর সবচেয়ে বড় নাতি ছিলেন এবং তিনি তাকে খুব প্রেম করতেন। তাঁর ব্যাপারে তিন ধরনের রাওয়াজেত পাওয়া যায়। প্রথম হলো তিনি শৈশবেই মারা যান। দ্বিতীয় রাওয়াজেত হলো তিনি মায়ের দুধ পানের দু' বছর বনি গাজিরাহ গোত্রের কাটান। দুধ পানের সময় শেষ হলে রাসূলুল্লাহ (সাঃ) তাকে মদীনা মুনাওয়ারাহ চেয়ে নেন এবং স্বয়ং তাঁর লাশন-পালন করেন। তিনি হযরত যন্নব (রাঃ) এবং হযরত আবুল আছ (রাঃ)-এর নিকট থেকে তাকে চেয়ে নিয়ে ছিলেন। মক্কা বিজয়ের সময় রাসূল (সাঃ)-এর উটের ওপর তাঁর পিছনে এ আলী (রাঃ)-ই বসেছিলো। সে সময় তাঁর বয়স ছিল ১৪-১৫ বছর।

পিতার জীবদ্দশায় যৌবনকালে তিনি মারা যান।

তৃতীয় রাওয়াজেত হলো, তিনি ইয়ারমুকের যুদ্ধে (১৫ হিজরী) শাহাদাতের পিয়লা পান করেন।

হযরত উমামাহ (রাঃ) বিনতে আবুল আছ (রাঃ) দীর্ঘদিন জীবিত ছিলেন। রাসূলুল্লাহ (সাঃ) তাকে খুব ভালোবাসতেন। একবার নাজাশী (হাবশার বাদশাহ) একটি

আঘটি হযুর (সাঃ)-কে তোহফা হিসেবে প্রেরণ করেছিল। এ আঘটি পেয়ে তিনি বললেন : “যে আমার নিকট সব চেয়ে শ্রিত থাকেই এ আঘটি দেব।”

এ কথা যারা শুনেনছিল তাদের ধারণা হয়েছিল যে, তিনি আঘটিটি হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ)-কে দেবেন। কিন্তু তার লক্ষ্য ছিল খোটনের প্রতি। সুতরাং তিনি হযরত উমামাহ (রাঃ)-কে ডাকলেন এবং তার আঁচুলে পরিচো দিলেন। অন্যদ্যন্ত রাণ্ডরায়ণেতে আঘটির পরিকর্তে বর্ণের হাকের কথা উল্লেখ রয়েছে। হাঙ্গটি কেউ তোহফা হিসেবে প্রেরণ করেছিলেন। হযুর (সাঃ) হযরত উমামাহ (রাঃ)-কে চেকে এ হার তার গলায় পরিচো দিয়েছিলেন।

সহিহ বুখারী শরীফে আছে যে, হযুর (সাঃ) হযরত উমামাহ (রাঃ)-কে এত অধিক স্নেহ করতেন যে, তিনি তাকে কোন কোন সময়ে মসজিদে নিয়ে যেতেন। একদিন তিনি তাঁকে কৌথের ওপর চড়িয়ে মসজিদে উপস্থিত হলেন। তিনি এ অবস্থাতেই নামায পড়া শুরু করলেব। যখন রুকু ও সিজদায় যেতেন তখন শিশু উমামাহ (রাঃ)-কে আতে কীথ থেকে নামিয়ে দিতেন যখন দাঁড়াতেন তখন পুনরায় কৌথের ওপর বলিয়ে দিতেন। এভাবেই তিনি পুরো নামায আদায় করতেন।

অষ্টম হিজরীতে হযরত যন্নব (রাঃ) ওফাত শেলে হযরত উমামাহ (রাঃ) নানা (সাঃ)-এর অভিভাবকত্বে আসে। হযুর (সাঃ)-এর ইন্তেকালের পর পিতা হযরত আবুল আছ তাঁর অভিভাবক হন। তিনি মৃত্যুর (শাহাদাত) পূর্বে হযরত উমামাহ (রাঃ)-কে হযরত যোবায়ের (রাঃ)-এর বিন আওরায়ের (মামাতো ডাই) অভিভাবকত্বে প্রদান করেন। হযরত ফাতিমাতুজ জোহরা (রাঃ)-এর ইন্তেকালের পর তার গুছিয়ত সোতাবেক এবং হযরত যোবায়ের (রাঃ)-এর ইন্তিতে হযরত আলী (রাঃ) হযরত উমামাহ (রাঃ)-কে বিয়ে করেন। ৪০ হিজরীতে হযরত আলী (রাঃ) শাহাদাত প্রাপ্ত হলে মুনিরাহ বিন নওফিল (রাঃ) তাকে নিকাহ করেন এবং তাঁর জীবনশাতেই ওফাত পান। কতিপয় রাণ্ডরায়ণ অনুসারে হযরত উমামাহ (রাঃ)-এর কোন সন্তান হয়নি। অনেক বলেছেন, মুনিরাহর ওল্পবে ইয়াহিয়া নামক এক পুত্র জন্ম নিয়েছিল।

হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)

হযরত আবু খালিদ ইয়াযিদ বিন আবু সুফিয়ান (রাঃ) একজন বাহাদুর মানুষ ছিলেন। বাড়িলের মুকাবিলায় তিনি ছিলেন ইস্পাত কঠিন মনের অধিকারী। তরবারীর ঝনঝনানি দিয়ে তিনি রচনা করেছিলেন ইসলামের ইতিহাসে এক নতুন অধ্যায়। কুরাইশের সম্ভ্রান্ত শাখা বনু উমাইয়্যার সাথে তিনি ছিলেন সম্পৃক্ত। তিনি কুরাইশের সেনাপতি আবু সুফিয়ান (রাঃ)-এর (বিন হারব বিন উমাইয়্যাহ বিন আবদি শামস বিন আবদি মান্নাফ বিন কুসাই) প্রিয় পুত্র ছিলেন। চরিতকাররা বলেছেন, আবু সুফিয়ান (রাঃ)-এর সব পুত্রের মধ্যে তিনি ছিলেন যোগ্য বাহাদুর, দরাজ দিল, এবং সুন্দর চরিত্রের অধিকারী। এ জন্যে মক্কাবাসীদের মধ্যে তিনি ইয়াযিদুল খায়ের উপাধিতে মশহুর হয়েছিলেন। উম্মুল মুমিনিনি হযরত উম্মে হাবিবাহ (রাঃ) হযরত ইয়াযিদ (রাঃ)-এর বৈমাত্রিয় (মা'র দিক থেকে সতালো) বোন ছিলেন। এভাবে তিনি প্রিয় নবী (সাঃ)-এর শ্যালক ছিলেন। আরবের বিজ্ঞান আমীর যাবিয়া (রাঃ) তাঁর ছোট বৈমাত্রীয় ছাই ছিলেন। উম্মুল মুমিনিনি হযরত উম্মে হাবিবাহ (রাঃ) নবী (সাঃ)-এর নবুয়াত প্রাপ্তির প্রথম যুগেই ইসলাম গ্রহণ করেছিলেন। আর এমনিভাবেই তিনি সাবিকুনাল আওয়ালুন অর্থাৎ প্রথম যুগের পবিত্র অন্নামী দলের অন্তর্ভুক্ত হয়েছিলেন। অবশ্য হযরত ইয়াযিদ (রাঃ) পরিবারের অন্যান্য সদস্যের সাথে মক্কা বিজয়কালে (৮ম হিজরীর রামাদান মাস) ইসলাম গ্রহণ করেন। এ সঙ্গেও তিনি জাহেলী যুগে মুসলমানদেরকে কখনো দুঃখ কষ্ট দেননি এবং নীচ বা হীন আচরণও করেননি।

ইসলাম গ্রহণের পর হযরত ইয়াযিদ (রাঃ) সর্বপ্রথম হনাইনের যুদ্ধে (৮ম হিজরীর শওয়াল মাসে) অংশগ্রহণ করেন। বিজয়ের পর প্রিয় নবী (সাঃ) গণিমতের মাল কন্ট্রল করলেন। এ সময় তিনি ৪০টি মর্ণ অথবা রৌপ্যমুদ্রা এবং একশ উট তাকে দিলেন। হাফিজ ইবনে হাজার (রঃ) “আল-ইসাবাহ”-তে উল্লেখ করেছেন যে, হনাইনের যুদ্ধের পর জয়ুর (সাঃ) হযরত ইয়াযিদ (রাঃ)-কে বনি ফারাসের, আমীর নিয়োগ করেছিলেন।

হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান বীরত্ব এবং ঔদার্যে নাজীরবিহীন ছিলেন। কিন্তু তিনি অনেক বিলম্বে ইসলাম গ্রহণ করেছিলেন। ফলে নবী (সাঃ)-এর যুগে তিনি তাঁর তরবারীর শক্তিমত্তা প্রদর্শনের সুযোগ পাননি। বিশ্ব নবী (সাঃ)-এর ইতিকালের পর

হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) খলিফা নির্বাচিত হলেন। এ সময় ধর্মদ্রোহিতার ফিতনা সমগ্র আরবকে গ্রাস করে নিরেয়েছিল। রাসূল (সাঃ)-এর খলিফা (রাঃ) সংকল্পে ছিলেন পাহাড়ের মত অটল। কয়েক মাসের মধ্যেই তিনি সে ফিতনা উৎখাত করে ছাড়লেন। এরপর তিনি রোম এবং ইরানের দিকে মনোযোগ দিলেন। সর্বপ্রথম তিনি সিরিয়ার সামরিক অভিযানের প্রস্তুতি নিলেন। সে সময় সিরিয়া শাসন করতো রোমের বাদশাহ হিরাক্লিয়াস। হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) সমগ্র আরবে জিহাদের দৃষ্টিতে বাজিয়ে দিলেন। এ আহবানে সাড়া দিয়ে প্রত্যেক দিক থেকে মুজাহিদরা উৎসাহ-উদ্বীপনার সাথে মদীনা পৌঁছতে লাগলেন। যখন বহুসংখ্যক মানুষ একত্রিত হলো তখন হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) হযরত আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাহ, হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ), হযরত শুরাহবিল (রাঃ) বিন হা'সানাহ (রাঃ) এবং হযরত মামাজ (রাঃ) বিন জাবাল আনসারীকে ডেকে পাঠালেন এবং তাদেরকে সম্বোধন করে বললেনঃ “আমি তোমাদের ওপর সিরিয়ার জিহাদের দায়িত্ব সমর্পণ করতে চাই। যত সৈন্য একত্রিত হবে তা পৃথক পৃথকভাবে তোমাদের নেতৃত্বে রওয়ানা করাবো। জিহাদের ময়দানে একত্রিত হলে তোমাদের প্রধান সেনাপতি হবে আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাহ। সে যদি না থাকে তাহলে ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) সমগ্র বাহিনীর নেতৃত্ব করবেন। এখন তোমরা যাও এবং সিরিয়া রওয়ানা হওয়ার প্রস্তুতি গ্রহণ কর।” কয়েকদিন পর যখন আরো মুজাহিদ মদীনা পৌঁছলেন তখন হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) সেনানিবাসে তাশরীফ নিলেন এবং হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-কে ঝাণ্ডা প্রদানপূর্বক রওয়ানার নির্দেশ দিলেন। হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) ঝাণ্ডায় সওয়ার হয়ে মদীনা মুনাওয়ারাহ থেকে রওয়ানা হলেন। এ সময় হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) পায়ে হেঁটে তার সাথে কিছু দূর পর্যন্ত গেলেন। হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) অত্যন্ত শ্রদ্ধার সাথে আরজ করলেন, “হে রাসূল (সাঃ)-এর খলিফা! হয় আপনিও ঝাণ্ডায় সওয়ার হোন, অথবা আমাকে সওয়ার থেকে নেমে হেঁটে চলার অনুমতি দিন। আপনি হেঁটে চলবেন আর আমি ঝাণ্ডায় চড়ে যাবো। এটা হয় না।”

হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) বললেনঃ “আমিও ঝাণ্ডায় চড়বো না, তোমাকেও ঝাণ্ডা থেকে নামতে দেবো না। আমি যত কদম হাঁটবো তা আল্লাহ রাতায় হাঁটবো এবং আল্লাহ তার প্রতিদান দেবেন বলে আশা করবো।”

কিছুদূর অগ্রসর হয়ে হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-কে বিদায় জানালেন এবং এ ওসিয়ত করলেনঃ “আবু খালেদ! সিরিয়ার অনেক স্থানে তুমি দুনিয়াত্যাগী পাদরীদের সাক্ষাৎ পাবে। তাদেরকে নিজেদের অবস্থার ওপর ছেড়ে দেবে এবং কোন কষ্ট দেবে না। যুদ্ধে তুমি এমন সব লোকের

সাম্রা সামনি হবে যারা মাথার মধ্যস্থান থেকে চুল কাটে। তুমি এবং তোমার সাথীরা তাদের মাথার সেই স্থানেই তলোয়ার চালাবে। এছাড়া ১০টি ব্যাপারে বিশেষভাবে খেয়াল রাখবে। তাহলো মহিলা, শিশু এবং বৃদ্ধদের ওপর হাত তুলবে না। সবুজ বৃক্ষ কাটবে না, বস্তি বিরোধ করবে না, বিনা প্রয়োজনে বকরি এবং উট যবেহ করবে না, বৃক্ষে অগ্নি সংযোগ করবে না, কাউকে পানিতে ডুবিয়ে দেবে না, খেয়ানত করবে না এবং কাপুরুষতা প্রদর্শন করবে না।

এরপর তিনি হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-এর হাত ধরে মহাবাহুর আবেগে বললেন, “ইয়াযিদ তোমাকে আল্লাহর হাওলা করা করছি। তোমার ওপর আল্লাহর রহমত এবং শান্তি বর্ষিত হোক। তুমি আমার প্রথম সেনাপতি। (মদীনা মুনাওয়্যারাহ থেকে বিদায় হচ্ছে)।”

মদীনা মুনাওয়্যারাহ থেকে বিদায় হয়ে হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) অত্যন্ত দ্রুততার সাথে সিরিয়ার দিকে অগ্রসর হলেন। ইত্যবসরে হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ ও ইরাকের অভিযানসমূহ শেষ করে তার নিকট পৌঁছে গেলেন এবং উভয়ে সম্মিলিতভাবে সীমান্তবর্তী শহর বসরাহর ওপর হামলা করে বসলো। দুররে নাজ্জার নামক রোমক সেনাপতি পাঁচ হাজার সৈন্যসহ মুসলমানের মুকাবিলা করলো। কিন্তু পরাজিত হয়ে পালিয়ে দুর্গে আশ্রয় নিল। অবশেষে জিযিয়া প্রদান এবং তার বিনিময়ে মুসলমানরা রোমকদের জ্ঞানমালের নিরাপত্তা দানের শর্তে সে সন্ধি করলো।

হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-এর সিরিয়া আগমনের পর হযরত আবুবকর সিদ্দিক (রাঃ), হযরত আবু ওবায়দাহ (রাঃ), হযরত য়ালাজ (রাঃ) বিন জ্বাবল ও হযরত শুরাহবিল বিন হাসানাহ (রাঃ)-কে সৈন্যসহ সিরিয়া রওয়ানা করে দিলেন। সেই সাথে আশ্মানে অবস্থানরত আমর (রাঃ) ইবনুল আছকে সৈন্যসহ সিরিয়া পৌঁছার নির্দেশ দিলেন। এ সমগ্র বাহিনী সিরিয়ার বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়লো। অন্যদিকে রোমের বাদশাহ সিরিয়ান মুসলমান বাহিনীর অগ্রযাত্রার খবর পেলে। খবর পেয়ে সে এক বিরাট বাহিনী মুসলমানদের মুকাবিলার জন্যে প্রেরণ করলো। এ বাহিনী ফিলিস্তিনের আজনাদাইন নামক স্থানে এসে তাঁবু ফেললো (ফিলিস্তিন সে যুগে সিরিয়ারই একটি অংশ ছিল)। রোমক বাহিনীর নেতৃত্ব সন্নদার তাজ্জারক এবং কাবকালার নামক দু'জন নামকরা জেনারেল দিচ্ছিলো। মুসলমানরাও রোমকদের সৈন্য সমাবেশের কথা অবহিত হয়ে চারদিক থেকে একত্রিত হয়ে আজনাদাইন পৌঁছে গেল। হযরত আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাহ, হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ

হযরত ইয়াযিদ (রাঃ) ইবনুল আবু সুফিয়ান (রাঃ), হযরত শুরাহ বিল (রাঃ) বিন হাসানাহ (রাঃ) এবং হযরত আমর (রাঃ) ইবনুল আছ মুসলমানদের নেতৃত্ব দিচ্ছিলেন। ইবনে ইসহাকের বর্ণনা মতে ১৩ হিজরীর ২৮শে জমাদিউল আউমাল রোমক এবং মুসলমানদের মধ্যে যোদ্ধতর যুদ্ধ সংঘটিত হলো। রোমকরা জীবনবাঞ্ছি রেখে যুদ্ধ করলো, কিন্তু আবেগ উদ্বীণ মুসলমানদের দ্রুত ও শানিত হামলার সামনে তারা ভিষ্টাতে পারছিল না এবং অবিলম্বে তাদের ওপর পরাজয়ের আলামত পরিস্ফুট হয়ে উঠলো। তাজারক ও কাবকালার নিজের বাহিনীকে খুব করে উৎসাহ দিলো এবং দীর্ঘক্ষণ হাল ধরে রাখলো। কিন্তু উভয়েই যখন মুসলমান জ্ঞানবাজ্রদের তরবারীর খোরাক হয়ে গেল তখন রোমকরা হিম্মতহারা হয়ে পড়লো এবং যুদ্ধের ময়দান থেকে পালিয়ে গেল। এ যুদ্ধে তিন হাজার মুসলমান শাহদাতের পিমালা পান করলেন। অন্যদিকে রোমকদের নিহতের সংখ্যা এর চেয়ে অনেক বেশী ছিল।

ঐতিহাসিক ইবনে হিশাম (রাঃ) বর্ণনা করেছেন যে, আজনাদাইনের শহীদদের মধ্যে হযরত আমর (রাঃ) ইবনুল আছের সহোদর হযরত হিশাম (রাঃ) ইবনুল আছও ছিলেন।

আজনাদাইনের যুদ্ধের পর মুসলমানরা সিরিয়ার সদর স্থান দামেস্কের দিকে অগ্রসর হলো এবং চারিদিক থেকে দামেস্ক অবরোধ করলো। শহরটির বড় বড় দরজায় সিরিয়ার বিভিন্ন প্রদেশ করতলগত করার জন্যে আগত অফিসারদের নিয়োজিত করা হলো। বস্তত হযরত আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাহ বাবুল জাবিয়াহতে, হযরত শুরাহবিল (রাঃ) বিন হাসানাহ (রাঃ) বাবুল ফারাদিসে, হযরত আমর (রাঃ) ইবনুল আছ বাবে তুমায়, হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ বাবুল শারকে এবং হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) বাবে কিসানে নিয়োজিত হলেন।

এ অবরোধ দীর্ঘদিন পর্যন্ত (এক বর্ণনা অনুসারে ৬ মাস পর্যন্ত) অব্যাহত থাকলো। এ সময় হযরত আবুবকর সিদ্দিক (রাঃ) ওফাত পেলেন এবং হযরত ফারুক (রাঃ) খলিফা নির্বাচিত হলেন। তিনি এক পত্রের মাধ্যমে হযরত আবু ওবায়দাহ (রাঃ)-কে সিদ্দিকে আকবর (রাঃ)-এর মৃত্যুর খবর দিলেন। যে দূত এ পত্র নিয়ে গিয়েছিলেন তাকে তিনি হযরত আবু ওবায়দাহ (রাঃ)-এর নিকট থেকে বিশেষভাবে হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ, হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ), হযরত আমর (রাঃ) ইবনুল আছ, হযরত সাঈদ (রাঃ) বিন যামেদ এবং হযরত মারাজ্জ (রাঃ) বিন জাবালের অবস্থা জিজ্ঞেস

করার ভাবিদ দিগ্নেছিলেল। বিশ্লেষণের পর হযরত আবু ওবায়দাহ (রাঃ) তাকে বললেন, এ সব ব্যক্তিত্ব নিজেদের রীতিনীতি এবং মুসলমানদের শূভ কামনায় তেমনি রয়েছেন যেমন তারা আমার এবং ওমর (রাঃ)-এর শিকট হওয়া উচিত। হ'মাস অবরুদ্ধ থাকার পর দামেস্কের রোমক বাহিনীকে অস্ত্র সমর্পণে বাধ্য হতে হলো। কেননা, এক রাতে তাদের গাফলতির সূযোগ নিয়ে হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ কতিপয় জীবন উৎসর্গকারীসহ শহরের প্রাচীরের ওপর চড়ে বসলেন। অভ্যস্তরের দিকে নেমে শহরের দরজা খুলে দিলেন। এদিকে ইসলামী বাহিনী প্রস্তুত ছিল। বানের পানির মত তারা শহরে ঢুকে পড়লো। রোমকরা সাধারণভাবে বাধ্য দিল। কিন্তু অবশেষে অস্ত্র ফেলে দিয়ে সন্ধির প্রস্তাব করে বসলো। হযরত আবু ওবায়দাহ (রাঃ) তাদের ওপর জিযিয়া আরোপ করে সন্ধি মঞ্জুর করলেন।

দামেস্কের বিজয়ের কারণে রোমকরা অত্যন্ত বিচলিত হয়ে পড়লো এবং প্রত্যেক দিক থেকে একত্রিত হয়ে পুরো শক্তি সঞ্চয় করে মুসলমানদের মুকাবিলার জন্যে অগ্রসর হলো। আল্লামা তাবারী (রাঃ)-এর বর্ণনা অনুযায়ী ৪০ হাজার (অন্য বর্ণনায় ৮০ হাজার) রোমক হাইকালার নামক এ প্রখ্যাত জেনারেলের নেতৃত্বে জর্দানের বিসান শহরে তাঁবু ফেললো। হযরত আবু ওবায়দাহ (রাঃ) পরিস্থিতি অবগত হয়ে নিজেও সৈন্যসহ জর্দানের দিকে অগ্রসর হলেন এবং বিসানের বিপরীত ফাহাল নামক স্থানে তাঁবু ফেললেন। রোমকরা প্রথমে দূত প্রেরণ করে হযরত আবু ওবায়দাহ (রাঃ)-কে এ মর্মে প্রস্তাব পেশ করলো যে, যদি মুসলমানরা ফিরে যায় তাহলে তাদের প্রত্যেক সৈন্যকে দু' আশরাফী (স্বর্ণ মুদ্রা) করে দেয়া হবে। হযরত আবু ওবায়দাহ (রাঃ) তাদের এ প্রস্তাব তাচ্ছিল্য সহকারে প্রত্যাখ্যান করলেন এবং যুদ্ধ অবশ্যম্ভাবী হয়ে দাঁড়ালো। দূত ফিরে যাওয়ার পরদিন উভয় বাহিনীর মধ্যে রক্তাক্ত যুদ্ধ সংঘটিত হলো। রোমকরা জীবন দিয়ে মুকাবিলা করলো। কিন্তু মুসলমান জীবন উৎসর্গকারীরা অবিলম্বে তাদের ব্যুহ তুলো খুনা করে ছাড়লো। অবশেষে তারা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পালিয়ে গেল।

এ যুদ্ধের পর জর্দানের অন্যান্য সকল শহর এবং স্থান সহজেই বিজিত হলো। আল্লামা বালাজুরী (রাঃ) "ফতুহুল বুলদান" গ্রন্থে লিখেছেন যে, জর্দান বিজয়ের পর হযরত আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাহ হযরত ইয়্যাদিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-কে উপকূলবর্তী এলাকায় প্রেরণ করলেন। তিনি হযরত আমর (রাঃ) ইবনুল আছের সাথে মিলিত হয়ে অত্যন্ত সৎক্ষিপ্ত সময়ে তা করতলগত করলেন।

জর্দান এবং উপকূলীয় এলাকা পদানত করার পর হযরত আবু ওবায়দাহ (রাঃ) হেমস অভিমুখে রওমানা হলেন। এ সময় তিনি হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবি সুফিয়ান (রাঃ)-কে দামেস্কে নিজেই স্থলাভিষিক্ত করে রেখে গেলেন।

রোমের বাদশাহ হিরাক্লিয়াস এ মর্মে খবর পেল যে, মুসলমানরা হেমসের ওপর হামলা করতে চায়। এ খবর পেয়ে সে জেনারেল তুজারের নেতৃত্বে একটি শক্তিশালী বাহিনী দামেস্কে দিকে রওমানা করে দিল। যাতে সে মুসলমানদেরকে হেমসের দিকে অগ্রসর হওয়া থেকে বিরত রাখতে পারে। অন্য দিকে সম্ভব হলে দামেস্ক কবজা করে নেবে। তুজার দামেস্কে পশ্চিমে মারজুর রুম নামক স্থানে তাঁবু ফেললো। হিরাক্লিয়াস তার সাহায্যার্থে আরো একটি বাহিনী রওমানা করে দিল। এ বাহিনীর নেতৃত্বে ছিল সানাছ নামক এক রোমক জেনারেল। হযরত আবু ওবায়দাহ (রাঃ) তুজারের মুকাবিলার জন্যে হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদকে নিয়োগ করলেন এবং সানাছের মুকাবিলার জন্যে নিজে অগ্রসর হলেন।

হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবি সুফিয়ান (রাঃ) দামেস্কে চূপচাপ বসে ছিলেন না। বরং পরিস্থিতির ওপর কড়া দৃষ্টি রাখছিলেন। তিনি তুজারের অভিপ্রায়ের কথা জানতে পেরে একদিন নিজেই বাহিনীসহ দামেস্ক থেকে বের হলেন এবং তার মাথার ওপর গিয়ে পৌঁছুলেন। সে-ও লড়াইয়ের জন্যে প্রস্তুত ছিল। উভয় বাহিনী যুদ্ধ ধ্বনি দিতে দিতে পরস্পরের ওপর হামলা করে বসলো। ষোরতর লড়াইয়ের সময় হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদও নিজেই বাহিনীসহ পৌঁছে গেলেন। তিনি রোমকদের পিছন দিক থেকে হামলা করে বসলেন। এভাবে উভয় দিক থেকে ইসলামী বাহিনী রোমকদের নাড়নাবুদ করে ফেললো। অন্যদিকে হযরত আবু ওবায়দাহ (রাঃ) সানাছ বাহিনীকে পরাজিত করলেন এবং সামনে অগ্রসর হয়ে হেমস ঘেরাও করে নিলেন। হেমসবাসীরা অবিলম্বে আনুগত্য স্বীকার করলো। এরপর হুমাত, শিঙ্গার, মুন্নাররাহুন, নুমান এবং লাজাকিয়াহও একের পর এক পদানত হলো।

একের পর এক পরাজয়ের কারণে রোমক বাদশাহ অত্যন্ত বিচলিত হলো। এ জন্য সিরিয়ার প্রতিটি স্থান থেকে মুসলমানদেরকে বিভাড়িত করার জন্যে সে ইত্যাকিয়ায় বিরাট সৈন্য সমাবেশ ঘটানোর সংকল্প করলো। এ বাহিনীতে বড় বড় অভিজ্ঞ সৈন্য এবং অকিসার অন্তর্ভুক্ত ছিল। তারা যখন ইত্যাকিয়া থেকে রওমানা হলো তখন চারদিকে সাড়া পড়ে গেল। রোমকদের এ হামলা প্রত্ভিত কণা হযরত আবু ওবায়দাহ (রাঃ) জানতে পেরে পরামর্শ পরিষদের বৈঠক আহবান করলেন। বৈঠকে মুসলমান দখলীকৃত শহরসমূহ থেকে সৈন্য অপসারণ

করে এক স্থানে সমবেত করার সিদ্ধান্ত গৃহীত হলো। সিদ্ধান্তটি ছিল অত্যন্ত সুবিবেচনা প্রসূত এবং প্রজ্ঞাসম্পন্ন। কারণ এ পরিস্থিতিতে শুধুমাত্র এভাবেই ভয়াবহ রোমক শক্তির মুকাবিলা সম্ভব ছিল। অধিকৃত হেমস, দামেস্ক প্রভৃতি শহর পরিত্যাগের সময় মুসলমানরা এত উন্নতমানের চারিত্রিক গুণাবলী প্রদর্শন করেছিল যা বিশ্ব ইতিহাসে এক নজীরবিহীন ঘটনা। আল্লাহর এ সব পবিত্র বাঙ্গারা অধিকৃত শহর পরিত্যাগের সময় সেখানকার বাসীন্দাদেরকে জিবিয়ার অর্থ এ বলে ফেরত দিয়েছিলেন যে, বর্তমান অবস্থায় তারা আর তাদের নিরাপত্তা বিধান করতে পারছেন না। এ জন্যে জিবিয়া গ্রহণ তাদের জন্যে অবৈধ। মুসলমানদের এ কাজে খৃষ্টান এবং ইহুদীরা অত্যন্ত প্রভাবান্বিত হলো এবং চোখের পানিতে বুক ভাসিয়ে আল্লাহর নিকট তারা যেন ফিরে আসে এ দোয়া করেছিলেন।

মুসলমানরা সিরিয়ার অধিকৃত শহরগুলো পরিত্যাগ করে ইয়ারমুক পৌঁছলো এবং সেখানে মজবুতভাবে অবস্থান নিল। এখানেই সিদ্ধান্তমূলক যুদ্ধ হয়েছিল এবং সিরিয়ার ভাণ্ডার স্থির হয়ে গিয়েছিল। ইসলামী বাহিনীর সৈন্য সংখ্যা ছিল সর্বমোট ৩০ থেকে ৪০ হাজার। এর মোকাবিলায় রোমক সৈন্য সংখ্যা ছিল ২ থেকে ৩ লাখ। প্রথমে উভয় পক্ষ থেকে দূত বিনিময় শুরু হলো। রোমক সেনাপতি বাহান চাইলো যে মুসলমানরা অর্থ নিয়ে ফিরে যাক। কতিপয় ঐতিহাসিকের বর্ণনা মতে মুসলমান সেনাপতি দশ হাজার, প্রত্যেক অফিসার এক হাজার এবং প্রত্যেক সৈন্যকে সে একশ' দিনার দানের প্রস্তাব করেছিল। কিন্তু মুসলমানরা এ প্রস্তাব গ্রহণ করলো না এবং যুদ্ধ শুরু হয়ে গেল। ইসলামী বাহিনীর সৈন্য ব্যূহের বামদিকের অফিসার ছিলেন হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান। তিনি চরম বাহাদুরীর সাথে লড়াই করলেন। রোমকরাও প্রাণপণ লড়াই করলো এবং কয়েকবার মুসলমানদের ব্যূহ বিশৃঙ্খল করে ফেললো। একবার তো তারা মুসলমানদেরকে হটাতে হটাতে মহিলাদের তাঁবু পর্যন্ত পৌঁছে গেল। ইসলামের মর্যাদাবান মহিলারা এ অবস্থা প্রত্যক্ষ করে তাঁবুর বাইরে এসে গেলেন এবং তাঁবুর খুঁটি উচিয়ে রোমকদের ওপর হামলা করে বসলো। সে সময় হযরত আমর (রাঃ) বিন আবু সুফিয়ান, হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ), হযরত আমর (রাঃ) ইবনুল আস, হযরত সাদ্দ (রাঃ) বিন য়ায়েদ, হযরত শুরাহবিল (রাঃ) বিন হাসানাহ (রাঃ) এবং হযরত কুবাছ (রাঃ) বিন আশিম এমন অকুতোভয়ে লড়াই করছিলেন যে, দুনিয়ার কোন কিছু সম্পর্কেই আর হুশ ছিল না। হঠাৎ করে হযরত ইয়াযিদ (রাঃ)-এর পিড়া হযরত আবু সুফিয়ান সেদিকে এলেন। তিনি পুত্রকে

ডেকে বললেন প্রাণাধিক পুত্র। এ সময় একজন সিপাহী বাহাদুরীর চরম পরাকর্ষ্য প্রদর্শন করছে। তুমি মুসলমানদের একজন সেনাপতি। সৈন্যদের তুলনার তোমার ওপর বাহাদুরী প্রদর্শনের দায়িত্ব বেশী। আল্লাহকে বেশী ভয় কর। সব অবস্থাতেই তাঁর ওপর দৃষ্টি নিবদ্ধ রাখ। তোমার সাধীদের মধ্যে তোমারই বেশী আধিরাতের সাফল্যের প্রচেষ্টা চালানো উচিত। যুদ্ধের মুসিবতসমূহ বরদাশত করছে। আজ যদি তোমার সৈন্যের মধ্য থেকে একজনও তোমার ওপরে বাজী নিয়ে যায় তাহলে তা হবে তোমার জন্যে অত্যন্ত লজ্জাকর ব্যাপার।”

হযরত ইয়াযিদ (রাঃ) প্রথম থেকেই বীর বিক্রমে যুদ্ধ চালাচ্ছিলেন। পিতার হৃৎকারে তিনি আরো বাহাদুরীর সাথে যুদ্ধ করতে লাগলেন। ইত্যবসরে কায়স (রাঃ) বিন হাবিরাহ একটি সৈন্যদলসহ বিদ্রুৎবেগে রোমকদের পিছন থেকে হামলা করে বসলো। এ রণকৌশলে শত্রু বাহিনীতে বিশৃঙ্খলা সৃষ্টি হলো এবং তারা দিশিধিকভাবে পলায়ন করলো। মুসলমানরা অনেক দূর পর্যন্ত রোমকদের ধাওয়া করে স্থানে স্থানে কাশের স্তূপ করে রাখলো।

এ যুদ্ধে মুসলমানদের পূর্ণ সফলতা এলো। আর এ যুদ্ধই সিরিয়ার ভাগ্যের প্রায় ফায়সালা করে দিয়ে দিল। হিরাক্লিয়াস পালিয়ে কাসতানতুনিয়া চলে গিয়েছিল। আর কোন দিন সিরিয়ার মাটিতে তার পা রাখার ভাগ্য হয়নি। এখন শহরের পর শহর দখলে আসতে লাগলো। এবং সিরিয়ার বেশীরভাগ অংশই মুসলমানদের করতলগত হলো। অতঃপর মুসলমানরা বাইতুল মুকাদ্দাসের দিকে অগ্রসর হলেন। এবং তা অবরোধ করা হলো। হযরত ওমর (রাঃ)-এর উপস্থিতিতে লিখিত সন্ধির ভিত্তিতে মুসলমানরা বাইতুল মুকাদ্দাস দখল করলেন।

বাইতুল মুকাদ্দাস অবস্থানকালে একদিন হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ) হযরত ওমর (রাঃ)-কে বললেন, “আমীরুল মু’মিনীন, এখানে আমরা সবকিছুই পাচ্ছি। আল্লাহর রহমতে মুসলমানরা এখন সচ্ছল। আপনি যদি ভালো কাপড় পরিধান করেন, ভালো সওয়ারীতে সওয়ার হন এবং মুসলমানদেরকেও তা ব্যবহারের অনুমতি দেন তাহলে অন্যান্যের দৃষ্টিতে আপনার ও মুসলমানদের মর্যাদা ও প্রতিপত্তি বৃদ্ধি পাবে।”

হযরত ওমর (রাঃ) বললেন, “না, এযিদি। আমি আমার সাদাসিধে জীবন পরিত্যাগ করবো না। আমি এটা চাই না যে, রোমকদের দৃষ্টিতে আমার ইজ্জত বৃদ্ধি পাক। আর আল্লাহর দরবারে আমার সম্মান কমে যাক।”

হযরত ইয়াযিদ (রাঃ) চূপ হয়ে গেলেন এবং আমিরুল মুমিনীন (রাঃ) শেষ পর্যন্ত সাদাসিধে জীবনে অটল ছিলেন। তার এ সরল জীবন যাপন খৃষ্টানদেরকে প্রভূতভাবে প্রভাবান্বিত করেছিল। সন্ধিনামা স্বাক্ষরের কিছুদিন পর হযরত ওমর (রাঃ) মদীনা চলে গেলেন। ১৮ হিজরীতে ইসলামী বাহিনীতে মহামারী আকারে প্রেণ রোগ দেখা দিল। তাতে হাজার হাজার মুসলমান মৃত্যুমুখে পতিত হলো। তাদের মধ্যে সিরিয়ার আমীর হযরত আবু ওবায়দাহ (রাঃ) ইবনুল জাররাও ছিলেন। হযরত ওমর (রাঃ) এ খবর পেয়ে হযরত আবু ওবায়দাহ (রাঃ)-এর স্থলে হযরত ইয়াযিদ (রাঃ) বিন আবু সুফিয়ান (রাঃ)-কে সিরিয়ার গর্ভর্ণর নিয়োগ করলেন এবং অবিলম্বে কাইসারিয়ার অভিযানে রওয়ানা হয়ে যাওয়ার জন্যে তাকে নির্দেশ দিলেন। হযরত ইয়াযিদ (রাঃ) ১৭ হাজার মুজাহিদসহ কাইসারিয়া পৌঁছে শহর অবরোধ করলেন। অবরোধকালে তিনি কঠিন রোগে আক্রান্ত হলেন এবং তাই আমীর মাযিয়া (রাঃ)-কে নিজের স্থলাভিষিক্ত করে দামেস্কে ফিরে এলেন। ১৮ অথবা ১৯ হিজরীতে এখানেই তিনি আল্লার ডাকে সাড়া দিয়ে পরপারে চলে যান। এক বর্ণনায় আছে যে, তাঁর জীবদ্দশাতেই আমীর মাযিয়া (রাঃ) কাইসারিয়া দখল করে নেন এবং তাকে খবর দেন। তিনি হযরত ওমর (রাঃ)-কে এ বিজ্ঞের খবর দিয়েছিলেন। অন্য বর্ণনা অনুসারে আমীর মাযিয়া তার মৃত্যুর পর এ অভিযানে সফল হয়েছিলেন। যা হোক হযরত ইয়াযিদ (রাঃ) সিরিয়ার বিজয়সমূহের শুরু থেকে শেষ পর্যন্ত বিশেষ ভূমিকা পালন করেন এবং নিজের বীরত্ব ও হৈর্ঘের আমোছলীর ছাপ ইতিহাসের পাতায় লিপিবদ্ধ করে গেছেন।

—o—

হযরত ওবায়দুল্লাহ বিন আবাস (রাঃ)

হযরত ওবায়দুল্লাহ (রাঃ) উম্মার জ্ঞানের সাগর হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ)-এর সহোদর ছিলেন। তিনি নবী (সাঃ)-এর হিজরতের একবছর পূর্বে (নবুয়ত প্রাপ্তির ১২ বছরে) জন্মগ্রহণ করেন। ইমাম হাকিম “মুসতাদরাকে হাকিমে” লিখেছেন হযরত আবাস সন্তানদের মধ্যে তাকে সবচেয়ে বেশী ভালোবাসতেন। বিশ্বনবী (সাঃ)-এর শ্রদ্ধে চাচা হযরত আবাস (রাঃ)-এর সন্তানদেরকে খুব ভালোবাসতেন এবং তিনি তাদেরকে অত্যন্ত স্নেহ করতেন।

খ্রিয় নবী (সাঃ) বছর আবদুল্লাহ (রাঃ), ওবায়দুল্লাহ (রাঃ) এবং কাছির (রাঃ)-কে ডেকে পাঠাতেন এবং তাদেরকে বলতেন, তোমাদের মধ্যে যে দৌড়ে সর্বপ্রথম আমাকে স্পর্শ করতে পারবে তাকে আমি অমুক জিনিস দেবো। তিন ভাই, দৌড়ে তীর দিকে যেতো। কেউ তার বুকের ওপর চড়ে বসতো। কেউ পিঠের ওপর উঠে বসতো। তিনি সবাইকে বুক জড়িয়ে ধরতেন এবং খুব আদর করতেন।

হযরত আবাস (রাঃ) ৮ম হিজরীতে মক্কা বিজয়ের কিছুদিন পূর্বে নিজের ইসলাম গ্রহণের কথা ঘোষণা করেন এবং পরিবার-পরিজনসহ মক্কা থেকে হযরত করে মদীনা আগমন করেন। সে সময় হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর বয়স ৯ বছরের মত ছিল। তিনি নিজের ভাইদের সাথে সময় সময় রাসূল (সাঃ)-এর খেদমতে যেতেন এবং নবী (সাঃ)-এর ফয়েজ লাভ করতেন। রাসূল (সাঃ)-এর ওফাতের পর (১১ হিজরী) হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর পিতা হযরত আবাস (রাঃ) এবং মাতা হযরত উম্মুল ফজল যবাবাহ (রাঃ)-এর জ্ঞান ও ফজিলত থেকে উপকৃত হতে থাকেন। তিনি বড় ভাই হযরত আবদুল্লাহ বিন-আবাস (রাঃ)-এর জ্ঞানের গভীরতার খুব প্রশংসা করতেন। হাফিজ ইবনে আবদুল বার (রঃ) “আল-ইসতিয়াব” গ্রন্থে হযরত আবদুল্লাহ (রাঃ)-এর প্রশংসা তাঁর এ মন্তব্য উদ্ধৃত করেছেন:

“আমি আবদুল্লাহ বিন আবাস থেকে বড় সুন্যাহর আলেম, তাঁর থেকে বেশী সঠিক মতের এবং তাঁর চেয়ে বড় সূক্ষ্ম দৃষ্টিসম্পন্ন কাউকেই দেখিনি।”

তিনি নিজের এক পুত্র আবদুল্লাহ (রাঃ)-কে হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ)-এর শাগরেদ বানিয়ে দিয়েছিলেন।

হযরত আলী (রাঃ) ৩৫ হিজরীতে খলিফা নির্বাচিত হলেন। এ সময় তিনি হযরত ওবায়দুল্লাহ (রাঃ) বিন আবাস (রাঃ)-কে ইয়েমেনের গবর্ণর নিযুক্ত করলেন। অতঃপর ৩৬ ও ৩৭ হিজরীতে তাঁকে আমীরে হক্ক নিয়োগ করেন এবং উভয় বছরেই তাঁর নেতৃত্বে হক্ক কাজ সমাধা করা হয়।

৪০ হিজরীতে সিরিয়ার গবর্ণর আমীর মাযিনা (রাঃ) বাছার বিন আবি আরতাতকে হেজাজ এবং ইয়েমেন দখলের জন্যে প্রেরণ করলেন। কোন বাধা ছাড়াই সে মক্কা-মুয়াজ্জমা ও মদীনা-মুনাওয়ারা দখল করে নিলেন এবং ইয়েমেনের দিকে অগ্রসর হলেন। হযরত আলী (রাঃ)-এর পক্ষ থেকে এখানে হযরত ওবায়দুল্লাহ (রাঃ) ইমারাতের দায়িত্ব পালন করছিলেন।

হযরত আবু মুসা আশরাফী (রাঃ) অত্যন্ত গোপনভাবে হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-কে খবর দিলেন যে, বাছার বিন আরতাত ইয়েমেনের দিকে অগ্রসর হচ্ছে। ইয়েমেন দখল করে জনসাধারণের নিকট থেকে সে আমীর মাযিনা (রাঃ)-এর বাইয়াত নেয়ার ইচ্ছা গোপন করে। যারা বাইয়াত করার প্রব্লে ইতস্তত অথবা বাধা দান করে সে তাদেরকে নির্দয়ভাবে হত্যা করে। হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর নিকট এত সৈন্যবল ছিল না যে, সে বাছার বিন আরতাতের মুকাবিলা করে। তিনি স্বয়ং খিলাফতের দরবারে গিয়ে সাহায্য প্রার্থনা করাকেই সঠিক মনে করলেন। বস্তুতঃ তিনি আবদুল্লাহ বিন আবদুল মাদানকে ইয়েমেনে নিজের নামের বানিয়ে কুফা রওয়ানা হয়ে গেলেন। তাঁর অনুপস্থিতিতে বাছার ইয়েমেনে দখল করে নিলো এবং হযরত আলী (রাঃ)-এর সমর্থকদের এক বিরাট অংশকে হত্যা করলো। হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর পরিবার-পরিজন ইয়েমেনেই ছিলেন। পাষণ্ড হৃদয় বাছার তাঁর অপ্রাপ্ত বয়স্ক দুঃশিশুকে তাদের মায়ের সামনে ধরে হত্যা করলো। হযরত ওবায়দুল্লাহ (রাঃ) নিজের নিশাপ শিশুদের শাহাদাতের খবর পেয়ে অত্যন্ত দুঃখিত হলেন। কিন্তু অত্যন্ত ধৈর্য ও সাহসিকতার পরিচয় দিলেন এবং আত্মার সজাটির নিমিত্তে মাথা নত করে নিলেন। হযরত আলী (রাঃ) বাছার বিন আরতাতের যুলুম-নির্ধাতনের খবর পেলেন। তিনি তাকে উৎখাত করার জন্যে সৈন্য একত্রিত করতে শুরু করলেন। কিন্তু প্রকৃতি শেষ না হতেই ইবনে মালজামের বিব মাখা

তীর তাঁকে শহীদ করে ফেললো। আর এ সাথেই শাসন ক্ষমতার বাগডোর উল্টে গেল। এ লোমহর্ষক ঘটনার পর হযরত ওবায়দুল্লাহ (রাঃ) একাকীত্ব অবলম্বন করলেন এবং অবশিষ্ট জীবন চূপ চাপ কাটিয়ে দিয়েছিলেন। তাঁর মৃত্যুর বছর সম্পর্কে মতভেদ রয়েছে। অবশ্য হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) “আল - ইসতিয়ার” গ্রন্থে অত্যন্ত দৃঢ়তার সাথে বলেছেন যে, তিনি ৫৮ হিজরীতে পরপারে যাত্রা করেন।

হাদীসের কিতাবে হযরত ওবায়দুল্লাহ বিন আবাস (রাঃ) থেকে বর্ণিত কতিপয় হাদীস মঞ্জুদ রয়েছে। এ সব হাদীস তিনি নিজের পিতা হযরত আবাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন। হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর বর্ণিত হাদীসের সনদে তার সন্তান আবদুল্লাহ (রাঃ) এবং মশকুর তাবেরী ইবনে সিরীন (রাঃ) রয়েছে।

নেতৃত্বস্থানীয় চরিতকাররা বর্ণনা করেছেন, হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) যেমন জ্ঞানের বাদশাহ ছিলেন তেমনি হযরত ওবায়দুল্লাহ (রাঃ) বিন আবাস নজীরবিহীন দানশীল ছিলেন। তাঁর দস্তরখান অত্যন্ত প্রশস্ত ছিল। এখান থেকে প্রত্যেক গরীব, মিসকিন এবং অভাবী লোকের উপকৃত হওয়ার প্রকাশ্য অনুমতি ছিল। এভাবে অসংখ্য গরীব এবং মিসকিন তাঁর দস্তরখানে লাগিত-পালিত হতো। প্রত্যেকদিন একটি করে উট জবেহ করা তাঁর একটি সাধারণ নিয়ম ছিল।

একবার হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) তাঁকে এত দাতাগিরী বন্ধের পরামর্শ দিয়ে বললেন, কতদিন পর্যন্ত আর এ বদান্যতা অব্যাহত রাখতে পারবেন? হযরত ওবায়দুল্লাহ (রাঃ) ভাইকে অত্যন্ত দ্রোহা করতেন। কিন্তু তাঁর এ পরামর্শ মোটেই পছন্দ হলো না। কেননা বদান্যতা এবং দাতাগিরী তাঁর চরিত্রের সাথে মিলে মিশে একাকার হয়ে গিয়েছিল। যেদিন হযরত আবদুল্লাহ (রাঃ) তাঁকে সেই পরামর্শ দিয়েছিলেন সেদিন থেকেই তিনি দস্তরখানের জন্যে একটির পরিবর্তে দু'টি করে উট জবেহ করতে লাগলেন।

হযরত ওসমান জুন্নাইন (রাঃ)-এর শাহাদাতের পর হযরত আলী কাররামালাহ ওয়াছাহাছ নিজের খিলাফতকালে দু'ভাইকে তিন ধরনের দায়িত্ব সমর্পণ করেন। এ সময় তাঁকে মদীনা মুশাজ্জায়া অবস্থান ত্যাগ করতে হয়। এ সময়ে তিনি বক্ষ মদীনায় একত্রিত হভেন তখন আবদুল্লাহ (রাঃ)-এর নিকট জাম পিপাসুদের উঁড় জমে যেত। পক্ষান্তরে হযরত ওবায়দুল্লাহ (রাঃ)-এর নিকট গরীব ও অভাবান্তদের লাইন গড়তো ইবনে আছির (রাঃ) “উসদুল গাবাহ” গ্রন্থে তাঁর দানশীলতার এক

চমকপ্রদ ঘটনা বর্ণনা করেছেন। একবার হযরত ওবায়দুল্লাহ বিন আব্বাস (রাঃ) নিজের গোলামসহ কোথাও যাচ্ছিলেন। পথিমধ্যে সন্ধ্যা হয়ে গেল। নিকটেই এক বুদ্ধর ঘর দেখা গেল। গোলাম বললো, অন্ধকারে সফর করা ভীতির ব্যাপার। কোথাও আমরা রাতা ভুলে যেতে পারি। ঐ বুদ্ধর বাড়ীতে রাতে অবস্থান করাটাই যুক্তিযুক্ত। হযরত ওবায়দুল্লাহ (রাঃ) বললেন, তুমি ঠিকই বলেছ। চলো, বাড়ীর মালিকের নিকট থেকে অনুমতি নেয়া যাক। উভয়েই বুদ্ধর নিকট গেলেন এবং বললেন, ভাই আজ রাতে আমরা তোমার মেহমান। হযরত ওবায়দুল্লাহ (রাঃ) অত্যন্ত লক্ষ্মা দেহী ও সুদর্শন মানুষ ছিলেন। বুদ্ধ নিজের অন্তর্দৃষ্টি দিয়ে অনুভব করতে পারলেন যে, নিশ্চয়ই সে কোন সম্মানিত ব্যক্তি। সে অত্যন্ত আনন্দ চিহ্নে তাঁকে আহ্বান, সাহায্য ও মন্ত্রণা বা খোশ আমদেদ জানালেন এবং বাড়ীর অভ্যন্তরে গিয়ে নিজের স্নানকক্ষে বললেন, আজ এক সম্মানিত ব্যক্তি আমাদের বাড়ীতে অবস্থান করবে। খানা-পিনার জন্যে কি কিছু আছে? জবাবে সে বললো, খানা-পিনার জন্যে অন্য কোন বস্তুতো নেই। অবশ্য এ বকরী রয়েছে। আর বকরীটির দুধের ওপরই তোমার শিশুর জীবন নির্ভরশীল। বুদ্ধ বললো, যাই হোক আমি বকরী জবেহ করে মেহমানকে খাওয়াবো। স্নানকক্ষে বললো, নিশ্চয় শিশুকে কি মেয়ে ফেলবে? বুদ্ধ বললো, যা হবার তাই হবে। মেহমানকে অভ্যন্তর রাখা যাবে না। বস্তুতঃ বকরী জবেহ করে হযরত ওবায়দুল্লাহ (রাঃ) এবং তাঁর গোলামকে সে-খাবার খাওয়ালো। হযরত ওবায়দুল্লাহ (রাঃ) স্বামী-স্ত্রীর আলাপ-আলোচনা শুনতে ছিলেন। সকালে ঘুম থেকে জেগে গোলামকে জিজ্ঞেস করলেন, তোমার তহবিলে কত আছে? সে বললো, পাঁচশ' দিনার। তিনি পাঁচশ দিনারই বুদ্ধকে দিয়ে দেয়ার নির্দেশ দিলেন। গোলাম বললো, সুবহান আল্লাহ হে আমীর। সেতো আমাদেরকে পাঁচ দিরমহামের বকরী খাইয়েছে। আর আপনি তাকে পাঁচশ' দিনার দিচ্ছেন?

হযরত ওবায়দুল্লাহ (রাঃ) খুব অসন্তুষ্ট হয়ে বললেন, "আফসোস, তোমার বুদ্ধি! আল্লাহর কসম! এ গরীব মেজবান আমাদের থেকেও অনেকাংশে হৃদয়বান। আমরাতো আমাদের সম্পদ থেকে খুব নগণ্য একটি অংশ তাকে দিছি। আর সে নিজের কলিজার টুকরো কোরবানী করে নিজের সমস্ত সম্পদ আমাদের সামনে উপস্থিত করেছে। (অর্থাৎ বকরীটিই তার একমাত্র সম্পদ ছিল। তা জবেহ করে আমাদেরকে খাইয়ে দিয়েছে) এবং একমাত্র দুঃখপোষা শিশুর জীবনেরও পরগণা করেনি।

একথায় গোলাম চূপ মেয়ে গেল এবং সে কৃতজ্ঞতার সাথে এ অর্থ বুদ্ধকে দিয়ে দিল।

হযরত যবরকান (রাঃ) বিন বদর তামিমী সা'দী

প্রিয় নবী (সাঃ)-এর প্রত্যেক সাহাবীই এমনিতেই ছিলেন সিরত এবং সুরতে সুন্দর ও সুদর্শন। কিন্তু আল্লাহ পাক কিছু কিছু সাহাবীকে অসাধারণ সুন্দর চেহারা প্রদান করেছিলেন। হযরত যবরকান (রাঃ) ছিলেন এ ধরনের সাহাবীদের অন্তর্ভুক্ত। তিনি আরবের মশহুর কবিলাহ বনু তামিমের শাখা বনু সান্নাদের সাথে সংশ্লিষ্ট ছিলেন। পুত্র নিংড়ানো দাল রং এবং সুন্দর গণ্ডের জন্যে তিনি “মাহে নজদ” উপাধিতে পরিচিত ছিলেন। নিজের গোত্রের লোকজন তাঁর প্রতি খুবই অনুরক্ত ছিলো। কিন্তু অপরিচিত কোন্ ব্যক্তি তাঁকে দেখা মাত্র থ’ মেরে যেতেন। এ কারণেই তিনি যখন দেশের বাইরে যেতেন তখন চেহারার ওপর কাপড় বেঁধে নিতেন। যাতে তাঁর সুন্দর চেহারা দেখে কেউ ফিতনায় না পড়ে যায়। হযরত যবরকানের (রাঃ)-এর কুনিয়ত বা পারিবারিক পদবী ছিল আবু আয়াশ এবং আসল নাম ছিল হোসাইন। কিন্তু তিনি ইতিহাসে যবরকান উপাধিতে মশহুর হন। তাঁর নসবনামা হলোঃ যবরকান (রাঃ) বিন বদর বিন ইয়রুল কামেস বিন খালফ বিন বাহদিলাহ বিন আওফ বিন কায়াব বিন যামেদ মানাত বিন তামিম।

হযরত যবরকান (রাঃ)-এর পিতৃপুরুষরা কোন এক সময় বনু তামিমের বাদশাহ ছিলেন। বস্তুতঃ শাহী বংশের সদস্য হওয়ার কারণে মগোত্রেরে তাঁকে অত্যন্ত শ্রদ্ধার চোখে দেখা হতো। রাসূল (সাঃ)-এর নবুয়ত প্রাপ্তির সময় তিনি “বনু সান্নাদের” নেতা ছিলেন। এটা সেই গোত্র যার সাথে হযুর (সাঃ)-এর খাত্তী মাতা বিবি হালিমার সম্পর্ক ছিল। হযরত যবরকান (রাঃ) শূধুমাত্র একটি গোত্রেরই নেতা ছিলেন না বরং একজন শক্তিশালী কবিও ছিলেন এবং বনি তামিমের কবিদের মধ্যে উচ্চ মর্যাদায় সমাসীন ছিলেন। বনু তামিম দীর্ঘকাল যাবত সিংহাসনের অধিকারী ছিল। এজন্য তাদের মস্তিষ্কে বংশীয় গৌরব ও অহমিকা পুরোপুরিই বিদ্যমান ছিল। এ অহমিকাবোধই তাদেরকে পুরো ২১ বছর পর্যন্ত ইসলাম থেকে বিমুখ করে রেখেছিল। কিন্তু অবশেষে সময় এসে গেল। আরবের অন্যান্য গোত্রের মত বনু তামিমও নবী (সাঃ)-এর সামনে মাথা নত করতে বাধ্য হলো।

মক্কা বিজয় এবং হনাইনের যুদ্ধের পর (অষ্টম হিজরী) সকল অমুসলিম গোত্রের ওপর হক বা সত্বের ভীতি ছেয়ে গেল এবং আরবের প্রতিটি এলাকা থেকে বিভিন্ন গোত্রের প্রতিনিধিদল ইসলাম গ্রহণের নিমিত্তে রাসূল (সাঃ)-এর নিকট উপস্থিত হতে লাগলো। নবম হিজরীতে এত প্রতিনিধি দল এলো যে, এ বছরকে “প্রতিনিধির বছর” বলা হতো। বনু তামিমও ৭০-৮০ জনের একটি প্রতিনিধি দল সে বছর মদীনা প্রেরণ করে। এ প্রতিনিধিদলে তামিম গোত্রের (বিভিন্ন শাখার) বড় বড় নেতা, অনলবব্বী বক্তা এবং উচুমানের কবি অন্তর্ভুক্ত ছিলেন। হযরত যবরকান (রাঃ) বিন বদরও এ দলের একজন সদস্য ছিলেন। বনু তামিমের প্রতিনিধি দলের মদীনা আগমনের ব্যাপারে মশহুর রাওন্নায়েত হলো যে, তারাও অন্যান্য প্রতিনিধি দলের মত আনুগত্য প্রকাশের জন্য রাসূল (সাঃ)-এর খিদমতে হাজির হলো। তবে, এটা পৃথক কথা যে, এ ব্যাপারে প্রতিনিধি দলটি কতিপয় অযৌক্তিক শর্ত আরোপ করেছিলো। কিন্তু অন্য এক বর্ণনায় এও বলা হয়েছে যে, [যা ইমাম বুখারী (রঃ) এবং হাকিম ইবনে কাইয়েম (রঃ) বর্ণনা করেছেন। নবম হিজরীর মুহাররম মাসে হুযর (সাঃ) বনু তামিমের শাখা বনু আশ্বরকে উৎখাতের জন্য একটি বাহিনী প্রেরণ করেছিলেন। কেননা তারা ময়ৎ খিরাজ আদায়ে অস্বীকৃতি জানিয়েছিল এবং অন্যান্য গোত্রকেও তা আদায় করতে নিবেদন করেছিল। বনু আশ্বরের লোকজন ইসলামী বাহিনী দেখে পালিয়ে গেল। মুসলমানরা তাদের ৬২ ব্যক্তিকে স্রোতের করে মদীনা নিয়ে এলো। বনু তামিম এসব কয়েদীকে মুক্ত করার জন্য আকরা বিন হাবিছের নেতৃত্বে বাছাই করা লোকদের একটি দল মদীনা প্রেরণ করলো। ঘটনা যাই হোক, সকল চরিতকারই এ ব্যাপারে একমত যে, এ দল অত্যন্ত ঠাট বাটের সাথে মদীনা এসেছিল। তাকসীরে “মুয়াহিবুর রহমানে” (মৌলবী সাইয়েদ আমীর আলী) প্রতিনিধি দলের নেতা আকরা বিন হাবিছের একটি উক্তি উদ্ধৃত করা হয়েছে। এ উক্তিতে তিনি বলেছেন, “সে সময় আমার মধ্যে জাহেলিয়াত এবং গ্রাম্যতা দোষ বিদ্যমান ছিল এবং আমি বেআদবীর সাথে রাসূল (সাঃ)-এর সামনে পৌঁছে চেঁচিয়ে বললাম, হে মুহাম্মাদ (সাঃ) বাইরে বেরিয়ে আমাদের কাছে এসো।”

তাদের এ বেআদবী রাসূল (সাঃ)-এর নিকট অসহ্য লেগেছিল। কিন্তু তিনি ছিলেন আপাদমস্তক দয়ার সাগর। বাইরে এসে, তিনি তাদের সাথে হাসিমুখে সাক্ষাত করলেন। আকরা (রাঃ) বললেন, “মুহাম্মাদ (সাঃ)! খোদার কসম, আমি সেই ব্যক্তি যার প্রশংসা মানুষের ইচ্ছাত বৃদ্ধি করে এবং আমার ভৎসনা মানুষকে কালিমালিগু করে।” হুযর (সাঃ) বললেন, “এটাতো আল্লাহর কাজ”। আকরা এতেও চুপ না হয়ে বললেন, “আমরা সবচেয়ে বেশী সম্মানিত।” রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “তোমাদের চেয়ে বেশী

সম্মানিত ছিলেন ইউসূফ (সাঃ) বিন ইরাকুব (সাঃ) ”। আকরা এবার তার প্রকৃত রূপ প্রকাশ করে বললো, “মুহাম্মাদ (সাঃ) । আমরা তোমার ওপর স্বর্ধর করতে চাই। তোমাদের কবি এবং বাঙ্গীদেরকে আমাদের কবি ও কবীদের বিরুদ্ধে মোকাবিলার অনুমতি দাও।” ইবনে আছিরের (রাঃ) বক্তব্য অনুযায়ী রাসূলুল্লাহ (সাঃ) বলেছিলেন, “আমি অহমিকা প্রকাশ এবং কাব্যনির্গিরি জন্য আগমন করিনি। যদি তোমরা এছন্যেই এসে থাকো তাহলে তোমাদের কাজ করো। আমরা তার জবাব দেবো।”

আকরা নিজের দলের সদস্য আতারদ বিন হাজিবকে ইমিত্তে বক্তৃতা করার নির্দেশ দিলেন। আতারদ একজন অনলববী বক্তা ছিলেন। তিনি দাড়িয়ে অত্যন্ত সুন্দর ও সুশ্লিষ্ট ভাষায় বনু তামিমের মর্যাদা, ধন-সম্পদ, উচ্চ বংশ, প্রভাব-প্রতিপত্তি, বাহাদুরী, দানশীলতা এবং মেহমানদারীর উল্লেখ করে বক্তৃতা করলেন। তার বক্তৃতা শেষ হলে হযরত (সাঃ) হযরত ছাবিত (রাঃ) বিন কামেস আনসারীকে আতারদের বক্তৃতার জবাব দানের নির্দেশ দিলেন। হযরত ছাবিত (রাঃ) দাড়িয়ে প্রথমে আল্লাহ তারাশার হামদ বা প্রশক্তি প্রকাশ করলেন। অতঃপর রাসূলে আকরাম (সাঃ)-এর নবুয়াত প্রাপ্তি, তাঁর দাওয়াত, কুরআন অবতীর্ণ হওয়া এবং মুহাজির ও আনসারদের কজিলত এমন সুন্দরভাবে এবং প্রভাবশালী ভাষায় বর্ণনা করলেন যে, সমগ্র মজলিশ নীরব হয়ে গেল।

এর পর বনু তামিমের পক্ষ থেকে যবরকান বিন বদর কাব্য প্রতিযোগিতায় অবতীর্ণ হলেন এবং নিজের কণ্ঠের প্রশংসায়, এক শক্তিশালী কাসিদাহ আবৃত্তি করলেন।

হাজিব ইবনে হাজার (রাঃ) “ইসাবাহ”-তে লিখেছেন যবরকানের কবিতা শুনে মরং রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “ইন্না মিনাল বায়ানি লা সিহরা” অর্থাৎ কিছু কিছু বক্তৃতায় যাদু থাকে। কবিতা পাঠ শেষে যবরকান বসে গেলে শির নবী (সাঃ) হযরত হাসান বিন ছাবিত (রাঃ)-কে জবাব দানের নির্দেশ দিলেন। তিনি দাড়িয়ে শক্তিশালী ও কাব্যরসে সুসম্বিত এমন কবিতা আবৃত্তি করলেন যে, বনু তামিম গোত্রের প্রতিনিধিরা ধ মেয়ে গেলেন এবং প্রতিনিধি দলের নেতা আকরা বিন আবিছের মুখ দিয়ে অবলীলাক্রমে বেরিয়ে এলো:

“পিতার কসম! মুহাম্মাদ (সাঃ)-এর বক্তা আমাদের বক্তার চেয়ে উত্তম এবং মুহাম্মাদ (সাঃ)-এর কবি আমাদের কবির চেয়ে ভালো। তাদের কণ্ঠের আমাদের

কন্ঠম্বর থেকে হৃদয়গ্রাহী এবং মিষ্টি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, শূখরায় এক আত্মাহুই ইবাদাতের উপযুক্ত এবং মুহাম্মাদ (সাঃ) আত্মাহুর রাসূল।

প্রতিনিধি দলের সকলেই একবাক্যে তার সাথে ঐকমত্য প্রকাশ করলেন এবং সবাই কালেমায়ে শাহাদাত পড়ে নিজেদের হাত রহমতে আলম (সাঃ)-এর পবিত্র হাতে রাখলেন। সাথে সাথে হযরত আকরার সুগারিশে জ্বর (সাঃ) বনু আশ্বজের সকল কয়েদীকে মুক্ত করে দিলেন।

এ প্রতিনিধি দল মদীনা থেকে প্রত্যাবর্তন করতে লাগলো। এ সময় খ্রিয় নবী (সাঃ) যবরকান (রাঃ) বিন বদরকে নিজের পক্ষ থেকে বনু সান্নাদের আমীর নিযুক্ত করলেন। সত্তবতঃ জাহেলী যুগে তার যে সম্মান ছিল ইসলাম গ্রহণের পরও রাসূলুল্লাহ (সাঃ) তা বহাল রাখলেন।

বিশ্ব নবী (সাঃ)-এর ইচ্ছেকালের পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) খিলাফতের আসনে সমাসীন হলেন। এ সময় সম্রা আরবে ধর্মদ্রোহিতার আশুন প্রকল্পিত হয়ে উঠলো। আনসার, কুরাইশ এবং বনু ছাকিফ ছাড়া আরকের এমন কোন গোত্র ছিল না যে, এ ফিতনায় প্রভাবিত হয়নি। বনু তামিমের অনেক শাখাই ধর্মদ্রোহের দাবানলে এলো এবং যাকাত প্রদানে অস্বীকৃতি জানালো। কিন্তু হযরত যবরকান (রাঃ) অত্যন্ত দৃঢ়তার সাথে হকের ওপর দণ্ডায়মান রলেন এবং ম-গোত্র বনু সান্নাদকেও এ ফিতনা থেকে রক্ষা করলেন। ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন যে, তিনি সে ঘনঘটা পূর্ণ দুর্ভোগের সময়ও যথারীতি নিজের কবিলা থেকে যাকাত আদায় করে খিলাফতের দরবারে প্রেরণ করেছিলেন। খলিফাতুর রাসূল হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) তার ইখলাস এবং দৃঢ়তার খুশী হয়ে তার মান ও মর্যাদা বহাল রেখেছিলেন।

হযরত ওমর ফারুক (রাঃ)-এর খিলাফতকালেও হযরত যবরকান (রাঃ) বনু সান্নাদের নেতৃত্বে সমাসীন ছিলেন। একবার তিনি যাকাতের অর্থ নিয়ে মদীনা মুনাওয়ারাহ আসছিলেন পথিমধ্যে প্রখ্যাত কবি হাতিয়ার সাথে সাক্ষাত হলো। আলোচনাকালে হাতিয়া জানালো যে, মরুর জীবনে তার নাতিশাস উঠেছে। এখন সে ইরাক যাচ্ছে। সেখানকার নিরামতসমূহ দিয়ে উপকৃত হতে চায়। হযরত যবরকান (রাঃ) আরাম আয়েশের জীবন পছন্দ করতেন না এবং মরুর সাদাসিধে জীবনকে অগ্রাধিকার দিতেন। তিনি হাতিয়াকে ইরাক গমনে বাধা দিলেন এবং প্রত্যাবর্তন পর্ত্ত তাকে তাঁর বাড়ীতে মেহমান হিসেবে অবস্থানের কথা বললেন। হাতিয়া সে সময় তাঁর কথা মেনে

নিলেন। কিন্তু তার অন্তরে হযরত যবরকান (রাঃ) সম্পর্কে খারাপ ধারণা বদ্ধমূল হলো। সে ভাবলো যে যবরকান (রাঃ) কাব্য সম্পর্কিত তার আশা-আকাংখা খুলিসাং করে দিয়েছে। সুতরাং সে তার সম্পর্কে ব্যঙ্গ কবিতা লিখে ফেললো। হযরত যবরকান (রাঃ) চাইলে জবাব দিতে পারতেন। কিন্তু ইসলাম গ্রহণের পর তিনি এ ধরনের বিজ্ঞপাত্মক কবিতা রচনা বন্ধ করে দিয়েছিলেন। এজন্যে তিনি খিলাফতের দরবারে হাতিয়ার বিরুদ্ধে অভিযোগ পেশ করাটাকেই যুক্তিযুক্ত মনে করলেন। হাতিয়ার কবিতা ছিল রূপক ধরনের। বাহ্যতঃ তা বিজ্ঞপাত্মক ছিল না। হযরত ওমর ফারুক (রাঃ) হযরত যবরকান (রাঃ)-এর অভিযোগে দোদুল্যমান অবস্থায় নিপতিত হলেন। এবং তিনি রাসূলুল্লাহ (সাঃ) এর কবি হযরত হাসসান বিন ছাবিত (রাঃ)-এর মত চাইলেন। তিনি তাঁকে জিজ্ঞেস করলেন যে, হাতিয়ার কবিতা ব্যঙ্গাত্মক কিনা। তিনি সিদ্ধান্ত দিলেন যে, কবিতাটি ব্যঙ্গাত্মকই। এর পর হযরত ওমর ফারুক (রাঃ) হাতিয়াকে শ্রেফতার করালেন।

হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) “ইসতিয়াবে” লিখেছেন, কিছুদিন পর হযরত যোবায়ের (রাঃ), ইবনুল আওয়াম এবং হযরত আবদুর রহমান (রাঃ) বিন আওফ হাতিয়ার মুক্তির সুপারিশ করলেন। হযরত ওমর (রাঃ) এ সব মহান সাহাবী (রাঃ)-কে খুব মান্য করতেন। তিনি তাদের সুপারিশ মেনে নিলেন এবং হাতিয়াকে ভবিষ্যতের জন্য তওবাহ করিয়ে মুক্ত করে দিলেন।

হযরত যবরকান (রাঃ) হক কখনে অত্যন্ত পারদর্শী ছিলেন। হাফিজ ইবনে হাজার (রাঃ) বর্ণনা করেছেন, আমীর মাযিয়া (রাঃ)-এর শাসনকালের নামকরা গবর্ণর যিয়াদ বিন আবিহ একবার মানুষের ওপর নির্যাতন চালালো। তিনি তার কাছে গমন করলেন এবং প্রকাশ্যে বললেন যে, তোমার নির্যাতনে জনগণ অতীর্ক হয়ে উঠেছে। এ কাজ থেকে তুমি বিরত হও।

হযরত যবরকান (রাঃ)-এর মৃত্যু সন সম্পর্কে ইতিহাসবিদরা নীরব। অবশ্য আমীর মাযিয়া (রাঃ)-এর শাসনকাল পর্বন্ত তিনি জীবিত ছিলেন। ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন যে, তিনি যদি কখনো মক্কা মুম্বাজামা গমন করতেন তাহলে নিজের চেহারা ওপর কাপড় বেঁধে নিতেন। যাতে তাঁর অনিন্দসুন্দর চেহারা ওপর মানুষের দৃষ্টি না পড়ে।

...

হযরত জারুদ (রাঃ) বিন আমর আবদী

ষষ্ঠ হিজরীতে হুদায়বিয়ার সন্ধির পর বিশনবী হযরত মুহাম্মাদ মুত্তফা (সাঃ) চার পারশের বাদশাহ এবং রইসদের নামে ইসলামের দাওয়াত সম্প্রসারিত পত্র প্রেরণ করেন। এ ধরনের একটি পত্র বাহরাইনের শাসক মানযার বিন সাওয়ান নামেও প্রেরণ করা হয়। হযরত আলী (রাঃ) বিন আবদুল্লাহ হাজ্জরামী পত্রটি বহন করে নিয়ে যান। পত্রটির কারণে মানযার খুব প্রভাবিত হন এবং ইসলাম গ্রহণ করেন। তার হাতেই বিরাট সংখ্যক বাহরাইনবাসী ইসলাম কবুল করেন। আরবের মশহুর কবিলাসহ আবদুল কামেস বাহরাইনে বসবাস করতো। এ গোত্র ছিল খৃষ্ট ধর্মাবলম্বী। বাহরাইনে ইসলামের শূভ পদার্পণে গোত্রটির কিছু লোক ইসলাম গ্রহণ করলেও অবশিষ্টরা নিজেদের ধর্মের ওপর প্রতিষ্ঠিত ছিল।

অষ্টম হিজরীতে মক্কায় ইসলামের পতাকা উজ্জীন হলে ইসলামের শত্রুরা ভীত বিহ্বল হয়ে পড়ে এবং আরবের আনাচে-কানাচে থেকে বিভিন্ন গোত্রের প্রতিনিধিদল আনুগত্য প্রকাশের জন্য রাসূল (সাঃ)-এর খিদমতে হাজির হতে থাকেন। ন' অথবা দশ হিজরীতে আবদুল কামেস গোত্রের খৃষ্টানরাও একটি প্রতিনিধিদল মদীনা মুনাওয়রাহ প্রেরণ করে। ইবনে সামাদ (রাঃ)-এর বক্তব্য অনুসারে এ দলটি ২০ সদস্য এবং হাফিজ ইবনে হাজ্জার আসাকালানী (রাঃ)-এর মত অনুযায়ী তা চল্লিশ সদস্য সমন্বয়ে গঠিত ছিল। প্রতিনিধিদলটি নবী (সাঃ)-এর খিদমতে হাজির হলে দলনেতা সামনে অগ্রসর হয়ে আরজ করলো : "হে মুহাম্মাদ! আমি প্রথম থেকেই ঐশী খৃষ্ট ধর্মের অনুসারী। এখন আপনার হীনের জন্য নিজের হীন ত্যাগ করছি। আপনি কি আমার এ ধর্ম পরিবর্তনের জন্য নাজাতের জামিন হবেন?"

প্রিয় নবী (সাঃ) ফরমালেন : "হী, আমি জামিন হলাম। ইসলাম তোমাদের ধর্ম থেকে উত্তম।" হুয়র (সাঃ)-এর ইরশাদ শুনে দলনেতা তৎক্ষণাৎ কালেমায়ে তাওহীদ পাঠ করে মুসলমান হয়ে গেলেন। তার ইসলাম গ্রহণের সাথে সাথে প্রতিনিধি দলের অন্যান্য সদস্যরাও ঈমান আনলেন। তাদের ইসলাম গ্রহণে রাসূলুল্লাহ (সাঃ) খুব খুশী

হলেন' এবং তাদের প্রতি সম্মান প্রদর্শন করলেন। আবদুল কায়েস এ প্রতিনিধি দলের নেতা ছিলেন হযরত জারুদ (রাঃ) বিন আমর। তাঁকে রাসূলুল্লাহ (সাঃ) মুস্তির জামানত দিয়েছিলেন।

হযরত জারুদ বিন আমর কিতাবপন্থী সাহাবী হিসেবে পরিগণিত ছিলেন। কিতাবপন্থী সাহাবী বলতে তাদেরকেই বুঝায় যারা ইসলাম গ্রহণের পূর্বে ইহুদী অথবা খৃষ্টান ছিলেন। হযরত জারুদ (রাঃ)-এর প্রকৃত নাম ছিল বাশার। কুনিয়ত ছিল আবু মানযার। লকব ছিল জারুদ। এ লকব এত প্রসিদ্ধি লাভ করে যে, প্রকৃত নাম মানুষ ভুলেই যায়। চরিত্র গ্রন্থে তাঁর বংশনামা শুধু এতটুকুই পাওয়া যায়: বাশার (জারুদ) বিন আমর বিন মুয়াল্লা আবদী।

হযরত জারুদ (রাঃ) আবদুল কায়েস গোত্রের অত্যন্ত প্রভাবশালী এবং অন্যতম প্রখ্যাত নেতা ছিলেন। তিনি খ্যাতিমান বাহাদুরও ছিলেন। ইসলাম গ্রহণের পূর্বে একবার তিনি বকর বিন ওয়ায়েল গোত্রের ওপর অতর্কিতে হামলা চালিয়ে, সকল গবাদিপশু এবং ধন-সম্পদ এমনকি সেলাইয়ের সূতা পর্যন্ত লুট করে নিয়েছিলেন। এ ঘটনা এত প্রসিদ্ধি লাভ করছিলো যে, তিনি বনু আবদুল কায়েস গোত্রের জন্য গৌরবের বিষয় হয়ে দাঁড়ায়। কবিরী পর্যন্ত কাব্যে হযরত জারুদ (রাঃ)-এর নাম বীর হিসেবে উল্লেখ করতো।

হযরত জারুদ (রাঃ)-এর ইসলাম গ্রহণ সম্পর্কিত উপরোল্লিখিত বর্ণনা সীরাতে ইবনে হিশাম থেকে উৎকলিত হয়েছে। অন্য এক বর্ণনায় আছে যে, তিন রাসূল (সাঃ)-এর দরবারে উপস্থিত হলেন, তখন হযর (সাঃ) বললেন : 'জারুদ! তুমি এবং তোমার কণ্ঠ আসতে অনেক বিলম্ব করে ফেলেছ।'

হযরত জারুদ (রাঃ) লজ্জা প্রকাশ করে আরজ করলেন: "হে আল্লাহর রাসূল (সাঃ)! এখন আমি আপনার খিদমতে হাজির হয়েছি। আমি ইজিলে আপনার গুণাবলী সম্পর্কে অধ্যয়ন করেছি। হযরত ঈসা (আঃ) আপনার আগমনের সুসংবাদ দিয়েছেন।" অতপর তিনি বললেন, "হে আল্লাহর রাসূল (সাঃ)! আপনার পবিত্র হাত সম্প্রসারিত করুন। প্রিয় নবী (সাঃ) নিজের হাত এগিয়ে দিলেন। হযরত জারুদ (রাঃ) ত্বরিত গতিতে তা ধরলেন এবং কালেমায়ে তাওহীদ পাঠ করে ইসলামের ছায়াতলে আশ্রয় নিলেন। (তারিখে ইবনে আসাকির)।

এ বর্ণনায় জানা যায় যে, হযরত জারুদ (রাঃ) লেখাপড়া জানতেন এবং ইঞ্জিলের ওপরও তার দখল ছিল। কতিপয় বর্ণনা থেকে প্রকাশ পায় যে, তিনি কবিও ছিলেন। হাকিম ইবনে হাজার (রাঃ) “ইসাবাহ” গ্রন্থে লিখেছেন যে, ইসলাম গ্রহণের পর তিনি নবী (সাঃ)-এর দরবারে কবিতার কতিপয় শব্দক প্রদর্শন হিসেবে পেশ করেছিলেন।

ইসলাম গ্রহণের পর হযরত জারুদ (রাঃ) এবং তার সাথীরা কিছুদিনের জন্য মদীনা মুনাওয়ারাহ অবস্থান করেন। অতপর দেশে ফিরে যাওয়ার উদ্দেশ্যে সফরের প্রতুতি নিলেন। হাফেজ ইবনে কাইয়েম (রাঃ) “জাদুল মিন্নাদ” গ্রন্থে লিখেছেন, যাত্রার প্রাকালে তিনি রাসূল (সাঃ)-এর নিকট আরজ করলেন : “ হে আল্লাহর রাসূল! খরচপত্রের জন্য আমাদেরকে কিছু দিন।” হযুর (সাঃ) বললেন: “এখন বাইতুল মাল শূন্য।” তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ! “আমাদের এলাকার লাওয়ারিশ উট যততই ঘুরে বেড়ায়। এ সব উট মালিকানায় নেওয়া কি জায়েয? ইরশাদ হলো: “লাওয়ারিশ উট মালিকানায় নেয়ার অর্থই হলো দোজখের আগুন অবধারিত করে নেয়া।”

ইবনে হিশাম (রাঃ) বর্ণনা করেছেন যে, মদীনা থেকে রওয়ানা হওয়ার প্রাকালে হযরত জারুদ (রাঃ) রাসূল (সাঃ)-এর বিদমতে আরজ করলেন, আমাদের প্রতিনিধি দলের সওয়ারীর ব্যবস্থা করা হোক। তখনকার পরিস্থিতিতে সওয়ারীর ব্যবস্থা করা গেলো না। এতে হযরত জারুদ আরজ করলেন: “ইয়া রাসূলুল্লাহ! রাতারা আমরা অন্যের অনেক উট পাবো (অর্থাৎ মালিকহীন উট)। তা ধরে সওয়ার হওয়ার অনুমতি আছে কি?” হযুর (সাঃ) ফরমালেন : “অবশ্যই নয়। তাকে আগুন মনে কর। “মোট কথা, হযরত জারুদ (রাঃ) ইসলাম নামক নেয়ামত লাভ করে দেশে ফিরে গেলেন।

রাসূলুল্লাহ (সাঃ)-এর ইন্তেকালের পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) খলিফা নির্বাচিত হলেন। তিনি সামগ্রিক পরিস্থিতির সম্যক পর্যালোচনা করতে পারেননি ঠিক এমন সময়ে আরব জুড়ে ধর্ম তালীদের লেপিহান শিখা প্রকলিত হয়ে উঠলো। মকার কুরাইশ, মদীনার মুহাজির ও আনসার এবং বনু হাকিম ব্যতীত কোন গোত্র এমন ছিল না যে তারা এ ফিতনার প্রভাবে কম বেশী প্রভাবিত হয়নি। সিদ্দিকে আকবর (রাঃ) অত্যন্ত সাহস, দৃঢ়তা এবং ঈমানী শক্তির সাথে সেই ভয়ানক ফিতনার মুকাবিলা করেন এবং কয়েক মাসের মধ্যেই তার মূলোৎপাটন করে ছাড়েন। চরিতকাররা বলেছেন, আবদুল কাদের গোত্রও ধর্মত্যাগের ফিতনায় জড়িয়ে পড়েছিল। কিন্তু হযরত জারুদ (রাঃ) শূধু সাহস ও অটলতার সাথে ইসলামের ওপর ক্যামেই থাকেননি বরং গোত্রের নেতা হওয়ার কারণে তিনি নিজের গোত্রবাসীকেও ধর্মত্যাগী হওয়া থেকে ফিরিয়ে রাখার

প্রচেষ্টা চালান। তিনি বাহরাইনের অন্যান্য লোকদেরকেও ইসলামের ওপর প্রতিষ্ঠিত থাকার নির্দেশ দিলেন। তাঁর এ প্রচেষ্টার ফলে বহু মানুষ পথভ্রষ্ট হওয়া থেকে বেঁচে গেল। যারা তাঁর কথায় কান দিল না তারা মুরতাদদের সাথে যোগ দিল। পরবর্তীতে তারা শিক্ষণীয় পরিণাম ভোগ করেছিলো। খলিফাতুর রাসূল (সাঃ) হযরত আলা (রাঃ) বিন আবদুল্লাহ হাজ্জরামীকে এক মজবুত বাহিনী দিয়ে বাহরাইনের অভিযানে প্রেরণ করলেন। হযরত আলা বাহরাইন পৌঁছে মুরতাদদেরকে এমনভাবে উৎখাত করলেন যে, তারা আর ভবিষ্যতে মাথা উঁচু করে দাঁড়াতে পারেনি।

হযরত ওমর ফারুক (রাঃ)-এর খিলাফতকালে হযরত কুদামাহ (রাঃ) বিন মাজ্জউন বাহরাইনের গভর্নর হয়ে এলেন। একবার কতিপয় রোমক হযরত জারুদ (রাঃ)-কে বললো যে, তারা কুদামাহ (রাঃ)-কে শরাব পান করতে দেখেছেন। হযরত জারুদ (রাঃ) নিজের গভর্নরের এ পদস্থলন সহ্য করতে পারলেন না এবং সোজা মদীনা মুনাওয়রা পৌঁছে হযরত ওমর (রাঃ) এর খিদমতে আরম্ভ করলেনঃ “আমীরুল মুমিনিন! কুদামাহ শরাব পান করেছে। তার ওপর শরীয়তের হদ বা শাস্তি বিধান করুন।”

হযরত ওমর ফারুক (রাঃ) সাক্ষ্য তলব করলেন। হযরত জারুদ (রাঃ) হযরত আবু হুরায়রাহ (রাঃ)-এর নাম বললেন। হযরত ওমর (রাঃ) হযরত আবু হুরায়রাহ (রাঃ)-কে ডেকে জিজ্ঞেস করলেন। তিনি বললেনঃ “আমি নিজেতো শরাব পান করা অবস্থায় দেখিনি। তবে নেশার অবস্থায় বমি করতে দেখেছি।”

হযরত ওমর (রাঃ) বললেন, “শুধু এ সাক্ষ্যে অপরাধ প্রতিষ্ঠিত হয় না।” আরো অনুসন্ধানের জন্য তিনি কুদামাহ (রাঃ)-কে বাহরাইন থেকে ডেকে পাঠালেন। যখন তিনি এলেন তখন হযরত জারুদ (রাঃ) তার ওপর হদ জারীর দাবী জানালেন।

হযরত ওমর (রাঃ) বললেন, “তুমি তো সাক্ষী। বাদী নও। তোমার কাজ ছিল সাক্ষ্য দান। তা তুমি দিয়েছ। এখন তুমি চূপ থাকো।”

সে সময় জারুদ (রাঃ) চূপ মেরে গেলেন। কিন্তু পরের দিন হযরত কুদামাহ (রাঃ)-এর ওপর হদ জারীর জন্য পীড়াপীড়ি করলেন, সাক্ষ্য যথেষ্ট ছিল না। এজন্য হযরত ওমর (রাঃ)-এর নিকট হযরত জারুদ (রাঃ)-এর পীড়াপীড়ি অসহ্য মনে হলো এবং বললেনঃ “জারুদ! তুমি বাদী হয়ে যাছ। প্রকৃত অবস্থা হলো যে, সাক্ষী যাত্র একজন। এতে হযরত জারুদ বললেন,ঃ “আমীরুল মুমিনিন! আমি আপনাকে আগ্রাহর কসম

দিয়ে বলছি যে, হৃদয়ঙ্গারী বা দণ্ড বিধানের বিলম্ব করবেন না।” এ পীড়ার পীড়িতে হযরত ওমর (রাঃ)-এর কিছুটা সন্দেহ হলো এবং বললেন : “জারুদ! তুমি নিজের জবাবের ওপর লাগাম টানো। নচেৎ আমি কঠোরতা অবলম্বন করবো।” এ ভীতি প্রদর্শনে হযরত জারুদ (রাঃ) আবেগাধিত হয়ে বললেন : “আমীরুল মুমিনিন! এটা ঠিক নয় যে, আপনার চাচার পুত্র শরাব পান করবে আর উল্টো আমাকে ধমক দেবেন।”

এ সময় হযরত আবু হুরায়রাহ (রাঃ) হযরত ওমর (রাঃ)-কে পরামর্শ দিলেন যে, আপনার যদি সন্দেহ হয় তাহলে কুদামাহ (রাঃ)-এর স্ত্রীকে ডেকে জিজ্ঞেস করুন। হযরত ওমর (রাঃ) হযরত কুদামাহ (রাঃ)-এর স্ত্রী হিন্দাকে ডেকে জিজ্ঞেস করলে তিনি হযরত আবু হুরায়রাহ (রাঃ)-এর কথার সত্যতা স্বীকার করলেন। এরপর হযরত ওমর (রাঃ) কুদামাহ (রাঃ)-কে বললেন, “কুদামাহ! দণ্ডের জন্য প্রস্তুত হয়ে যাও।”

হযরত কুদামাহ (রাঃ) আরজ করেন : আমীরুল মুমিনিন! ধরে নিলাম তাদের সাক্ষ্য অনুযায়ী আমি শরাব পান করেছি। তবু আমার ওপর দণ্ড বিধান করার অধিকার আপনার নেই। হযরত ওমর (রাঃ) জিজ্ঞেস করলেন -“তা কি করে?” হযরত কুদামাহ (রাঃ) বলেন, আল্লাহ পাক বলেছেন :

“যারা ঈমান এনেছে এবং নেক কাজ করেছে তাদের ওপর সেসব বড়ুর কোন গুনাহ নেই যা তারা বেয়েছে। কেননা, তারা পরহেয করেছে এবং ঈমান এনেছে এবং নেক কাজ করেছে। অতপর পরহেয করেছে এবং ঈমান এনেছে। অতপর পরহেয করেছে এবং নেক কাজ করেছে।” (আল মায়দা : ৯৩)

হযরত ওমর (রাঃ) বললেন : “তুমি ব্যাখ্যা ভুল করছো। তোমার সরাসরি হারাম বস্তু থেকে পরহেয করা উচিত ছিল।”

এরপর হযরত ওমর (রাঃ) হযরত কুদাইমা (রাঃ)-এর ওপর শরীয়তের দণ্ড জারী করলেন এবং হযরত জারুদ (রাঃ) মুতমায়েন হয়ে দেশে ফিরে গেলেন।

হাফিজ ইবনে হাজার (রাঃ) বর্ণনা করেছেন, কিছুদিন পর হযরত জারুদ (রাঃ) বসারায় স্থায়ীভাবে বসবাস শুরু করেন। সেখানে থেকেই তিনি ইরানের

জিহাদে অংশ গ্রহণরত মুজাহিদ বাহিনীতে যোগ দেন। ভিন্ন বর্ণনানুযায়ী তিনি পারস্য অথবা নাহাভন্দের যুদ্ধে লড়াইরত অবস্থায় শাহাদাতের শিরাশা পান করেন। তিনি মানযার নামক এক পুত্র রেখে যান। এ পুত্রের নামনুসারে তাঁর কনিষ্ঠত ছিল আবু মানযার।

হযরত জারুদ (রাঃ) যদিও রাসূল (সাঃ)-এর যুগের শেষ পর্যায়ে ইসলাম গ্রহণ করেছিলেন। তবুও কজিলত এবং কামালিন্নাতের দিক থেকে শূন্য হাত ছিলেন না। তাঁর থেকে কতিপয় হাদীস হাদীসের কিতাবসমূহে বর্তমান আছে। এসব হাদীস মুহাম্মাদ বিন সিরিন (রাঃ), আবুল কামুস (রাঃ), আবু মুসলিম আল-জামী (রাঃ) এবং যারুদ বিন আলী (রাঃ), বর্ণনা করেছেন। সাহাবায়ে কিরাম (রাঃ) এর মধ্যে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমর ইবনুল আস তাঁর থেকে রাওয়ায়েত করেছেন। মুসনাদে আহমদ বিন হাম্বলে এ হাদীস হযরত জারুদ (রাঃ) থেকেই বর্ণিত আছে : “মুমিনের হারানো বস্তুতে যে ব্যক্তি মালিকানা স্থাপন করেছে সে নিজেকে আগুনে জালিয়ে দিয়েছে।”

চরিতকাররা হযরত জারুদ (রাঃ)-কে ইখলাস কি দীন, হক কথন, বাহাদুরী এবং স্পষ্টবাদিতার জন্য খুব প্রশংসা করেছেন।

* * *

হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ)

চতুর্থ অথবা পঞ্চম হিজরীর কথা। জলিলুল কদর সাহাবী হযরত তালহা (রাঃ) বিন উবাইদুল্লাহ (রাঃ)-এর গৃহে (আশারারে মুবাশশিরার অন্যতম) একটি পুত্র সন্তান ভূমিষ্ট হলো। তিনি নিজের প্রভু ও মালিক রাসূলুল্লাহ (সাঃ)-এর নামে তার নাম রাখলেন এবং বরকত লাভের উদ্দেশ্যে কোলে করে রাসূল (সাঃ)-এর নিকট নিয়ে গেলেন। হযুর (সাঃ) জিজ্ঞেস করলেন, তার নাম কি রাখা হয়েছে। হযরত তালহা (রাঃ) আরজ করলেন, “মুহাম্মাদ” প্রিয় নবী (সাঃ) বললেন, ঠিক আছে। তাহলে তার কুনিয়ত আমার কুনিয়তের মত আবুল কাসেম থাকলো। অতপর তিনি শিশুর মাথায় স্নেহের হাত বুলালেন এবং তার জন্য মঙ্গল কামনা করে দোয়া করলেন। তাঁর দোয়ার প্রভাবে আবুল কাসেম মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) বড় হয়ে সং চরিত্রের এক নমুনা হলেন। তাকওয়া এবং ইবাদাতের ক্ষেত্রে বিশেষ ব্যক্তিবর্গের মধ্যে পরগণিত হতেন।

হযরত আবুল কাসেম মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ)-এর সম্পর্ক কুরাইশের নবু তাইম গোত্রের সাথে সংশ্লিষ্ট ছিল এবং তিনি সাইয়েদেনা হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)-এর নিকটাত্মীয় ছিলেন তার বংশনামা হলোঃ মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) বিন উবাইদুল্লাহ বিন উসমান বিন আমর বিন কান্নাব বিন সান্নাদ বিন তাইম বিন মাররাহ বিন কান্নাব।

মাররাহ বিন কান্নাবের পর তাঁর নসবনামা প্রিয় নবী (সাঃ)-এর নসবের সাথে মিলে যায়। মাতার নাম ছিল হামনাহ (রাঃ) বিনতে জাহাশ। তিনি প্রখ্যাত সাহাবিয়ার অন্তর্ভুক্ত। তিনি উম্মুল মুমিনিন হযরত যম্নব (রাঃ) বিনতে জাহাশের সহোদরা এবং রাসূলুল্লাহ (সাঃ)-এর সূপাতো বোন ছিলেন। এদিক থেকে হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা নবীজি (সাঃ)-এর ভাগিনা ছিলেন।

সাহাবী পিতা এবং সাহাবিয়াহ মাতার কোলে লালিত পালিত হয়ে হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) উন্নত চরিত্রের এক উদাহরণতুল্য ব্যক্তিত্ব হিসেবে গড়ে উঠেছিলেন। তিনি এত বেশী ইবাদাত করতেন যে, মানুষের মধ্যে “সাক্বাদ” —অতিরিক্ত সিজদাকারীর উপাধিতে মশহুর হয়ে গিয়েছিলেন। নেতৃস্থানীয় চরিত্রকাররা বলেছেন যে, ইসলামের ইতিহাসে তিনিই প্রথম ব্যক্তি যাকে “সাক্বাদ” উপাধি দেয়া হয়েছিল।

হাফিজ ইবনে হাজার (রাঃ) আল ইসাবাহ গ্রন্থে লিখেছেন যে, হযরত ওমর ফারুক (রাঃ)—এর ভ্রাতা হযরত য়ায়েদ (রাঃ) বিন বাত্তাবের পুত্রের নামও মুহাম্মাদ ছিল। সাইয়েদেনা হযরত ওমর ফারুক (রাঃ)—এর খিলাফতকালে একবার কোন ব্যক্তি য়ায়েদ (রাঃ)—এর পুত্রকে ডেকে গালমন্দ দিল। হযরত ওমর ফারুক (রাঃ) এ কথা জ্ঞানতে পেয়ে তাকে ডেকে বললেন, তোমার নামের কারণে “মুহাম্মাদ” নামকে গালমন্দের নিশানা বানানো যায় না। আজ থেকে তোমার নাম মুহাম্মাদের পরিবর্তে আবদুর রহমান রাখা গেল।

অতঃপর তিনি হযরত তালহা (রাঃ)—এর পুত্রদের নিকট একটি পয়গাম প্রেরণ করলেন। পয়গামে তিনি জানালেন যে, তোমার এবং তোমার সন্তান সন্ততির মধ্যে যার যার নাম মুহাম্মাদ রাখা হয়েছে তা পরিবর্তন করা হোক। হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা খিলাফতের দরবারে হাজির হয়ে আরজ করলেন : “ আমিরুল মুমিনিন! রাসূলুল্লাহ (সাঃ) স্বয়ং আমার নাম “মুহাম্মাদ” পছন্দ করেছিলেন।

হযরত ওমর (রাঃ) বললেন, যদি এটা সত্য হয় তবে যাও। কারণ রাসূল (সাঃ)—এর পছন্দকৃত নাম আমি পরিবর্তন করতে পারিনি।

বিশ্বনবী (সাঃ)—এর পরলোক গমনের সময় হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) অপ্রাপ্ত বয়স্ক ছিলেন এবং হযরত আবু বকর (রাঃ) ও হযরত ওমর (রাঃ)—এর শাসনকালে তাঁর শৈশবকাল ছিল। এ জন্য তিনি এসময় বিশেষ কোন কৃতিত্ব প্রদর্শন করার সুযোগ পাননি। হযরত ওলমান জুল্লাইন (রাঃ)—এর খিলাফতকালে পূর্ণ বয়স্ক হওয়া হন এবং একজন নিশিাপনকারী আবেদ (সাক্বাদ) হিসেবে খ্যাতিলাভ করেন। ইমাম হাকিম (রাঃ) “মুলতারাকে” লিখেছেন তাকওয়া এবং ইবাদাতের কারণে বড় বড় সাহাবীও তাকে দিয়ে দোয়া করতেন।

আমীরুল মু'মিনিন হযরত ওসমান জুন্নরাইনের (রাঃ)-এর বিরুদ্ধে বিশৃংখলা দেখা দিলে বিদ্রোহীরা খিলাফত ভঙ্গন অবরোধ করলো। এ সময় হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) ও অন্যতম কুরাইশ যুবক হিসেবে ভবনের দরজায় দাড়িয়ে বিদ্রোহীদের বাধা দান করেন। ধ্বংসাত্মকভাবে হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ), হযরত হাসান (রাঃ) বিন আলী (রাঃ) এবং হযরত আলী (রাঃ)-এর গোলাম কাম্বর আহত হন। কিন্তু তারা বিদ্রোহীদের দরজায় প্রবেশ করতে দেননি। অবশ্য কতিপয় বিশৃংখলাকারী প্রতিবেশীর বাড়ীর প্রাচীর টপকে ভেতরে প্রবেশ করে আমীরুল মু'মিনিনকে শহীদ করে ফেলে।

হযরত আলী কারামুল্লাহ ওয়াজাহাহ এ হৃদয় বিদারক ঘটনা শুনে অত্যন্ত দুঃখিত হলেন এবং তৎক্ষণাৎ হযরত ওসমান শহীদ (রাঃ)-এর বাড়ী গেলেন। নিজের পুত্র হযরত হাসান ও হোসাইন (রাঃ)-কে মারলেন এবং মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ) এবং আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-কে কঠোর ভাষায় ধমক দিলেন। তিনি বললেন, তোমারা এখানে থাকতে কি করে এ ঘটনা ঘটলো। তারা বললেন, আমরা কি করতে পারতাম। হস্তা বাড়ীর পশ্চাতদিক থেকে প্রাচীর টপকে ভেতরে প্রবেশ করে। দরজা দিয়ে আমরা কাউকেই প্রবেশ করতে দেইনি।

হযরত আলী (রাঃ) খলিফা নির্বাচিত হলে হযরত ওসমান (রাঃ) হত্যার কিসাস বা বদলার দাবী শক্তিশালী হয়ে ওঠলো। এ প্রসঙ্গেই উষ্ট্রের যুদ্ধের মত দুঃখজনক ঘটনা ঘটলো। এক পক্ষের নেতৃত্ব দিচ্ছিলেন উম্মুল মু'মিনিন হযরত আয়েশাহ সিদ্দিকাহ (রাঃ) এবং অন্যদিকে ছিলেন হযরত আলী কারামুল্লাহ ওয়াজাহাহ (রাঃ)। হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ)-এর আন্তরিক টান ছিল হযরত আলী (রাঃ)-এর প্রতি। কিন্তু শ্রদ্ধেয় পিতা তালহা (রাঃ)-এর কারণে উম্মুল মু'মিনিন হযরত আয়েশার (রাঃ)-এর বাহিনীতে যোগ দেন। যুদ্ধের প্রারম্ভে তিনি উম্মুল মু'মিনিনকে (রাঃ) বললেনঃ 'আম্মাজান! পুত্রের জন্য কি নির্দেশ আছে? উম্মুল মু'মিনিন (রাঃ) বুঝে ফেললেন যে, সে যুদ্ধে অংশ নিতে চায় না। তিনি বললেন, "তোমার অন্তর যদি মুতমায়েন না হয় তাহলে বনি আদমের পস্থা অবলম্বন কর এবং নিজের হাত ফিরিয়ে রাখো।"

উম্মুল মু'মিনিন (রাঃ)-এর কথা শুনে হযরত মুহাম্মাদ (রাঃ) তরবারী ঋপে ঢোকালেন। যিরাহ খুলে মাটিতে রেখে দিলেন এবং তার গুণর দাড়িয়ে গেলেন। সে সময় তিনি মাথায় কাপো টুপি পরেছিলেন। হযরত আলী (রাঃ) তার চিন্তা-ভাবনা এবং অক্ষমতার কথা জানতেন। তিনি নিজের বাহিনীতে ঘোষণা দিলেন যে, কালো টুপি

পরিবানকারীর ওপর (মুহাম্মাদ) যেন কেউ হাত না তোলে কিন্তু যুদ্ধের ডামাডোলে এ পার্থক্য করা সম্ভব হয়নি অথবা অজ্ঞাতসারেই তাকে কেউ শহীদ করে ফেলে।

যুদ্ধ শেষে হযরত আলী কারমাল্লাহ্ ওয়াআহাহ্ হযরত হাসান (রাঃ) এবং হযরত আম্মার বিন ইয়াসির (রাঃ)-কে সাথে নিয়ে স্বপক্ষের নিহতদের অনুসন্ধানে যুদ্ধের ময়দানে গেলেন। হঠাৎ করে হযরত হাসান (রাঃ)-এর দৃষ্টি একটি লাশের ওপর পড়লো। লাশটি উবু অবস্থায় মাটির ওপর পড়েছিল। লাশটি সিঁধা করতেই অযাচিতভাবে তাঁর মুখ দিয়ে বেরিয়ে এলো ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন। অতপর বললেন, আল্লাহর কসম! এটি কুরাইশ সন্তান।

হযরত আলী (রাঃ) জিজ্ঞেস করলেন, পুত্র কি ব্যাপার? তিনি বললেন, এটা মুহাম্মাদ বিন তালহা (রাঃ)-এর লাশ। হযরত আলী (রাঃ) এ কথা শুনে খুব দুঃখিত হলেন এবং লাশের পাশে বসে পড়ে বললেন, “কাবার রবের কসম! এতো সিন্ধুদাকারী পিতার আনুগত্য করতে গিয়ে জীবন দান করছে। সে অত্যন্ত উন্নত চরিত্র এবং পবিত্র যুবক ছিল।”

হযরত হাসান (রাঃ) ও হযরত মুহাম্মাদ (রাঃ)-এর শাহাদাতে অত্যন্ত শোকাহত হলেন। ইবনে আছির (রঃ) এবং ইমাম হাকিম (রঃ) বর্ণনা করেছেন, এ সময় শত্রুর পিতাকে সম্মোখন করে বললেন, “আমি আপনাকে এ যুদ্ধ থেকে বিরত থাকার কথা বলেছিলাম। কিন্তু অমুক অমুক ব্যক্তির পরামর্শ মেনে নিলেন।”

এর জ্বাবে হযরত আলী (রাঃ) বললেন, যা হবার তাতো হয়েই গেছে। হায়! আমি যদি ২০ বছর আগেই মরে যেতাম।

এরপর তিনি হযরত মুহাম্মাদ (রাঃ) বিন তালহা (রাঃ)-কেও অন্যান্য লাশের সাথে বসরার সন্নিকটে দাফন করলেন।

* * *

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন বুদাইল (রাঃ) খুজায়ী

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন বুদাইল (রাঃ) একজন বাহাদুর মানুষ ছিলেন। রাসূল (সাঃ) এবং খুলাফায়ে রাশেদাহ (রাঃ)-এর যুগে তিনি নজীরবিহীন বীরত্বের প্রমাণ পেশ করেন। আরবের মশহুর কবילה বনু খুজায়ার সাথে তিনি সংশ্লিষ্ট ছিলেন। তাঁর বংশনামান্নিরূপঃ

আবদুল্লাহ (রাঃ) বিন বুদাইল (রাঃ) বিন ওয়ারাকা বিন আমর বিন রবিয়াহ বিন আবদুল্লাহ উজ্জাহ বিন রবিয়াহ বিন জাররী বিন আমের বিন মাযিন বিন খুজায়ী।

হযরত আবদুল্লাহ (রাঃ)-এর পিতা ওয়ারাকা বিন খাজামার অন্যতম নেতা ছিলেন। ইসলাম গ্রহণের পূর্বেও তিনি প্রিয় নবী (সাঃ)-এর সাথে সম্পর্ক রাখতেন এবং মাঝে মাঝে তাঁর নিকট আসা বাজরা করতেন। তাঁর গোত্র হুদায়মিয়ার সন্ধি (৬ হিজরীর জিলকদে) কালে মুসলমানদের মিত্র হয়ে যায় এবং সন্ধির এক শর্ত অনুযায়ী মক্কার মুশরিকরা বনু খুজায়াকে কোন ঝকম উত্থাপ্ত না করা এবং তাদের বিরুদ্ধে শত্রুকে সাহায্য না করার ব্যাপারে বাধ্য ছিল। কিন্তু কয়েক মাস পরই কুরাইশের মিত্র কবিলাহ বনু বকর বনু খুজায়ার ওপর হামলা করে বসে। এসময় কুরাইশ মুশরিকরা প্রকাশ্যে বনু বকরকে সাহায্য করে। এভাবে তারা কার্যতঃ সন্ধির শর্ত ভঙ্গ করে।

বনু বকর গোত্র কুরাইশদের সাথে মিশিত হয়ে বনু খুজায়ার ওপর চরম নির্বাসন চালালো। বনু খুজায়ী গোত্রের একটি প্রতিনিধি দল বিখনবী হযরত মুহাম্মাদ মোত্তফা (সাঃ)-এর নিকট পৌঁছে এ নির্বাসনের ঝকম পৌঁছালো। চল্লিশ সদস্য বিশিষ্ট এ প্রতিনিধি দলে বুদাইল (রাঃ) বিন ওয়ারাকা এবং তাঁর পুত্র আবদুল্লাহ (রাঃ) ও ছিলেন। চরিতকাররা উল্লেখ করেছেন, প্রিয় নবী (সাঃ) অষ্টম হিজরীতে যেসব কারণে মক্কার সেনাবাহিনী প্রেরণ করেছিলেন তাঁর মধ্যে অন্যতম কারণ ছিল বনু খুজায়ী গোত্রকে সাহায্য করা। মক্কা বিজয়ের পূর্বে হযরত আবদুল্লাহ (রাঃ) এবং তাঁর পিতা শূভ্রাভ

মুসলমানদের মিত্র ছিলেন। মক্কা বিজয়ের অব্যবহিত পরই ইসলাম গ্রহণের সৌভাগ্য অর্জন করেন।

হাকিজ ইবনে হাজার (রাঃ) 'ইসাবা'তে লিখেছেন, ইসলাম গ্রহণের সময় হযরত বুদাইলের বয়স ৯৭ বছর ছিল। কিন্তু তিনি এত সূঠাম দেখেই অধিকারী ছিলেন যে, দাড়ি এবং চুল সম্পূর্ণ কালো ছিল। ইসলামের বাইরাত গ্রহণের সময় হযুর (সাঃ) তাকে জিজ্ঞেস করলেন, "তোমার বয়স কত?" তিনি অস্বস্তি করলেন, "৯৭ বছর" রাসূলুল্লাহ (সাঃ) বললেন, "আল্লাহ পাক তোমার সূত্রী এবং কালো চুলে বরকত দিন।"

মক্কা বিজয়ের পর পিতা-পুত্র উভয়েই হুনাইন, তায়েফ এবং তাবুকের যুদ্ধে অংশ গ্রহণ করেন। হুনাইনের যুদ্ধের পর গনিমতের মাল ও মুশরিক কয়েদীদের তত্ত্বাবধানের জন্য প্রিয় নবী (সাঃ) হযরত বুদাইল (রাঃ)-কে নিয়োগ করেন।

দশম হিজরীতে বিদায় হজ্জে হযরত বুদাইল (রাঃ) এবং হযরত আবদুল্লাহ (রাঃ) বিশ্ব নবী (সাঃ)-এর সহযোগী হওয়ার সৌভাগ্য লাভ করেছিলেন। পিতা-পুত্র উভয়েই যুদ্ধে অংশগ্রহণ শেষে স্বদেশে ফিরে যেতেন।

ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন যে, একবার প্রিয় নবী (সাঃ) হযরত বুদাইল (রাঃ)-কে একটি পত্র প্রেরণ করেন। তিনি এ পত্রকে জীবনের এক আরাধ্য বস্তু হিসেবে পরিগণিত করে রেখেছিলেন। নবী (সাঃ)-এর জীবনের শেষ দিকে মৃত্যু রোগে আক্রান্ত হলে ওফাতের সময় এ পত্রিক পত্র হযরত আবদুল্লাহর নিকট হস্তান্তর করার সময় অস্বস্তি করলেন যে, যতদিন পর্যন্ত এ পত্র তোমাদের নিকট থাকবে ততদিন তোমরা কল্যাণ এবং রবকত পেতে থাকবে।

প্রিয় নবী (সাঃ)-এর ইন্তেকালের পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) খলিফা নির্বাচিত হলেন, এ সময় আরবের পরিবেশ গরম হয়ে উঠলো এবং ধর্মত্যাগের আগুন দাঁড় দাঁড় করে ছলে উঠলো। কিন্তু হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) নাজির বিহীন ইমামী শক্তি ও দৃঢ় এবং অটল হিন্দুত্বের মাধ্যমে কয়েক মাসের মধ্যে এ ফিতনা উৎখাত করে ছাড়লেন। সে ঘনঘোর সময়েরও হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ) অত্যন্ত দৃঢ়তার সাথে হকের বাণী উচ্চীন রাখলেন এবং নিজের গোত্রকেও সে ফিতনার আগুন থেকে বাচানোর পুরোপুরি প্রচেষ্টা চালালেন। তিনি বনু খুজায়ার সর্দার পুত্র সর্দারই ছিলেন না বরং তুলনাহীন বীর ছিলেন।

হযরত ওমর কানক (রাঃ) নিজের খিলাফতের শেষ দিকে হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ)-কে হযরত আবু মুসা আশ্জরারী (রাঃ)-এর সাহায্যার্থে ইরান প্রেরণ করলেন এবং তাকে ইস্পাহানে অভিযানের নির্দেশ দিলেন। সে সময় হযরত আবু মুসা আশ্জরারী (রাঃ) কাম এবং কাশানের অভিযানে ব্যৃত ছিলেন এবং ইস্পাহানের দিকে অগ্রসর হওয়ার সুযোগ পাচ্ছিলেন না। হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ) শৌহর পর তার বোঝা পাতলা হয়ে গেল। ইস্পাহান ইরানের পুরস্কৃতপূর্ণ প্রদেশ ছিল এবং এর প্রতিরক্ষার্থে এক বিরাট বাহিনী সমাবেশ করে রাখা হয়েছিল। হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ) ইস্পাহান প্রদেশে প্রবেশ করলেন। এ সময় সর্ব প্রথম তার মুকাবিলা হয়েছিল শহর বরাক আদবিয়ার সাথে। সে ছিল প্রভাবশালী ইস্পাহানী সরদার ইস্তান্দাকের অভিক্ত সামরিক অফিসার এবং সবাহিনীর অগ্রগামী ভাগের নেতৃত্ব দিচ্ছিল। উক্ত বাহিনী পরস্পরের মুখোমুখী হলো। এ সময় শহর বরাক আদবিয়া হকের ছেড়ে ময়দানে লাকিয়ে পড়ে বললো যদি কারো হিম্মত থাকে তাহলে আমার মুকাবিলায় এসো। হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ) তার হকের শূনে সামনে এসে শৌহলেন। আদবিয়া তার ওপর কয়েকবার তরবারী চালানেন। কিন্তু তা নিষ্ফল হলো। অতপর তিনি পুরো শক্তি দিয়ে তরবারী চালিয়ে এক কোণেই তাকে ধরাশায়ী করে ফেললেন।

শহর বরাক আদবিয়ার নিহত হওয়ার খবর শূনে ইস্তানদার হিম্মত হারা হয়ে পড়লো এবং সাধারণ শর্তেই সন্ধি করে ফেললো। এরপর হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ) সামনে অগ্রসর হয়ে ইস্পাহানের উপকণ্ঠ “জি” অবরোধ করলো। জিবাসী সাত ভাড়াভাড়া অস্ত্র ফেলে দিয়ে জিবিয়া প্রদানে রাজী হয়ে আনুগত্য প্রকাশ করলো।

“জি” দখলের পর হযরত আবদুল্লাহ (রাঃ) এবার ষোদ ইস্পাহান শহর অবরোধ করলেন। সেখানকার শাসক কাদগসকান হযরত আবদুল্লাহ বিন বুদাইল (রাঃ)-এর নিকট একটি বন্দী প্রেরণ করলেন। বাণীতে বলা হলো যে, অন্য জীবনহানির কি প্রয়োজন। আমরা দুঃজনে লড়াই করেই সিদ্ধান্ত নিই। অন্য এক বর্ণনায় আছে যে, কাদগসকান ৩০ জন নির্বাচিত বাহাদুর সাথে নিয়ে শহর থেকে বের হয়ে যেতে চেয়েছিল। কিন্তু হযরত আবদুল্লাহ (রাঃ) তার রাস্তা বন্ধ করে দেন। একময় সে হযরত আবদুল্লাহ (রাঃ)-কে বললেন যে, এসো

আমরা পরস্পরে বৃদ্ধ করি। হযরত আবদুল্লাহ (রাঃ) তার প্রথম নির্বিধায় মেনে নিলেন এবং উৎসর্গ্য তার মুকাবিলায় নিয়ে মগরমাল হলেন। কান্ডলকান ইরানের দাককরা লড়াই হিন্দী বিখাল ছিল যে, নির্বিঘ্নে সে প্রতিদ্বন্দ্বক হয়েল করতে পারবে। কিন্তু যখন মুকাবিলা শুরু হলো তখন হযরত আবদুল্লাহ (রাঃ) উরবারীর এমন এক আঘাত হানলেন যে কান্ডলকানের ঘোড়ার মিন কেটে নীচে নেমে গেল এবং সে কোনমতে ত্রেহাই পেল। সে টের গেল যে, আর যদি কিছু সময় লড়াই চলে তাইলে তার জীবনে আর বাঁচার উপায় থাকবে না। অন্তেষ সে বললো, আমি তোমার মত কাহাদুকের সঙ্গে নিজের হাত রঞ্জিত করতে চাই না। যেসব বাসিন্দা শহর ত্যাগ করে চলে যেতে চায় এবং যারা জিবিয়া দিয়ে থাকতে চায় এ শর্তে তোমার হাতে শহর অর্পণ করতে চাই। হযরত আবদুল্লাহ (রাঃ) এ শর্ত মঞ্জুর করলেন এবং কান্ডলকান তার হাতে শহর ন্যস্ত করলেন। ইস্পাহান করতলপত করার পর হযরত আবদুল্লাহ (রাঃ) অন্ডাল্য ক্লাকার দিকে অগ্রসর হলেন এবং কিছু দিনের মধ্যে তা জয় করে নিলেন।

হযরত ওসমান জুন্নরইন (রাঃ)-এর ক্বিলাফত কালে ২৮ হিজরীতে হযরত আবু মুসা আশখারী (রাঃ) হযরত আবদুল্লাহ বিন বুলাইল (রাঃ)-কে কারমানের অভিযানে নিয়োগ করেন। এ সম্বন্ধে হযরত আবু মুসা আশা যারি (রাঃ) কসরার গবর্ণর ছিলেন। আল্লামা বালাজুরী (রঃ) বর্ণনা করেছেন, হযরত আবদুল্লাহ বিন বুলাইল (রাঃ) তিবস এবং কারিনের দু'টি মজবুত দুর্গ জয় করে নিলেন। এ দুর্গজয় জয়ের কালে খোরাসানের দিকে অগ্রসর হওয়ার প্রস্নে তার কোন প্রতিদ্বন্দ্বকতা রলো না। কিছু দিন পর হযরত আবদুল্লাহ বিন আন্দের (রাঃ) খোরাসান জয় করেছিলেন।

হযরত ওসমান গনি (রাঃ)-এর শাহাদাতের পর হযরত আলী কাররামাতুল্লাহ ওয়াজহাহ (রাঃ) খলিকার আসনে সমাসীন হন। সিরিয়ার গবর্ণর আমীর যারাবিয়া (রাঃ) তার ক্বিলাফত মানলেন না এবং উভয় বৃদ্ধের মধ্যে ব্যাপক মতানৈক্য শুরু হয়। হাকিম ইবনে আবদুল বার (রঃ) বর্ণনা করেছেন যে, এ খিযান হযরত আবদুল্লাহ বিন বুলাইল (রাঃ) হযরত আলী (রাঃ)-এর শক্তিশালী সমর্থক ছিলেন এবং সিক্কীল বৃদ্ধ শুরুর পূর্বে হযরত আলী (রাঃ)-এর সমর্থকদের সাম্মনে বক্তৃতা দিতে গিয়ে তিনি বললেনঃ "মাবিয়া (রাঃ) বা দাবী করছেন তার তিনি কখনই যোগ্য নন। এ দাবীতে তিনি যার খিরোখিতা করছেন তিনি অবশ্যই তার যোগ্য। আল্লাহর কসম! তোঁকরা অবশ্যই হকের

ওপর আহ। আল্লাহর নূর তোমাদের সাথে রয়েছে। বিক্রোহীদের বিরুদ্ধে মুকাবিলার জন্য প্রস্তুত হও। তাদের মুকাবিলার আল্লাহ তোমাদের ওপর রহমত নাযিল করবেন।”

আপাতঃ মুসতবির পর সিফ্বানের যুদ্ধ ককব বিজয়কর শুরু হলো তখন হযরত আলী (রাঃ) হযরত আবদুল্লাহ বিন সুলাইম (রাঃ)-কে পদাতিক বাহিনীর অফিসার হিসেবে নিয়োগ করলেন। যুদ্ধ বেশ কিছু দিন অব্যাহত রলো। যুদ্ধরত উভয় পক্ষের সৈন্যরা ছোট-ছোট মলে একে অপরের মুকাবিলার আসতো এবং যুদ্ধ করে ফিরে যেতো। একদিন হযরত আবদুল্লাহ বিন সুলাইম (রাঃ) ইরাকী বাহিনীর একটি দল নিয়ে ঘের হলেন। সিরিয়ার পক থেকে আবু আওরার সুলতী একটি সিরীয় বাহিনী নিয়ে তার মুকাবিলার এলো। দীর্ঘকণ উভয় পক্ষের মধ্যে যোঁরতর যুদ্ধ হলো। অতপর আবদুল্লাহ বিন সুলাইম (রাঃ) কীরত্বের আবেশে সিরীয় যুদ্ধ তেদ করে সেই জিলার দিকে অগ্রসর হলেন যেখানে আযীর মাখিয়া (রাঃ) তাবু উত্তিয়ে অবস্থান করছিলেন। তিনি যখন দেখলেন সিরীয় বাহিনীর যে সৈন্যই আবদুল্লাহ (রাঃ)-এর সামনে পড়ছে তাকেই সে হত্যা করছে। এ সময় তিনি সাবীদেরকে বললেন, সোহাতে যদি-কাম না হয় তাহলে পাখর দিয়ে তা লসার কর। এতে সিরীয়রা হযরত আবদুল্লাহ (রাঃ)-এর ওপর পাখর বর্ষণ শুরু করলো এবং হযরত আলী (রাঃ)-এর অন্য জীবন উৎসর্গকারী শহীদ হয়ে মাটিতে সূড়িয়ে পড়লেন। আযীর মাখিয়া (রাঃ) তার লাশের নিকটে এসে দাঁড়িয়ে খেলেন এবং বললেনঃ “এ ব্যক্তি জাতির জেফা ছিল।”

* * *

হযরত হুসাইতিব (রাঃ) বিন আবদুল উজ্জা

৩৫ হিজরীর ১৮ই জিল-হজ্ব তারিখে মদীনা মুশাররাততে কিয়ামত তুল্য ঘটনা ঘটে গেল। কতিপয় দুরাত্মা বিদ্রোহী রাসূল (সাঃ)-এর হেরেমের পবিত্রতা তখনই করে সমকালীন সময়ের মহাদ ও পবিত্র কতিব্বকে অত্যন্ত মূল্যবতায় সাথে শহীদ করে ফেলো। কিয়টি দানশীল, ধৈর্য ও হৈর্ষের প্রতীক এবং আরব-আজমের খলিফা ও রাসূল (সাঃ)-এর আযাতা সহীয়েদেনা হযরত ওসমান জুহুরাইশের লাশ নিজের ঘরে কবিন বিহীন অবস্থায় পড়ে ছিল। বিদ্রোহীরা চরমরূপে ধৌত ধৌত করে ফিরছিল। এ সব দুর্ভাগ্য স্বীকার মানুব কুরআনের বাস্তবী শহীদ খলিফার লাশ দাফনও সহ্য করতে পারছিল না। এ দুর্বোমপূর্ণ অবস্থায় দ্বিতীয় দিনের রাতে কতিপয় (অনেকের মতে সত্তের জন) সাহসী মুসলমান মাঝার কাকনের কাপড় বেঁধে আশীরুল মুমিনিনের গুহে পৌছে তাঁর সজাত মেহ উঠালেন। তারপর নামাবে আশা বা আদর করে জীবন বাসী রেখে আল্লাত্বল কবীর পেছলে-হিলে কাওকাবে দাফন করলেন। এ সব বাহাদুর মুসলমানের মধ্যে শত বর্ষের অধিক বয়সের আলোকজ্বল চেহারার এক বুজর্গ ব্যক্তিত্ব ছিলেন। তিনি এ ফরয কাজ আজাম দেয়ার জন্য নিজের জীবনের পরওরা করেন নি। এমনকি বার্থকোর জরায়ততাও তাকে গিছিয়ে রাখতে পারেনি। এ বুজর্গ ব্যক্তির নাম হলো আবু মুহাম্মাদ হুসাইতিব (রাঃ) বিন আবদুল উজ্জা।

হযরত আবু মুহাম্মাদ হুসাইতিব (রাঃ) বিন আবদুল উজ্জার সম্পর্ক কুরাইশ খান্দান আমের বিন লুববীর সাথে সর্গপ্রিষ্ট ছিল। তাঁর নসবনামা হলো : হুসাইতিব (রাঃ) বিন আবদুল উজ্জা বিন আবু কায়েস বিন আবদিদ বিন নাসার বিন মালিক বিন হাসাল বিন আমের বিন লুববী।

হযরত হুসাইতিব (রাঃ) নিজের গোত্রের অন্যতম নেতা ছিলেন এবং কুরাইশের প্রভাবশালী ও বিশ্বস্ত লোকের মধ্যে পরিগণিত হতেন। তিনি আহেদী যুদ্ধে কতিপয় আব্দুলে গোনা ব্যক্তির অন্যতম ছিলেন বারা লেখা-পড়া জানতেন।

রিসালাত সূর্য কালান পর্যন্ত চড়ান উপিত হওয়ার সময় হযরত হুমাইতিব (রাঃ)-এর বয়স ৬০ বছর ছিল। তাঁরহীনের দাওয়ারত তাঁর ওপর বিশেষ প্রভাব ফেললো এবং তিনি কয়েকবার ইসলাম গ্রহণের আকাংখা ব্যক্ত করেছিলেন। কিন্তু প্রতিবারই বনু উমাইয়র রাইস হাকাম বিন উমাইরা এ বলে সেই সৌভাগ্য থেকে তাঁকে বঞ্চিত রাখেন যে, এ ব্যসে নতুন ধর্ম গ্রহণ তোমার মর্যাদা বিরোধী। পিতৃ পুরুষের ধর্ম ত্যাগ করে তুমি তোমার বর্তমান মর্যাদা খুইয়ে ফেল না।

নবুয়্যাত প্রাপ্তি থেকে বিজয় কাল পর্যন্ত হযরত হুমাইতিব (রাঃ) কেমনভাবে কাটিয়ে ছিলেন তার বর্ণনা ইবনে সাদ্দাদ (রাঃ) এবং হাফিজ ইবনে হাজার (রাঃ) যয়ং তাঁর ভাষ্যে এমনভাবে বর্ণনা করেছেন :

“আমি বদরের যুদ্ধে মুশরিকদের সাথে ছিলাম। আমি স্বচক্ষে দেখলাম যে, ক্রিষ্টিয়তা আসমান থেকে অবতীর্ণ হচ্ছে। আমি সে সময়ই বুঝতে পারলাম যে, সেই ব্যক্তিকে (মুহাম্মাদ সাদ্দাদগাহ আল্লাইহি ওয়া সাল্লাম) হেফাজত করা হয়েছে। এ সঙ্গেও আমি যা কিছু দেখলাম তা কাউকে বলিনি। বস্তুতঃ আমরা পরাজিত হয়ে মক্কা ফিরে গেলাম। আমি মক্কার অবস্থান করতে লাগলাম। অন্যদিকে এক দু’ করে কুরাইশের লোকেরা ইসলাম গ্রহণ করতে লাগলো। হুমাইবিয়ার সন্ধির দিনেও আমি উপস্থিত ছিলাম। সন্ধি প্রাপ্তি আমি বেশী তৎপরতা প্রদর্শন করেছিলাম। সন্ধির শেষ সাক্ষী ছিলাম আমি এবং আমি মনে মনে বলেছিলাম, মুহাম্মাদ (সাঃ) তাই করবেন যা কুরাইশরা পছন্দ করে না। রাসূলুল্লাহ (সাঃ) যখন কাজা ওমরাহ পালনের জন্য মক্কার তাশরীফ আনেন তখন অনেক কুরাইশ বাইরে চলে যায়। কিন্তু আমি ও সোহায়ের বিন আমর মক্কার এ জন্য অবস্থান করেছিলাম যে, যাতে সময় শেষ হলে মুসলমানদেরকে মক্কা ত্যাগ করার কথা বলতে পারি। সুতরাং তৃতীয় দিনেই আমি এবং সোহায়ের রাসূল (সাঃ)-এর নিকট গিয়ে বললাম যে, আপনার শর্ত পূরণ হয়েছে এখন আপনি এ শহর ত্যাগ করুন। তিনি তৎক্ষণাৎ হযরত বেদাল (রাঃ)-কে সূর্য অস্ত যাবার পূর্বেই তাঁর সাথে অগ্নত সকল মুসলমানকে মক্কা ত্যাগের কথা জানিয়ে যেহেতু নির্দেশ দিলেন।” (তারকাতে ইবনে সাদ্দাদ, আল-ইনসারহু।

অষ্টম হিজরীর রমাদান মাসে, রিওয়ী মুহাম্মাদ কুযামা (সাঃ) মক্কা মুসলমানদের ইসলামের বাণী উচ্চীন করলেন। এ সময় হযরত হুমাইতিব (রাঃ)-এর বয়স কেমন ছিল তার বর্ণনা তাঁর নিজের ভাষাতেই শুনন :

“মকা বিজয়ের পর রাসূলুল্লাহ (সাঃ) যখন শহরে প্রবেশ করলো তখন আমি মারাযুক্তভাবে জীত হয়ে পড়লাম এবং গৃহ থেকে বের হয়ে গেলাম। নিজের পরিবার পরিজনকে বিভিন্ন সুরক্ষিত স্থানে পৌঁছে দিলাম এবং নিজে আওফের বাগানে আশ্রয় নিলাম। হঠাৎ করে দেখলাম যে, আবু যর নিকারী (রাঃ) আমার দিকে আসছেন। তাঁর এবং আমার মধ্যে পুরনো বন্ধুত্ব ছিল। কিন্তু সে সময় তাকে দেখে আমি পলায়নে প্রবৃত্ত হলাম। তিনি ডেকে বললেন, আবু মুহাম্মাদ! ধামো! আমি খেমে গেলাম। তিনি জিজ্ঞেস করলেন, পালাচ্ছে কেন? আমি বললাম, তোমাদের নবী (সাঃ) এসে গেছেন। তাঁর ভয়ে পালাছি।”

আবু যর (রাঃ) বললেন, তুমি আল্লাহ প্রদত্ত নিরাপত্তার নিরাপদ। এ কথা শুনে আমি তাঁর নিকট গেলাম এবং সালাম করলাম। তিনি বললেন, তোমার বাড়ী চলো। আমি বললাম, বাড়ী বাওরার জন্য কোন রাত্তা কি আছে। খোদার কসম! আমার ধারণা, আমি বাড়ী পর্যন্ত জীবিত পৌঁছতে পারবো না। পথেই কোন মুসলমানের হাতে মারা যাবো। আর বাড়ীতে যদি পৌঁছিও তাহলে কোন মুসলমান ঢুকে মেয়ে ফেলবে। আমার সন্তান-সন্ততিও বিভিন্ন স্থানে রয়েছে।

আবু যর (রাঃ) বললেন, সন্তান-সন্ততিকে কোম্ব স্থানে একত্রিত কর। তোমাকে আমি শরৎ বাড়ী পৌঁছে দেব। বস্তুতঃ তিনি আমাকে সাথে নিয়ে চললেন এবং উচ্চৈশ্বরে এ ঘোষণা দিতে দিতে এগুতে লাগলেন যে, হুয়াইতিব নিরাপত্তা পেয়েছে। তাকে যেন কেউ হেনস্তা না করে।

আবু যর (রাঃ) আমাকে নিরাপদে বাড়ী পৌঁছে দিয়ে রাসূল (সাঃ)-এর বিনমতে উপস্থিত হয়ে সকল ঘটনা বর্ণনা করলেন। রাসূলুল্লাহ (সাঃ) বললেন, তুমি কি জাননা যে, কতিপয় বিজয়িত অপরাধী ছাড়া সবাই নিরাপদ? আমি হুসুর (সাঃ)-এর ইরশাদের কথা শুনে সম্পূর্ণ মৃতমারের হস্তে গেলাম এবং পরিবার-পরিজনকে বাড়ী নিয়ে এলাম। অতপর আবু যর (রাঃ) আমার নিকট এলেন এবং বললেন, কতদিন এবং আর কতদিন? কল্যাণের অনেক সুযোগ হাত ছাড় হতে গেছে। এখনো সময় আছে। চলো, রাসূল (সাঃ)-এর বিনমতে হাযির হয়ে ইঙ্গাম গ্রহণ করে এসো। তিনি (সাঃ) সকল মানুষের মধ্যে সবচেয়ে বেশী উত্তম, সবচেয়ে বেশী আত্মীয়দের প্রতি রহমকারী এবং সবচেয়ে বেশী দৈর্ঘনীল। তাঁর মান-মর্যাদার তোমার মান-মর্যাদা সিহিত। আমি বললাম, আমি তোমার সাথে যেতে প্রস্তুত আছি।

সুত্তরাং আমি আবু বর (রাঃ)-এর সাথে বাতহা নামক স্থানে হুযর (সাঃ)-এর বিদমত্রে হাজির হলাম। তাঁর (সাঃ) রিকট হযরত আবু বকর এবং হযরত ওমর (রাঃ) ও উপস্থিত ছিলেন। আমি আবু বর (রাঃ)-কে ডিজেস করলাম, হুযর (সাঃ)-কে সালাম করার পদ্ধতি কি?

তিনি বললেন, আসসালামু আলাইকা, আইয়ুহান নাবিউ ওয়া রাহমাতুল্লাহ ওয়া বারাকাতুহ। আমি তাকে (সাঃ) সালাম করলাম। তিনি (সাঃ) বললেন, হে হুয়াইতিব! ওয়া আলাইকুমস সালাম। আমি বললাম, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নাই এবং অবশ্যই আপনিই আল্লাহর রাসূল।

রাসূলুল্লাহ (সাঃ) বললেন, সকল প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি তোমাকে হেদায়াত দিয়েছেন।

আমার ইসলাম গ্রহণে তিনি (সাঃ) খুব খুশী হলেন। অতপর তিনি (সাঃ) আমার রিকট কিছু অর্থ ঋণ চাইলেন আমি ৪০ হাজার দিরহাম ঋণ হিসেবে দিলাম।

ইসলাম গ্রহণের সময় হযরত হুয়াইতিব (রাঃ)-এর বয়স প্রায় ৮০ বছর ছিল। কিন্তু এ কৃচ্ছ বরসেও তিনি হুনাইন এবং তারেকের যুদ্ধে শির নবী (সাঃ)-এর সহযাত্রী ছিলেন। হুনাইনের পনিমত্তের মাল থেকে নবী করিম (সাঃ) তাকে একশ টট দিরোহিলেন। তারেকের যুদ্ধের পর হযরত হুয়াইতিব (রাঃ) যকা মুন্নাযমা থেকে মনীনা মুনাওয়ারা স্থানান্তর হন।

হযরত ওমর কারক (রাঃ) হযরত হুয়াইতিব (রাঃ)-কে মান্য করতেন। তিনি নিজের খিলাফতকালে হেরেম শরীফের সীমানা নতুন করে নির্ধারণ করতে চাইলেন এবং এ উদ্দেশ্যে সাহাবায়ে কিরামের একটি দল মনোনীত করলেন। হযরত হুয়াইতিব (রাঃ)-ও এ দলের একজন সদস্য ছিলেন। হযরত ওসমান (রাঃ)-এর বিরুদ্ধে বিদ্রোহ দেখা দিলে হযরত হুয়াইতিব (রাঃ) এবং কতিপয় সাহাবী বিদ্রোহীদেরকে খুব করে বুঝালেন। কিছু তারা নিজেদের বিশৃঙ্খলাপূর্ণ আচরণ থেকে বিরত হলো না। এমনকি আযীরুল মুমিনিনের শাহাদাতের মত হৃদয় বিদারক ঘটনা

সংঘটিত হলো। বিদ্রোহীরা এত শক্তিশালী ছিল যে, মকলুম খলিকার লাশ দাফন করার মতো হিন্দুতও কারো হরনি। অবশেষে হযরত হুয়াইতিব (রাঃ) এবং অন্য ১৬জন মুসলমান নিজেদের জীবন বাতী রেখে এ কাজ সম্পাদন করেন।

হযরত হুসাইতিব হক কথক এবং স্পষ্টবাদী ছিলেন। ইমাম হাকিম (রঃ) "মুসভানাকে" লিখেছেন যে, আমীর মাযিয়ান (রঃ) শাসনকালে মাল্লওয়ান বিন হাকাম মদীনার গবর্ণর নিযুক্ত হন। হযরত হুসাইতিব (রঃ) একদিন তাঁর কাছে গেলেন। সে ব্যর করে বললেন, "বড় মিরা! আপনি ইসলাম গ্রহণে এত দেরী করেছেন কেন? অনেক যুবক এ সৌভাগ্য অর্জনে আপনার থেকে আগামী হয়েছে।"

হযরত হুসাইতিব (রঃ) জবাব দিলেন যে, ভাই! আমি কয়েকবার ইসলাম গ্রহণের আকাংখা ব্যক্ত করেছিলাম। কিন্তু তোমার পিতা (হাকাম বিন উমাইয়াহ) আমাকে তা থেকে বঞ্চিত করেন।

মাল্লওয়ান এ কথা শুনে চুপ মেরে গেল। কিন্তু হযরত হুসাইতিব (রঃ) বললেন, সম্ভবতঃ তুমি জাননা যে, তোমার পিতা ওসমান (রঃ) বিন আফফানের ওপর ইসলাম গ্রহণের অপরাধে কি ধরনের নির্যাতন চাপিয়েছিল। এতে মাল্লওয়ান আরো লজ্জিত হলো এবং সে আর কোনদিন হযরত হুসাইতিব (রঃ)-কে ব্যাধাত্মক কোন কথা বলেনি।

হযরত হুসাইতিব (রঃ) আমীর মাযিয়ান (রঃ)-এর শাসনকালে মদীনা মুনাওয়রাতে পরলোক গমন করেন। মৃত্যুর সময় তাঁর বয়স ছিল প্রায় সোত্তান বছর। হযরত হুসাইতিব (রঃ) থেকে কতিপয় হাদীস বর্ণিত আছে। এ সর্ব হাদীস তিনি কতিপয় বড় বড় সাহাবী থেকে বর্ণনা করেন। তাঁর বর্ণিত হাদীসের সমদে পুত্র আবু সুফিয়ান (রঃ) এবং আবদুল্লাহ (রঃ) বিন বুরায়েদাহ (রঃ) অন্তর্ভুক্ত রয়েছেন।

* * *

হযরত আবাস (রাঃ) বিন মিরদাস

হযরত আবাস বকল আবাস (রাঃ) বিন মিরদাস জাহেলী যুগে একজন উচু পর্যায়ের কবি ছিলেন। তিনি নামকরা অম্বারোহী এবং নগোত্রের একজন সরদার ছিলেন। এ সত্ত্বেও তিনি মদ্যপান অত্যন্ত ঘৃণা করতেন। কাব্যচর্চা, অম্বারোহণ এবং সরদারীর আবশ্যকীয় বস্ত ছিল মদ বা শরাব। একবার লোকজন জিজ্ঞেস করলো, হে সরদার! আপনি শরার পান করেন না কেন? অথচ শরাব চিহ্নে প্রকৃষ্টতা আনে এবং শরীরের শক্তি বৃদ্ধি করে।

তিনি জবাবে বলেছিলেন, "আমি কওমের সরদার হয়ে আহম্মক হতে চাই না। আদ্রার কলম! আমার পেটে ঐ বস্ত কখনো যেতে পারে না যা জ্ঞান ও হাঁ থেকে মানুষকে বঞ্চিত করে।"

হযরত আবাস (রাঃ) বিন মিরদাস নজদের বনু সুলাইম গোত্রের সাথে সম্পৃক্ত ছিলেন। বনু সুলাইম ছিল বনু কায়স বিন আইলানের একটি শাখা। এ গোত্রে শরাকত, বদান্যতা ও দানশীলতা এবং বীরত্বের কারণে আরবের গোত্রসমূহের মধ্যে বিশেষ মর্যাদার অধিকারী ছিল। এমনকি একবার শরৎ রাসূলুল্লাহ (সাঃ) এ কবিলার প্রশংসা করেছিলেন: "নিঃসন্দেহে প্রত্যেক কওমের জন্য একটি আশ্রয় স্থল থাকে। আরবদের আশ্রয়স্থল হলো কায়স বিন আইলান।"

হযরত আবাস (রাঃ)-এর নসব্দনামা হলো : আবাস (রাঃ) বিন মিরদাস বিন আবি আমের বিন হারেসাহ বিন আবদি বিন আবাহ বিন মনসুর আস-সুলামী।

হযরত আবাস (রাঃ) প্রখ্যাত মারহিরা বর্ণনাকারী সাহাবিরাহ আল-বানছা (রাঃ) বিনতে আমরের সভালো পুত্র ছিলেন। তিনি জাহেলী এবং ইসলামের উত্তর কালই পেয়েছিলেন।

বিমাতা হযরত খানছা (রাঃ)-এর মত তিনিও কাব্যে সম মৰ্যাদা পেয়েছিলেন। তবে তিনি সহোদর এবং সহোদরীদের চেয়ে উঁচু মানের কবি ছিলেন। তাঁর মৃত্যুর পর এক সহোদর সারাকাহ বিন মিরদাস এবং সহোদরা উমরাত বিনতে মিরদাস জীবিত ছিলেন। তাঁরা হযরত আবাস (রাঃ)-এর ইচ্ছাকালে শোকগাথা বা মরহিরা বর্ণনা করেছিলেন।

ইবনে হিশাম (রাঃ) হযরত আবাস (রাঃ) বিন মিরদাসের ইসলাম গ্রহণ সম্পর্কে এক আত্মকথন রচনা করেছেন। তিনি লিখেছেন, হযরত আবাস (রাঃ) পিতার নিকট থেকে একটি মূর্তি পেয়েছিলেন। এ মূর্তির নাম ছিল জুমার। পিতার নির্দেশ মূর্তিকে হযরত আবাস (রাঃ) সে মূর্তির পূজা করতেন। তাঁর পোত্রবাসীও এ রীতিই পালন করতো। একবার আবাস (রাঃ) অর্থ রক্ষণীতে মূর্তির অর্চনা করছিলেন। এ সময় তিনি যেন একটি বাসী শূন্যতে গেলেন। তাঁতে কথা হচ্ছিল যে, "শেষ যুগের পঙ্গলাস্বদের আবির্ভাব ঘটেছে এবং জুমারের ধ্বংসের সময় এসে গেছে।" দ্বিতীয়বার অনেক ব্যক্তি তাঁকে ঘুম থেকে জাগিয়ে একই ধরনের কথা বললেন। হযরত আবাস (রাঃ)-এর অন্য এ সতর্কবাণী বর্ণিত ছিল। তিনি জুমারকে আনুনে নিক্ষেপ করে তৎক্ষণাৎ মদীনা রওজানা হয়ে পেলেন। মদীনা পৌঁছে রাসূল (সাঃ)-এর বিদায়তে উপস্থিত হলেন এবং তাঁর হাতে মুসলমান হয়ে গেলেন। সে সময় শির নবী (সাঃ) মক্কা বিজয়ের প্রস্তুতিতে ব্যস্ত ছিলেন। তিনি (সাঃ) হযরত আবাস (রাঃ)-৭৮৮কে বখোত্রের কিরে বাওরার এবং গোত্রের মুসলমানদেরকে সঙ্গে নিয়ে আল-কুদাইম নামক স্থানে তাঁর সঙ্গে সাক্ষাতের নির্দেশ দিলেন।

হযরত আবাস (রাঃ) বখোত্রের কিরে গেলেন এবং স্বতন্ত্র শক্তি ও প্রত্যক্ষবাণী তাঁর লোকদের নিকট ইসলামের দাওয়াত দিলেন। বনু সুলাইমের বৈশিষ্ট্যগুলি লোক তাঁর আহ্বানে সাড়া দিলেন এবং নিজের মূর্তিকে আনুনে জ্বালিয়ে ইসলাম গ্রহণ করলেন। কিন্তু হযরত আবাস (রাঃ)-এর স্ত্রী হযরত হাবিবাহ বিনতে আহহাকুস সুলামী ব্যতিক্রম ধর্মী আচরণ করলেন। সে তাওহীদের দাওয়াত কবুলের পরিবর্তে হযরত আবাস (রাঃ)-এর ইসলাম গ্রহণে অত্যন্ত অসন্তুষ্ট হলেন এবং তাঁকে অনেক ভেড়া কথা শুনিয়ে পিতার কাছাকাছি গেলেন। হযরত আবাস (রাঃ) রক্তক্ষয় (সাঃ)-এর সঙ্গে কৃত ওজাদাহ পূরণ করলেন এবং মক্কা বিজয়ের সময় (অষ্টম হিজরীর রমাদান মাসে) নিজের গোত্রের ১ শত সন্তান বাহাদুর সৈন্যসহ আল-কামিয নামক স্থানে মৃত্যুর (সাঃ)-এর খেদমতে উপস্থিত হলেন এবং মক্কা প্রবেশে তাঁর সাহাবী

হলেন। এমনভাবে তিনি সে ১০ হাজার পবিত্র আনের অর্জুত হলেন বাফের
খাপারে হাজার হাজার বছর পূর্বে ইস্তিসনাওয়ে এ ভবিষ্যদ্বাণী করা হয়েছিল :

“খোদাতন্দু মিনা থেকে এলেন। শান্তির থেকে এসে ফারান পর্বতে আবির্ভূত
হলেন। তাঁর দক্ষিণ হতে তাদের জন্য আলোকময় শরীরত ছিল।”

এ সময় হযরত আবাস (রাঃ) একটি শক্তিশালী কাসিদাহ বললেন। এ কাসিদায়
বিজয়ের আদম প্রকাশ ও আশ্রাহর শোকর আদায় করা হয়েছিল।

মকা বিজয়ের পর হযরত আবাস (রাঃ) বিন মিরদাস হুনাইন এবং তাউলের
যুদ্ধে বাহাদুরীর চরম পরাকাষ্ঠা প্রদর্শন করেন। শ্রিয় নবী (সাঃ) জিন্নরানা নামক
স্থানে হুনাইনের গলিমভের মাল বন্টন করলেন। এ সময় তিনি হযরত আবাস (রাঃ)
কে “মুরাদ্রাকাভুল কুলুব”দের অর্জুত করলেন। মুরাদ্রাকাভুল কুলুব বলতে সে সব
প্রভাবশালী আদম বণ্ড-ব্রুসলিম সরদার ছিলেন বাফের মন জয়ের উদ্দেশ্যে
রাসূলরাহ (সাঃ) বাতির আতির করার নির্দেশ দিয়েছিলেন। এ বাতির দেখে যাতে
অন্যান্য লোকও ইসমারের প্রতি অঙ্গসর হয়। হযরত তাকে (রাঃ) বিন বাসিজ
থেকে বর্ণিত আছে যে, গলিমভের মাল থেকে প্রতি মুরাদ্রাকাভুল কুলুবকে একশ’
করে উট প্রদান করা হয়েছিল। কিন্তু কোন কারণে হযরত আবাস (রাঃ) কম সংখ্যক
উট পেয়েছিলেন। তিনি অন্যায় সরদারের ভুলনার নিজের অংশ কম দেখে এক
কাসিদায় অভিযোগ করলেন। হযুর (সাঃ) এ কাসিদাহ শুনে হযরত আলী
কায়রাবান্দ্রাহ জ্বাহহাহকে বললেন, “তার জবাব কেটে দাও।” হযরত আলী (রাঃ)
হযরত আবাস (রাঃ)-এর হাত ধরলেন এবং বললেন, আমার সঙ্গে চলে। পথে হযরত
আবাস (রাঃ) হযরত আলী (রাঃ)-কে বললেন, হে আলী! আপনি কি আমার জিহ্বা
কেটে ফেলবেন? তিনি বললেন, তুমি আমার সাথে এসো। আমি রাসূল (সাঃ)-এর
নির্দেশ পালন করবো। মোট কথা তিনি হযরত আবাস (রাঃ)-কে উটের পালে নিয়ে
গেলেন এবং তাকে বললেন, এ পাল থেকে নিজের পছন্দ অনুযায়ী একশ’ উট
বেছে নাও। তিনি একশ’ উট বেছে নিলেন এবং খুব খুশী হয়ে গেলেন।

হুনাইন এবং আভতাস যুদ্ধের পর হযরত আবাস (রাঃ) তায়েফের যুদ্ধে শ্রিয় নবী
(সাঃ)-এর সঙ্গী হিসেবে বোনদান করার সৌভাগ্য লাভ করলেন। ইবনে হিশাম (রঃ)
বর্ণনা করেছেন, তিনি প্রত্যেক যুদ্ধ শেষে অত্যন্ত শক্তিশালী কাসিদাহ বলতেন।

ইবনে সায়াদ (রাঃ) "ভাবকাতে" লিখেছেন, উল্লিখিত যুদ্ধ ছাড়া হযরত আবাস (রাঃ) বিন মিরদাসে অন্যায় যুদ্ধেও শরীক হয়ে ছিলেন। লড়াইয়ের সময় আগমন করতেন এবং যুদ্ধ শেষে স্বদেশে (বনু সুলাইমের এলাকা) ফিরে যেতেন। দশম হিজরীতে বিদায় হচ্ছেও তিনি ছয় (সাঃ)-এর সহযোগী ছিলেন। ইবনে মাজাহ (রাঃ) এবং বাইহাকী (রাঃ) বিদায় হচ্ছে প্রসঙ্গে হযরত আবাস (রাঃ) বিন মিরদাসের এ বর্ণনা উল্লেখ করেছেনঃ

"রাসূলুল্লাহ (সাঃ) সন্ধ্যার আরাফাতের দরদানে শিকের উদ্ভাতের কুমার জন্য দোয়া করলেন। আল্লাহ তারালা রাসূল (সাঃ)-এর দোয়া কবুল করে বললেন, আমি সবাইকেই কমা করে দিয়েছি। কিন্তু যালেমকে কমা করবো না এবং মবলুমের হক তার থেকে অবশ্যই আদায় করবো। রাসূলুল্লাহ (সাঃ) আল্লাহর দরবারে আরজ করলেন, হে আল্লাহ তুমি চাইলে মবলুমকে আল্লাত দান কর এবং যালেমকে কমা করো। কিন্তু এ দোয়া আরাফাত সন্ধ্যার কবুল করা হয়নি। অতপর যখন মুজদালিকার সকাল হলো তখন রাসূলুল্লাহ (সাঃ) পুনরায় একই দোয়া করলেন, এবং তীর (সাঃ) ইচ্ছা অনুযায়ী এ দোয়া কবুল করে নেয়া হলো। অর্থাৎ আল্লাহ তারালা যালেমকেও কমা করে দিলেন। বর্ণনাকারী বলেছেন, দোয়া কবুলের পর রাসূলুল্লাহ (সাঃ) হাসলেন অথবা মুচকি হাসি দিলেন। হযরত আবু বকর (রাঃ) এবং হযরত ওমর (রাঃ) আরজ করলেন, আমাদের মাতা-পিতা আপনার ওপর কুরবান হোক। এটাতে হাসির সম্মত নয়। আপনাকে কোন জিনিস হাঁসিয়েছে। আল্লাহ তারালা আপনাকে সব সময় হাসিয়ে আসছেন। তিনি বললেন, আল্লাহর দুখমন ইবলিস যখন জানতে পেল যে, আল্লাহ পাক আমার দোয়া কবুল করেছেন এবং আমার উদ্ভাতকে কমা করে দিয়েছেন তখন মাথার মাটি মেখে বুক চাপড়াতে চাপড়াতে গালিয়ে পেল। তাকে এ পেলেশানী অবস্থায় দেখে আমার হাসি পেল।" (মিশকাত শরীক)

চরিতকাররা হযরত আবাস (রাঃ) বিন মিরদাসের ওকাতের সাল সম্পর্কে বিতর্কিত কিছু জানাননি। তবে এতটুকু জানা যায় যে, তিনি হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনামলে জীবিত ছিলেন। ইবনে সায়াদ (রাঃ) বলেছেন, তিনি বসরার নিকট স্থায়ী বাসিন্দা হয়ে গিয়েছিলেন। তিনি প্রায়ই শহরে আসতেন। বসরাবাসী তীর নিকট থেকে হাদীস শুনতেন।

ফজিলত এবং কামালিন্নাতের সিক থেকে যদিও হযরত আবাস (রাঃ) বিন মিরদাস কোন বিশেষ মর্যাদার অধিকারী ছিলেন না ডবুও তাঁর থেকে বর্ণিত কতিপয় হাদীস, হাদীসের কিতাবে পাওয়া যায়।

আল্লামা ইউসুফ বিন যাকিউল মাযি (রাঃ) "তাহজিবুল কামাল" গ্রন্থে লিখেছেন, হযরত আবাস (রাঃ)-এর সন্তান কিনানাহ (রাঃ) তাঁর থেকে হাদীস বর্ণনা করেছেন। হযরত আবাস (রাঃ)-এর পুত্র জুলহমাহ (রাঃ)-ও হাদীস বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত। তিনি রাসূল (সাঃ)-এর নিকট থেকে হাদীস বর্ণনা করেছেন।

* * *

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের

চতুর্থ হিজরীর কথা। রহমতে আলম সান্নায়াছ আলাইহিস সালামের নিকট একটি নবজাতককে আনা হলো। রাসূল (সাঃ)-এর যুগে মুহাজির ও আনসারদের তৈরী নিয়ম অনুসারে নিজ্বদের নবজাতককে নবী (সাঃ)-এর নিকট আনতেন এবং তার কল্যাণের জন্যে দোয়া কামনা করতেন। এ শিশুকেও সে নিয়ম অনুযায়ী প্রিয় নবী (সাঃ)-এর খিদমতে আনা হয়েছিল। রাসূলুল্লাহ (সাঃ) শিশুটির ওপর গ্নেহের দৃষ্টি ফেললেন। অতপর তার মুখে নিজের লালা দিয়ে তার জীবন, সুবাহ্য এবং সৌভাগ্যের দোয়া করলেন। শিশুটি রাসূল (সাঃ)-এর মুখের পবিত্র লালা মজার সাথে গিলে ফেললো। এ সময় রাসূল (সাঃ) বললেন : "এই শিশু বড় হয়ে মুসাব্বী অর্থাৎ পিপাসার্তদের পানি পান করাবে।"

আরবে পিপাসার্তদের পানি পান করানেওয়ালাকে অত্যন্ত সৌভাগ্যবান এবং উচ্চ মর্যাদা সম্পন্ন মনে করা হতো। এ ভাগ্যবান শিশু যার মুখে রাসূলুল্লাহ (সাঃ) নিজের মুখ নিঃসৃত লালা রেখেছিলেন এবং যার ব্যাপারে পিপাসার্তদের পানি পান করানেওয়াল হওয়ার সুসংবাদ দিয়েছিলেন তিনি হলেন হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের কুরাইশের সম্প্রদায় যংশ বনু আবাদি শামসের চোখের মনি ছিলেন। তাঁর পিতা আমের বিন কুরাইজ রাসূল (সাঃ)-এর কুফু আল-বাইজ্বা বিনতে আবদুল মুত্তালিবের পুত্র ছিলেন। এ সম্পর্কে আমের বিন কুরাইজ প্রিয় নবী (সাঃ)-এর কুফাতো ভাই এবং আবদুল্লাহ (রাঃ) বিন আমের তাঁর ভ্রাতৃশূত্র ছিল। এমনিভাবে হযরত আবদুল্লাহ (রাঃ)-এর কুফু আরওয়াল বিনতে কুরাইজ হযরত ওসমান জুন্নুরাইন (রাঃ)-এর মাতা ছিলেন। এ আত্মীয়তার সূত্রে হযরত ওসমান পনি (রাঃ) আবদুল্লাহ বিন আমেরের (রাঃ) কুফাতো ভাই ছিলেন। হযরত আবদুল্লাহ (রাঃ)-এর নসবনামা হলো : আবদুল্লাহ (রাঃ) বিন আমের বিন কুরাইজ বিন রবিয়াহ বিন হাবিব বিন আবাদি শামস বিন আবাদি মাল্লাক বিন কুসাই।

আবদি মান্নাকে গিয়ে তাঁর বংশ ধারা রাসূল (সাঃ)-এর নসবনামার সাথে মিলে যায়। হযরত আবু হাশিম বিন আবদি মান্নাফ, হযরত আবদুল্লাহ বিন আমের (রাঃ)-এর উর্ধ্বতন দাদা আবদি শামস বিন আবদি মান্নাফের সহোদর ছিলেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের শিশু সাহাবীদের মধ্যে পরিগণিত হয়ে থাকেন। রুসূল (সাঃ)-এর যুগে ও সিন্ধিকী শাসনামলে তাঁর শৈশবকাল অতিবাহিত হয়। ওমর ফারুক (রাঃ)-এর শাসনকালে তিনি ছিলেন যুবক। চরিতকাহনরা রিসালাতকাল এবং শাইখাইনের (আবুবকর ও ওমর) আমলে তাঁর তেমন কোন কৃতিত্বের কথা উল্লেখ করেননি। অবশ্য প্রমাণাদিতে এটা বুঝা যায় যে, তাঁর শিক্ষা এবং প্রশিক্ষণ অত্যন্ত সুন্দরভাবে হয়েছিল। কেননা, পরবর্তীতে তিনি নিজের সামরিক এবং ব্যবস্থাপনার ষোণ্যতানুসারে শুধুমাত্র এক মহান ব্যক্তি হিসেবেই পরিগণিত হননি, বরং নিজের বদন্যতা ও দানশীলতা, ব্যক্তিগত সচ্চরিত্র এবং জনকল্যাণমূলক কাজের জন্য জনসাধারণের মাঝে এক বিশেষ মর্যাদার অধিকারী হয়েছিলেন। সামরিক ষোণ্যতা অনুসারে নির্দিষ্টমাত্র তাঁকে প্রথম যুগের একজন মহান মুসলমান জেনারেলের কাভারে স্থান দেয়া যায়।

সাধারণ বর্ণনা অনুযায়ী হযরত আবদুল্লাহ বিন আমের (রাঃ) ২৯ হিজরীতে প্রথম দৃশ্যে আসেন। এ সময় তৃতীয় খলিফা হযরত ওসমান জুন্নরাইন (রাঃ) তাঁকে হযরত আবু মুসা আশখারী (রাঃ)-এর স্থলে বসরার গবর্ণর নিয়োগ করেন। কিন্তু মাওলানা সাইয়েদ আবু জাফর নদভী "সিক্কুর ইতিহাস" গ্রন্থে লিখেছেন যে, এর পূর্বে হযরত ওসমান (রাঃ) তাঁকে সিস্তানের অভিযানে প্রেরণ করেছিলেন। হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনামলেই যদিও সিস্তান বিজিত হয়েছিল তবুও সিস্তান প্রদেশের অংশ বিশেষ কবুল তখনও বিজিত হয়নি।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের সিস্তান পৌঁছে লেখান থেকে কবুলের ওপর হামলা এবং শহর অবরোধ করলেন। কবুলবাসী শহর থেকে বের হয়ে অত্যন্ত বীরত্ব ব্যঞ্জক লড়াই করলো। কিন্তু হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের তাঁদেরকে পরাজিত করলেন এবং কবুলে ইসলামের ঝাণ্ডা উত্তীর্ণ করলেন। এটি ভারতবর্ষের সেই মরজা বা মুসলমানেরা সুরবানীর চক্রান্তে জরাজীর্ণ করেছিল। কিন্তু যখন মরজার বাহিনী সিক্কুর পৌঁছে তখনই কবুল আশ্রয় স্বীকার হয়ে গেল।

২৯ হিজরীতে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের বসরার গবর্ণরীর দায়িত্ব নিলেন। সে সময় তাঁর বয়স ছিল ২৫ বছর। এটা ছিল তাঁর সাহস ও বীরত্বের চরম উৎকর্ষকাল। সে সময় বরা প্রদেশের গুরুত্ব ছিল অপরিণীম। বসরার গবর্ণরকে সা-২/৮-

তখন প্রাচ্য দেশসমূহের সবচেয়ে বড় শাসক হিসেবে গণ্য করা হতো। তিনি বসরা এসে নিজের শাসনাধীন এলাকাসমূহের পরিস্থিতি পর্যালোচনা করলেন। কাবুলসহ সমগ্র বিজিত এলাকা তখন বিদ্রোহীদের হাতে ছিল। এতে তিনি পেরেশান হলেন। হযরত আবদুল্লাহ (রাঃ) সিদ্ধান্ত নিলেন যে, তিনি শুধু বিদ্রোহীদেরকেই অনুগত করবেন না বরং দখলকৃত এলাকা ছাড়া অন্যান্য এলাকাও ইসলামের অধীনভুক্ত করবেন। এ লক্ষ্যে তিনি জিহাদের আবেগে সিন্ধু জীবন পণকারী মুজাহিদদের সমন্বয়ে বিভিন্ন বাহিনী গঠন করলেন এবং তাদেরকে অভিজ্ঞ অফিসারদের নেতৃত্বে বিভিন্ন এলাকা দখলের জন্য নিয়োগ করলেন। সর্ব প্রথম তিনি স্বয়ং এক শক্তিশালী বাহিনীসহ পারস্যের ওপর চড়াও হলেন এবং আসতখর, দুরাবে জারদ এবং জুর (ফিরোজাবাদ) দখল করে এ প্রদেশ বিজয়ের পূর্ণতা দান করেন। ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন যে, যে সমগ্র তিনি জুর দখলে ব্যস্ত ছিলেন সে সমগ্র আসতখরবাসী বিদ্রোহ করে বসলো এবং সেখানকার মুসলমান শাসককে হত্যা করে ফেললো। হযরত আবদুল্লাহ (রাঃ) জুর জয়ের পর আসতখরের দিকে দৃষ্টি দিলেন এবং এক ধাওয়াতেই তা দ্বিতীয়বার জয় করে বিদ্রোহীদেরকে সমূচিত শাস্তি দিলেন। এরপর তিনি কারবান এবং কেশজান শহর দখল করলেন এবং অন্য এক বাহিনী প্রেরণ করে কিরমানের বিভিন্ন এলাকা অনুগত করলেন।

সিসতানের কাবুলবাসী মুসলমানদের মাথা ব্যথার কারণ হয়ে দাড়িয়েছিল। হযরত আবদুল্লাহ (রাঃ) তাদের দমনের জন্য আবদুল্লাহ বিন উমায়ের লাইসীকে সিসতানের শাসক নিয়োগ করে পাঠালেন। তিনি সেখানে পৌঁছেই কাবুলের ওপর হামলা করে বসলেন এবং বিদ্রোহীদেরকে পর্যুদত্ত করে কাবুল দখল করে নিলেন। এ সব ঘটনা ২৯ হিজরীতে ঘটেছিল।

৩০ হিজরীতে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের প্রচণ্ড ঝড়ের বেগে খোরাসানের দিকে অগ্রসর হলেন এবং হিয়াতেলাতে (EPHTHALITES) পরাজিত করে দু'তিন বছরের মধ্যে মারদ, বলখ এবং হিরাত পর্যন্ত সমগ্র এলাকা করায়ত্ত করে নিলেন। হযরত আবদুল্লাহ (রাঃ) একদিকে নিজে জিহাদ ফি সাবিলিল্লাহতে ব্যস্ত ছিলেন। অন্যদিকে অধীনভুক্ত অফিসারদেরকে বিজয়ের জন্যে বিভিন্ন দিকে প্রেরণ করছিলেন। আহনাফ বিন কায়েসকে কোহেস্তান, ইয়াযিদ জারানীকে রাতাকবাম, আসাওবাদ বিন কুলসুমকে রাতাক বাহাক এবং আবদুল্লাহ বিন মুমাম্মারকে মাকরান পদানত করার জন্য নিয়োগ করেন।

আল্লামা বালাজুরী (রাঃ) বর্ণনা করেছেন, সে যুগেই হযরত ওসমান (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরকে পত্র লিখলেন। তিনি এ পত্রে ভারত বর্ষের অবস্থা জানার জন্য কাউকে প্রেরণের কথা বলেছিলেন। তিনি হাকিম বিন জাবালা আবদীকে প্রেরণ করলেন। সে ফিরে এলে হযরত ওসমান (রাঃ) তাকে সেখানকার অবস্থা জিজ্ঞেস করলেন। তিনি আরজ করলেন : “আমীরুল মু’মিনিন! সেখানে পানি খুব কম এবং সেখানকার মানুষ ডাকাত। স্বল্প সংখ্যক সৈন্য সেখানে গেলে তাদেরকে লুটে নেয়া হবে। আর বেশী সংখ্যক গেলে পিপাসায় শেষ হত্রে যাবে।”

এরপর হযরত ওসমান (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরকে নির্দেশ দিলেন যাতে তার সৈন্য ভারতবর্ষে প্রবেশ না করে।

এ বর্ণনা সন্দেহ যুক্ত মনে হয়। কেননা হযরত আবদুল্লাহ বিন আমের (রাঃ)-এর একজন জেনারেল আবদুর রহমান (রাঃ) বিন সামুরাহ বর্তমান বেলুচিস্তানে প্রবেশ করে কয়েকটি স্থান জয় করে নিয়েছিলেন। সে সময় হযরত ওসমান গনি (রাঃ)-এরই শাসনকাল ছিল। যদি হযরত ওসমান (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের (রাঃ)-কে কোন নিবেদনামূলক নির্দেশ দিতেন তাহলে তিনি কখনই নিজের কোন সামরিক অফিসারকে ভারতবর্ষের সীমানায় প্রবেশের অনুমতি দিতেন না।

ইবনে আছির (রাঃ) সম্পূর্ণ একই ধরনের ঘটনা হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনকালের বর্ণনায় উল্লেখ করেছেন। শুধু পার্থক্য এতটুকু যে, তাতে ভারতবর্ষে গমনকারী ব্যক্তির নাম হাকিম বিন জাবালা আবদীর পরিবর্তে সাহার আবদী বলা হয়েছে। ধারণা করা হয় যে, বিভিন্ন কারণে হযরত ওমর ফারুক (রাঃ) মুসলমানদেরকে ভারতবর্ষের দিকে অগ্রসর হওয়া থেকে নিষেধ করেছিলেন।

বিভিন্ন অভিযানে নিয়োগকৃত হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরের সামরিক অফিসারদের সাফল্য এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য। এ সব অফিসার হযরত আবদুল্লাহ (রাঃ)-এর নিকট থেকেই নির্দেশাবলী পেতেন।

হযরত ইবনে আমের (রাঃ) আবদুল্লাহ বিন উমাইর লাইহীকে সিসতান এবং আবদুর রহমান বিন উবাইসকে কামরানের শাসনকর্তা নিয়োগ করেছিলেন। তাঁরা উভয়েই সেখানে শান্তি-শৃঙ্খলা বিধানের জন্য অত্যন্ত সুবন্দোবস্ত করেছিলেন। কিন্তু উভয়

প্রদেশের বাসিন্দাই বিশ্বংখলা স্থির ছিল। কোন না কোন কিতনা কাশাদ সৃষ্টি করেই রাখতো। ইবনে আমের (রাঃ) এ সব ঘটনার খবর শেয়ে নিজেই খোঁরাসান গেলেন। ইবনে আছির (রাঃ)–এর বর্ণনা অনুযায়ী সিসতানের শাসনভার রবি বিন যিন্নাদ হারছিকে অর্পণ এবং মাআশি বিন মাসউদকে করমানের পবর্ষ নিয়োগ করলেন।

মাআশি (রাঃ) বিন মাসউদ করমান গৌছে সেখানকার গুরুত্বপূর্ণ শহর হুমাইদ দখল করলেন। তারপর বিশ্বংখলাকারীদেরকে উৎখাত করে সিসতানের রাজধানী “সায়েরজানের” ওপর আধিপত্য কার্যে করলেন। সাধারণ নাগরিকদেরকে তিনি ক্ষমা করলেন। কিন্তু বিদ্রোহী ও বিশ্বংখলা সৃষ্টিকারীদের নেতাদেরকে বহিষ্কার করলেন। তারপর তিনি জিরকত দখল করলেন। অতপর কাফাসের পর্বতমালায় এক রক্তাক্ত যুদ্ধে সেখানকার জনগণকে অনুগত বানালেন।

“কাফাস” সম্পর্কে মাওলানা সাইয়েদ আবু জাকর নদভী “তারিখে সিদ্ধ”–এ এ ধারণা পোষণ করেছেন যে, কাফাস দৃশ্যত কাবাচের অংশ বিশেষ। এর অর্থ হলো তারা কাবাচকের (ডুরকিডান) বাসিন্দা ছিল এবং সেখান থেকে হিজরত করে (অথবা বিজয়ীর বেশে) কোন এক সময় ভারতবর্ষের পশ্চিমে পাহাড়ী এলাকায় এসে বসতি স্থাপন করে। সম্ভবতঃ তাদেরকেই বর্তমানে পাঠান ও বালুচ বলা হয়।

আহনাক বিন কায়স (রাঃ) কাহসিতানের দিকে অগ্রসর হলেন। এ সময় ডুকীর্তা ইবনে আমের (রাঃ)–এর ষিদ্দমতে একটি প্রতিনিধি দল প্রেরণ করে সন্ধি করলো। এক বর্ণনার এও কথা হয়েছে যে, আহনাক (রাঃ) উরবারীর জোরে পরাজিত করে কাহসিতান দখল করে নেন।

ইয়াযিদ তারনী (রাঃ) রাতাক জামের বিভিন্ন এলাকায় হামলা চালিয়ে বাধরজ, রাতাকে জাম এবং জাভিদ দখল করলেন। আসওয়াদ বিন কুলছুম (রাঃ) রাতাক বাহকের ওপর হামলা করলেন। কিন্তু তিনি এ যুদ্ধে শহীদ হয়ে গেলেন। তবে তার স্থলাভিষিক্ত আবুহাম বিন কুলছুম (রাঃ) শত্রুদের পরাজিত করে বাহকের ওপর ইসলামের বাতা উচ্চীন করলেন।

উবাইদুল্লাহ বিন মুরাম্মার (রাঃ) মাক্করাদে কদম মজবুত করে সকল বিদ্রোহীকে উৎখাত করলেন এবং বিজয়ের পর বিজয় অর্থাহিত রেখে ভারতবর্ষের সীমান্তে গৌছে গেলেন।

রবি বিন যিন্নাদ (রাঃ) সিসতান গৌছে বার্ষিক দূর্ণ দখল করলেন। কিন্তু বহন বার্ষিকবাসী আশুনাভ্যের শপথ করলো তখন দূর্ণটি তাদের নিকট প্রত্যর্পণ করা হলো।

এরপর তিনি কয়েকটি রক্তাক্ত সংঘর্ষের পর কারকবিত্তা, বাশত, নাশরোব এবং শারওয়ান শহর দখল করে নিলেন। পরে তিনি যারানজ অবব্রোথ করলেন। যারানজবাসী প্রথমে দুর্গবন্দী হয়ে খুব মুকাবিলা করলো। কিন্তু অবব্রোথের কঠোরতার অস্থির হয়ে সন্ধির পরগাম প্রেরণ করলো। রবি কুমার ওয়াদা করে তাদের শাসককে ডেকে পাঠালেন। এদিকে তিনি নিজের সৈন্যদেরকে এমন পোশাক পরালেন এবং তাদের আকৃতি এমন বানালেন যে, দেখে ভীত হতে হয়। অতপর নিজে একটি লাশের শিঠের ওপর বসে পড়লেন। এবং অপর একটি লাশ বালিশ হিসেবে পেছনে রেখে দিলেন। যারানজের শাসক তাঁর সঙ্গে সাক্ষাতের জন্য এসে এ অবস্থা দেখে ঠক ঠক করে কাঁপতে লাগলো এবং কোন বাদানুবাদ বা আলোচনা ছাড়াই মুসলমানদের শর্ত মেনে শহরের দরজা খুলে দিলেন, যারানজ দখলের পর রবি সানাত্রোজ নদী পার হয়ে “আত্তাবল রুত্তম” নামক একটি গুরুত্বপূর্ণ স্থানে হামলা করে বসলেন। প্রথমে সেখানকার বাসিন্দারা মুকাবিলা করলো। কিন্তু যখন দেখলো যে, মুসলমানদের সাথে যুদ্ধ করা তাদের শক্তি ও সামর্থের বাইরে তখন অস্ত্র ফেলে দিয়ে আনুগত্য প্রকাশ করলো। মোট কথা, রবি সমগ্র সিসতানে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠিত করে ফিরে এলেন। এক বছর পর তিনি নিজের এক নায়েবকে সিসতানে রেখে আবদুল্লাহ (রাঃ) বিন আমের (রাঃ)-এর সাথে সাক্ষাতের জন্য খোরাসান এলেন। তিনি সিসতান যেতেই বিজ্রোহীরা মাথা চাড়া দিয়ে উঠলো এবং নায়েবকে সিসতান ছাড়তে বাধ্য করলো। হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের এ খবর পেয়ে এক অভিজ্ঞ জেনারেল হযরত আবদুর রহমান (রাঃ) বিন সামুরাহকে নতুন করে সিসতান দখলের জন্য নিয়োগ করলেন এবং সাথে সাথে তাঁকে ইমামতের দায়িত্বও দিয়ে দিলেন। হযরত আবদুর রহমান (রাঃ) সাহাবী হওয়া ছাড়াও উন্নত ধরনের সামরিক বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন। তিনি আট হাজার জীবন উৎসর্গকারী বাহিনীসহ সিসতান প্রবেশ করলেন এবং সকল বাধা পর্যুদত করে যারানজ পৌঁছে গেলেন। যারানজের ইরানী শাসক ইরান বিন রুত্তম শহরের দরজা বন্ধ করে দিল। কিন্তু অবশেষে সেখানে অবস্থানের শক্তি নিঃশেষ হয়ে গেল। সে বিশলাখ দিরহাম এবং দু’হাজার গোলাম দিয়ে মুসলমানদের আনুগত্য কবুল করে নিল।

অন্য এক রাওয়াজেতে বর্ণিত আছে যে, যেদিন হযরত আবদুর রহমান (রাঃ) যারানজের ওপর হামলা করেন, সেদিন যারানজবাসী কোন পর্বের আনন্দে মগ্ন ছিল। হঠাৎ করে মুসলমানদেরকে মাথার ওপর দেখে তারা কিকের্তব্যবিমূঢ় হয়ে পড়লো এবং কোন বাধা ছাড়াই আনুগত্য কবুল করে নিল।

যারানজ করতলাগত করার পর হযরত আবদুর রহমান (রাঃ) যারানজ এবং কাশের মধ্যবর্তী এলাকাসমূহের ওপর তাওহীদের কাঁতা বুলন্দ করলেন। এ প্রসঙ্গে মাওলানা সাইয়েদ আবু জাফর নদভী নিজের লিখা পুস্তক “তারিখে সিদ্ধ”-এ লিখেছেনঃ

“আবদুর রহমান (রাঃ) বিন সামুরাহ যারানজ এবং কাশের মধ্যবর্তী সকল এলাকা দখল করে নিয়েছিলেন। এ এলাকা যদিও বর্তমানে বেলেচিভানের অন্তর্ভুক্ত, কিন্তু সে যুগে তা ভারতবর্ষের অধীন ছিল। কেননা সে সময় বেলেচিভান নামে কোন প্রদেশ ছিল না। এমনকি মাকরান এবং সিসতানও সিদ্ধুর সাথে যুক্ত ছিল। এ দিক থেকে ভারতবর্ষের মাটিতে এ প্রথম হামলা বা শূঙ্ক এলাকা দিয়ে সংঘটিত হয়েছিল এবং এটিই ভারতবর্ষের প্রথম এলাকা বা মুসলমানদের অধীনে এসেছিল। আর সন্নয় রাসূল (সাঃ)-এর একজন সাহাবী (রাঃ)-এর পবিত্র হাতে তা বিজিত হয়েছিল।

মূর্তি পূজার দেশ ভারতবর্ষে হযরত আবদুর রহমান (রাঃ) বিন সামুরাহই তাওহীদের প্রদীপ প্রজ্জ্বলনকারী মুজাহিদদের নেতা ছিলেন। তিনিই ভারতবর্ষে অন্যান্য মুসলিম বিজেতাদের (মুহাম্মাদ বিন কাসিম, শাহাবুদ্দীন ঘোরী এবং মাহমুদ গজনীর) অগ্রপথিক ছিলেন।

এরপর হযরত আবদুর রহমান (রাঃ) রাখ্জের দিকে অগ্রসর হলেন এবং দাদনের (অথবা দাওরা) গুরুত্বপূর্ণ শহরে পৌঁছলেন। এ শহরের সন্নিকটে এক পাহাড়ের ওপর এক বিরাট মন্দির ছিল। মন্দিরটি একটি মজবুত দুর্গাকৃতির ছিল। সেখানে যত্তর নামক দেবতার মূর্তি স্থাপিত ছিল। এ দেবতার নামানুসারেই পাহাড়টির নামকরণ করা হয়েছিল” কোহে যত্তর”। এ মন্দির মূর্তি পূজারীদের নিকট অত্যন্ত পবিত্র স্থান ছিল। তারা দূর-দূরান্ত থেকে তা দর্শনে আসতো এবং বহু মূল্যবান উপঢৌকন মূর্তির পায়ে তলায় রাখতো। দাদনবাসী পালিয়ে সে মন্দিরে আশ্রয় গ্রহণ করলো এবং শহরের দরজা বন্ধ করে দিলো। হযরত আবদুর রহমান (রাঃ) মন্দির এবং শহর অবরোধ করলেন। তিনি এত কঠোরতা অবলম্বন করলেন যে, মূর্তিপূজারীদেরকে একটি বিরাট অংকে দিয়ে সন্ধি করতে বাধ্য হতে হলো। আল্লামা ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন যে, হযরত আবদুর রহমান (রাঃ) দাদনের মন্দিরে প্রবেশ করে দেখতে পেলেন বিরাট এক খোদিত মূর্তি। তার চোখে অত্যন্ত মূল্যবান হীরা বসানো রয়েছে। হযরত আবদুর রহমান (রাঃ) প্রথমে বর্শা দিয়ে মূর্তির চোখ বের করে ফেললেন। অতপর হাত তেজে দিলেন। এরপর তিনি সেখানকার শাসক ও অধিবাসীদেরকে সম্বোধন করে বললেনঃ

“হে মানুষেরা! এ হীরা এবং মূর্তির ভগ্ন হাত ওঠিয়ে নাও। তাতে আমার কোন প্রয়োজন নেই। আমি এ কাজ শুধু তোমাদেরকে দেখানোর জন্যে করেছি যে, মূর্তি

কখনো উপকার অথবা ক্ষতি সাধন করতে পারে না। এ ছন্যে তার ইবাদাত করার অর্থই হলো নিজকে ধ্বংস করা। হে মানুষেরা! আল্লাহই একমাত্র উপাস্য। তিনিই প্রত্যেক বস্তুর মালিক এবং তিনিই উপকার ও ক্ষতি সাধনের ক্ষমতা রাখেন। যদি তোমরা আল্লাহর ওপর ঈমান আনো তা'হলে আশা করা যায় যে, তিনি তোমাদের অন্তর খুলে দেবেন এবং তোমরা বীন ইসলাম ভালোভাবে বুঝতে সক্ষম হবে।”

দাদনের পর হযরত আবদুর রহমান (রাঃ) যাবল (গজনীহ) এবং বাসত জয় করলেন। অতপর যারানজ ফিরে এলেন। নেতৃস্থানীয় চরিতকাররা লিখেছেন, হযরত আবদুর রহমান (রাঃ)-এর বাহিনীতে গাজা হাসান বসরী (রঃ) এবং অন্যান্য অনেক আলেম এবং ফকিহ অন্তর্ভুক্ত ছিলেন। এ সব বৃজ্জ ব্যক্তি বিচ্ছিন্ন এলাকাসমূহে ইসলামের প্রসার ও প্রচারের কাজে ব্যাপক প্রচেষ্টা চালিয়েছিলেন। যার ফলশ্রুতিতে বহুসংখ্যক মানুষ ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় গ্রহণ করেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের একদিকে নিজের জেনারেলদেরকে যুদ্ধে ব্যস্ত রেখেছিলেন। অন্যদিকে স্বয়ং ইসলামের শত্রুদের বিরুদ্ধে জিহাদ ফি সাবিলিল্লায় মশগুল ছিলেন। বস্তুতঃ তিনি আশবান্দ, যাদাহ, বাশত, আসফারায়েন, গাওয়াফ, রাখ এবং আরইয়ান শহরসমূহ জয় করতে করতে নিশাপুরের রাজধানী আবর শহর পর্যন্ত পৌঁছে গেলেন এবং তা অবরোধ করলেন। শহরবাসী কয়েকমাস পর্যন্ত মুকাবিলা করলো। কিন্তু এক রাতে মুসলমানদেরকে শহরের ছোট বড় সড়কে ঘুরতে ফিরতে দেখে আশ্চর্যবিত হয়ে গেল। এর ফলে শহরের কতিপয় রক্ষী অত্যন্ত সংগোপনে ইবনে আমের (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে জীবন রক্ষার প্রতিশ্রুতি নিয়ে শহরের একটি দরজা খুলে দিল। মুসলমানরা বাইরে অপেক্ষমান ছিল। তারা তৎক্ষণাৎ শহরে প্রবেশ করলো। শহরের শাসক সেনাবাহিনীর কয়েকটি দলসহ দূর্গে আশ্রয় নিল। কিন্তু সেও বেশীদিন অবরোধের কঠোরতা বরদাশত করতে না পেরে বার্ষিক দশ লাখ দিরহাম খিরাজ দানের প্রতিশ্রুতিতে সন্ধি করলো। এভাবে নিশাপুরের সকল প্রদেশ মুসলমানদের অধীনে এলো।

নিশাপুর দখলের পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের আবদুল্লাহ বিন খায়েমকে “নিসা”র দিকে প্রেরণ করলেন। নিসা’র শাসক তিন লাখ দিরহামের প্রতিশ্রুতিতে সন্ধি করলো। তার এ সন্ধি দেখে আবইউরের শাসকও চার লাখ দিরহাম রাজস্ব প্রদান মঞ্জুর করলো। এ থেকে ইবনে আমের (রাঃ) আবদুল্লাহ বিন খায়েমকে সারাখাস দখলের জন্য নিয়োগ করলেন। তিনি সারাখাসের ওপর হামলা চালালে সেখানকার শাসক যাদবিয়াহ মামুলি ধরনের বাঁধা দানের পর আনুগত্য স্বীকার করে নিল। সারাখাস থেকে, ইবনে খায়েম ইয়াযিদ বিন সালেমের নেতৃত্বে কিছু সৈন্য প্রেরণ করে কাইফ এবং নারিতা শহর জয় করে নিলেন। তওসের শাসক মুসলমানদের বিজয় বন্যা নিজের দিকে ধাবিত হতে

দেখে সশরীরে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে বার্ষিক ছ'লাখ দিরহাম রাজস্ব প্রদানের গুয়াদা করলো এবং ইসলামী রাষ্ট্রের আনুগত্যের ঘোষণা দিল।

আবদুল্লাহ বিন খায়েমকে সারাখাসের দিকে প্রেরণ করে ইবনে আমের (রাঃ) নিজেও বসে থাকলেন না। তিনি এক শক্তিশালী বাহিনীসহ হিরাতের দিকে অগ্রসর হলেন। হিরাতের শাসক মুসলমানদের অগ্রাভিযানের খবর পেয়ে তাড়াতাড়ি হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরের খিদমতে উপস্থিত হয়ে জিযিয়া প্রদানে রাজী হয়ে আনুগত্য ঘোষণা করলো। তাঁর দেখাদেখি মরদে শাহজাহানের শাসকও জিযিয়া প্রদানে সম্মত হলো এবং বার্ষিক ২২ লাখ দিরহাম প্রদানের আনুগত্যনামা লিখে দিল। এবার ইবনে আমের (রাঃ) আহনাফ বিন কায়েস (রাঃ)-কে তাখারিস্তান প্রেরণ করলেন। তিনি কয়েকটি দুর্গ ও শহর অনুগত করার পর তাখারিস্তানের কেন্দ্রীয় শহর মারওয়াররোজ অবরোধ করলেন। শহরবাসী প্রচণ্ডভাবে যুদ্ধ করলো। কিন্তু অবশেষে আনুগত্য স্বীকার করলো। ইত্যবসরে হযরত আহনাফ (রাঃ) খবর পেলেন যে, বিপুল সংখ্যক শত্রু জুজ্জুজ্ঞানে একত্রিত হয়েছে। তিনি হযরত আকরা (রাঃ) বিন হাবিস তামিমিকে তাদের উৎখাতের জন্য প্রেরণ করলেন। হযরত আকরা (রাঃ) শত্রু বাহিনীকে পরাজিত করে জুজ্জুজ্ঞান জয় করে নিলেন। এক্ষণে হযরত আহনাফ তালকান ও ফারিয়াবের দিকে অগ্রসর হলেন এবং শহর দু'টি জয় করে বলখ পৌঁছে গেলেন। বলখবাসী মুকাবিলার সাহস না পেয়ে বার্ষিক চার লাখ দিরহাম রাজস্ব প্রদানের গুয়াদা করে সন্ধি করে নিল।

ওদিকে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের জিহুন (OXUS) নদী পার হয়ে মা ওরাউননাহর প্রবেশ করলেন। মা ওরাউননাহরবাসী মুসলমানদের শক্তি সম্পর্কে পরিজ্ঞাত ছিল। তারা মুকাবিলার পরিবর্তে সন্ধির মধ্যেই কল্যাণ দেখতে পেল। বস্তুতঃ তাদের একটি প্রতিনিধি দল অসংখ্য ঘোড়া। রেশমী কাপড়, দাস-দাসী এবং বিভিন্ন ধরনের উপটোকনসহ হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরের নিকট উপস্থিত হয়ে সন্ধির দরখাস্ত করলো। হযরত আবদুল্লাহ (রাঃ) তাদের দরখাস্ত কবুল করলেন এবং কায়েস ইবনুল হাইছামকে মা ওরাউননাহরে নিজের ডায়রা প্রায় নিয়োগ করে রাজধানীতে প্রত্যাবর্তন করলেন।

সকল নেতৃস্থানীয় চরিত্রকারই হযরত ওসমান (রাঃ)-এর শাসনকালে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরের ব্যাপক বিজয়ের কথা বিতৃত আকারেই বর্ণনা করেছেন। মা ওরাউননাহর, ইস্পাহান, হালওয়ান, কারমান, সারাখাস, গজনী, কাবুল, হিরাতে, মারদ, আসতাখার, নিশাপুর প্রভৃতি তাঁর হাতে প্রথম অথবা দ্বিতীয়বার বিজিত হয়। এমনকি মুসলমানরা বেলুচিস্তান পর্যন্ত পৌঁছে যান।

ইবনে আমের (রাঃ)-এর বিজয়াবলীর ঘটনাসমূহ পাঠ করে জানা যায় যে, তিনি একজন সাহসী এবং বীর সেনাপতি ছিলেন এবং সে সময় সামরিক বোণ্যতায় এক নজীরবিহীন ব্যক্তিত্ব ছিলেন। তাঁর বিজয়সমূহের এক উল্লেখযোগ্য দিক হলো যে, তিনি যথাসম্ভব রক্তপাত এড়িয়ে গিয়েছিলেন। যেসব শহর ও এলাকার বাসিন্দারা সন্ধির আবেদন করেছিল তিনি তা কবুল করে তাদের নিরাশঙ্ক প্রদান করেছিলেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের বিজয়সমূহ সম্পন্ন করে হজ্জের মওসুমে বসরা থেকে মক্কা এসে শূকরানা হজ্ব আদায় করলেন। হজ্জের পর তিনি প্রথম মক্কায় এবং পরে মদীনায় গিয়ে মুহাজির ও আনসারদের মধ্যে পুরস্কার ও দানের ব্যুষ্টিবর্ষণ করলেন। ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন, ব্যাপক বিজয়কালে প্রাপ্ত প্রভূত গণিমতের মালের বেশীরভাগই তিনি মুহাজির ও আনসারদের মধ্যে বন্টন করে দিয়েছিলেন। মুহাজির এবং আনসারদের মধ্যে এ দানের বিরাত প্রভাব পড়েছিল। তারা ইবনে আমের (রাঃ)-কে প্রভূত দোষা করেছিলেন। এ কাজ শেষে তিনি নিজের রাজধানী বসরা ফিরে আসেন এবং হযরত ওসমান জুন্নুরাইনের নির্দয় শাহাদাত পর্যন্ত স্ব-দায়িত্ব পালন করেন।

“দায়েরায়ে মাযারুফে ইসলামিয়া” গ্রন্থে বর্ণিত আছে যে, বিদ্রোহীরা খিলাফত ভবন অবরোধকালে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের আমীরুল মু’মিনিনকে সাহায্য করার চেষ্টা করেছিলেন। কিন্তু তা নিষ্ফল হয়। অধিকাংশ বর্ণনায় জানা যায় যে, হযরত ওসমান (রাঃ)-এর মনের পবিত্রতা এমন চরম পর্যায়ে পৌঁছে ছিল যে, তিনি মুসলমানদের মধ্যে গৃহযুদ্ধ এবং মদীনার হেরেমকে মুসলমানের রক্তে রঞ্জিত হওয়া থেকে রক্ষার জন্য নিজের গভর্নরদের সাহায্যই তলব করেননি। নচেৎ লাখ লাখ বর্গ মাইল বিজয়কারী ও জীবন উৎসর্গকারী জেনারেলরা যদি নিজেদের বাহিনীসহ আমীরুল মু’মিনিনের সাহায্যে পৌঁছতেন তাহলে মুষ্টিমেয় বিশৃংখলাকারী তাদের সামনে কোনক্রমেই ভিষ্টাতে পারতেন না।

হযরত ওসমান গনি (রাঃ)-এর শাহাদাতের পর হযরত আলী কাররামালাহ ওয়াজ্জহাছ খলিফা নির্বাচিত হলে ওসমান (রাঃ)-এর কিসাসের প্রসঙ্গে দুঃখজনক উটের যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের প্রথম থেকে শেষ পর্যন্ত উম্মুল মু’মিনিন হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ)-এর সঙ্গে ছিলেন। আবু হানিফা দিনাওয়ীর বর্ণনা অনুযায়ী তিনি আনসার বনু কায়েস এবং বনু ছাকিফের নেতৃত্ব প্রদান করেন। (আল-আখবারুত তাওয়াল।)

ইবনে আছির (রাঃ) “উসুদুল গাববাহ” গ্রন্থে লিখেছেন, হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের হযরত ওসমান (রাঃ)-এর শাহাদাতের খবর শুনে অত্যন্ত মর্মান্ত হইলেন।

কেননা হযরত ওসমান (রাঃ) শুমাত্র হক খলিফাই ছিলেন না, বরং তাঁর নিকটতম বন্ধু ছিলেন। বক্তৃতঃ তাঁর শাহাদাতের পর ব্যাপক বিশৃংখলা দেখা দিয়েছিল। তিনি বাইতুল মালের অর্থসহ বসরা থেকে মক্কা এলেন। সেখানে উম্মুল মু'মিনিন হযরত আয়েশা সিদ্দিকা, হযরত ডালহা এবং হযরত যোবায়ের (রাঃ)-এর সাথে সাক্ষাত হলো। তিনি জ্ঞানতে পেলেন যে, তাঁরা হযরত ওসমান (রাঃ)-এর কিসাসের নিয়তে সিরিয়া গমনের ইচ্ছা পোষণ করেন। হযরত আবদুল্লাহ (রাঃ) তাঁদেরকে তার সঙ্গে বসরা গমনের পরামর্শ দিলেন এবং বললেন, সেখানে তাঁরা যথেষ্ট সাহায্যকারী পাবেন। সুতরাং তাঁরা তার সাথে বসরা এলেন এবং সেখানেই দুঃখজনক উষ্টের যুদ্ধ সংঘটিত হলো।

হযরত আলী কাররামাদ্বাহ ওয়াজ্জহাহ্ এবং হযরত আমীর মাবিয়া (রাঃ)-এর মধ্যে সিকফিনের যুদ্ধ শুরু হলো। হযরত আবদুল্লাহ (রাঃ) আমীর মাবিয়াহ (রাঃ)-এর পক্ষভুক্ত হওয়া সত্ত্বেও যুদ্ধে বিশেষ কোন তৎপরতা দেখাননি। অবশ্য উভয়পক্ষের মধ্যে যুদ্ধ মূলতবির চুক্তিতে অন্যান্যের মত তিনিও সাক্ষী হিসেবে নিজেদের নাম দস্তখত করেন।

হযরত আলী কাররামাদ্বাহ ওয়াজ্জহাহ্‌র শাহাদাতের পর সাইয়েদেনা হযরত হাসান (রাঃ) তাঁর স্থলাভিষিক্ত হন। আমীর মাবিয়া (রাঃ) তাঁর বিরুদ্ধে সামরিক অভিযানের সময় হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরকে অগ্নবতী বাহিনীর অফিসার নিয়োগ করেন। হযরত হাসান (রাঃ) প্রথমে নিজের বাহিনীসহ মাদামেন তাশরীফ আনেন। সেখান থেকে মুকাবিলার জন্য বের হয়ে সাবাত্তে তাঁবু ফেললেন। সাবাত্তে অবস্থানকালে তিনি নিজের সৈন্যদের মধ্যে যুদ্ধ প্রব্লে নিষ্ক্ষিয়ভাবে লক্ষ্য করেন। কতিপয় ঋত্রোজী তাঁকে অপদস্ত করার চেষ্টা চালায়। এমনকি জারাহ বিন কাবিজ্জাহ নামক হতভাগা হামলা করে তাঁর পবিত্র উরু জখম করে দেয়। ফলে সাইয়েদেনা হাসান (রাঃ) মাদামেন ফিরে আসেন এবং জখম ভালো হওয়া পর্যন্ত কাসরে আবিয়াজে অবস্থান করেন। জখম ভালো হলে পুনরায় মুকাবিলার জন্য বের হন। এ সময় আমীর মাবিয়া (রাঃ)-ও আশ্বার পৌছেছিলেন। আবদুল্লাহ (রাঃ) বিন আমের এবং হযরত হাসান (রাঃ)-এর বাহিনী পরস্পরের মুখোমুখী হলে হযরত ইবনে আমের (রাঃ) সাইয়েদেনা হাসান (রাঃ)-এর নিকট দূত প্রেরণ করে সালাম এবং একটি বাণী প্রেরণ করলেন। বাণীতে তিনি উল্লেখ করলেন যে, তাঁর মর্যাদা শুধু আমীর মাবিয়া (রাঃ)-র অগ্নবতী বাহিনীর। তিনি নিজেও একটি বাহিনীসহ আশ্বার পৌছেছেন। আপনার এবং আপনার সহযোগীদের কসম। যুদ্ধ মূলতবী করুন।

সাইয়েদেনা হযরত হাসান (রাঃ)-এর সাথীরা এ বাণী শুনে লড়াই থেকে পিছ পা হতে লাগলো। হযরত হাসান (রাঃ) তাদের দুর্বলতা টের পেলেন। সুতরাং তিনি পুনরায় মাদামেন ফিরে গেলেন। তাঁর ফিরে যাওয়ার সাথে সাথে ইবনে আমের (রাঃ) অগ্নসর হয়ে মাদামেন অবরোধ করলো। হযরত হাসান (রাঃ) প্রথম থেকেই পারস্পরিক রক্তারক্তি

অপছন্দ করতেন। নিজের সাথীদের ভূমিকা দেখে কতিপয় শর্তে আমীর মাবিয়া (রাঃ)–এর পক্ষে খেলাফত থেকে সরে দাঁড়ালেন। ইবনে আমের (রাঃ) এ শর্তাবলী আমীর মাবিয়া (রাঃ)–এর নিকট পাঠিয়ে দিলেন। তিনি এ সব শর্ত মেনে নিলেন।

৩১ হিজরীতে আমীর মাবিয়া (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরকে দ্বিতীয়বার বসরার গবর্ণর নিয়োগ করেন। ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন, আমীর মাবিয়া (রাঃ) বসরার গবর্ণর হিসেবে দ্বিতীয় কোন ব্যক্তিকে নিয়োগ করতে চেয়েছিলেন। কিন্তু ইবনে আমের তাঁকে বললেন যে, বসরায় তাঁর অনেক ধন-সম্পদ রয়েছে। যদি অন্য কেউ সেখানকার গবর্ণর হয়, তাহলে সব বরবাদ হয়ে যাবে। এ কথায় আমীর মাবিয়া (রাঃ) তাঁকেই বসরার গবর্ণরীর দায়িত্ব অর্পণ করেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের দ্বিতীয়বার বসরার গবর্ণর হয়ে এসে খবর পেলেন যে, কাবুল, হিরাত, বুশানজ, বলখ, বাজগিস প্রভৃতি শহর এবং এলাকা বিদ্রোহী হয়ে গেছে। তিনি বিদ্রোহীদেরকে উৎখাতের জন্য কায়েস ইবনুল হাইছামকে খোরাসানে, আবদুল্লাহ বিন খায়েমকে হিরাত এবং হযরত আবদুর রহমান (রাঃ) বিন সামুরাহকে সিসতানের দিকে প্রেরণ করলেন। কায়েস ইবনুল হাইছাম বিদ্রোহীদেরকে চূর্ণ-বিচূর্ণ করতে করতে বলখ পৌঁছলেন এবং শহর দখল করে সেখানকার প্রখ্যাত অগ্নিকুণ্ড নগবাহার মিসমার করে ফেললেন। আবদুল্লাহ বিন খায়েম হিরাত, বুশানজ এবং বাজগিসের বিদ্রোহীদের ওপর যথায়থ আঘাত হেনে অনুগত বানালেন।

আবদুর রহমান (রাঃ) বিন সামরাহ এলাকার পর এলাকা জয় করতে করতে কাবুল পর্যন্ত পৌঁছে গেলেন এবং শহর অবরোধ করলেন। কাবুলবাসী অত্যন্ত ফাসাদ প্রিয় ছিল। এ জন্য হযরত আবদুর রহমান (রাঃ) অবরোধের সময় অত্যন্ত কঠোরতা অবলম্বন করলেন। একরাতে প্রাচীরের ওপর কামান দিয়ে এমন প্রচণ্ড গোলাবর্ষণ করলেন যে, তা ছিদ্র হয়ে গেল। তিনি উবাদ বিন হাছিনকে সৈন্যের একটি দল দিয়ে ছিদ্রটির তত্ত্ববিধানে নিয়োগ করলেন। সকালে শহরবাসীরা বাইরে বেরিয়ে প্রচণ্ড হামলা চালানো, কিন্তু পরাজিত হলো এবং মুসলমানরা শহরে প্রবেশ করলো।

এরপর হযরত আবদুর রহমান (রাঃ) অগ্রসর হয়ে খাশবসত, রযান এবং খুশক শহর জয় করলেন এবং রাখজ ঘিরে ফেললেন। রাখজবাসী সামান্য মুকাবিলার পর অস্ত্র ফেলে দিলো এবং আনুগত্য কবুল করে নিলো। রাখজ দখলের পর হযরত আবদুর রহমান (রাঃ) এক রক্তাক্ত যুদ্ধের পর দ্বিতীয়বার গাজনাহ দখল করলেন। অতপর তিনি কান্দাহারের ওপর ইসলামের ঝাণ্ডা উত্তীর্ণ করলেন এবং আরেকবার কাবুলের দিকে অগ্রসর হলেন। সেখানকার বাসিন্দারা তাঁর অনুপস্থিতির সুযোগে নিজেদের অভ্যাস

অনুযায়ী পুনরায় বিদ্রোহ করে বসে। কাবুলবাসী প্রচণ্ড শক্তি দিয়ে মুকাবিলা করলো। মুসলমানরা তাদেরকে নিদারুনভাবে পরাজিত এবং কাবুলে নিজেদের অধস্থান দৃঢ়ভাবে মজবুত করলো।

৪৩ হিজরীতে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের আবদুল্লাহ বিন সাওয়ার আবদীকে ভারতের উপকূলের বিশৃংখলা সৃষ্টিকারী লোকদের শান্তি প্রদানের জন্য ৪ হাজার মুজাহিদসহ প্রেরণ করলেন। তারা মাকরানে কয়েকমাস অবস্থান করলো। ইবনে আছির (রাঃ) বর্ণনা করেছেন, তিনি কাইকানবাসীকে চরমভাবে পরাজিত করে গণিমতের মালসহ সোজা দামেক পৌঁছলেন। তিনি সেখানে আমীর মাবিয়া (রাঃ)-এর খিদমতে কয়েকটি কাইকানী বোড়া পেশ করলেন।

৪৪ হিজরীতে ইবনে আমের (রাঃ) মুহান্নাব বিন আবি সাফরার নেতৃত্বে একটি বাহিনী সিন্ধুর দিকে প্রেরণ করলেন, ইবনে আছির (রাঃ)-এর বক্তব্য অনুযায়ী মুহান্নাব সিন্ধুর সীমান্তে যুদ্ধ করলেন এবং শত্রুর দীত ভেঙ্গে দিলেন। অতপর তিনি বিজয় কেতন উড়াতে উড়াতে দেশে ফিরে গেলেন।

কতিপয় ঐতিহাসিক লিখেছেন, মুহান্নাব বিন আবি সাফরাহ খাইবার গিরিপথে ভারতবর্ষে পদার্পণ করেন। সে যুগে পেশোয়ার থেকে মুলতান পর্যন্ত সমগ্র এলাকা সিন্ধুর অন্তর্ভুক্ত ছিল। মুহান্নাবই প্রথম আরব সেনাপতি যিনি খাইবার গিরিপথ দিয়ে ভারত অথবা সিন্ধুতে প্রবেশ করেন।

বসরায় দ্বিতীয়বার গবর্ণরীর তিন বছর অতিক্রান্ত হতেই আমীর মাবিয়া (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরকে পদচ্যুত করেন। উপজাতীয়দের সাথে নরম ব্যবহার করার কারণেই এটা করা হয়েছিল। আমীর মাবিয়া (রাঃ)-এ নরম ব্যবহারকে অত্যন্ত বিপদজনক মনে করতেন। সুতরাং আমীর মাবিয়া (রাঃ) ইবনে আমের (রাঃ)-এর স্থলে একজন কঠোর প্রাণ ব্যক্তিকে বসরা প্রেরণ করেছিলেন। বরখাস্তের পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের বিভিন্ন মত অনুযায়ী মদীনা মুনাওয়ারাহ অথবা মক্কা মুম্বাজ্জমা চলে যান এবং একাকীদের জীবন গ্রহণ করেন।

তার স্ত্রীকেও তার নিজেও মত পার্থক্য রয়েছে। কেউ কেউ ৫৭ হিজরীর কথা লিখেছেন। কেউ ৫৮ হিজরীর কথা বলেছেন। এক বর্ণনায় ৫৯ হিজরীর কথাও পাওয়া যায়।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের সামরিক নিপুণতা দিয়েই শুধুমাত্র নিজেকে সজ্জিত করেননি বরং জনগণের সেবা ও কল্যাণের জন্যও বহু সমাজসেবামূলক কাজ

করে গেছেন। তিনি মাদুফ্রোড়ে মুহসিনে ইনসানিয়াত বা মানবতার কম্পাণকামী রাসূলে করিম (সাঃ)-এর পবিত্র মুখের লালা চেটেছিলেন এবং নবী করিম (সাঃ) তাঁর জন্য এ ভাবায় দোয়া করেছিলেনঃ “এ শিশু (বড় হয়ে) মুসাকী ডুকাতদের পানি পানকারী হবে।”

সৃষ্টির সেরা নবী করিম (সাঃ)-এর এ ভবিষ্যদ্বাণী হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমেরের জীবনে পুরোপুরিই প্রতিফলিত হয়েছিল। আল্লাহপাক তাঁর অস্তরে আরবের সুকনো মাটির বাসিন্দাদেরকে বেশী বেশী পানি সরবরাহের সীমাহীন আবেগ সৃষ্টি করেছিলেন। বস্তুতঃ এ উদ্দেশ্য হাসিলের জন্য তিনি বসরায় দু’টি নহর খোদাই করেছিলেন। এছাড়া উবুল্লাহ নহর সংস্কার করেন। আরাকাতের ময়দানে হাজীদের পানির কষ্ট হতো। তিনি সেখানে বড় বড় পুকুর এবং হাউজ বানিয়ে নহরের পানি সেখানে আনার ব্যবস্থা করেন। এ ছাড়াও তিনি বিভিন্নস্থানে বহুসংখ্যক কূপ খনন করান এবং পানিবিহীন জমিতে বিভিন্ন উপায়ে পানি সেচের ব্যবস্থা করেন। জনসেবা ও শূক্ষ জমিতে পানি সরবরাহের ব্যবস্থা ছাড়াও তিনি বিভিন্নমুখী জনকল্যাণমূলক কাজ আঞ্জাম দেন। অন্ন-মিহাজ এবং কারইয়াতাইসে বৃক্ষ রোপন করেন এবং বসরায় অনেক বাড়ী ত্রয় করে বাজার তৈরী করেন।

সরকারীভাবে জনকল্যাণমূলক কাজ ছাড়াও হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের ব্যক্তিগতভাবেও আল্লাহর সৃষ্টিজীবকে অনেক উপকার করেছিলেন। প্রকৃতিগতভাবে তিনি ছিলেন দানশীল এবং কম্পাণকামী। আল্লাহ পাক তাঁকে অকুর্ত ধন-সম্পদ দান করেছিলেন। দু’দুবার বসরায় গবর্ণর হয়েছিলেন। এ বড় পদের জন্য উপযুক্ত ভাতা ছিল। নিজের গবর্ণরীর সময় অসংখ্য বিজয়লাভ করেছিলেন। কলে গণিমত্তের মালও পেতেন। ইবনে আছির (রঃ) “উসুদুল গাবাহ” গ্রন্থে লিখেছেন, মক্কা মুদাজ্জাম্হার উপকণ্ঠে প্রচুর বাগান এবং জমি ছিল। এ ছাড়াও তিনি কিরাট অংকের অর্থ বিভিন্ন ব্যয়সায়ে লাগিয়েছিলেন। এর মাধ্যমেও অর্থ সমাধম হতো। এমনিভাবে তিনি কুরাইশের নেতৃস্থানীয় সরদার হিসেবে পরিগণিত ছিলেন। আল্লাহ তাল্লা-ভীকে যে ধরনের ধন-সম্পদ প্রদান করেছিলেন সে ধরনের প্রশস্ত অন্তরও বানিয়েছিলেন। নিজের ধন-সম্পদ নির্বিধায় আল্লাহর পথে খরচ করতেন এবং হাজার হাজার গরীব, ইয়াতিম ও অভাবীকে পালন করতেন। কোন ভিক্ষুক তাঁর দরজা থেকে কখনো শূন্য হাতে কিয়ে যেত না। অভাবীদেরকে দু’হাত ভরে দান করতেন।

হযরত আমর (রাঃ) বিন সাঈদ উমুর্বী

তাবুকের যুদ্ধের পর খ্রিস্তনবী (সাঃ)-এর এমন একজন জীবন উৎসর্গকারী ব্যক্তির প্রয়োজন অনুভূত হলো যিনি আহাবান ও আমানতদার হওয়ার সাথে সাথে উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনার যোগ্যতাতেও পরিপূর্ণ। এ নির্বাচন প্রসঙ্গে তার দৃষ্টি নিবদ্ধ হলো বনু উমাইয়ার আলোক প্রদীপের ওপর। তিনি প্রয়োজনীয় সকল গুণে গুণান্বিত ছিলেন। হযুর (সাঃ) তাঁকে খায়বার, ফাদাক এবং তাবুকের রাজস্ব আদায়কারী নিয়োগ করলেন এবং দোলাসহ মদীনা মুনাওয়ারাহ থেকে রওয়ানা করে দিলেন। এ ব্যক্তি নিছের ওপর আরোপিত দায়িত্ব অত্যন্ত সুন্দর ও সুকৃভাবে আঞ্জাম দিতে থাকলেন। এমন কি এ অবস্থাতেই রাসূলুল্লাহ (সাঃ) ওকাত পেলেন। তিনি এ হৃদয় বিদারক খবর শুনে বিয়োগ ব্যাধি কাতর হয়ে সব কিছু ছেড়ে মদীনা মুনাওয়ারাহ ফিরে এলেন। তখন হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) খলিফার আসনে সমাসীন হয়ে ছিলেন। খলিফাতুর রাসূল (সাঃ) পুনরায় তাঁকে রাসূল (সাঃ)-এর আমলের পদের দায়িত্ব দিয়ে প্রেরণ করতে চাইলেন এবং তাঁকে বললেন, এ পদের জন্য তোমার চেয়ে যোগ্য আর কে হতে পারেন? কিন্তু তিনি ক্ষমা চাইলেন এবং বললেন, হে খলিফাতুর রাসূল! রাসূল (সাঃ)-এর পর আমি এ দায়িত্ব পালনে সক্ষম নই।

যে ব্যক্তিটির ওপর রাসূল (সাঃ)-এর অগাধ আস্থা ছিল এবং যিনি রাসূল (সাঃ)-এর ওফাতের পর কোন ধরনের পদ গ্রহণে রাজী হননি তিনি ছিলেন হযরত আমর (রাঃ) বিন সাঈদ উমুর্বী।

সাইয়েদেনা আবু উকবাহ আমর (রাঃ) বিন সাঈদ "আস-সাবিকুনাল আওয়ালিন" অর্থাৎ পবিত্র অগ্রবর্তী দলের একজন সদস্য ছিলেন। বীনের প্রতি নিকট এবং অন্যান্য সুন্দর গুণের বদৌলতে তিনি অত্যন্ত উঁচু মর্যাদায় সমাসীন ছিলেন। তিনি বনু উমাইয়ার সঙ্গে সম্পর্ক যুক্ত ছিলেন। তার বংশ নামা হলো: আমর (রাঃ) বিন সাঈদ বিন আছ বিন উমাইয়াহ বিন আবদি শামছ বিন আবদি মানাফ বিন কুসাই।

মাতার নাম ছিল সুফিয়া। তিনি বনু মাখজুম গোত্রভূক্ত এবং হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদের ফুফু ছিলেন। হযরত আমর (রাঃ)-এর পিতা এবং দাদা কটর মুশরিক ছিল। কিন্তু তাঁর বড় ভাই খালিদ (রাঃ) বিন সাঈদ অত্যন্ত সুন্দর স্বভাবের মানুষ ছিলেন। আল্লাহর রাসূল (সাঃ) হকের দাওয়াত প্রদান শুরু করলে তিনি নির্ভাবনাম তাতে সাড়া দেন। হযরত আমরও (রাঃ) সংস্বভাবের ছিলেন। তিনি ভাইয়ের অনুসরণ করেন এবং তাঁর ইসলাম গ্রহণের কিছু দিন পরই তিনিও ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় নেন। পিতা এবং বংশের অন্যান্যরা ইসলাম গ্রহণের অপরাধে তাঁদের গুণের অবর্ণনীয় নির্ধাতন চালায়। কিন্তু তাওহীদের নেশার নিকট নির্ধাতন হার মানলো। সে যুগে তাঁর ভাই আবান বিন সাঈদ (তখনও ঈমান আনেনি) দু'ভাইকে বিদ্রূপ করে কবিতার এক পংক্তি রচনা করে। সেই পংক্তির ভাবার্থ হলো: “হায়! জারবিয়ায় মৃত্যুর ঘূমে শায়িত সাঈদ বিন আহ বিল উমাইয়াহ তাকে জারবিয়ায় দাফন করা হয়েছিল। যদি দেখতো যে, আমর (রাঃ) এবং খালিদ বীনকে কিভাবে মিথ্যা প্রতিপন্ন করেছে।”

হযরত আমর (রাঃ) বিন সাঈদও কবিতা এবং কাব্যে বুৎপত্তি রাখতেন। তিনি যখন এ বিদ্রূপাত্মক কবিতা শুনলেন তখন কবিতা দিয়েই তার জবাব দিয়েছিলেন। তাঁর কবিতার অর্থ হলো: “এখন সেই মৃত্যুর ঘূমে শায়িতদের উল্লেখ পরিত্যাগ কর। সে নিজের রাস্তা নিয়েছে এবং সেই হকের দিকে আগুয়ান হও যার সত্য হওয়া প্রমাণ আর কোন বিধা-বন্ধনেই।”

মুশরিকদের যুলুম-নির্ধাতন সীমা ছাড়িয়ে গেলে নবুয়াভের ৫ম বছরে হযর (সাঃ) মুসলমানদেরকে হাবশার দিকে হিজরাত করার নির্দেশ দিলেন। বস্তুতঃ সে বছর একটি ছোট দল হাবশার দিকে যাত্রা করলো। পরের বছর একশ সদস্যের নারী-পুরুষের একটি বড় কাফেলা হাবশায় হিজরাত করলেন। এ কাফেলায় হযরত আমর (রাঃ) বিন সাঈদ, তাঁর স্ত্রী হযরত ফাতেমা (রাঃ) বিনতে ছাফওয়ান কিনানিয়াহ এবং সহোদর হযরত খালেদ (রাঃ) বিন সাঈদ নিজের স্ত্রীসহ শরীক ছিলেন। হযরত আমর (রাঃ) এবং হযরত খালেদ (রাঃ) পরিবারসহ তের বছর পর্যন্ত হাবশায় দেশত্যাগের মুসিবত বরদাশত করতে থাকেন। ঋণবাদের যুদ্ধের সময় হাবশা থেকে মদীনা আসেন। যদিও তাঁরা তাতে অংশ নিতে পারেননি, তবুও হযর (সাঃ) গনিমাতের মাল থেকে তাঁদেরকে অংশ প্রদান করেন।

মদীনা আগমনের পর হযরত আমর (রাঃ) বিন সাঈদ মক্কা বিজয়ের সময় রাসূল (সাঃ)-এর সহগামী ছিলেন। এরপর তিনি হুনাইন ও তায়েফের যুদ্ধে বাহাদুরী প্রদর্শন করেন। তাবুকের যুদ্ধেও তিনি অংশ গ্রহণ করেন। তাবুকের যুদ্ধ থেকে প্রত্যাবর্তনের পর নবী করিম (সাঃ) তাঁকে মদীনা মুনাওয়ারার পশ্চিম এলাকার খায়বার, ফিদক এবং তাবুক

প্রভৃতি স্থানের রাজস্ব আদায়কারী নিয়োগ করেন। রাসূল (সাঃ)-এর ইচ্ছাকালের পর তিনি মদীনা ফিরে যান। মদীনা প্রত্যাবর্তনের মাত্র কিছু দিন পরই রোমক বাদশাহর সাথে যুদ্ধ শুরু হয়ে গেল, সে যুগে সিরিয়া রোম সাম্রাজ্যের অংশ ছিল। খলিফাতুর রাসূল (সাঃ) হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) সিরিয়ার সৈন্য প্রেরণ করলেন। এ সময় হযরত আমর (রাঃ) বিন সাঈদ সিরিয়া গমনকারী মুজাহিদ বাহিনীতে একজন সাধারণ সৈনিক হিসেবে অংশ গ্রহণ করেন। দু'তিনটি যুদ্ধের পর মুসলমান এবং রোমকদের মধ্যে আছানাদাইনে এক প্রচণ্ড যুদ্ধ সংঘটিত হলো। হযরত আমর (রাঃ) বিন সাঈদ এ যুদ্ধে চরম বীরত্বের সঙ্গে লড়াই করেন এবং কয়েকবার শত্রুব্যূহ তখনই করে ফেলেন। এক নাজুক অবস্থায় তিনি মুসলমানদেরকে দৃঢ়তার প্রতি গুরুত্ব আরোপ করলেন এবং তাঁর নিকট মুসলমানদের পদসঞ্চলন অসহ্য ব্যাপার এ কথা বলতে বলতে রীরের মত শত্রুব্যূহে ঢুকে পড়লেন। যেই সামনে এলো তাকেই যমালয়ে পাঠালেন এবং রোমক বাহিনীর একদম মধ্যস্থলের দিকে এগিয়ে গেলেন, অবশেষে অসংখ্য রোমক এ মরদে মুজাহিদকে ঘিরে ফেললো এবং তীর, তলোয়ার ও খঞ্জরের বর্ষণ শুরু করলো। তাতে তার সমস্ত শরীর আঘাতে ছিন্ন হয়ে গেল। যখন তরবারী চালানর আর শক্তি রলো না তখন মাটিতে পড়ে গেলেন এবং শাহাদাতের পিন্নালা পান করে জাহান্নামে পৌঁছে গেলেন। আল্লামা বালাজুরী (রঃ) বর্ণনা করেছেন, তাঁর শরীরে ৩০-এরও বেশী আঘাত লেগেছিল। হযরত আমর (রাঃ) বিন সাঈদ এবং তাঁর মত অন্যান্য শহীদের রক্ত বৃথা যায়নি। রোমকদের শিক্ষণীয় পরাজয় হলো এবং তারা নিজেদের হাজার হাজার লাশ ফেলে রেখে পালিয়ে গেল।

হযরত আমর (রাঃ) বিন সাঈদ ঈমানী আবেগের যে চিহ্ন ইতিহাসের পৃষ্ঠার রেখে গেছেন তা চিরকালের জন্য মুসলমানদের রক্ত উত্তপ্ত করবে।

হযরত সাঈদ (রাঃ) বিন আছ

হযরত সাঈদ (রাঃ) বিন আছ ছিলেন সুখ্যাতির নভোমতলে সূর্য সমতুল্য। বিশেষ বিশেষ বৈশিষ্ট্য, আল্লাহ প্রদত্ত যোগ্যতা এবং কৃতিত্ব তাকে এ সুখ্যাতির স্বর্ণ শিখরে আরোহণ করিয়েছিল। বনু উমাইয়্যার সঙ্গে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। তার পিতা ও দাদা প্রভাবশালী ও মর্যাদাবান নেতা ছিলেন। হযরত সাঈদ (রাঃ)-এর দাদা আবু উহাইহা সাঈদ বিন আছের এমন দবদবা এবং শান শওকত ছিল যে, তিনি যে রঙের পাগড়ী পরিধান করতেন মক্কার কোন দ্বিতীয় ব্যক্তি সেই রঙের পাগড়ী পরিধান করতে পারতো না। মক্কাবাসী তাকে “জুত্‌তাজ্জ” (টুপি জমালা) উপাধি দিয়ে রেখেছিল।

আবু উহাইহা সাঈদ বিন আছ জুত্‌তাজ্জের পুত্রের মধ্যে পাঁচজন খালিদ, আমর, আবান, উবাইদাহ এবং আছ ইতিহাসখ্যাত হয়ে আছে। খালিদ, আমর আবান ইসলাম গ্রহণের সৌভাগ্য লাভ করেছিলেন। কিন্তু উবাইদুদ্বাহ এবং আছ কুফরীর ওপরই কায়ম ছিল। এ দুজনই বদরের যুদ্ধে হযরত যোবায়ের (রাঃ) ইবনুল আওয়াম এবং হযরত আলী (রাঃ)-এর হাতে মারা যায়। হযরত সাঈদ (রাঃ) সেই বদরের যুদ্ধে নিহত আছের পুত্র ছিলেন। তার নসবনামা হলোঃ সাঈদ (রাঃ) বিন আছ বিন আবু উহাইহা সাঈদ জুত্‌তাজ্জ বিন আছ বিন উমাইয়্যাহ বিন আবদি শামছ বিন আবদি মানাফ বিন কুসাই।

আবদি মানাফে গিয়ে তার বংশ ধারা রাসূল (সাঃ)-এর বংশের সঙ্গে মিশে যায়। মাতার নাম ছিল উম্মে কুলছুম। তার সম্পর্ক ছিল কুরাইশ বংশের আমের বিন লুকবীর সঙ্গে। হযরত সাঈদ (রাঃ) সরাসরি নবী (সাঃ)-এর ফয়েজ পাওয়ার সুযোগ খুব কমই পেয়ে ছিলেন। তা সত্ত্বেও রাসূল (সাঃ)-এর ইচ্ছিকালের পর তিনি উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ, হযরত ওমর ফারুক, হযরত ওসমান জুন্নরায়িন এবং অন্যান্য সাহাবী (রাঃ)-এর নিকট থেকে পুরোপুরি ফয়েজ হাসিল করেন এবং মর্যাদাবান সাহাবীদের মধ্যে পরিগণিত হতে থাকেন। নেতৃস্থানীয় চরিতকাররা বলেছেন, তিনি অত্রাজ্জ বাহাদুর, সুন্দর স্বভাব এবং বিজয়ী ব্যক্তি ছিলেন। আরবী ভাষায় ওপর তার অসাধারণ দখল ছিল এবং রাসূল (সাঃ)-এর কঠ বরের সঙ্গে তার কঠবরের মিল ছিল।

ইবনে আসাকির (রঃ) রাসূল (সাঃ)-এর যুগে ঘটিত হযরত সাঈদ (রাঃ) বিন আছের শৈশব কালের একটি ঘটনা হযরত আবদুল্লাহ (রাঃ) বিন ওমর (রাঃ)-এর মুখে এই ভাবে বর্ণনা করেছেনঃ “এক মহিলা রাসূল (সাঃ)-এর খিদমতে একখানা কাপড় পেশ করে আরজ করলেন, হে আল্লাহর রাসূল! এ কাপড় খানি আরবের সবচেয়ে বুজর্গ লোককে দেয়ার নিম্নত করে রেখেছিলাম। এখন তা আপনার নিকট এনেছি। সে সময় হযরত সাঈদ (রাঃ) বিন আছ হযুর (সাঃ)-এর নিকট দাড়িয়ে ছিলেন। তিনি মহিলাটির হাদিয়া কবুল করলেন এবং তাকে বললেন, এ কাপড় এ ছেলেটিকে দিয়ে দাও। সে রসূল (সাঃ)-এর নির্দেশ পালন করলো। এ কারণে সেই কাপড়ের নাম সাঈদা হিসেবে মশহুর হয়ে গিয়েছিল।” এ ঘটনায় হযরত সাঈদ (রাঃ)-এর ওপর হযুর (সাঃ)-এর অসাধারণ গ্নেহের কথা প্রকাশ পায়।

হযরত সাঈদ (রাঃ) রাসূল (সাঃ)-এর যুগে এবং হযরত আবুবকর সিদ্দিক (রাঃ)-এর শাসনামলে নাবালোগ ছিলেন। হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনকালে যৌবনপ্রাপ্ত হন। কিন্তু এ সময় জ্ঞান হাসিল ছাড়াও তীর দ্বিতীয় কোন তৎপরতা পরিলক্ষিত হয়নি। ২৪ হিজরীতে হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাহাদাতের পর হযরত ওসমান জুন্নুরাইন খিলাফতের আসনে সমাসীন হলে কুরআন পাক লিখার প্রতি বিশেষ মনোযোগ দেন এবং অসংখ্য নুসখা বা কপি নকল করার সিদ্ধান্ত নেন। এ কাজ আঞ্জাম দেয়ার জন্য তিনি যেসব সাহাবী (রাঃ)-কে নিয়োগ করেছিলেন তাদের মধ্যে হযরত সাঈদ (রাঃ) বিন আছও অন্তর্ভুক্ত ছিলেন। ২৯ হিজরীতে হযরত ওসমান (রাঃ) হযরত সাঈদ (রাঃ)-কে ওলিদ বিন উকবার স্থলে কুফার গবর্নর নিয়োগ করেন। কুফার গবর্নরীর সময় হযরত সাঈদ (রাঃ) কয়েকটি শানদার সামরিক সাফল্য প্রদর্শন করেন। কুফায় দারিত্ব গ্রহণের অব্যবহিত পরই তিনি জারজান এবং তাবারিতানের ওপর হামলা করেন। ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন যে, হযরত সাঈদ (রাঃ)-এর বাহিনীতে হযরত হাসান (রাঃ), হযরত হোসাইন (রাঃ), হযরত আবদুল্লাহ বিন ওমর (রাঃ), হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ), হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) এবং কুরাইশের অনেক যুবক অন্তর্ভুক্ত ছিলেন। বসরার গবর্নর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আমের এ সামরিক অভিযানের খবর পেয়ে তাবারিতানের দিকে অগ্রসর হলেন। কিন্তু হযরত সাঈদ (রাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ)-এর পৌছার পূর্বেই তাবারিতানের গুরুত্বপূর্ণ স্থান দাবাওন্দ তামিসা, রাদইয়ান, নামন্দ প্রভৃতি স্থান দখল করে নেন। জারজানের শাসক হযরত সাঈদ (রাঃ)-এর বিজয়সূচক হামলা মুকাবিলায় সাহস পেল না এবং সে দু' লাখ দিরহাম রাজস্ব প্রদান মঞ্জুর করে আনুগত্য কবুল করে নিল। আল্লামা বালাজুরী (রঃ)-এর বর্ণনা অনুযায়ী পার্বত্য এলাকার লোকেরাও সন্ধি করে নিয়েছিল, সে সময়ই আজারবাইজানের লোকেরা বিদ্রোহ করে বসলো এবং চারদিকে বিপৃথংলা সৃষ্টি করলো।

হযরত সাঈদ (রাঃ) এমন সাময়িক কৌশল অবলম্বন করলেন যে কিছুদিনের মধ্যেই তাদের শক্তি নিঃশেষ হয়ে গেল এবং ব্যর্থতার গ্লানি স্বীকার করে নিতে বাধ্য হলো।

হযরত সাঈদ (রাঃ) কুফার গবর্ণরীর দায়িত্ব প্রাপ্তির চার পাঁচ বছরের মধ্যেই কুফাবাসী তাঁর ওপর অসন্তুষ্ট হয়ে উঠলো। তাদের অসন্তুষ্টির কারণ কি ছিল? ঐতিহাসিকরা তার ব্যাখ্যা দেননি, কুফাবাসীরা তাঁর বিরুদ্ধে আমীরুল মুমিনিন হযরত ওসমান (রাঃ)-এর নিকট অভিযোগ করলো। ফলে, হযরত সাঈদ (রাঃ) ৩৪ হিজরীতে পদ থেকে পদচ্যুত হন। পদচ্যুতির ব্যাপারে দু'ধরনের বর্ণনা পাওয়া যায়। এক বর্ণনায় বলা হয় যে, আমীরুল মুমিনিন ওসমান (রাঃ) তাঁকে বরখাস্ত করেন। দ্বিতীয় বর্ণনায় বলা হয়েছে যে, আমীরুল মুমিনিন কুফাবাসীদের অভিযোগ কোন গুরুত্ব দেননি। এতে মালিকুল আশতারের নেতৃত্বে ১০ সদস্যের একটি প্রতিনিধি দল খলিফার নিকট হাজির হয়ে হযরত সাঈদ (রাঃ)-এর পদত্যাগ দাবী করে। হযরত সাঈদ (রাঃ)-ও সে সময় কুফা থেকে মদীনা এসেছিলেন এবং সে সময় আমীরুল মুমিনিনের নিকট উপস্থিত ছিলেন। আমীরুল মুমিনিন কুফাবাসীর অভিযোগ গুরুত্বহীন বলে আখ্যায়িত করেন এবং হযরত সাঈদ (রাঃ)-কে নিজের পদে ফিরে যাওয়ার নির্দেশ দিলেন। মালিকুল আশতার সেখানে আর কাল বিলম্ব না করে কুফা ফিরে এলেন এবং কুফাবাসীকে হযরত সাঈদ (রাঃ)-এর বিরুদ্ধে দারুণভাবে উত্তেজিত করে তুললো। ফল এই হলো যে, হযরত সাঈদ (রাঃ) যখন কুফা ফিরে যাচ্ছিলেন তখন কুফার একটি বড় দল তাঁর পথ অবরোধ করে দৌড়ায় এবং মদীনা ফিরে যেতে বাধ্য করে। অতপর মালিকুল আশতার কুফার জামে মসজিদে এক বড় সম্মেলন ডেকে নিজের পক্ষ থেকে হযরত আবু মুসা আশরাবী (রাঃ)-কে কুফার গবর্ণর হিসেবে ঘোষণা করলো। হযরত আবু মুসা (রাঃ) প্রথমে এ দায়িত্ব গ্রহণে অস্বীকৃতি জানালেন। কিন্তু সকলেই যখন আমীরুল মুমিনিন (রাঃ)-এর আনুগত্যের শপথ নিল তখন তিনি গবর্ণর হওয়ার ব্যাপারে সন্মত হলেন। হযরত ওসমান (রাঃ) এ সব ঘটনার খবর পেয়ে হযরত সাঈদ (রাঃ)-কে কুফা ফেরত পাঠানোকে ঠিক মনে করলেন না এবং হযরত আবু মুসা আশরাবী (রাঃ)-এর মনোনয়ন অনুমোদন করলেন। তারপর হযরত সাঈদ (রাঃ) মদীনাতেই অবস্থান করেন।

৩৫ হিজরীতে বিদ্রোহীরা আমীরুল মুমিনিন হযরত ওসমান জুহুরাইন (রাঃ)-এর বাড়ী অবরোধ করলে হযরত সাঈদ (রাঃ) বিন আছ কতিপয় নগ্নজোয়ান সাহাবীসহ খিলাফত ভবন রক্ষায় কর্তব্য পালন করেন। এ প্রসঙ্গে বিদ্রোহীদের সঙ্গে সংঘর্ষে তিনি গুরুতরভাবে আহত হন। হযরত ওসমান (রাঃ)-এর হৃদয়-বিদারক শাহাদাতের ঘটনা সংঘটিত হলে তিনি অত্যন্ত মনোকষ্ট পান এবং ভগ্ন হৃদয়ে মক্কা গিয়ে নির্জনত্ব অবলম্বন করেন। এক বর্ণনায় আছে যে, উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ) যখন

হযরত ওসমান (রাঃ)-এর রক্তের বদলার বাণী উচ্চীন করলেন এবং হযরত যোবায়ের (রাঃ), হযরত তালহা ও অন্যান্য সমর্থকদের সাথে বসরার দিকে রওয়ানা দিলেন তখন হযরত সাঈদ (রাঃ)-ও তাদের সঙ্গে গেলেন। কিন্তু মারুফ জাহরাইন অথবা জাতে ইন্নকের সল্লিকটে পৌঁছে তাদের থেকে পৃথক হয়ে গেলেন এবং মক্কা গিয়ে একাকীভাবে অপ্রাধিকার দিলেন। তিনি উষ্টের যুদ্ধ অথবা সিকফিনের যুদ্ধ কোনটিতেই অংশ নেননি। হযরত আলী (রাঃ)-এর শাহাদাতের কয়েকমাস পর হযরত হাসান (রাঃ) আমীর মাযিয়া (রাঃ)-এর পক্ষে খিলাফত থেকে সরে দাঁড়ালে আমীর মাযিয়া (রাঃ) হযরত সাঈদ (রাঃ)-কে মদীনার গবর্ণর নিয়োগ করলেন। কিন্তু কিছুদিন পর তাঁকে বরখাস্ত করে তাঁর স্থলে মল্লজ্ঞান ইবনুল হাকামকে মদীনার গবর্ণর নিয়োগ করেন। (অন্য) এক রাওয়ানেত অনুযায়ী হযরত সাঈদ (রাঃ) এবং মারওয়ানের পদচ্যুতি ও নিয়োগ বিরতিসহ দু'বার কার্যকর হয়েছিল। হযরত সাঈদ (রাঃ) শেষ বয়সে মদীনা মুনাওয়ারাহ থেকে তিন মাইল দূরে “আল-আকীকে” স্থায়ীভাবে বসতি স্থাপন করেন। সেখানে তাঁর মালিকানা অনেক জমি ছিল। “ইরাকুত হাবুবী” “মুন্নাআমুল বুলদান” গ্রন্থে লিখেছেন, “আল-আকীক” অথবা “আরছাতুল আকীক” এক পশত ময়দান। সেখানে সাধারণভাবে গৃহাদি নির্মাণের অনুমতি ছিল না। হযরত সাঈদ (রাঃ) সরকার থেকে বিশেষ অনুমোদন নিয়ে থাকার জন্য এক বিরাট বাড়ী তৈরী, কূপ খনন এবং বাগান রচনা করেছিলেন। ভিন্ন মত অনুসারে তিনি ৫৭ অথবা ৫৮ অথবা ৫৯ হিজরীতে সেই বাড়ীতেই ওফাত পান। হাফেজ জাহাবীর (রাঃ) কন্ঠ্য অনুসারে তাঁর লাশ মদীনা আনা হয় এবং জান্নাতুল বাকীতে দাফন করা হয়।

হযরত সাঈদ (রাঃ) সাত পুত্র রেখে যান। এ সব পুত্রের নাম হলোঃ ওমর, মুহাম্মাদ, আবদুল্লাহ, ইয়াহিয়া, ওসমান, আম্বাসা এবং আবান। হাকিম ইবনে আবদুল বার (রাঃ) “আল-ইসতিয়াবে” লিখেছেন, হযরত সাঈদ (রাঃ)-এর আরো কয়েকজন ভাই ছিল। কিন্তু আছেন বংশধারা সাঈদের পুত্রদের দ্বিগুণই অব্যাহত থাকে।

চরিতকাররা হযরত সাঈদ (রাঃ)-এর শারাকত, বাহাদুরী, জ্ঞান ও ধৈর্য, মর্যাদা, সত্য স্থিরতা, দানশীলতার অত্যন্ত প্রশংসা করেছেন। হাকিম জাহাবী (রাঃ) বর্ণনা করেছেন, আমীর মাযিয়া (রাঃ) বলভেন, সাঈদ (রাঃ) বিন আহ বুদ্ধিমত্তা ও বোণ্ডতার দিক থেকে খলিফা হওয়ার যোগ্য ছিলেন।

আল্লামা ইবনে আছির (রাঃ) “উসুদুল গাববাহ” গ্রন্থে লিখেছেন, হযরত সাঈদ (রাঃ)-এর পিতা আহ বদরের যুদ্ধে হযরত আলী (রাঃ)-এর হাতে নিহত হয়েছিলেন। এ যুদ্ধে একই নামের আহ (বিন মুন্নিরাহ) তার ভাণ্ডিনা হযরত ওমর (রাঃ)-এর হাতে নিহত হয়। একই নাম হওয়ার কারণে ধোঁকা হত যে, হযরত ওমর (রাঃ) হযরত সাঈদ (রাঃ)-এর পিতা আহকে হত্যা করেছিলেন। বত্বুতঃ বনু উমাইরার মধ্যে প্রচণ্ড বংশীয় বিবেচ

ছিল। এ জন্য হযরত ওমর (রাঃ) ধারণা করলেন যে, সম্ভবতঃ সাঈদ (রাঃ) পিতার হত্যাকারী মনে করে মনে মনে তার বিরুদ্ধে খারাপ ধারণা গোষণ করতে পারে। এ ভুল ধারণা দূর করার জন্য একদিন তিনি হযরত সাঈদ (রাঃ)-কে বললেন, “সাঈদ, বদনের যুদ্ধে আমি তোমার পিতাকে নয় বরং আমার আপন মুশরিক মামা আহকে হত্যা করেছিলাম।” হযরত সাঈদ (রাঃ) কাল বিলম্ব না করে জবাব দিয়েছিলেন, আপনি যদি আমার পিতাকেও হত্যা করতেন তাতেই কি আসতো যেতো। আপনি হকের ওপর ছিলেন। আর সে ছিল হকের শত্রু। হযরত ওমর (রাঃ) তার জবাবে আশ্চর্যবিত্ত হলেন। হযরত সাঈদ (রাঃ)-এর দানশীলতা এবং অন্তরের প্রশস্ততার কোন সীমা পরিসীমা ছিল না, এটা সম্ভবই ছিল না যে, কোন অভাবগ্রস্ত তাঁর দরজায় এসে শূন্য হাতে ফিরে যাবে। তাঁর দানশীলতা শুধু যারা হাত পাতেতো তাদের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, বরং যেসব শরীফ অভাবগ্রস্ত মান-ইচ্ছতের কারণে কারোর নিকট হাত পাতে পারতো না, তারাও তার দান থেকে উপকৃত হতো। খোঁজ করে করে তিনি এ ধরনের অভাবগ্রস্তদের নিকট পৌঁছতেন এবং তাদের অভাব পূরণ করতেন। যদি কোন অভাবগ্রস্ত এমন সময় তার নিকট আসতো যখন তার কাছে অর্থ থাকতো না, তাহলে তিনি তাকে লিখে দিতেন যে, অর্থ এলে সে যেন নিয়ে নেয়।

ইবনে আছির (রঃ) বর্ণনা করেছেন যে, কুফার গবর্ণরীকালে সাঈদ (রাঃ) প্রত্যেক জুম্মার রাতে মসজিদের নামাযীদের মধ্যে দিনার ভর্তি থলী বন্টন করতেন। এ কাজে একজন বিশেষ গোলাম নিয়োগ করা হয়েছিল। বস্তুতঃ জুম্মার রাতে মসজিদে নামাযীদের অসাধারণ ভীড় হতো। আত্মীয়-স্বজনদের সাথেও তাঁর আচরণ ছিল বদান্যতাপূর্ণ। কাপড়, খাদ্য, নগদ অর্থ এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য দিয়ে তিনি তাদেরকে সাহায্য করতেন। সপ্তাহে একদিন তিনি নিজের সকল ভাই-ভাতিজাকে এক সাথে নিয়ে খাবার খেতেন।

হাফিজ ইবনে আবদুল বার (রঃ) “আল-ইসতিয়াব” গ্রন্থে লিখেছেন যে, মদীনা থেকে পদচ্যুতির পর একদিন তিনি মসজিদ থেকে বের হলে এক ব্যক্তি তাঁর পিছু নিল। ব্যক্তিটি প্রকাশ্য ভাবে কোন কিছু চাইলো না। কিন্তু হযরত সাঈদ (রাঃ) বুঝতে পেলেন যে, লোকটি অভাবগ্রস্ত। তিনি নিজের গোলামকে ডেকে পাঠালেন এবং তাকে দিয়ে বিশ হাজারের স্লিপ লিখিয়ে সেই ব্যক্তিকে দিয়ে বললেন, আমি যখন ভাতা পাবো তখন এ স্লিপে লিখিত অর্থ তুমি শেয়ে যাবে। কিন্তু সে অর্থ আদায়ের সময় না আসতেই হযরত সাঈদ (রাঃ) ইন্তেকাল করলেন। সেই ব্যক্তি স্লিপটি তার পুত্র আমরকে প্রদান করলেন। তিনি অবিলম্বে স্লিপে লিখিত অর্থ আদায় করলেন।

এধরনের বদান্যতা এবং শান-শওকতের জন্য তার ওপর ৮০ হাজারের ঋণ হয়ে যায়। মৃত্যুর পূর্বে সকল পুত্রকে ভেঙে বললেন, তোমাদের মধ্যে কে আমার ষসি হতে চাও। বড় পুত্র নিজেকে পেশ করলে তিনি বললেন, আমার ষসি হতে চাইলে আমার ঋণও আদার করতে হবে। পুত্র অিজেস করলো, “ঋণ কত?” তিনি বললেন, “৮০ হাজার।” পুত্র বললো, এত ঋণ কেমন করে হলো? তিনি বললেন, পুত্র! পরিষ্কার পোশাক পরিধানকারী শরীফ মানুষের অভাব দূর করার জন্য ঋণ হয়ে গেছে। এ সব লোক বাধ্য হয়ে আমার কাছে আসতো কিন্তু লজ্জার কিছু চাইতে পারতো না। আমি চেহারা দেখেই বুঝতাম যে, তারা অভাবগ্রস্ত। তাদেরকে চাওয়ার সুযোগ না দিয়েই তাদের অভাব পূরণ করে দিতাম।

হযরত আব্বাস (সাঃ) বিন উবাদাহ আনসারী

নবুয়াত প্রাপ্তির ১০ বছর পর রাসূলে করিম (সাঃ) হকের তাবলিগের জন্য তায়েফ তালশরীফ নিয়েছিলেন। তায়েফবাসীর দুর্ভাগ্য যে, তারা শুধু তাওহীদের দাওয়াতই প্রত্যাখ্যান করেনি বরং আরবের প্রচলিত মেহমানদারীকেও উপেক্ষা করে রাসূল (সাঃ)-এর সাথে চরম দুর্ব্যবহার করেছিল। কিন্তু প্রিয় নবী (সাঃ) ছিলেন দৃঢ়তা ও অবিচলতার পাহাড়। তিনি তায়েফবাসীর আচরণে মনোকষ্ট না নিয়ে মক্কা ফিরে এসে যথারীতি সত্যের তাবলিগে ব্যস্ত হলেন। হজ্জের সময় হেরেম শরীফ জিয়ারতকারীদের নিকট গিয়ে তাওহীদের দাওয়াত প্রদান তাঁর একটি নিয়ম ছিল এবং সময় সময় বিভিন্ন গোত্রের নিকট গিয়ে তাদের সামনে দীনে হক পেশ করতেন। গোত্রসমূহের নেতারা বড্ড রুঢ় জবাব দিত এবং হেরেম জিয়ারতকারীদের ওপরও তাওহীদের তেমন কোন প্রভাব পড়তো না। কিন্তু নবুয়াত প্রাপ্তির ১১ বছর পর হজ্জের মওসুমে আল্লাহ পাক এক আশ্চর্য ধরনের পরিস্থিতি সৃষ্টি করলেন। হযুর (সাঃ) তাবলীগ করতে করতে মিনার এমন কতিপয় তাঁবুর নিকট গিয়ে পৌঁছিলেন যেখানে ইয়াছরিব থেকে আগত কতিপয় সুন্দর স্বভাবের লোক অবস্থান করছিলেন। তারা খায়রাজ গোত্রের ৬ ব্যক্তি ছিলেন। প্রিয় নবী (সাঃ) যখন তাদের নিকট গিয়ে আল্লাহ তায়ালায় একত্ববাদ এবং শ্রেষ্ঠত্বের বর্ণনা শুরু করলে তারা খুব প্রভাবিত হলেন। এরপর হযুর (সাঃ) কুরআনে হাকিমের কতিপয় আয়াত তিলাওয়াত করলেন। ফলে তাদের অন্তর সম্পূর্ণরূপে বিগলিত হয়ে গেল। তারা পরস্পরের প্রতি চাওয়া চাওয়ি করলো এবং বললো, আল্লাহর কসম! তিনি তো সেই শেষ নবী যীর উল্লেখ সব সময় ইয়াছরিবের ইহুদীদের মুখে লেগে থাকে। দেখ, , ইহুদীরা আবার আমাদের চেয়ে হক কবুল প্রস্তুত অঙ্গামী হয়ে না যায়। এ কথা বলে তারা সকলেই ঈমান আনলেন।

খায়রাজ গোত্রের এ ছ'পবিত্র আত্মার ইসলাম গ্রহণ যেন ইয়াছরিবে সৌভাগ্যের সূর্য উদয় ছিল। তাঁরা ইয়াছরিব ফিরে গিয়ে অত্যন্ত দ্রুততার সাথে দীনে হকের তাবলিগ শুরু করলেন। এমনিভাবে প্রদীপ থেকে প্রদীপ জ্বলতে লাগলো

এবং ইয়াছরিবের সৎ স্বভাবের মানুষ ইসলামের প্রতি ঝুঁকতে লাগলো। সুতরাং পরবর্তী বছর অর্থাৎ নবুয়াত প্রাপ্তির ১২ বছর পর ১২জন মুসলমান রাসূল (সাঃ)-এর দর্শন এবং বাইয়াতের গৌরব লাভের জন্য মক্কা গেলেন। আল্লাহর এ ১২জন পবিত্র বান্দাহর মধ্যে খায়রাজ্জ গোত্রের বনু সালেম শাখার এক সন্তান আবাস (রাঃ) বিন উবাদাহ বিন নাঈলাহ বিন মালিক বিন আঈলান বিন যায়েদ বিন গানাম বিন সালেম বিন আমর বিন আওফ বিন খায়রাজ্জও शामिल ছিলেন। তিনি স্বগোত্রের বাহাদুর যুবক হিসেবে পরিগণিত হতেন। বীরত্ব ও বাহাদুরীর সাথে সাথে আল্লাহ তাঁকে সুন্দর স্বভাবও দান করেছিলেন। তাওহীদের আহবান কানে আসতেই চিন্তা-ভাবনা ছাড়াই তিনি তাতে সাড়া দিলেন এবং পরবর্তী হজ্জ মওসুমে ইয়াছরিবের আরো ১১জন ঈমানদারের সাথে মক্কা গিয়ে রাসূল (সাঃ)-এর খিদমতে হাজির হলেন এবং নিম্নে বর্ণিত ছ'টি কথার ওপর হযুর (সাঃ)-এর হাতে বাইয়াত হলেন :

একঃ আমরা শিরক করবো না ; দুইঃ আমরা চুরি করবো না; তিনঃ আমরা খারাপ কাজ করবো না; চারঃ আমরা চোগলখুরী করবো না এবং কারোর ওপর মিথ্যা অপবাদ আরোপ করবো না; পাঁচঃ আমরা নিজেদের কন্যাকে হত্যা করবো না; ছয়ঃ আমরা রাসূলে আকরাম (সাঃ)-এর সকল ভালো কথার আনুগত্য করবো। ইতিহাসে এ বাইয়াত "বাইয়াতে উক্বায়ে উলা" নামে খ্যাত হয়ে আছে।

প্রত্যাবর্তনের সময় তাঁরা হযুর (সাঃ)-এর নিকট কুরআন পাঠদান এবং বীনের শিক্ষা দানের জন্য তাদেরকে একজন শিক্ষক প্রদানের দরখাস্ত করলেন। প্রিয় নবী (সাঃ) হযরত মুহুয়াব (রাঃ) বিন উমায়ের (রাঃ)-কে এ দায়িত্ব অর্পণ করলেন এবং তাঁকে এ পবিত্র কাফেলার সাথে ইয়াছরিব রওয়ানা করালেন।

হযরত মুহুয়াব (রাঃ) বিন উমাই (রাঃ)-এর তাবলিগি প্রচেষ্টার কারণে ইয়াছরিবের ঘরে ঘরে ইসলামের চর্চা হতে লাগলো। নবুয়াত প্রাপ্তির ১৫ বছর পর হজ্জের মওসুমে ইয়াছরিব থেকে পাঁচশ' মানুষের একটি কাফেলা হজ্জের উদ্দেশ্যে মক্কা রওয়ানা হলো। এ কাফেলাতে ৭৫ জন ঈমানদার ও (৭৩ জন পুরুষ এবং ২ জন মহিলা) शामिल ছিলেন। তাদের মধ্যে হযরত আবাস (রাঃ) বিন উবাদা (রাঃ)-ও ছিলেন। তাঁরা রওয়ানা হওয়ার প্রাক্কালে রাসূলে আকরাম (সাঃ)-কে মদীনা আগমনের দাওয়াত দানের সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। হজ্জ সমাপনের পর বিশ্বনবী হযরত মুহাম্মাদ মুস্তাফা (সাঃ) একটি রাত ঠিক করলেন। সে রাতে ইয়াছরিবের ঈমানদাররা নিজেদের কাফেলার মুশরিকসহ রাতের অন্ধকারে আকাবার ঘাঁটিতে

একত্রিত হলেন। প্রিয় নবী (সাঃ)-এর চাচা হযরত আবাস (রাঃ)ও সমভিব্যাহারে সেখানে পৌঁছলেন। হযরত আবাস (রাঃ) আনসারদের উদ্দেশ্য জ্ঞাত হয়ে তাদেরকে সম্বোধন করে বললেন :

“ইয়াছরিবের ভ্রাতৃগণ ! মুহাম্মাদ (সাঃ) নিজের বংশে অত্যন্ত মর্যাদাবান এবং শ্রদ্ধেয় ব্যক্তিত্ব। তাঁর দাওয়াতের প্রতি ভিন্ন মত পোষণকারী বেশীর ভাগ মক্কাবাসীই তাঁর কঠোর শত্রু। এ সম্বন্ধে আমরা তাঁকে শত্রু থেকে মুক্ত করেছি এবং ভবিষ্যতেও পূর্ণ শক্তি দিয়ে তা করবো। তোমরা যদি নিজেদের প্রতিশ্রুতি পূরণ করেত পার তাহলে কথা বলবো। খুব ভালোভাবে বুঝে নিও যে, মুহাম্মাদ (সাঃ)-এর সাথে কোন চুক্তি বা প্রতিশ্রুতির অর্থ হলো ডয়ংকর মুসিবত এবং রক্তান্ত যুদ্ধের আহবান জানানো। এ জন্য সব কিছু বুঝে শূনে পদক্ষেপ নেবে। নচেৎ তাঁকে নিজের ওপর ছেড়ে দাও।”

হযরত আবাস (রাঃ)-এর বক্তৃতা শূনে হযরত বারা' বিন মা'রুর আবেগ উদ্বেলিত হয়ে দাঁড়িয়ে গেলেন এবং বললেন :

“হে আবাস! আমরা তোমার কথা শূনেছি। এবার আমাদের কথাও শোন। স্মরণ রেখ যে, আমরা কাপুরুষ নই। আমরা তরবারীর ছায়ায় লালিত পালিত হয়েছি।” অন্যান্য আনসার তার কথায় বাধা দিয়ে বললো, “ হে আল্লাহর রাসূল! আপনিও কিছু বলুন।”

হযর (সাঃ) কুরআনে হাকিমের কতিপয় আয়াত তিলাওয়াত করলেন এবং ইয়াছরিববাসীকে ইসলামের ওপর প্রতিশ্রুতি থাকার নসিহত করলেন। অতঃপর বললেনঃ

“আমি তোমাদের নিকট থেকে এ বাইয়াত নিচ্ছি যে, তোমরা যেভাবে নিজের জীবন ও পরিবার-পরিজনকে হিফাজত করে থাকো তেমনি আমাকেও হিফাজত বা রক্ষা এবং দ্বীনের সম্প্রসারণে সহযোগিতা করবে।”

হযরত রাবা' (রাঃ) বিন মা'রুর তাঁর পবিত্র হাত ধরলেন এবং বললেন :

“হে আল্লাহর রাসূল! আল্লাহর কসম, আমরা আপন জীবন, সম্পদ এবং সন্তানসহ আপনার হিফাজত ও সাহায্য করবো।”

হযরত আবুল হাছিম (রাঃ) বিন তিহান এ সময় তার কথায় বাধা দিয়ে বললেন :

“হে আল্লাহর রাসূল ! বর্তমানে আমরা ইহুদীদের সাথে চুক্তিবদ্ধ আছি। আপনার হাতে বাইয়াতের পর তা বাতিল হয়ে যাবে। ক্ষমতা ও কর্তৃত্ব পেয়ে আপনি আমাদেরকে যেন পরিত্যাগ না করেন।”

হযুর (সাঃ) মুচকি হেসে বললেনঃ

“বরং আমার রক্ত তোমাদের রক্ত এবং আমার জিহ্মা ও তোমাদের জিহ্মা বরাবর। আমি তোমাদের মধ্য থেকে এবং তোমরা আমার থেকে। তোমরা যার সাথে লড়াই করবে আমিও তার সাথে লড়াই করবো এবং যার সাথে তোমরা সন্ধি করবে আমিও তার সাথে সন্ধি করবো।”

হযুর (সাঃ)-এর ইরশাদ শুনে ইয়াছরাবের সকল ঈমানদার ব্যক্তি বাইয়াতের জন্য অগ্রসর হলেন। এ সময় হযরত আব্বাস (রাঃ) বিন উবাদাহ সাহাবীদেরকে সম্বোধন করে বললেনঃ

“বন্ধুগণ ! ভালোভাবে বুঝে নাও যে, তোমরা কোন বস্তুর বাইয়াত নিছ। এ বাইয়াত আরব এবং আজমের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার নামান্তর। খুব ভালোভাবে জেনে নাও যে, তোমাদের ওপর এমন সময়ও আসতে পারে যে, আমাদের শরীকরা কতল হয়ে যেতে পারে। আমাদের সম্পদ বরবাদ হয়ে যেতে পারে। আমাদের মান-সম্মত নষ্ট হতে পারে। সে সময় আপদ-বিপদে ঘাবড়ে গিয়ে তোমরা রাসূল (সাঃ)-কে যেন পরিত্যাগ করে না বস।”

সকল আনসার এক বাক্যে বললো : “হী হী, আমরা সকল বিপদ দেখেও বাইয়াত করছি।”

তারপর প্রিয়নবী (সাঃ) আনসারদেরকে সম্বোধন করে বললেন :

“আল্লাহর প্রসঙ্গে আমি বলছি যে, তোমরা তার ইবাদাত কর এবং কাউকেই তার সাথে শরীক করো না। নিজের ও সাথীদের জন্য এটা চাই যে, আমাদেরকে আশ্রয় দাও এবং যেভাবে নিজের জীবনকে রক্ষা করো সেভাবে আমাদেরকেও রক্ষা করবে।”

প্রশ্ন হলো : হে আল্লাহর রাসূল! আমরা যদি এ সকল কাজ করি তাহলে প্রতিদানে আমরা কি পাবো।” হযুর (সাঃ) বললেন : “জান্নাত।”

এ কথা শুনে আনসারদের অন্তর ঈমান ও ইয়াকিনের আলোয় প্রজ্জলিত হয়ে উঠলো এবং তারা বললো : “ তাহলে আপনি যা কিছু চান, তার জন্যই আমরা প্রস্তুত রয়েছি।”

এরপর একের পর এক তারা হযুর (সাঃ)-এর হাতে বাইয়াত হলেন। ইতিহাসে এ বাইয়াতকে বাইয়াতে উকাবায়ে ছানিয়া, বাইয়াতে উকাবায়ে কবিরাহ এবং বাইয়াতে লাইসাভুল উকাবা নামে খ্যাত হয়ে আছে। আর ইসলামের ইতিহাসে এটা মাইল স্টোনের মর্যাদা রাখে। বস্তুতঃ এটা আরব এবং আজম, জ্বীন ও ইনসানের সাথে লড়াইয়ের বাইয়াত ছিল। এ সময় আরবের মাটির প্রতিটি কণা হকের ঝাণ্ডাবাহীদের রক্ত পিপাসু ছিল এবং আরবের কোন কাবিলাই হক পছীদের সাহায্যের ঘোষণা দানের সাহস রাখতো না। সেই ঘন ঘোর দুর্দিনে ইয়াছরিবের এ সব পবিত্র মানুষ উঠে দাঁড়ালেন এবং কালেমায়ে হক বুলন্দ করার জন্য জীবন, সম্পদ ও সন্তান-সন্ততিকে মক্কার রাসূল (সাঃ)-এর পবিত্র পদধূলী প্রদানেরও আকাংখা ব্যক্ত করলেন। সে পবিত্র রাতে প্রিয় নবী (সাঃ)-এর সাথে তাঁরা যে প্রতিশ্রুতি প্রদান করেছিলেন তা বাস্তবেও কার্যকর করে দেখিয়েছিলেন। কত শুভ ও সুন্দর ছিলেন সে সকল ব্যক্তিত্ব যারা জীবনবাজী রেখে এ বাইয়াত করেছিলেন এবং জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সম্পূর্ণ নিষ্ঠা এবং সততার সে বাইয়াত বা ওয়াদা পূরণ করেছিলেন।

চরিতকাররা বলেছেন, যখন এ বাইয়াত সম্পন্ন হলো তখন হযরত আব্বাস (রাঃ) বিন উবাদাহ দাঁড়িয়ে অভ্যস্ত আবেগের সাথে বললেন, “ হে আল্লাহর রাসূল! আপনি চাইলে আগামী সকালেই আমি হকের শত্রুদেরকে তরবারীর শব্দ গ্রহণ করাতে পারি।” হযুর (সাঃ) বললেন, “না, এখনো সে নির্দেশ আসেনি।”

বাইয়াত উকাবেয়ে কবিয়ার পর হযরত আবাস (রাঃ) বিন উবাদাহ এবং তার দু'তিন জন সাথী মক্কাতেই স্থায়ী বাসিন্দা হয়ে যান। (অন্য এক বর্ণনা অনুযায়ী তিনি ইয়াছরিব ফিরে যান এবং সেখান থেকে মক্কা আগমন করেন। তারপর মক্কার হক পন্থীদের সাথেই অবস্থান করেন) হযরত মুহাম্মাদ যুতাকা (সাঃ) মুসলামানদেরকে মদীনায় হিজরাতের অনুমতি প্রদান করলে তিনিও তাদের সাথে হিজরাত করে মদীনা গমন করেন। এ জন্য তাঁকে মুহাজিরী আনসার বলা হয়।

হযরত রাসূলে করিম (সাঃ) মক্কা থেকে হিজরতের পর কিছুদিন কুবাতে অবস্থান করেছিলেন। তারপর তিনি ষষ্ঠাংশ ইয়াছরিবে (মদীনা) শূভ পদার্পণ করেন। মদীনার আনসাররা তাঁকে এক ঐতিহাসিক সম্বর্ধনা প্রদান করেন। এ সম্বর্ধনার উদাহরণ ইতিহাসে পাওয়া যায় না। প্রিয় নবী (সাঃ) বনু সালেমের মহত্বা অভিজ্ঞম করছিলেন। এ সময় বনু সালেমের নেতৃস্থানীয়দের মধ্যে হযরত আবাস (রাঃ) বিন উবাদাহ এবং হযরত উতবান (রাঃ) বিন মালিক অত্যন্ত আন্তরিকতার সাথে তাঁকে সম্বর্ধনা জ্ঞাপন করেন। তারা তাঁকে গরীব খানায় অবস্থানের জন্যও মিনতি জানান। কিন্তু এ সৌভাগ্য আল্লাহ পাক হযরত আবু আইয়ুব আনসারী (রাঃ)-এর তকদীরে লিখে রেখেছিলেন। এ জন্য রাসূলুল্লাহ (সাঃ) তাদের আবেগের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক এবং দোয়া করতে করতে সামনের দিকে এগিয়ে গেলেন।

কয়েক মাস পর প্রিয় নবী (সাঃ) মুহাজির এবং আনসারদের মধ্যে সাত্ত্বের সম্পর্ক স্থাপন করেন। তখন হযরত আবাস (রাঃ) বিন উবাদাহকে জলিলুর কদর মুহাজির সাহাবী হযরত ওসমান (রাঃ) বিন মাছউনের বীনিভাই বানিয়ে দিলেন।

দ্বিতীয় হিজরীর রামাদান মাসে বদরের যুদ্ধ সংঘটিত হয়। হযরত আবাস (রাঃ) বিন উবাদাহ কোন বিশেষ কারণ বশতঃ তাতে অংশ নিতে পারেনি। এর ক্ষতিপূরণ হিসেবে তিনি পরবর্তী বছর ওছদের যুদ্ধে অংশ নিয়ে মাথায় কাফন বেঁধে যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গিয়েছিলেন। এক বর্ণনা অনুযায়ী মক্কার মুশরিক সুফিয়ান বিন আবদি শামস তাঁকে শহীদ করে।

হাফিজ ইবনে হাজার (রঃ) "আল-ইসাবাহ" গ্রন্থে লিখেছেন, হযরত আবাস (রাঃ) বিন উবাদাহ শাহাদাতের পূর্বে কিছু দিন আসহাবে সুফফার দলেও ছিলেন।

হযরত হারাম (রাঃ) বিন মিলহান আনসারী

বিশ নেতা হযরত মুহাম্মাদ মুত্তাফা (সাঃ) মক্কার মাটিকে বিদায়-জানিয়ে মদীনা মুনাওয়ারা হতে শুভ পদার্পণ করলেন। এ সময় কতিপয় আনসারী সাহাবী (রাঃ) অত্যন্ত উৎসাহ-উদ্বীপনার সাথে রাসূল (সাঃ)-এর নিকট থেকে কুরআন করিমের তালিম হাসিল করেন এবং একইভাবে তা অন্যদেরকেও তালিম দেন। কুরআন হাকিমের প্রতি অসাধারণ ভালোবাসা পোষণকারী এ সব সাহাবীর মধ্যে মদীনা মুনাওয়ারাহ'র হারাম (রাঃ) বিন মিলহান নামক একজন যুবকও ছিলেন। আনসারের সম্প্রসৃত বংশ বনু নাজ্জারের সাথে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। তাঁর নসবনামা নিম্নরূপ :

হারাম (রাঃ) বিন মিলহান বিন খালিদ বিন যায়েদ বিন হারাম বিন জ্বনদুব বিন আমের বিন গানাম বিন আদি বিন নাজ্জার বিন ছালাবা বিন আমর বিন খায়রাজ্জ।

হযরত উম্মে সুলাইম (রাঃ) এবং হযরত উম্মে হারাম (রাঃ) অত্যন্ত জলিলুল কদর সাহাবিয়াহ ছিলেন। তাঁরা উভয়েই হারাম (রাঃ) বিন মিলহানের সহোদরা ছিলেন। অনেক দূরের আত্মীয়তার সূত্রে তাঁরা রাসূল (সাঃ)-এর খালা হতেন। এ সম্পর্কে হযরত হারাম (রাঃ)-ও রাসূল (সাঃ)-এর মামু হতেন।

হযরত হারাম (রাঃ) বিন মিলহান অত্রবর্তী আনসার সাহাবীদের মধ্যে পরিগণিত। তিনি নবী (সাঃ)-এর হিজরাতের পূর্বেই সহোদরাদের সাথে ইসলাম গ্রহণের সৌভাগ্য অর্জন করেছিলেন। রহমতে আলাম (সাঃ) মদনীতে তামরীফ আনার পর অন্যান্য আনসার ভাইদের সাথে তিনিও তাঁকে অত্যন্ত উৎসাহ উদ্বীপনার মধ্য দিয়ে বাগতঃ জানিয়েছিলেন এবং দিবা-নিশি নবুয়্যাতের প্রশ্রবণ থেকে ফয়েজপ্রাপ্ত হতে থাকেন। এমনকি অল্প সময়ের মধ্যেই কুরআন-সুন্নাহর আলেম হয়ে গেলেন। সহীহ মুসলিমে বর্ণিত আছে যে, তিনি বৈশীর ভাগ সময়

কুরআন পড়তেন এবং রাতে কুরআনের দরস পেশ করতেন। এভাবে তিনি “দ্বারী” উপাধিতে ভূষিত হয়েছিলেন।

হযরত হারাম (রাঃ) অত্যন্ত একনিষ্ঠ মুসলমান ছিলেন এবং তাঁর ইমानी আবেগের কোন সীমা-পরিসীমা ছিল না। রাতে দরসে কুরআন শেষে আল্লাহর ইবাদাতে মগ্ন হলে যেতেন এবং সকাল পর্যন্ত নামায পড়তেন। দিনে মাসজিদে নববী এবং আসহাবে সুফফার খিদমত আবশ্যিক করে নিয়েছিলেন। সহিহ মুসলিমে বর্ণিত আছে যে, তিনি মসজিদে নববীতে পানি ভরে রাখতেন। অতঃপর জঙ্গলে গিয়ে কাঠ সংগ্রহ করে আনতেন এবং তা বিক্রি করে আসহাবে সুফফা ও অন্যান্য অভাবগ্রস্ত মুসলমানদের খানা-পিনার ব্যবস্থা করতেন। উন্নত চরিত্র এবং নিষ্ঠার মাধ্যমে তিনি রাসূল (সাঃ)-এর নৈকট্য লাভ করেছিলেন।

দ্বিতীয় হিজরীর রমাদান মাসে হক এবং বাতিলের প্রথম সংঘর্ষ ঘটে বদরের প্রান্তরে। হযরত হারাম (রাঃ) বদরী সাহাবী হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন। শুরুর থেকে শেষ পর্যন্ত তিনি জীবন বাজী রেখে লড়াই করেন। কতিপয় বর্ণনায় বর্ণিত আছে যে, পরবর্তী বছর ওহোদের যুদ্ধেও তিনি অংশ নিয়েছিলেন এবং বাহাদুরীর চরম পরাক্রান্তা দেখিয়েছিলেন।

চতুর্থ হিজরীর সফর মাসে বনু কালাবের সরদার আবু বারা’ আমের বিন মালিক নজ্জদ থেকে মদীনা মুনাওয়ারা এসে রাসূল (সাঃ)-এর খিদমতে উপস্থিত হয়ে কতিপয় ব্যক্তিকে তার সাথে তার কওমের নিকট ইসলামের দাওয়াত দানের জন্য প্রেরণের আবেদন জানালো। রাসূলুল্লাহ (সাঃ) তার আবেদন কবুল প্রসঙ্গে দ্বিধা প্রকাশ করলেন। কেননা কিছু দিন পূর্বে বনু আমেরের সরদার আমের বিন তোফায়েল এক চিঠিতে হুমকি প্রদান করে যে, মুহাম্মাদ (সাঃ) যেন তাকে স্থলাভিষিক্ত বানায় অথবা নরম জমিনে সে শাসন করুক এবং কঠিন জমিনে আমের শাসন করবে। নচেৎ সে হাজার হাজার যোদ্ধাসহ মদীনার ওপর হামলা করবে। এ আমের আবু বারার শত্রুশত্রু ছিল। আবু বারা’ বারবার নিশ্চয়তা প্রদান করে বললো যে, যেসব মুসলমান তার সাথে যাবে সে তাদের নিরাপত্তার জামিন হবে।

সহিহ বুখারীতে হযরত আনাস (রাঃ) বিন মালিক থেকে বর্ণিত আছে যে, প্রিয় নবী (সাঃ) (আবু বারা’র নিশ্চয়তার ভিত্তিতে) ৭০ জন সাহাবীকে হযরত হারাম (রাঃ) বিন মিলহানের নেতৃত্বে নজ্জদ প্রেরণ করেছিলেন। তাদের বেশী সংখ্যকই

ছিলেন আনসার এবং আসহাবে সুফ্ফার সদস্য। তাঁরা কুরআনে করিমের হাফেজ এবং কারী উপাধিতে মশহুর ছিলেন। ছয়র (সাঃ) আমের বিন তোফায়েলের নামে একটি পত্র সেই দলের হাতে প্রদান করলেন। এ সব সাহাবী মদীনা থেকে বিদায় গ্রহণ করে বি'রে মাউনা নামক স্থানে এসে থেমে গেলেন। স্থানটি ছিল মক্কা মুয়াজ্জমা এবং আসফানের মধ্যে। ওয়াকেকেদী বর্ণনা করেছেন যে, এটা বনি সুলাইমের একটি পুকুর ছিল। আর তা ছিল বনি আমের ও বনু সুলাইমের মধ্যবর্তী স্থানে অবস্থিত।

হয়রত হারাম (রাঃ) বিন মিলহান বিশ্বনবী (সাঃ)-এর পত্র নিয়ে আমের বিন তোফায়েলের নিকট গেলেন। সেই হতভাগা রাসূল (সাঃ)-এর পত্র পর্যন্ত না পড়ে এবং আরবদের প্রচলিত মেহমানদারীকে সম্পূর্ণ উপেক্ষা করে এক ব্যক্তিকে ইঙ্গিত করলো। সে ব্যক্তি পিছন দিক থেকে এসে হয়রত হারাম (রাঃ)-কে বর্শা মারলো। এ বর্শা তাঁর শরীরের এপার ওপার হয়ে বেরিয়ে গেল। হয়রত হারাম (রাঃ) আঁজলা ভরে রক্ত উঠিয়ে নিজের চেহারা এবং মাথায় ছিটিয়ে দিয়ে বললেন, “কাবার রবের কসম! আমি সফল হয়েছি।” এ কথা বলেই তিনি মাটিতে ঢলে পড়লেন এবং মাথায় শাহাদাতের মুকুট পরিধান করে জ্বান্নাতবাসী হয়ে গেলেন।

ওয়াকেকেদী বর্ণনা করেছেন যে, হয়রত হারাম (রাঃ) বিন মিলহানের ওপর বর্শা নিক্ষেপকারীর নাম ছিল জ্বার বিন সালমা কিলাসবী। পরে জ্বার লোকদের নিকট হয়রত হারামের “আমি সফল হয়েছি” এ কথা অর্থ জিজ্ঞেস করেছিল। তারা বলেছিল যে, এর অর্থ হলো “আমি বেহেশত লাভে সক্ষম হয়েছি।” জ্বার এ কথা শুনে বললো, “খোদার কসম! সে সত্য কথা বলেছে।” এরপর সে ইসলাম গ্রহণ করে।

হয়রত হারাম (রাঃ) -এর শাহাদাতের পর আমের বিন তোফায়েল বনু আমের গোত্রকে বললো, অন্যান্য মুসলমানের সাথেও এ ধরনের ব্যবহারই কর। কিন্তু তারা আবু বারার আশ্রয়ের কারণে তাতে আপত্তি করলো। ফলে আমের চারপাশের কতিপয় গোত্র যেমন বনু সুলাইম, রায়াল এবং জাকওয়ান প্রভৃতিকে একত্রিত করে মুসলমানদের ওপর হামলা করে বসলো।

অন্য এক রাওয়াত অনুযায়ী মুসলমানরা হয়রত হারাম (রাঃ)-এর শাহাদাতের খবর শুনে ঘটনাস্থলে পৌঁছে গেলেন। আমের বিন তোফায়েল এবং তার

অসংখ্য সাথী মুষ্টিমেয় মুসলমানদের ঘিরে ফেললো এবং দু'জন ছাড়া অবশিষ্ট সকলকে এক এক করে শহীদ করে ফেললো। এ দু'জনের মধ্যে একজন ছিলেন হযরত কা'ব (রাঃ) বিন ষায়েদ আনসারী। তিনি গুরুত্বররূপে আহত হয়েছিলেন। মৃত মনে করে কাফেররা তাকে ফেলে গিয়েছিল। দ্বিতীয় ব্যক্তি ছিলেন হযরত আমর (রাঃ) বিন উমাইয়া জুমরী। নজদীরা তাকে ত্র্যকতার করেছিল। পরে সুযোগ পেয়ে তিনি পালিয়ে এসেছিলেন। অবশ্য অন্য এক বর্ণনায় আছে যে, আমের বিন তোফায়েলের মাতা মানত পূরা করার জন্য তাকে মুক্ত করে দিয়েছিল।

হযরত আমর (রাঃ) বিন উমাইয়া মদীনা পৌঁছে এ লোমহর্ষক ঘটনার কথা রাসূলুল্লাহ (সাঃ)-কে অবহিত করলেন। এ খবর পেয়ে তিনি অত্যন্ত মর্মাহত হলেন। সাধারণত তিনি কারোর জন্য বদ দোয়া করতেন না। কিন্তু বিরে মাউনার দুঃখজনক শাহাদতের ঘটনায় তিনি খুব শোকাভীড়ত হয়েছিলেন। সহীহ বুখারীর বর্ণনা মূতাবেক রাসূলুল্লাহ (সাঃ) একমাস পর্যন্ত হতভাগা হস্তাদের জন্য বদ দোয়া করেছিলেন। প্রিয় নবী (সাঃ) হযরত হারাম (রাঃ) বিন মিলহানকে চিরকাল স্মরণ রেখেছিলেন। তিনি কখনো কখনো বলতেন, উম্মে হারাম (রাঃ) এবং উম্মে সুলাইম (রাঃ)-এর জন্য আমার খুব দুঃখ হয়। তাদের ভাই জমলুম হয়ে শাহাদাত বরণ করেছিলো।

- X -

হযরত হাসিবুল ইয়ামান (রাঃ)

কবীর

চরিতকাররা হযরত হাসিবুল ইয়ামান (রাঃ)-এর নাম তিন ভাবে লিখেছেন। তা হলো : হুসাইন, হাসিল এবং হাসিল। তাঁর কুনিয়াত ছিল আবু হুজাইফা। সকল চরিতকারই তাঁর কুনিয়াত প্রথমে ঐকমত্য পোষণ করেন। হযরত আবু হুজাইফা হাসিল (রাঃ)-এর সম্পর্ক ছিল গাতফানের আবাস বংশের সাথে। নসবনামা হলো : হাসিল (রাঃ) বিন জ্বাবের বিন আমর বিন রবিয়াহ বিন ফারুদাহ বিন হারিছ বিন মাযিন বিন কাতিয়াহ বিন আবাস।

হাকিম ইবনে আবদুল বার (রাঃ) আল-ইসতিযাব গ্রন্থে লিখেছেন যে, হাসিল (রাঃ)-এর দাদার নাম ছিল ইয়ামান। এ জন্য তিনিও ইয়ামান উপাধিতে মশহুর হন। তাঁর সূখ্যাতিরও কারণ আছে। তিনি শগোত্রের এক ব্যক্তিকে হত্যা করে পালিয়ে মদীনা চলে এসেছিলেন। এখানে তিনি বনি আবদিল আশহালের সাথে বন্ধুত্বমূলক সম্পর্ক স্থাপন করেন এবং সেই বংশের এক মহিলা রুবাব (রাঃ) বিনতে কাবের বিন আদি বিন আবদিল আশহাল-এর সাথে পরিণয় সূত্রে আবদ্ধ হন। বস্তুতঃ তিনি ইয়েমেনী ছিলেন। এ জন্য তাঁর মিত্র তাকে আল-ইয়ামান বলা শুরু করে।

হযরত হাসিল (রাঃ)-এর ইসলাম গ্রহণ সম্পর্কিত দু'ধরনের বর্ণনা পাওয়া যায়। এক বর্ণনায় বর্ণিত আছে যে, তিনি পুত্র হযরত হুজাইফার সাথে নবী (সাঃ)-এর হিজরাতের পূর্বে ঈমান এনেছিলেন। ইবনে আছির (রাঃ)-এর মত অনুযায়ী হযরত হুজাইফা (রাঃ) হিজরাতের পূর্বে মক্কা পৌঁছেন এবং প্রিয় নবী (সাঃ)-এর সাথে হিজরাতের ব্যাপারে জিহ্বাস ফরলেন। অন্য এক বর্ণনায় আছে যে, হযরত হাসিল (রাঃ), স্ত্রী রুবাব (রাঃ) বিনতে কা'ব এবং দু'পুত্র হুজাইফা (রাঃ) ও সাফওয়ান (রাঃ) হিজরাতের অর্থাৎ হযর (সাঃ)-এর মদীনায় শূভ পদার্পণের সাথে সাথে পর ইসলাম গ্রহণ করেন।

সা-২/১০

সহীহ মুসলিমে বর্ণিত আছে যে, বদরের যুদ্ধের সময় হযরত হাসিল (রাঃ) পুত্র হুজ্জাইফা (রাঃ)-কে সাথে নিয়ে যুদ্ধে অংশ গ্রহণের জন্য বের হলেন। দু'খটনাবশতঃ রাতায় কুরাইশ মুশরিকদের হাতে পড়ে গেলেন। তারা বললো, তোমরা সম্ভবতঃ মুহাম্মাদ (সাঃ)-এর নিকট গমন করছো। আমরা তোমাদেরকে কোন মতেই যেতে দেব না। হযরত হাসিল (রাঃ) বললেনঃ আমরা মদীনা যাচ্ছি। তাতে তোমাদের আপত্তির কি থাকতে পারে? মুশরিকরা বললো, ঠিক আছে। তাহলে যুদ্ধে অংশ নেবে না। এ ব্যাপারে কসম খাও। উভয়েই অনিচ্ছাকৃতভাবেই যুদ্ধে অংশ না নেয়ার প্রতিশ্রুতি দিলেন। ফলে কাফিররা তাদেরকে মুক্ত করে দিল। মুক্তির পর নবীজী (সাঃ)-এর দরবারে হাজির হয়ে লোকসম্মত ঘটনা খুলে বললেন। হযর (সাঃ) বললেন, নিজের প্রতিশ্রুতির ওপর প্রতিশ্রুতি থেকেও এবং বাড়ী ফিরে যাও। রইলো বিজয় ও সাহায্যের ব্যাপার। তা আল্লাহর হাতে রয়েছে। আমরা আল্লাহর নিকটই তা কামনা করবো।

ওহাদের যুদ্ধের সময় হযরত হাসিল (রাঃ) পুত্র হুজ্জাইফা (রাঃ)-কে সাথে নিয়ে মুশরিকদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য বের হলেন। হযর (সাঃ) হযরত হাসিল (রাঃ)-কে দুর্বল দেখে অন্য আরেকজন বয়স্ক বুজর্গ হযরত ছাবিত (রাঃ) বিন ওয়াকশের সাথে মহিলা ও শিশুদের নিকট এক উঁচু টিলার ওপর অথবা চৌ বসিয়ে দিলেন। হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) "ইসাবাহ" গ্রন্থে লিখেছেন, হযর (সাঃ) উভয়কেই মহিলা এবং শিশুদের হিফাজতের জন্য নিয়োগ করেছিলেন। যুদ্ধ শুরু হলে জিহাদী আবেগ উভয় বুজর্গকে অস্থির করে ফেললো। একে অপরকে বললো। "তোমার পিতার মৃত্যু হোক।" আমরা এখানে কেন হাতের ওপর হাত রেখে বসে থাকবো। আজ না মরি, কাল তো মরতেই হবে। চলো, আল্লাহর পথে লড়াই করি। আল্লাহ পাক শাহাদাতের নিয়ামত নসিব করতে পারেন। সূতরাং উভয় বুজর্গ তরবারী হাতে নিয়ে লড়াইয়ের ময়দানে এসে দাঁড়লেন। মুশরিকরা হযরত ছাবিত (রাঃ) বিন ওয়াকশকে শহীদ করে ফেললো। মুসলমানরা হযরত হাসিল (রাঃ)-কে চিনতে না পেয়ে তার ওপর তরবারী চালিয়ে দিল। হযরত হুজ্জাইফা (রাঃ) চেটিয়ে বলতে লাগলেন, "ইনি আমার পিতা, ইনি আমার পিতা।" কিন্তু যুদ্ধের ডামাডোলে কেউ তার কথা শুনতে পেল না এবং হযরত হাসিল (রাঃ) মুসলমানদের হাতে শাহাদাতের পিয়াল পান করে ছান্নাতুল ফিরদাউসে গিয়ে উপস্থিত হলেন।

হযরত হুজ্জাইফা (রাঃ) পিতার শাহাদাতে খুব মনোকষ্ট পেলেন। কিন্তু তিনি ধৈর্য ধারণ করলেন এবং ইয়াকফিরুল্লাহ লাকুম বলে চূপ মেয়ে গেলেন। প্রিয় নবী

(সাঃ) এ ঘটনার কথা জ্ঞানতে পেরে হযরত হুজাইফা (রাঃ)-কে ডেকে অত্যন্ত দুঃখ করলেন এবং হাসিল (রাঃ) শহীদের দিয়ত আদায় করলেন। কিন্তু হযরত আবু হুজাইফা (রাঃ) এ দিয়তের অর্থ গ্রহণ সহ্য করতে পারলেন না এবং তিনি তা মিসকিনদের মধ্যে সাদকাহ করে দিলেন। নবী করিম (সাঃ) তাঁর এ আবেগের প্রশংসাকরলেন।

এক বর্ণনায় আছে যে, হযরত (সাঃ) এ ঘটনা শুনে বললেন, হত্যাকারী এবং নিহত স্ত্রী উভয়েই জিহাদের ছত্তাব পাবেন।

হাফিজ ইবনে হাজার (রাঃ) বর্ণনা করেছেন, হযরত রুবা'ব (রাঃ) বিনতে কা'বের ঔরবে হযরত হাসিল (রাঃ)-এর পাঁচ সন্তান জন্ম নিয়েছিল। হুজাইফা (রাঃ), সা'দ, সাফওয়ান (রাঃ), মাদলাজ এবং লাইলা তাদের মধ্যে শুধু হযরত হুজাইফা এবং হযরত সাফওয়ান (রাঃ)-এর ইসলাম গ্রহণের সৌভাগ্য হয়েছিল। হযরত হুজাইফা (রাঃ) নবী (সাঃ)-এর নৈকট্য লাভ করতে পেরেছিলেন এবং তিনি সাহিবিস সির অর্থাৎ রাসূল (সাঃ)-এর গোপনীয়তা রক্ষাকারী হিসেবে খ্যাত হয়েছিলেন। তিনি বড় বড় সাহাবীদের মধ্যে পরিগণিত হতেন।

০ ০ ০

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদ আনসারী

হযরত আবু মুহাম্মাদ আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদ বিন আছেম এমন জলিলুলকদর মাতার কোলে লালিত-পালিত হয়েছিলেন যিনি রাসূল (সাঃ)-এর প্রতি ছিলেন নিরোদিতা চিন্তা। তিনি হকের জন্য জীবন, সন্তান, এবং সম্পদ কুরাবানীর আবেগের এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন। এ মহিলার নাম ছিল নসিবাহ (রাঃ) বিনতে কা'ব। ইতিহাসে তিনি উম্মে আশ্মারাহ কুনিয়াতে প্রসিদ্ধি লাভ করেন। তাঁর ভাইয়ের নাম ছিল হাবিব (রাঃ) বিন যায়েদ বিন আছেম।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদ খায়রাজের সম্প্রদায় শাখা বনু নাজারের পাদ প্রদীপ ছিলেন। তাঁর নসবনামা হলো : আবদুল্লাহ (রাঃ) যায়েদ বিন আছেম বিন কাব বিন আমর বিন আওফ মাভজুল বিন আমর গানাং বিন আয়ুন বিন নাজার বিন ছানাভাহ বিন আমর বিন খায়রাজ।

হযরত আবদুল্লাহ (রাঃ)-এর পিতা যায়েদ বিন কাব আছেম ইসলামের যুগ পাননি। হযরত আবদুল্লাহ (রাঃ)-এর শৈশব অবস্থাতেই মারা যান। তাঁর মাতা হযরত উম্মে আশ্মারাহ অত্যন্ত সৎ স্বভাবসম্পন্ন মহিলা ছিলেন। তিনি আনসারদের অগ্রবর্তী দলের মধ্যে পরিগণিত হয়ে থাকেন। বাইয়াতে উকাবায়ে উলা অর্থাৎ প্রথম বাইয়াতে উকাবার পর হযরত মাছূয়াব (রাঃ) বিন উমাইর ইয়াছরাবে ইসলামের তাবলিগ শুরু করলে তিনি ইসলাম গ্রহণ করেন। নবুয়াত প্রাপ্তির ১৩ বছরে মদীনা থেকে ৭৫ ব্যক্তির একটি দল মক্কা গিয়ে শাইলাতুল উকাবাতে রাসূল (সাঃ)-এর হাতে বাইয়াত করলেন এবং প্রিয় নবী (সাঃ)-কে ইয়াছরিব গমনের দাওয়াত প্রদান করেন। তিনি এ দলের অন্যতম সদস্য ছিলেন।

কতিপয় রাওয়ানেতে আছে যে, হযরত উম্মে আশ্মারাহ পুত্র আবদুল্লাহ (রাঃ) এবং হযরত হাবিব (রাঃ) তাঁর সাথেই ইসলাম গ্রহণ করেছিলেন। অন্য রাওয়ানেতে আছে, হযরত (সাঃ) যখন মক্কা থেকে হিজরাত করে মদীনা তাসরীফ আনেন তখন তারা ইসলাম

গ্রহণ করেন। এ সব বর্ণনার সামঞ্জস্য বিধান এভাবে করা যায় যে, নবী (সাঃ)-এর হিজরাতের পূর্বেই তিনি মাতার সাথে মুসলমান হন। কিন্তু হিজরাতের পর রাসূল (সাঃ)-এর হাতে বাইয়াত করেন।

বদরের যুদ্ধে (দ্বিতীয় হিজরীর রামাদান মাস) হযরত আবদুল্লাহর অংশগ্রহণ প্রশ্নে মতভেদ রয়েছে। কতিপয় চরিতকার বলেছেন যে, তিনি বদরের যুদ্ধে অংশ নিয়েছিলেন। আবার অনেকে বলেছেন যে, সে সময় তার বয়স ১৫ বছরের কম ছিল। এ জন্য তাতে অংশ নিতে পারেননি। অবশ্য বদরের যুদ্ধের পর রাসূল (সাঃ)-এর যুগে সংঘটিত অন্যান্য সকল যুদ্ধেই তার অংশগ্রহণ প্রশ্নে চরিতকাররা একমত শোষণ করেন।

আল্লামা ইবনে সাল্লাদ (রাঃ) বর্ণনা করেছেন, ওহোদের যুদ্ধে (তৃতীয় হিজরী) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যামেদ-এর মাতা হযরত উম্মে আম্মারাহ্ (রাঃ) এবং শাভা হাবিব (রাঃ) সহ অংশ নিয়েছিলেন এবং অত্যন্ত বাহাদুরীর সাথে লড়াই করেন। তার মাতা এ যুদ্ধে এমন নজিরবিহীন বাহাদুরী এবং দৃঢ়তা প্রদর্শন করেছিলেন যে, ওহোদের মহিলা লকবে খ্যাত হয়ে গিয়েছিলেন। হঠাৎ করে তখন হুযর (সাঃ)-এর সিকট হাতে গোনা মাত্র কয়েকজন জীবন উৎসর্গকারী ছিলেন। এর পূর্বে হযরত উম্মে আম্মারাহ (রাঃ) অন্যান্য মহিলায় সাথে মশকে পানি ভরে মুজাহিদদেরকে পান করাতছিলেন এবং আহতদের শূক্রবা করতছিলেন। যখন তারা রাসূল (সাঃ)-কে বিপদাপন্ন দেখলেন তখন মশক ফেলে দিয়ে তরবারী এবং ঢাল হাতে তুলে নিলেন এবং প্রিয় নবী (সাঃ)-এর সিকট পৌঁছে কাফেরদের সামনে বুক পেতে দিলেন। কাফেররা বারবার হুযর (সাঃ)-এর সিকে এগিয়ে আসছিল। এ সময় হযরত উম্মে আম্মারাহ (রাঃ) অন্যান্য সাহাবীদের সাথে মিলে তীর ও তরবারী দিয়ে বাধা দিয়েছিলেন। ইতিমধ্যে এক মুশরিক তাকে লক্ষ্য করে তার মাথার ওপর তরবারীর আঘাত হানলো। তিনি ঢাল দিয়ে আঘাত ফিরিয়ে দিলেন এবং তার ষোড়ার পায়ের ওপর এমন আঘাত হানলেন যে, ষোড়া ও তার আরোহী মাটির ওপর পতিত হচ্ছিল।

প্রিয় নবী (সাঃ) এ ঘটনা প্রত্যক্ষ করছিলেন। তিনি হযরত আবদুল্লাহ (রাঃ)-কে ডেকে বললেন :

“আবদুল্লাহ! তোমার মাতাকে সাহায্য কর।” রাসূল (সাঃ)-এর ডাক শুনে তিনি উত্থকণাৎ এগিয়ে এলেন এবং তরবারীর এক আঘাতে হামলাকারী মুশরিককে আহাম্মামে পাঠিয়ে দিলেন। ঠিক সে সময় অপর আরেক জন মুশরিক

শ্রুত এসে হযরত আবদুল্লাহ (রাঃ)-এর বাম বাহু জখম করে চলে গেল, হযরত উম্মে আম্মারাহ (রাঃ) নিজের হাতে হযরত আবদুল্লাহ (রাঃ)-এর জখম বাঁধলেন এবং বললেনঃ “পুত্র যাও! যতক্ষণ দম আছে অর্থাৎ শ্বাস প্রশ্বাস নিতে পার ততক্ষণ লড়াই করা।”

হযুর (সাঃ) তাঁর জীবন উৎসর্গের আবেগ দেখে বললেনঃ “হে উম্মে আম্মারাহ! তুমি যে সাহসের পরিচয় দিয়েছ তা আর কার মধ্যে হবে।”

ইত্যবসরে হযরত আবদুল্লাহ (রাঃ)-কে আহতকারী মুশরিক ফিরে পুনরায় হামলা করে বসলো। হযুর (সাঃ) উম্মে আম্মারাহ (রাঃ)-কে বললেন : “উম্মে আম্মারাহ! ঠকাও। ঠকাও। এটি সেই দুর্ভাগা যে আবদুল্লাহ (রাঃ)-কে আহত করছিল।” হযরত উম্মে আম্মারাহ ফিরে তরবারীর এমন আঘাত হানলেন যে, সে দু’টুকরো হয়ে পড়ে গেল। রাসূলুল্লাহ (সাঃ) এ দৃশ্য দেখে মুচকি হাসলেন এবং বললেনঃ উম্মে আম্মারাহ । তুমি নিজের পুত্রের খুব প্রতিশোধ নিয়েছ।”

মোট কথা, উম্মে আম্মারাহ শেষ পর্যন্ত লড়াই অব্যাহত রেখেছিলেন এবং আহত হয়েছিলেন। এক বর্ণনায় আছে যে, তাঁর শরীরের ১২টি স্থানে ক্ষত হয়েছিল। যুদ্ধের পর হযুর (সাঃ) স্বয়ং তাঁর ক্ষতস্থানে ব্যাণ্ডেজ বেধে দিয়েছিলেন এবং কয়েকজন বাহাদুর সাহাবীদের নাম নিয়ে বলেছিলেন : “আল্লাহর কসম! আজ উম্মে আম্মারাহ তাদের সবার চেয়ে বেশী বাহাদুরী দেখিয়েছে।”

অন্য আরো বর্ণনায় আছে যে, হযুর (সাঃ) বলতেন, গুহাদের দিন ডাইনে বামে যদিকেই দৃষ্টি নিক্ষেপ করতাম শুধু উম্মে আম্মারাই পরিদৃষ্ট হতো।

গুহাদের যুদ্ধের পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যান্নেদ খন্দকের যুদ্ধেও বাহাদুরী প্রদর্শন করেন। ৬ষ্ঠ হিজরীতে তিনি হুদাইবিয়াতে বাইয়াতে রিজ্বায়ানে অংশগ্রহণের মহান মর্খাদা হাসিল করেছিলেন। এমনভাবে তিনি “আসহাবুশ শাহাদাহ”র সেই পবিত্র দলের অন্তর্ভুক্ত হয়ে গিয়েছিলেন যাদের সম্পর্কে আল্লাহ পাক প্রকাশ্য ভাষায় নিজের সন্তুষ্টির সুসংবাদ দিয়েছিলেন। এরপর তিনি মক্কাসহ খামবাতের যুদ্ধে অংশ নেন। অতপর ৯ম হিজরীতে মা-সহ উমরাতে

কাজাতে হযর (সাঃ)-এর সান্নী হওয়ার সৌভাগ্য লাভ করেন। ৮ম হিজরীতে তিনি সেই দশ হাজার পবিত্র দলের অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পান যারা মক্কা বিজয়ের সময় রাসূল (সাঃ)-এর সহযোগী ছিলেন।

সেই বছরই তিনি হুলাইনের যুদ্ধে অংশ গ্রহণ করেন। এ যুদ্ধেও তাঁর মাতা সাথে ছিলেন। বিশ্বনবী মুহাম্মাদ মুত্তফা (সাঃ)-এর ইচ্ছাকালের পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) খেলাফতের আসনে সমাসীন হন। এ সময় হঠাৎ করে সমগ্র আরবে ধর্মত্যাগের আগুন প্রজ্জ্বলিত হয়ে ওঠে। ধর্মত্যাগীদের মধ্যে সবচেয়ে শক্তিশালী ছিল নজ্জদ কবিলার বনু হানিফার সরদার মুসাইলামাহ কাজাব। সে নবুয়াভের দাবী করে ৪০ হাজার লোককে নিজের ঝাণ্ডা তলে একত্রিত করে ফেললো। সে সময় হযরত আবদুল্লাহ (রাঃ)-এর ভ্রাতা হযরত হাবিব (রাঃ) বিন যায়েদ আম্মান থেকে মদীনা আসছিলেন। তিনি যালেম মুসাইলামার হাতে ধৃত হলেন। সে তাকে ধর্মত্যাগে বাধ্য করলো। কিন্তু তিনি পরিষ্কার অস্বীকৃতি জানালেন। মুসাইলামা তার শরীরে এক এক অঙ্গ কর্তন করে ফেললো। তবু তিনি শেষ নিঃশ্বাস পর্যন্ত বলতে থাকলেন: "আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রাসূল।"

তাঁর এ নির্যাতনমূলক শাহাদাতের খবর শুনে হযরত উম্মে আম্মারাহ এবং হযরত আবদুল্লাহ (রাঃ) খুবই মনোকষ্ট পেলেন। কিন্তু হাবিব (রাঃ)-এর অটলতায় আল্লাহর শূকরিয়া জ্ঞাপন করলেন। তাঁরা মুসাইলামার নিকট থেকে এ যুলুমের প্রতিশোধ গ্রহণের ওয়াদাও করলেন।

এ ঘটনার কিছু দিন পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদকে মুসাইলামাকে উৎখাতের জন্যে নিয়োগ করলেন। এ সময় হযরত উম্মে আম্মারাহ (রাঃ) এবং হযরত আবদুল্লাহ (রাঃ) উভয়েই হযরত খালিদ (রাঃ)-এর বাহিনীতে সামিল হয়ে গেলেন। মুসাইলামা যুদ্ধের ব্যাপক প্রতুতি নিয়ে রেখেছিল। সে ৪০ হাজার যোদ্ধাকে মুসলমানদের মুকাবিলায় এনে দাঁড় করিয়ে দিল। আকরাবা (ইয়ামামা) নামক স্থানে মুরতাদ এবং হক পন্থীদের মধ্যে ঘোরতর যুদ্ধ শুরু হলো। কখনো মুসলমানরা পেছনে হটে যেতে লাগলো। আবার কখনো তাঁরা মুরতাদদেরকে পেছনে হটিয়ে দিলো। হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ যুদ্ধের এরূপ দেখলেন। তিনি মুসলমানদের সকল গোত্রকে পৃথক করে প্রত্যেক গোত্রকে ২২ ঝাণ্ডার তলে কাজ করার নির্দেশ দিলেন। এ কৌশলের যথেষ্ট ফল দিলো। প্রত্যেক গোত্র বাহাদুরী এবং দৃঢ়তার ক্ষেত্রে একে

অপরকে ডিঙিয়ে যেতে চাইলো। ফলে মুর্তাদরা অস্থির হয়ে পড়লো। মুসাইলামা নিজের বাহিনীর মধ্যে পরাজয়ের লক্ষণ দেখতে পেয়ে শিষ্যদেরকে ডেকে বললো জীবন বাঁচাতে চাইলে পালাও। হযরত উম্মে আম্মারাহ (রাঃ) এবং হযরত আবদুল্লাহ (রাঃ) প্রথম থেকেই মুসাইলামার নিকট পৌঁছার চেষ্টা করছিলেন। এক্ষণে তারা সে সুযোগ পেলেন। উম্মে আম্মারাহ (রাঃ) আঘাতের পর আঘাত খেতে খেতে নিজের বর্শা দিয়ে রাত্তা তৈরী করতে করতে তার দিকে অগ্রসর হলেন। এতে তিনি শরীরে ১১টি আঘাত পেয়েছিলেন। মুসাইলামার নিকট পৌঁছে তিনি বর্শা দিয়ে তার ওপর হামলা করতে চাইছিলেন। দু'টি অস্ত্র এক সাথে তার ওপর নিপতিত হলে বিখণ্ডিত হয়ে সে ঘোড়ার নীচে পড়ে গেল। উম্মে আম্মারাহ (রাঃ) দৃষ্টি উঠিয়ে দেখলেন যে, তার পাশে হযরত আবদুল্লাহ (রাঃ) দাড়িয়ে আছেন এবং নিকটেই হযরত ওয়াহশী (রাঃ) দাড়িয়ে ছিলেন। ওয়াহশী (রাঃ) নিজের অস্ত্র মুসাইলামার ওপর নিক্ষেপ করেছিলেন এবং সে সময় হযরত আবদুল্লাহ (রাঃ) তার ওপর তরবারী চালিয়েছিলেন। হযরত উম্মে আম্মারাহ (রাঃ) এবং হযরত আবদুল্লাহ (রাঃ) উভয়েই হযরত হাবিব (রাঃ)-এর হত্যাকারী ও মুসলমানদের ঘোরতর শত্রুর মৃত্যুতে কৃতজ্ঞতার সিজদা আদায় করলেন। হযরত খালিদ (রাঃ) অত্যন্ত দ্রুত হযরত উম্মে আম্মারাহ (রাঃ)-এর চিকিৎসা করালেন এবং তার এ সকল ক্ষতস্থান ভালো হয়ে গেলো।

এ ঘটনার পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদ দীর্ঘ জীবন পেয়েছিলেন। কিন্তু খুলাফায়ে রাশেদীন (রাঃ) আমীরে মাবিন্নার (রাঃ) খিলাফতকালে তার তৎপরতা সম্পর্কে চরিত্রগ্রহণুলো নীরব। ৬৩ হিজরীতে মদীনাবাসীরা ইয়াযিদের বাইয়াত ছিল করে হযরত আবদুল্লাহ বিন হানজালাকে আমীর বানিয়ে নেয়ার পর তিনি জনসমক্ষে আবির্ভূত হলেন। ইয়াযিদ মদীনাবাসীর কর্মপন্থা সম্পর্কে অবহিত হয়ে তাদেরকে অনুগত বানানোর জন্য একটি শক্তিশালী সৈন্যবাহিনী প্রেরণ করলো। হযরত আবদুল্লাহ বিন হানজালাহ (রাঃ) সে বাহিনীর সাথে মোঁকাবিলা করার জন্য শহরবাসীর নিকট থেকে শেষ নিঃশ্বাস পর্যন্ত যুদ্ধের বাইয়াত গ্রহণ শুরু করলেন। আবদুল্লাহ (রাঃ) বিন যায়েদকে বাইয়াত গ্রহণের কথা বলা হলে তিনি জিজ্ঞেস করলেন, বাইয়াতের শর্ত কি? জবাব দেয়া হলো যে, 'মৃত্যু'। তিনি বললেন, রাসূল (সাঃ)-এর পর এ শর্ত আমি কারো হাতে বাইয়াত করতে পারি না।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন হানজালাহ (রাঃ)-এর হাতে মৃত্যুর বাইয়াত না করা সত্ত্বেও ইয়াযিদের শাসনে খুব অসন্তুষ্ট ছিলেন এবং তার বাহিনীর বিরুদ্ধে লড়াই করা জিহাদের মর্যাদার সমতুল্য মনে করতেন। সুতরাং নিজের দু'পুত্র খাল্লাদ এবং আলীকে সাথে নিয়ে অন্যান্য মদীনাবাসীর মত ইয়াযিদী বাহিনীকে রুখে দাঁড়ালেন এবং অত্যন্ত বাহাদুরীর সাথে লড়াই করতে করতে দু'পুত্রসহ শহীদ হয়ে গেলেন। সে সময় তার বয়স প্রায় ৭৫ বছর।

জান ও ফজিলতের দিক থেকে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যামেদ এক বিশেষ মর্যাদায় সমাসীন ছিলেন। হাদীসের কিতাবসমূহে তার থেকে বর্ণিত বেশ কিছু হাদীস রয়েছে। তার হাদীস বর্ণনাকারীদের মধ্যে রয়েছেন উবাদ বিন তামিম (রাঃ), সাঈদ (রাঃ) বিন মুলাইয়িব (রাঃ), ইয়াহিয়া বিন আম্মারাহ (রাঃ), উবাদাহ বিন হাবিব (রাঃ) এবং ওয়াসে বিন হাইমান (রাঃ)।

মুসনাদের আহমদ বিন হাম্বলের এক বর্ণনায় জানা যায় যে, বিশ্বনবী (সাঃ) হযরত আবদুল্লাহ (রাঃ) বিন যামেদকে অত্যন্ত রোহ করতেন এবং তার বাড়ী যেতেন। একবার প্রিয়নবী (সাঃ) তার বাড়ী গেলেন তিনি পানি আনলেন এবং রাসূলুল্লাহ (সাঃ) গুণ করলেন। হযরত আবদুল্লাহ (রাঃ) রাসূল (সাঃ)-এর গুণ করার পদ্ধতি স্মরণ করে নিলেন। বহুতঃ এক যামানার পর লোকেরা হুযর (সাঃ)-এর গুণ করার পদ্ধতি সম্পর্কে তার নিকট জিজ্ঞেস করলে তিনি স্বয়ং তাদের সামনে গুণ করে বলে দিলেন যে, হুযর (সাঃ) এ পদ্ধতিতে গুণ করতেন।

###

হযরত ছুরাকাহ (রাঃ) বিন আমর আনসারী

সাইয়েদেনা হযরত ছুরাকাহ (রাঃ) বিন আমর আনসারী অত্যন্ত মর্যদাবান সাহাবী ছিলেন। তিনি একদিকে রাসূল (সাঃ)-এর বৃগে সকল ধরনের মর্যাদা পেয়েছিলেন। অন্যদিকে শাহাদাতের সৌভাগ্য লাভ করেছিলেন। আনসারের সম্ভ্রান্ত বংশ বনু নাজ্জারের সাথে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। তাঁর মশবনামা হলো: ছুরাকাহ বিন আমর বিন আতিতাহ বিন খানছা বিন মাঝজুল বিন আমর বিন গানাম বিন মালিক বিন নাজ্জার।

ছুরাকাহ (রাঃ)-এর ইসলাম গ্রহণকাল সম্পর্কে চরিতকাররা নির্দিষ্ট করে কিছু বলেননি। কিন্তু অবহাদুটে মনে হয় যে, নবী (সাঃ)-এর হিজরতের কিছু পূর্বে অথবা তাৎক্ষণিক পরেই ঈমান আনার সৌভাগ্য লাভ করেছিলেন। যুফসমূহ শুরু হলে হযরত ছুরাকাহ (রাঃ) সর্বপ্রথম বদরের যুদ্ধে অংশগ্রহণ করেন। তারপর তিনি ওহোদ এবং পরিধার যুদ্ধে বাহাদুরী প্রদর্শন করেন।

বর্ষ হিজরীর জিলকদ মাসে বিশ্বনবী মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সাঃ) ওমরাহ আদায়ের জন্য মদীনা মুনাওয়ারাহ থেকে মক্কা মুম্বাজ্জামার দিকে রওয়ানা হলেন। এ সময় মুহাজির ও আনসারদের ১৪'শ সাহাবী তার সহযাত্রী ছিলেন। হযরত ছুরাকাহ (রাঃ)-ও এ ১৪'শ'র একজন ছিলেন। কুরাইশরা মুসলমানদের রওয়ানার কথা জানতে পেয়ে একদম তেলে-বেগুনে জ্বলে উঠলো। মুসলমানরা যাতে মক্কায় প্রবেশ করতে না পারে সেজন্য মাথায় কাফন বেধে প্রস্তুত হলো। প্রিয় নবী (সাঃ) মক্কার কাফেরদের ইচ্ছার কথা জানতে পেয়ে রাস্তা পরিবর্তন করে হুদাইবিয়া নামক স্থানে তাঁবু টাঙ্গালেন। সেখান থেকে তিনি একজন দূতকে কুরাইশদের নিকট এ বাণীসহ প্রেরণ করলেন যে, আমরা শুধু ওমরাহ পালনের জন্য এসেছি। যুদ্ধ করা উদ্দেশ্য নয়। এটাই ঠিক হবে যে, কুরাইশরা আমাদের সাথে কিছুদিনের জন্য সন্ধি করে নিক। কুরাইশরা উরওয়া (রাঃ) বিন মাসউদ হাক্বীকে সে সময় পর্যন্ত ঈমান আনেন নি) দূত হিসেবে মুসলমানদের নিকট প্রেরণ করলো। রাসূল (সাঃ)-এর সাথে আলাপ-আলোচনা শেষে সে মক্কা ফিরে গিয়ে কুরাইশদের সাথে মুসলমানদের সন্ধি করে দেয়ার প্রস্তাব দিল। কিন্তু কুরাইশরা তার

কথা শুনলো না। নবী করিম (সাঃ) পুনরায় আরেকজন দূতকে কুরাইশদের কাছে প্রেরণ করলেন। কুরাইশরা তার সাথে দুর্ব্যবহার করলো। এক রাওয়ানাত অনুযায়ী তার ওপর হামলা করে বসলো। কিন্তু তিনি বেঁচে গেলেন। এক্ষণে হযুর (সাঃ) হযরত ওসমান পসি (রাঃ)-কে দূত বানিয়ে প্রেরণ করলেন। তিনি একজন বন্ধুর সহযোগিতায় মক্কায় বেলে। কিন্তু কুরাইশরা তাঁকে মক্কায় আটকে ফেললো। ওদিকে মুসলমানদের মধ্যে আবেগের ডুবান সৃষ্টি হলো। প্রিয় নবী (সাঃ) বললেন, যদি এ খবর সঠিক হয় তাহলে আমরা ওসমান (রাঃ)-এর রক্তের বদলা না নেয়া পর্যন্ত এ স্থান ত্যাগ করবো না। এ কথা বলে তিনি (সাঃ) একটি বাবলা বৃক্ষের নীচে বসে পড়লেন এবং সেখানে উপস্থিত সাহাবীদের জীবন কুরবানীর বাইয়াত গ্রহণ করেন। এর নাম বাইয়াতে রেদওয়ান। অর্থাৎ আল্লাহর সন্তুষ্টির বাইয়াত। কেননা এ বাইয়াতকারীদের ব্যাপারে আল্লাহ পাক এ ভাবায় নিজের সন্তুষ্টির কথা প্রকাশ করেছেন: “অবশ্যই আল্লাহ খুশী হয়েছিলেন ইমানে আনয়নকারীদের ওপর। যখন তারা তোমার হাতে এ বৃক্ষের নীচে বাইয়াত করছিল।”

হযরত ছুরাকাহ (রাঃ) বিন আমরও সেই সৌভাগ্যবান সাহাবীর অন্যতম ছিলেন যারা বাইয়াতে রেদওয়ানে অংশগ্রহণের সুযোগ লাভ করেছিলেন।

পরে জানা গেল যে, হযরত ওসমান (রাঃ)-এর শাহাদাতের খবর সঠিক ছিল না। কিন্তু মুসলমানদের উৎসাহ উদ্দীপনা এবং হকের প্রতি আবেগের প্রভাবে কুরাইশরা হিম্মত হারা হয়ে পড়লো। ফলে তারা কতিপয় শর্তে মুসলমানদের সাথে সন্ধি করে নিল। এ শর্তাবলীর মধ্যে একটি শর্ত এ ছিল যে, মুসলমানরা এ বছর ফিরে যাবে এবং আগামী বছর এসে ওমরাহ করবে (কিন্তু এতে মক্কায় শুধুমাত্র তিনদিন অবস্থান করতে পারবে।)

সপ্তম হিজরীতে প্রিয় নবী (সাঃ) সাহাবায়ে কিরাম (রাঃ)-এর এক বিরাট দলসহ মক্কা তালশরীফ আনলেন এবং অত্যন্ত উৎসাহ-উদ্দীপনার সাথে কাজা ওমরাহ আদায় করলেন। এ সময়ও হযরত ছুরাকাহ (রাঃ) বিন আমর হযুরের (সাঃ)-এর সাথী হওয়ার সৌভাগ্য লাভ করেছিলেন।

ছদাইবিয়ার সন্ধির পর বিশ্বনবী (সাঃ) আশে-পাশের রঈস এবং বাদশাদের নিকট ইসলামের দাওয়াতনামা সম্বলিত পত্র প্রেরণ করলেন। একটি পত্র তিনি বসরার শাসক শুরাইবিল বিন আমরের নামেও লিখলেন এবং হারেস (রাঃ) বিন উমাইর ইজদীকে এ পত্রসহ শুরাইবিলের নিকট পাঠালেন। এ যালেম হযরত হারিছ (রাঃ)-কে শহীদ করে

ফেললো। হযরত (রাঃ) হযরত হারেছ (রাঃ)–এর বদলা নেয়ার জন্য তিন হাজার মুজাহিদ সম্বন্ধে গঠিত এক বাহিনী হযরত য়ায়েদ (রাঃ) বিন হারেছার নেতৃত্বে প্রেরণ করলেন। এ বাহিনীতে হযরত ছুরাকাহ বিন আমরও যোগ দিয়েছিলেন। ওদিকে শুরাহবিলের সাহায্যার্থে রোমের কাইসার এক বিরাট বাহিনী প্রেরণ করলো। মুসলমান এবং খৃষ্টানরা মুজ নামক স্থানে পরস্পর মুখোমুখি হলো। উভয় বাহিনীর অনুপাত ছিল ১: ৪০। কিন্তু মুসলমানেরা আল্লাহর ওপর ভরসা করে শত্রুর ভীতিপ্রদ শক্তিকে ছিন্ন ভিন্ন করে ফেললো। সেনাপতি হযরত য়ায়েদ (রাঃ) বিন হারেছা অত্যন্ত বাহাদুরীর সাথে লড়াই করে শহীদ হয়ে গেলেন। তারপর হযরত জাকর (রাঃ) বিন আবি তালিব ঝাঙা ধরলেন। তিনিও শহীদ হয়ে গেলেন। অতপর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন রাওয়াহা আনসারী নেতৃত্বে হাতে নিলেন। তিনিও শাহাদাতের পিয়লা পান করলেন। এ সময় হযরত খালিদ (রাঃ) বিন ওয়ালিদ মুসলমানদের কমাণ্ড হাতে নিলেন এবং চরম বীরত্বের সাথে লড়াই করে মুসলমানদেরকে শত্রুর পক্ষপালের কবল থেকে মুক্ত করে আনলেন। হযরত য়ায়েদ (রাঃ) বিন হারেছা হযরত জাকর (রাঃ) বিন আবি তালিব এবং হযরত আবদুল্লাহ (রাঃ) বিন রাওয়াহা ব্যতীত অন্য আর যেসব বীর এ যুদ্ধে শহীদ হয়েছিলেন হযরত ছুরাকাহ (রাঃ)–ও তাদের মধ্যে অন্যতম ছিলেন।

###

হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ আনসারী

প্রিয় নবী (সাঃ) -এর নবুয়াত প্রাপ্তির ১৩ বছর পর মদীনা মুনাওয়রাহ থেকে ৭৫ জন পবিত্র ব্যক্তিত্ব মক্কা গমন করেন এবং রাসূলুল্লাহ (সাঃ)-কে মদীনা আগমনের দাওয়াত দেন। এ সব ব্যক্তিত্ব রাসূল (সাঃ)-কে শুধু দাওয়াতই দেননি এবং নিজের জীবন, সম্পদ এবং সন্তান রক্ষার মত প্রতিশ্রুতি দিয়েছিলেন। এ পবিত্র আত্মার ব্যক্তিবর্গের মধ্যে হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ আনসারী অন্যতম ছিলেন। সময়টি ছিল ঘনঘোর দুর্যোগপূর্ণ সময়। আরবের প্রতিটি অণু-পরমাণু মানবতার শুভাকাঙ্খী হযরত মুহাম্মাদ (সাঃ) এবং তাঁর অনুসারীদের খুন পিপাসু ছিল। তাকে মদীনায় আহবান শুধু মক্কাবাসীদেরই নয় সমগ্র আরবই যুদ্ধের ময়দানে ডাকার শামিল ছিল। কিন্তু আল্লাহকেই এ সকল পবিত্র বান্দাহ সব কিছু হক পথে নিয়োজিত করলো। তাঁরা কোন ভয়েও ভীত হলো না এবং কোন মুসিবতকেও পরওয়া করলেন না। লাইলাতুল উকাবার বাইয়াত তাদেরকে এমন মহান মর্যদায় অভিষিক্ত করছিল যে কিয়ামত পর্যন্ত তা সুরগীয় হয়ে থাকবে। হযরত যিয়াদ (রাঃ)-এর সম্পর্ক ছিল খায়রাজ গোত্রের শাখা "বনু রিয়াজার" সাথে। তাঁর বংশনামা হলো, যিয়াদ (রাঃ) বিন লবিদ ছামালাবা বিন সিনান বিন আমের বিন উমাইয়াহ বিন রিয়াজাহ বিন আমের বিন যারিক বিন আবদি হারিছা বিন মালিক বিন গাজ্জাব বিন জাশাম বিন খায়রাজ।

হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ বংশের অন্যতম অফুরন্ত প্রাণ সম্পন্ন মানুষ ছিলেন। আল্লাহ তায়ালাহ তাকে সুন্দর স্বভাব দান করছিলেন। তাঁর প্রচেষ্টাতেই আওস এবং খায়রাজ গোত্রের অনেক পবিত্র আত্মার মানুষ দাওয়াতে হকের প্রতি সাড়া দিয়েছিলেন। হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদও এ দলের অন্তর্ভুক্ত ছিলেন। এভাবে তিনি আনসাদের অগ্রবর্তী দলের সদস্য হন। নবুয়াত প্রাপ্তির ১৩ বছর পর তিনি বাইয়াতে উকাবায়ে কবিরায় অংশ গ্রহণের মহান সৌভাগ্য লাভ করেছিলেন। এ বাইয়াতের পর যখন মদীনায় মুহাজিরদের আগমন শুরু হলো তখন হযরত যিয়াদ (রাঃ) মদীনার অন্য তিন সম্মানিত ব্যক্তি হযরত জাকওয়ান (রাঃ) বিন আবদি কায়েস, হযরত আব্বাস (রাঃ) বিন উবাদাহ নাজলাহ ও হযরত উকবাহ (রাঃ) বিন ওয়াহাবের সাথে মক্কা শৌছেন এবং

কিছুদিন পর অনেক মক্কী সাহাবী (রাঃ)-এর সাথে ফিরে আসেন। এ ভিভিতে সকল সাহাবী মুহাজিরী আনসারী উপাধিতে খ্যাত হয়েছিলেন।

মক্কা থেকে হিজরাতের পর বিশ্ব নবী (সাঃ) কিছু দিন কুবায়া অবস্থান করেন। অতপর বিশ্বনবী (সাঃ) একটি নির্দিষ্ট দিনে মদীনায় প্রবেশ করেন। অতপর তিনি (সাঃ) একটি নির্দিষ্ট দিনে মদীনায় প্রবেশ করেন। মদীনার ইতিহাসে দিনটি সবচেয়ে স্মরণীয় দিন ছিল। মদীনার আনসাররা প্রাণভরা উৎসাহ উদ্বীপনার সাথে রাসূল (সাঃ)-কে স্বাগত জানালে- এবং প্রকৃত অর্থে নিজেদের মন-প্রাণকে রাসূল (সাঃ)-এর নিকট সঁপে দিলেন। হযর (সাঃ) বনু বিয়াজার মহত্বা অতিক্রম করছিলেন। এ সময় হযরত যিয়াদ (রাঃ) বিন ফরদ মুবারকবাদ জ্ঞাপন এবং অবস্থানের জন্য নিজের বাড়ী পেশ করলেন। কিছু ভাগ্য নিয়ন্তা এ সন্মানের জন্য হযরত আবু আইউব আনসারী (রাঃ)-এর গৃহ নির্বাচিত করে রেখেছিলেন। এ জন্য হযর (সাঃ) তাকে বললেন, “আমার উটনীকে মাধীনভাবে ছেড়ে দাও। সে হুকুমের দাস। আল্লাহর তরফ থেকে নিজেই মনযিল তালাশ করে নেবে।”

রাসূলে করিম (সাঃ) মদীনায় স্থায়ীভাবে অবস্থানের পর হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ প্রায় সময়ই নবীজি (সাঃ)-এর নিকট উপস্থিত থাকতেন এবং খুব করে ফয়েজ লাভ করতেন। এভাবে তিনি সন্মানিত সাহাবীদের মধ্যে পরিগণিত হতে থাকলেন। তিরমিজী শরীফে বর্ণিত আছে যে, একবার প্রিয় নবী (সাঃ) তাকে বললেন, এখন ইলম উঠে যাওয়ার সময় হয়ে গেছে। হযরত যিয়াদ (রাঃ) নবী (সাঃ)-এর এত সান্নিধ্য অর্জন করছিলেন যে, তিনি নিত্বিধায় কথাবার্তা বলতেন। তিনি আরজ করলেন: “হে আল্লাহর রাসূল (সাঃ)! এখনতো ইলম মানুষের শিরা-উপশিরায় পৌছে গেছে। তা উঠে যাওয়ার সময় আবার কি করে এলো? হযর (সাঃ) তাঁর এ বক্তব্যকে কম বুঝির কথা বলে মনে করলেন এবং কিছুটা কঠিন ভাবায় বললেন:

“হে যিয়াদ! তোমার মাতা তোমার ওপর ক্রন্দন করুক। আমি তোমাকে খুব বিজ্ঞ মানুষ মনে করতাম। তোমার কি দৃষ্টিগোচর হয় না যে, ইহুদী এবং খৃষ্টানরা তাওরাত এবং ইঞ্জিল অধ্যয়ন করে থাকে। কিছু তা থেকে কোন ফায়দা গ্রহণ করে না।

হযরত যিয়াদ (রাঃ) এ কথায় কেঁপে উঠলেন এবং আরজ করলেন, : হে আল্লাহ রাসূল ! অবশ্যই আমার মাতা-পিতা আপনার ওপর কুরবান হোক। আপনি সঠিক কথা বলেছেন।

আল্লাহর পথে জিহাদে যিয়াদ (রাঃ)-এর খুব আগ্রহ ছিল। তিনি বদর ওহুদ, খন্দক এবং রাসূল (সাঃ)-এর যুগে সংঘটিত অন্যান্য যুদ্ধেও হযুর (সাঃ)-এর সাথী হওয়ার সুযোগ পেয়েছিলেন।

নবম হিজরীর মুহাম্মদ মাসে রাসূলে করিম (সাঃ) ছাদকা এবং যাকাত আদায়ের জন্য পৃথক পৃথক আদায়কারী নিয়োগ করলেন। এ সময় হযরত যিয়াদ (রাঃ) বিন যবিদকে হাজরা মাওতের আদায়কারী হিসেবে নিয়োগ করলেন এবং সে সাথে সেখানকার রাজস্ব আদায়কারী হিসেবে নিয়োগ পেলেন। রাসূলুল্লাহ (সাঃ) শুধু সে ব্যক্তিকেই কোন পদ দিতেন যে সে পদের আকাংখা করতো না এবং সে দায়িত্ব সুন্দরভাবে পালনের যোগ্য হতেন। হযুর (সাঃ)-এর নির্ধারিত এ মাপকাঠির আলোকে হযরত যিয়াদ (রাঃ)-এর স্কিল্টিভ এবং যোগ্যতা সহজেই অনুমান করা যায়।

রাসূল (সাঃ)-এর ইস্তিকালের পর ধর্মত্যাগের এক হিড়িক পড়ে গেল। এ সময় ইয়েমেনের এক বিরাট সংখ্যক মানুষ ফিতনার শিকার হলো। এবং যাকাত প্রদানে অস্বীকৃতি জানালো। খলিফাতুর রাসূল (সাঃ) হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) হযরত মুহাজির (রাঃ) বিন উমাইয়াকে নাজরান, কুন্দাহ এবং হাজ্জের মাওতের মুরতাদদের উৎখাতের কাজে নিয়োজিত করলেন। হযরত যিয়াদ (রাঃ)-কেও সহযোগিতা করার জন্য পত্র লিখলেন। হযরত মুহাজির (রাঃ) বিন উমাইয়া নাজরান এবং ছালায়র মুরতাদদের উৎখাত করে কুন্দাইর দিকে অত্যাচার হলেন। মারবি ও হাজরা মাওতের মধ্যবর্তী স্থানে পৌছার পর হযরত যিয়াদ (রাঃ) পত্র পেলেন। পত্র খুব তাড়াতাড়ি কুন্দাহার ওপর হামলায় প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। এ পত্র পেয়েই হযরত মুহাজির (রাঃ) দ্রুত অত্যাচার হয়ে হযরত যিয়াদ (রাঃ)-এর নিকট পৌঁছলেন। কুন্দাহতে চারটি দুর্গ ছিল। এ সকল দুর্গকে মাহজার বলা হতো। কুন্দাহবাসীর সরদার অথবা বাদশা আশয়াছ বিন কায়েস যবরকান দুর্গে থাকতো। হযরত মুহাজির (রাঃ) ও হযরত যিয়াদ (রাঃ) যবরকানের ওপর হামলা করলেন। মুরতাদরা হামলা বরদাশত করতে না পেরে পালিয়ে নাজির নামক দুর্গে গিয়ে আশ্রয় নিল। হযরত মুহাজির (রাঃ) এবং হযরত যিয়াদ অত্যন্ত কঠোরভাবে দুর্গটি অবরোধ করলেন। এ অবরোধে আশয়াছের নাভিশ্বাস উঠলো। উপায়ান্তর না দেখে সে হযরত যিয়াদ (রাঃ)-কে পয়গাম পাঠিয়ে বললো যে, এত লোককে নিরাপত্তা দিলে সে দুর্গ তার হাতে ন্যস্ত করবে। হযরত যিয়াদ (রাঃ) এ প্রস্তাব মেনে নিলেন এবং চুক্তি লিখিতভাবে আনার জন্য আশয়াছকে বলে পাঠালেন। সে চুক্তি লিপিবদ্ধ করে আনলো। প্রতিশ্রুতি অনুযায়ী হযরত যিয়াদ (রাঃ) তাতে সিল মোহর লাগিয়ে দিলেন। এরপর আশয়াছ দুর্গের দরজা খুলে দিল। মুরতাদদের একটি দল

মুসলমানদের মুকাবিলা করলো। কিন্তু তাদের বেশীর ভাগই মারা গেল। এবং অবশিষ্টদের মুসলমানরা গ্রেফতার করলো। চুক্তিনামা দেখা হলো। কিন্তু তাতে আশয়াছ বিন কায়েছের নাম ছিল না। ঘাবড়ে গিয়ে নিজের নাম লিখতে ভুলে গিয়েছিল। এ জন্য তাকেও অন্যান্য কয়েদীর সাথে মদীনা পাঠিয়ে দেয়া হলো। সেখানে সে তওবাহ করে। দ্বিতীয়বার ইসলাম গ্রহণ করে। অন্য এক বর্ণনা অনুযায়ী হযরত যিয়াদ (রাঃ) রক্তাক্ত যুদ্ধের মাধ্যমে মুরতাদদের ওপর বিজয় লাভ করেছিলেন এবং আশয়াছ বিন কায়েসকে গ্রেফতার করে আবু বকর সিদ্দিক (রাঃ)-এর নিকট পাঠিয়ে দিয়েছিলেন। যা হোক, হযরত যিয়াদ (রাঃ) মুরতাদের উৎখাতের ব্যাপারে কোন শৈথিল্য প্রদর্শন করেননি। সিদ্দিকে আকবর (রাঃ)-এর পর হযরত ওমর ফারুক (রাঃ)-ও নিজের শাসনকালে হযরত যিয়াদ (রাঃ)-কে হাজিরে মাওতের ইমারাতের দায়িত্বে নিয়োজিত রাখেন। এ পদ থেকে পদচ্যুতির পর তিনি কুফা অথবা সিরিয়াম স্বামীভাবে বসবাস শুরু করেন এবং সেখানেই ৪১ হিজরীতে ওফাত পান।

হযরত যিয়াদ (রাঃ) বিন লবিদ থেকে কতিপয় হাদীস বর্ণিত আছে। এ সকল হাদীস আওফ বিন মালিক, সামিল বিন আবিল জায়াদান (রাঃ) এবং জোবায়ের বিন নুফায়ের (রাঃ) বর্ণনা করেছেন।

* * *

হযরত হাস্‌সান (সোঃ) বিন সাযিত আনসারী

জাহেলী যুগে আরবরা ছিল উম্মি। উম্মি হওয়া সত্ত্বেও তাদের বিশেষ কিছু বৈশিষ্ট্য ছিল। এ সব বৈশিষ্ট্যের কারণে অনেক জাতির ওপর তাদের প্রাধান্য ছিল। আরব জাতি ছিল মূর্খ, অভদ্র এবং অশিষ্ট। কিন্তু ভাষার অলংকরণ এবং বাকপটুতার দিক দিয়ে এ জাতি ছিল অধিতীয়। সম্ভাবণ ও কাব্যের ক্ষেত্রে তাদের গৌরব ছিল শীর্ষে। এ কারণেই তারা অন্য জাতিকে আজাম বা বোবা হিসেবে আখ্যায়িত করতো। প্রত্যেক গোত্রের কবি স্তম্বোত্রের মর্যাদা ও প্রশংসার নিশান বরদার- ঝাণ্ডাবাহী ছিলেন। তারা শক্তিশালী বর্ণনার মধ্য দিয়ে যাকে চেজে মর্যাদার তুলে তুলতো এবং যাকে চেতো দুর্নামের ডগাড়ে নিপতিত করতো। পসন্দ- অপসন্দ ছাড়াও কবিকুল নিজেদের কব্যকে জাতীয় ও রাজনৈতিক প্রয়োজনেও ব্যবহার করতেন। গোত্রসমূহের মান-সম্মান ও সন্তম এবং শাসকদের ইচ্ছত তাদের হাতেই ছিল। এ জন্যেই বড় বড় সরদার তাদের সামনে মিশ্রুপ এবং শাসকরাও তাদের ভয়ে ভীত থাকতেন। যখন তারা কারোর প্রশংসা অথবা বিক্রপে কবিতা রচনা করতো তখন তা বিদ্যুৎ বেগে সারা আরবে ছড়িয়ে পড়তো এবং তা নির্বিশেষে সকলের মুখে মুখে ফিরতো। আরবদের এ চরিত্র এবং বিরান ভূমির মধ্যে মুহাম্মাদে আরাবী (সোঃ) আবির্ভূত হলেন। তাঁর তাওহীদের দাওদাতের জবাব মকার মুশরিকদের বেভাবে দিয়েছিল তারই কলশ্রুতিতে তিনি নিজের ঘর-বাড়ী এবং প্রিয় স্বদেশ ভূমিকে পরিত্যাগ করে মদীনা মুনাওয়ারাহ গমন করেন। তাতেও মুশরিকদের অস্তর ঠাণ্ডা হলো না। তাদের কবির বিখনবী (সোঃ) এবং তাঁর সাহাবীদের বিক্রপে কবিতা রচনা করে সমস্ত আরবে ছড়াতে শুরু করলো। এ কবিতাবলী কয়েকদিনের মধ্যেই হাজ্জর হাজ্জর মাইল দূর পর্যন্ত পৌঁছে যেত। মকা থেকে মদীনার দূরত্ব ছিলতো মাত্র তিনশ মাইল। মুসলমানদের নিকট যখন এ সব কবিতা পৌঁছতে লাগলো তখন তাঁর অস্তর দুঃখিত হলেন। তাঁর হযরত আলী কামরামান্নাহ ওরাজহাহুকে মকার কবিদের বিক্রপের জবাব দানের জন্যে অনুপ্রোধ জানালেন। তিনি বললেন, রাসূলুল্লাহ (সোঃ) যদি অনুমতি দেন

তাহলে তিনি তা করতে পারেন। তাঁর জবাব শুনে সাহাবারা (রাঃ) রাসূল (সাঃ)-এর নিকট আরজ করলেন :

“হে আল্লাহর রাসূল! আমাদের মাতা-পিতা আপনার ওপর কুরবান হোক। মুশরিক কবিরা আপনার এবং আপনার জন্য জীবন উৎসর্গকারীদের বিদ্রূপ করে কবিতা রচনা করেছে এবং তা সমগ্র আরবে প্রচার করেছে। আপনি নির্দেশ দিলে হয়রত আলী (রাঃ) এ অশ্লীল কথনের জবাব দিতে পারে।”

নবী করিম (সাঃ) বললেন : “আলী এ কাজের উপযুক্ত নয়।”

অতপর তিনি আনসারদের দিকে দৃষ্টি নিক্ষেপ করে বললেন : “যীরা ভালোয়ার দিয়ে আমাকে সাহায্য করেছেন, তাঁরা কি ভাষা দিয়ে এ বিদ্রূপের বাধা দিতে পারেন না?”

হুয়র (সাঃ)-এর এ ইরশাদ শুনে বয়ক একজন আনসার সাহাবী উঠে দাঁড়ালেন এবং নিজের জিহবা বের করে রাসূলুল্লাহ (সাঃ)-কে দেখালেন। অতপর অত্যন্ত উৎসাহের সাথে আরজ করলেন : “হে আল্লাহর রাসূল! এ কাজের জন্যে আমি হাজিরা! আল্লাহর কসম! রিসালাতের শত্রুদের কথার জবাবে বসরা, সিরিয়া এবং ইয়েমেনে আমার নিকট অন্য কোন কথাই শ্রিয় নয়।”

রাসূলুল্লাহ (সাঃ) বললেন : “আমি যে বংশ থেকে নয়ং উদ্ধৃত সে বংশের লোকদের বিদ্রূপ তুমি কিভাবে করবে।”

তিনি আরজ করলেন : “হে আল্লাহর সত্য রাসূল! তাদের মধ্য থেকে আপনারা এ ভাবে পৃথক করবো যেভাবে আটার ছূপ থেকে চুল বের করা হয়।”

নবী করিম (সাঃ) এ কবিত্র দিকে সুদৃষ্টিতে চাইলেন এবং তাঁর ওপর মুশরিকদের বিদ্রূপের জবাব দানের দায়িত্ব অর্পণ করলেন। অতপর দেখা গেল যে, সে ব্যক্তি নিজের শক্তি-শালী কথা দিয়ে একদিকে মুশরিক কবিদের জবান বন্ধ করে দিয়েছেন, অন্যদিকে শ্রিয় নবী (সাঃ)-এর প্রশংসা ও গুণ বর্ণনা করে নিজের সকল শক্তি নিঃশেষ করে দিয়েছেন। এ সাহাবী বিনি নবী (সাঃ)-এর দরবারে সবচেয়ে বড় কবি হওয়ার পৌত্তাল্য অর্জন করেছিলেন। তিনি ছিলেন হয়রত হান্সান (রাঃ) বিন সাবিত আনসারী।

খায়রাজ গোত্রের প্রসিদ্ধ শাখা বনু নাজ্জারের সাথে সাইয়েদনা হযরত হাসসান (রাঃ) বিন সাবিতের সম্পর্ক ছিল। তাঁর বংশ ডালিকা নিম্নরূপ :

হাসসান (রাঃ) বিন সাবিত বিন মানযার বিন হারাম বিন আমর বিন য়ায়েদ মানাত বিন আদি বিন আমর বিন মালিক বিন নাজ্জার বিন সায়লাবা বিন আমর বিন খায়রাজ।

তাঁর মশহুর উপাধি ছিল আবুল ওয়ালি। আসমাউর রিজাল গ্রন্থসমূহে তাঁর উপাধি হিসেবে আবুল হিছাম এবং আবু আবদুর রহমানও পাওয়া যায়। 'রাসূলুল্লাহ (সাঃ)-এর কবি' ছিল তাঁর পদবী। মাত্নের নাম ছিল ফারিরাহ বিনতে খালেদ। তিনি খায়রাজ বংশের বনু সায়েরদাহর সাথে সম্পৃক্ত ছিলেন এবং খায়রাজ নেতা হযরত সায়াদ (রাঃ) বিন উবাদাহ'র ফুফার কন্যা ছিলেন। বংশ ডালিকা হলো : ফারিরাহ (রাঃ) বিনতে খালেদ বিন খানিস বিন লাওজান বিন আবদুদ বিন য়ায়েদ বিন ছায়লাবা বিন খায়রাজ বিন কায়াব বিন সায়েরদাহ। তাঁরও ইসলাম গ্রহণ এবং সাহাবীরাহ হওয়ার সৌভাগ্য হয়েছিল।

কাব্য এবং কবির সাথে সম্পর্কযুক্ত বংশে হযরত হাসসান (রাঃ) জন্মগ্রহণ করেছিলেন। দীর্ঘায়ু লাভ প্রসঙ্গে বংশটির খ্যাতি ছিল। হযরত হাসসান (রাঃ)-এর পরদাদা হারাম বিন আমরের ১২০ বছর বয়স হয়েছিল। তাঁর দাদা মানযারের বয়সও ১২০ বছর ছিল। পিতা সাবিতও ১২০ বছর জীবিত ছিলেন। স্বয়ং হযরত হাসসান (রাঃ)-ও এ আয়ুই পেয়েছিলেন। মাবরাদ নাছবী বর্ণনা করেছেন, হযরত হাসসান (রাঃ)-এর বংশের কয়েক পুরুষই কবি ছিল। তাঁর পরদাদা, দাদা, পিতা, পুত্র এবং নাতিও কবি ছিলেন। তাঁর কবিত্বের কথা বলতে গেলে-তিনি ছিলেন সমকালীন যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি। কাব্যের প্রখ্যাত সমালোচক আবু ওয়ালদাহ (রাঃ) বলেছেন, তিনটি বৈশিষ্ট্য হযরত হাসসান (রাঃ)কে অন্যান্য কবি থেকে পৃথক করেছে :

১. জাহেলী যুগে তিনি খায়রাজের [মদীনাবাসী] কবি ছিলেন।
২. রাসূলের যুগে রাসূলুল্লাহ (সাঃ)-এর কবি ছিলেন।
৩. ইসলাম প্রচারের যুগে তিনি সমগ্র ইরামেনের শ্রেষ্ঠ কবি ছিলেন।

আবু ওয়ালদাহ (রাঃ) বলেছেন, সর্বসম্মত মত হলো মরু প্রান্তরের বাসিন্দার মধ্যে মদীনাবাসী, অতপন আবদুল কাহ্নেস এবং তারপর বনু হাকিকের কাব্য উত্তম। আর মদীনাবাসীর সবচেয়ে বড় কবি হলেন হাসসান (রাঃ)।

হযরত হাসানান (রাঃ)-এর পিতা ও পিতামহ বশোজের সরদার ছিলেন। মসজিদে নববীর পশ্চিম দিকে আব্বুর রহমানের সামনে অবস্থিত কব্রে দুর্গে তাঁদের বাসস্থান ছিল।

হযরত হাসানান (রাঃ) হিজরতে নববী (সাঃ)-এর ৬০/৬৫ বছর পূর্বে জন্মগ্রহণ করেছিলেন এবং নবী (সাঃ)-এর হিজরতের সময় ৬০/৬৫ বছর বয়সে ইসলাম গ্রহণ করেন। তিনি জীবনের যতটুকু অংশ জাহেলী যুগে কাটিয়েছিলেন প্রায় ততটুকুই ইসলাম গ্রহণের পর জীবিত ছিলেন। ইসলামের সূনীতল ছায়াতলে আশ্রয় গ্রহণের পূর্বে তিনি সমগ্র আরবে নিজের কবিত্বের তিষ্ঠি মজবুত করেছিলেন এবং আরবের প্রতিটি শিশুও তাঁকে শক্তিশালী কবি হিসেবে জানতো।

ইসলাম গ্রহণের পূর্বে হযরত হাসানান (রাঃ)-এর দিন-রাত কেমন ভাবে কাটতো? বিভিন্ন ঐতিহাসিকের বর্ণনা থেকে জানা যায় যে, আপ্যাদমস্তক তিনি কাব্যে বিভোর থাকতেন, আশুস এবং খায়রাজের পারম্পরিক যুদ্ধে তিনি নিজের গোত্রের প্রশংসায় শক্তিশালী কবিতা রচনা করতেন এবং তাদেরকে প্রতিশোধমূলক তৎপরতায় উদ্বুদ্ধ করতেন। লড়াই থেকে ফুরত পেলে হায়রাহ ও গাসসানের বাদশাহর দরবারে চলে যেতেন এবং তাদের প্রশংসায় শক্তিশালী কাসিদাহ রচনা করে পুরস্কার লাভ করতেন। গাসসানের বাবশাহর প্রশংসায় রচিত তাঁর কবিতাঃ

তিনি এমন দানশীল যে, তাঁর কাছে সব সময় মেহমানের আগমন ঘটে। তাঁর কুকুর অচেনা লোকের আগমনে বেউ বেউ করে না। অর্ধ হলো, তাঁর কাছে এত অধিক সংখক মেহমানের আগমন ঘটে যে, তাঁর কুকুর তা মেনে নিয়েছে এবং অতঃবেউ বেউ করে না। এবং ময়ং তিনি কাউকে জিজ্ঞেসও করেন না যে, সে কে, কোথা থেকে এসেছে এবং কেনই বা এসেছে। এ গৌরাব চেরার অডিছাত ব্যক্তিটি পেছনের লোকদের মধ্যে লম্বা নাক বিশিষ্ট।

আরববাসী রাজা-বাদশাহদের প্রশংসাকে অত্যন্ত নীচুমানের কাজ মনে করতো। শুধুমাত্র বড় বড় পুরস্কারের আশায়ই হযরত হাসানান (রাঃ) গাসসানের বাদশাহ অথবা ছাকনার বংশধরদের প্রশংসা করতেন না বরং তাঁরা তাঁর পিতামহের কুলের ছিলেন বলেই তাঁদের প্রশংসা গাইতেন। তাঁদের প্রশংসকে তিনি নিজের গোত্রের প্রশংসা মনে করতেন। নিজের গোত্রের প্রশংসা এবং পিতা ও পিতামহের ব্যাপারে গৌরব করা প্রত্যেক আরব কবিই নিজের হক বলে ধারণা করতেন। হযরত হাসানান (রাঃ)-এর গোত্র খাকরাজ 'ইজদের' একটি শাখা ছিল। বংশনামার বিশেষকরদের নিকট 'ইজদ' কু কাহতানভুস্ত। তাদের প্রকৃত পেশ ছিল ইরোমেন। হযরত হাসানান (রাঃ)-এর অসবনামা

একদিকে পাসাপিনাহ অথবা আল জাফনা পর্বত পৌঁছে থাকে। তাঁরা সিরিয়ার পাসুসানী শাসক ছিলেন। অন্যদিকে লাখমিইরীম বংশের সাথে তাঁর বংশের সম্পর্ক ছিল। তাঁরা আরবের ইরাকের হিরার বাদশাহ ছিলেন। কেননা তাঁদের সবার পূর্বপুরুষ ছিলেন আমর মজিকিয়া বিন আমের বিন মাহুনসাবা। আমর মজিকিয়ার এক পুত্র জাফনা সিরিয়ার প্রথম বাদশা ছিলেন। তাঁর বংশের কম-বেশী ১৯ জন বাদশাহ হয়েছিলেন। তাঁর নামের সাথে সম্পর্কিত হজরার কারণেই পাসাপিনাহকে জাফনার বংশধরও বলা হয়। হযরত হাসান (রাঃ) আল জাফনার প্রশস্তি অত্যন্ত জোরালো ভাষায় বর্ণনা করতেনঃ

“জাফনার সন্তান-সন্ততি নিজের পিতা ইবনে মাযিয়ার কবরের চারপাশে থাকে। যিনি অত্যন্ত দানশীল ও উদার ছিলেন। এর অর্থ হলো জাফনার বংশধারা আরবের অন্যান্য গোত্রের মত যাবাবের নয়। বরং তাঁরা বাদশাহর গোত্র এবং নিবিড়ভাবে নিজের পিতার কবরের চার পাশে অবস্থান করে। তাদের আবাসস্থল সবুজের সমারোহে ভরপুর। মরুভূমির মাটি তাঁকে স্পর্শ করতে পারে না।”

নিজের বংশের শরাকতের ওপর হযরত হাসান (রাঃ)-এর বড় গৌরব ছিল। একবার জৈমিক কবি তাঁর সামনে নিজের বাপ-দাদার প্রশংসায় কবিতার কতিপয় চরণ পড়লেন। এ কবিতার অন্যের বংশের প্রাধান্য দেয়া হয়েছিল। হযরত হাসান (রাঃ) ভার জ্বাবে বললেনঃ

“তুমি কি জান না যে, আমরা আমর বিন আমরের বংশধর। আমাদের এমন এক বংশীয় গৌরব রয়েছে যা প্রত্যেক মর্যাদাবান লোকের চেয়েও বেশী মর্যাদাশালী। আমাদের বংশের শিকড় জমিনের একদম তলদেশে প্রোথিত। অতপর তা থেকে এমন শাখাসমূহ মাথা তুলে দাড়িয়েছে যা প্রত্যেক সিতারার মুকাবিলা করে থাকে। আমাদের মধ্যে অব্যাহতভাবে বাদশাহ এবং যুবরাজ জন্মগ্রহণ করে থাকে। আমরা যেন পূর্বদিকে উদ্ভিত প্রস্ফুটিত তারকা। এ তারকামণ্ডলীর কোন একটি যখন অদৃশ্য হয় তখন অন্য একটি দৃশ্যমান হয় এবং তা বিশেষ অব্যাহতভাবে আলোকচ্ছটা বিছুরণ করতে থাকে।

বর্তমান যুগের কিছু বিশেষজ্ঞ খায়রাজ এবং আওসকে [আনসারী] নাবত বিন ইসমাইলের বংশধর হিসেবে প্রমাণিত করেছেন। [অর্থাৎ কাহতানী নয় বরং আদনানী]। কিন্তু হযরত হাসান (রাঃ)-এর যুগে তাঁদেরকে কাহতানীই মনে করা হতো।

জাহেলী যুগে হযরত হাসসান (রাঃ) ও অন্যান্য কবির মত মদ্যাসক্ত ছিলেন। একবার তিনি সিরিয়া গেলেন। সেখানে বনি বকর বিন ওয়ালের প্রখ্যাত কবি আ'শার সাথে সাক্ষাৎ হলেন। দু'জনে মিলে এক মদের দোকানে গেলেন ঘুমিয়ে পড়লেন এবং খুব সিললেন। এরপর হাসসান (রাঃ) সেখানেই ঘুমিয়ে পড়লেন। চোখ খুলে আশা'কে মদের দোকানদারকে বলতে শুনলেন, 'তার ঝগ করার প্রয়োজন হতো না, কিন্তু তার কাছে অর্থ নেই।' এ কথা শুনেই তিনি চক্কু বন্ধ করলেন এবং স্মৃত্যুতঃ শুরে রইলেন। ইজবসয়ে আ'শার চোখ বুঁজে এলো। যত্ন দেখলেন যে, সে ঘুমিয়ে গেছে তখন তিনি চুপি চুপি উঠলেন এবং দোকানে যত মদ ছিল সব কিনে নিলেন ও তা মাটিতে ঢালতে লাগলেন। এ মদ গড়িয়ে গড়িয়ে আ'শার গায়ের নীচে পৌছলো। তার কাপড় ভিজে গেল। আ'শা চমকে ঘুম থেকে জাগলো। হাসসান (রাঃ)-কে সরাবের নহর বহানো দেখে বুঝে ফেললেন যে, তিনি তার কথা শুনে ফেলেছেন। অনেক তোবামোদ ও ওজর আপত্তি পেশ করলো। হযরত হাসসান (রাঃ) আকোণ উষ্মলিত হয়ে উঠলেন এবং নিজের দুটুচিন্তা ও উঁচু মর্যাদা সম্পর্কে অত্যন্ত শক্তিশালী কবিতা প্রকাশ্যতঃ আশা'কে শুনিয়ে দিলেন। সে একদম নিশ্চুপ হয়ে গেল। ইসলাম গ্রহণের পর হযরত হাসসান কখনো মদ স্পর্শ পর্যন্ত করেননি।।

একবার উকাজের বাজারে নাবিগাহ জরিমানির সাথে সাক্ষাৎ করলেন। তৎকালীন যুগে তিনি প্রসিদ্ধ কবি ছিলেন। সে সময় তিনি হযরত খানসা (রাঃ)-এর কবিতা শুনছিলেন। খানসা (রাঃ) সে যুগে নজীর বিহীন মহিলা কবি ছিলেন এবং মর্সিয়া রচনার বিরল দৃষ্টান্ত স্থাপন করেন। তিনি চলে গেলে হযরত হাসসান (রাঃ) নাবিগাহকে নিজের কবিতা শুনতে শুরু করলেন। তাঁর কবিতা শুনে নাবিগাহর মুখ দিয়ে অযাচিতভাবে বেরিয়ে এলঃ ইন্নাকা লা শায়েরুন (নিঃসন্দেহে তুমি কবি)।

অন্য এক বর্ণনা মতে তিনি এ বাক্য ব্যবহার করেছিলেন, 'তুমি কবি এবং আগে আগত বনি সুলাইমের বোন গোনসা (রাঃ) মর্সিয়া রচনাকারী।'

একদিন রাতের মাঝার বসে কয়েকজন বন্ধুকে নিজের কবিতা শুনাইলেন। এ সময় জাহেলী যুগের নামকরা কবি হাতিরাহ সেখান দিয়ে গমন করছিলেন। তিনিও দাড়িয়ে তাঁর কবিতা শুনতে লাগলেন। হাসসান (রাঃ) তাঁকে চিনতে ন। ভাবলেন কোন্ গ্রাম্য গোয়ার। বললেন, এ বন্ধু কি শুনছিস? তিনি বলেন, 'এতে কোন অসুবিধেতো দেখছিলেন।'

এ জবাব তিনি এত বেশরোয়াভাবে দিয়েছিলেন যে, হযরত হাসসান (রাঃ) আজো অগ্নিশর্মা হয়ে উঠলেন এবং বললেন, 'তোমার পদবী কি?'

তিনি বললেন, 'আবু লামিকাহ'।

হাস্‌সান বললেন, 'মহিলার নামে নিজের কুনিরত রেখেছিস। এর চেয়ে জিন্নতীর বিশ্বর আর কি হতে পারে।'

এরপর জিজ্ঞেস করলেন, 'তোমার নাম কি?'

তিনি বললেন, 'হাতিরাহ।'

নাম শুনে চিনতে পারলেন এবং চমকে উঠলেন, কিন্তু আহেদী যুগের চংগ্রে বললেন, 'তাহলে আপনি যেতে পারেন। খোদা হাফেজ।

তিনি চূপচাপ চলে গেলেন।

এ হাতিরাহ হযরত হাস্‌সান (রাঃ)-এর পূর্ণ কবিদের স্বীকৃতি প্রদানকারী ছিলেন। তিনি তাঁকে 'আশ্শামুল আরব' [আলবের সবচেয়ে বড় কবি] বলতেন।

সংক্ষিপ্ত কথা হলো আহেদী যুগেই হযরত হাস্‌সান [রাঃ] বিন সাবিত আরবের অন্যতম শ্রেষ্ঠ কবি হিসেবে পরিগণিত হন। কিন্তু আহেদী যুগের কবিত্ব তার গৌরবের বিশ্বর নয়। বরং ইসলাম গ্রহণের পর তিনি যে কাব্য রচনা করেন তা-ই হকপন্থীদের অভ্যন্তর আত্মজ্ঞান হিসেবে স্বীকৃতি লাভ করে।

হযরত হাস্‌সান (রাঃ) বিন সাবিত কবিতা ও সাহিত্যের পরিভাবার উভয় যুগের কবি। অর্থাৎ তিনি এমন কবি যিনি আহেদী যুগও পেয়েছেন আবার ইসলামের যুগও। ইসলাম গ্রহণের সময় বার্বক্য এসে পড়েছিল। কিন্তু অন্যভাবে তার কবিত্ব বৌদ্ধপ্রাণ হইয়া। এখন তিনি আহেদী যুগের মৌলিকতা থেকে সম্পূর্ণ পবিত্র হয়ে ওঠেন। রাসূল (সাঃ)-এর যুগে মুখ দিয়ে জিহাদই হলো হযরত হাস্‌সান (রাঃ)-এর সবচেয়ে বড় কৃতিত্ব। একদিকে তিনি হকের শত্রু মূশরিক কবিদের অশ্লীল কথনের এমন দাঁত ভাঙ্গা জবাব দিয়েছিলেন যে, তারা নীরব হয়ে নিশ্চেষ্ট। অন্যদিকে বিশ্বনেতা হযরত রাসূলুল্লা (সাঃ)-এর প্রশংসায় এমন উদ্দীপনা ও নিষ্ঠাপূর্ণ বাক্য রচনা করেন যে, সৃষ্টির প্রতিটি অণু পরমাণু উৎসাহিত হয়ে ওঠে এবং সকল পুত্র-পবিত্র আত্মা তার ওপর সুখ্যাতির গুলাবৃষ্টি বর্ষণ করেন।

হাফেব ইবনে হাজর আসকালানী (রাঃ) 'তাহজীবুত তাহজীব' গ্রন্থে হযরত আব্দুল্লাহ বিন আবাস (রাঃ)-এর একটি বর্ণনা উদ্ধৃত করেছেন। এ বর্ণনার বাংলা হয়েছে

যে, 'হযরত হাসানান (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ)-এর সাথে থেকে নিজের নফল এবং জবান দিয়ে জিহাদ করেছেন।'

এ বর্ণনার স্মৃতি হর যে, হযরত হাসানান (রাঃ) রাসূল (সাঃ) কৃত যুদ্ধসমূহে শরীক হয়ে তরবারী দিয়ে জিহাদও করেছেন। কিন্তু নেতৃস্থানীয় চরিতকাররা এ মতের বিরুদ্ধাচারণ করেছেন। তারা বলেন, হযরত হাসানান (রাঃ) প্রকৃতিকতভাবে (অস্তরের দিক দিয়ে) দুর্বল ছিলেন। এ জন্যে কোন যুদ্ধে শরীক হয়ে তরবারী দিয়ে যুদ্ধ করতে পারেননি। বাস্তবিকই তিনি যদি যুদ্ধ মসূহে নিজের তরবারীর নিশুণতা না দেখিয়ে থাকেন তাহলে সেটা ছিল তার অক্ষমতা। এটা তার বুজদিলী নয়। এটাই আমাদের মত। ইসলাম গ্রহণের সময় তার বয়স ৬০ বছরের বেশী ছিল। দৃষ্টিশক্তিও ক্ষীণ হয়ে এসেছিল। অবশেষে অন্ধই হয়ে গিয়েছিলেন। এ জন্যে আমাদেরকে সুধারণা পোষণ করতে হবে। আমাদেরকে মনে করতে হবে যে, তিনি বার্বক্য এবং ক্ষীণ দৃষ্টির কারণে যুদ্ধে বাস্তবত অংশ গ্রহণে অক্ষম ছিলেন। এর ক্ষতিশুরণ তিনি ন্যায়ের প্রতি সমর্থন, হক পন্থীদের সুরক্ষা এবং রাসূল (সাঃ) প্রশস্তির মাধ্যমে করেছিলেন। অন্য কথাঃ হযরত হাসানান (রাঃ) নবী (সাঃ)-এর যুগের যুদ্ধ সমূহে অবশ্যই শরীক হয়েছিলেন। কিন্তু তাতে তরবারী ধারণের পরিবর্তে ডাবার তরবারী দিয়ে দারিত্ব পালন করেছিলেন।

ইবনে আসির (রাঃ) আব্বাস বন্ধু প্রসঙ্গে (৫ হিজরী) হযরত হাসানান (রাঃ)-এর ব্যাপারে এক ফদরগাহী ঘটনার অবতারণা করেছেন। এ যুদ্ধে সমস্ত আনবের মুশরিক ও ইহুদী ঐক্যবদ্ধ হয়ে মদীনা মুনাওয়্বারার ওপর হামলা করে বসে এবং বিশেষ করে মদীনার অভ্যন্তরস্থ ইহুদী বনি কোরায়আহ পোত্র বিশ্বাসঘাতকতা করার জন্যে এক পায়ে দাড়িয়েছিল। মুসলমানদের জন্যে এটা ছিল এক অগ্নি পরীক্ষা। কিন্তু আল্লাহর এ পবিত্র বাঙ্গাদে দৃঢ়তা ও স্থিরতা এক মুহূর্তের জন্যেও এদিক ওদিক হয়নি-টলেনি। তারা কুবর ও শিল্পকের এ ভয়াবহ সংঘর্ষে আপাদমস্তক ঝাপিয়ে পড়লেন। এ সময় হুবুর (সাঃ) মুসলমান মহিলা এবং শিশুদেরকে বনি কোরায়আহর কপট ইহুদীদের হাত থেকে রক্ষার জন্যে কারে' দুর্গে স্থানান্তর করলেন। এ দুর্গ ছিল হযরত হাসানান (রাঃ)-এর বাসিন্দার আশ্রয়স্থল। তিনি সতর্কতা হিসেবে মহিলা ও শিশুদের দেখাশুনার জন্যে হযরত হাসানান (রাঃ)-কে দুর্গে রেখেছিলেন। কেমনা ইহুদী বনি কোরায়আহ এবং কারে' দুর্গের মধ্যবর্তী স্থানে মুসলমানদের কোল বাহিনী ছিল না। সে ভয়াবহ সময়ে একদিন এক ইহুদী দুর্গের দিকে এলো এবং দুর্গে অবস্থানরত মানুষের খোঁজ খবর নিতে লাগলো। হুবুর (সাঃ)-এর কবু হযরত সুফিয়ান (রাঃ) রিস্তে আবদুল মুত্তালিবও এ যুদ্ধে ছিলেন। তিনি ইহুদীটিকে মোত্রেন্দা ভৎসনাতর সিঁও দেখলেন এবং হযরত হাসানান (রাঃ)-কে কাইরে পিত্র ডাক্ত হত্যা করার কথা বললেন। হযরত হাসানান (রাঃ) বললেন, আবদুল মুত্তালিবের কন্যা!

আল্লাহ্ আপনাদের ক্ষমা করুন। আপনি অবশ্যই আসছেন যে, আমি এ ইহুদীর সাথে লড়াইয়ের বোধ্য নই।

হযরত সুক্কাইহ (রাঃ) অত্যন্ত বাহাদুর মহিলা ছিলেন। তিনি হযরত হাসান (রাঃ)-এর জবাব শুনে নিজের উঠে দাঁড়ালেন। তাঁর একটি খুঁটি উঠিয়ে নিলেন এবং কাঁইরে বেরিয়ে সে ইহুদীর মাথায় এমন জোরে আঘাত হানলেন যে, সে সেখানেই অককা পেলো। কিন্তু এসে হযরত হাসান (রাঃ)-কে বললেন, এখন গিয়ে ইহুদীর মাথা কেটে ফেলুন এবং তার সরঞ্জাম নিয়ে আসুন।

হযরত হাসান (রাঃ) বললেন, 'হে আবদুল মুত্তালিবের কন্যা! তার সরঞ্জামের আমার কি প্রয়োজন? (অথবা আমার তা লাভের খাব্রেস নেই)।

বনু মুত্তালিবের বৃদ্ধ (এম হিজরী) থেকে ফেরার পথে ইফকের দুঃখজনক ঘটনা ঘটলো। মুনাফিকরা উম্মুল মুমিনীন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ)-এর বিরুদ্ধে তোহমত বা মিথ্যা অপবাদ দিল।

মুনাফিক সরদার আব্দুল্লাহ বিন উকাই বিন সলুল এ ঘটনার সবার অগ্রাঙ্গী ছিল। এ সময় হযরত হাসান (রাঃ)-এর কিছুটা পদস্থলন হয়। তিনি দু'একজন মুসলমানের সাথে মুনাফিকদের প্রতারণার জালে আবদ্ধ হন এবং তাদের কথার সাথে সুর মেলায়। আল্লাহ তাআলা উম্মুল মুমিনীন (রাঃ)-এর পবিত্রতা সম্পর্কিত বোষণা দানের পর নবী করীম (সাঃ) প্রচারিত মুসলমানদের ওপর কুরআন নির্দেশিত শাস্তির বিধান কার্যকর করেন। দণ্ডপ্রাপ্তদের মধ্যে হযরত হাসান (রাঃ)-ও ছিলেন। মুনাফিকরা উম্মুল মুমিনীনের সাথে একজন অত্যন্ত মুখলিস ও পবিত্র সাহাবী হযরত সাকওয়ান (রাঃ) বিন মুনাভালকেও জড়িত করে। তিনি এ অপবাদের জন্যে আবেগের বশবর্তী হয়ে হযরত হাসান (রাঃ)-এর ওপর তরবারী চালিয়ে দিয়েছিলেন।

ইবনে আসীর (রাঃ) বর্ণনা করেছেন, এ ঘটনার পর হযরত হাসান (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ)-এর দরবারে হযরত সাকওয়ান (রাঃ) বিন মুনাভালের বিরুদ্ধে শিকায়ত করলেন। শিয়নবী (সাঃ) তার কিসাসে হযরত হাসান (রাঃ)-কে খেজুরের একটি বাগান প্রদান করলেন এবং তিনি সেখানে আবাসস্থান তৈরী করেছিলেন। কিন্তু সহীহ বুখারীর এক রাওয়াজাতে দেখা যায় যে, যখন হযরত হাসান (রাঃ)-এর এক নিকটাত্মীয় হযরত আব্দু তাহহা (আনসারী) (রাঃ) (বনু নাজ্জারের একজন নেতা) নিজের মূল্যবান সম্পত্তি

বিরহা সাদকাহ করে। রাসূল (সাঃ)-এর নির্দেশ মতে। আত্মীয়-বন্ধনের মধ্যে কটন করেন তখন এ বাগান তাঁর অংশে পড়ে।

যদিও ইফকের ঘটনার হযরত হাসান (রাঃ)-এর পদস্বলন হয়েছিল এবং হযরত আয়েশা (রাঃ) তাতে প্রকৃতিস্বতভাবে দুঃখ পেয়েছিলেন। তবুও তিনি হযরত হাসান (রাঃ)-কে দণ্ড কার্যকর হওয়ার পর ক্ষমা করে দিয়েছিলেন। যদি কেউ তাঁর সামনে হযরত হাসান (রাঃ)-কে ধারণা বলতো তাহলে তিনি তাকে নিবেদন করতেন এবং বলতেন, সে রসূলুল্লাহ (সাঃ)-এর তরক থেকে মুশরিকদের জবাব দিত।

প্রিয় নবী (সাঃ) হযরত হাসান (রাঃ) বিন সাবিতকে গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পন করেন। তিনি এ দায়িত্ব অত্যন্ত সুষ্ঠু ও সুন্দর এবং আবেগ-উৎসাহের সাথে পালন করতেন। এ কারণে তিনি রাসূল (সাঃ)-এর প্রশংসার পাত্র হন। তিনি রাসূল (সাঃ)-এর নিকট অত্যন্ত মর্যাদাবানও ছিলেন। হুযুর (সাঃ)-এর নির্দেশে মসজিদে নববীতে তাঁর জন্য মিম্বার দাঁড় করানো হতো। এ মিম্বারে দাঁড়িয়ে অথবা বসে তিনি কাফিরদের অপবাদের জবাব দিতেন। আবার অনেক সময় প্রিয় নবী (সাঃ)-এর প্রশংসায় কবিতা পড়ে শুনাতেন। বিশ্বনবী (সাঃ) বলতেন, হাসান (রাঃ)-এর ব্যঙ্গ কবিতা অন্ধকারে তীরের মত কাফেরদের গুণ কার্যকর হতো। একবার হুযুর (সাঃ) হযরত হাসান (রাঃ)-কে উদ্দেশ্য করে বললেন: 'হে হাসান! আমার তরক থেকে জবাব দাও।' সে সাথে দোয়া করলেন-'হে আল্লাহ! পবিত্র আত্মার তরক থেকে তাকে সাহায্য কর।'

আরেকবার ইরশাদ হলো: 'হে হাসান! মুশরিকদের বিরুদ্ধে ব্যাখ্যাত্মক কবিতা পড়। জিবরাঈল (আঃ) তোমার সাথে রয়েছে।'।

বহুত রাসূলুল্লাহ (সাঃ) বহুবার হযরত হাসান (রাঃ)-এর কাব্যের প্রশংসা, দোয়া করেছেন এবং মুশরিক কবিদের অতীল কথনের জবাব দানের নির্দেশ দিয়েছিলেন। প্রায় সকল যুদ্ধেই এবং গুরুত্বপূর্ণ সময়ে হযরত হাসান (রাঃ) হকপন্থীদের পক্ষে এবং মুশরিকদের বিরুদ্ধে অত্যন্ত উৎসাহময় কবিতা রচনা করেন। এ সকল কবিতা রাসূলুল্লাহ (সাঃ)-কে খুশী করতো এবং হকের শত্রুদের কলিজা ছিদ্র করে ছাড়তো। তিনি কখন করে বলেছেন:

"আমার জবান কর্তনকারী তরকারীর মত শক্তিশালী এবং এতে আর্দেব বা দোষনীর কিছু নেই। আমার কাব্য সমূহ এত শক্ত এবং পরিষ্কার যে, তাতে কোন কিছু নিক্ষেপ করলে ময়লাসূত্ব হয় না। [অর্থাৎ কোন সমালোচকের সমালোচনা তাতে কোন ত্রুটি খুঁজে পায় না।]"

এক রাওন্ডারেতে আছে, একবার কোন মুশরিকের ব্যঙ্গের জবাবে তিনি এ কবিতা বলেনঃ

“তুমি মুহাম্মাদ (সাঃ)-কে পালাগাল করেছে। আমি তারি তরফ থেকে এর জবাব দিয়েছি এবং এর পুরস্কার আল্লাহর নিকট রয়েছে। এবং আমাদের মধ্যে আল্লাহর আমীন জিবরাইল আছেন। তারি আত্মা পবিত্র এবং তারি কোন সমকক্ষ নেই।”

প্রিয়নবী (সাঃ) এ কথা শুনে বললেনঃ ‘জাবাকান্নাহু আলান্নাহিল জান্নাত’। হাঁ আল্লাহর নিকট তোমার পুরস্কার বেহেশত ।।

প্রকৃতপক্ষে এ কবিতা সে কাসিদার অন্তর্ভুক্ত যা হযরত হাসসান (রাঃ) মক্কা বিজয়ের মুহুর্তে বলেছিলেন। অন্য কোন সময়েও সম্ভবতঃ তিনি এ কবিতা আবৃত্তি করেছিলেন। বদর, ওহোদ এবং পরিখার যুদ্ধে তিনি অত্যন্ত তেজস্বী ভাবায় কবিতা রচনা করেন। এমনিভাবে ইসলামের মশহুর দুশমন ইহুদী কবি কা’ব বিন আশরাফ নিহত হলে তিনি অত্যন্ত আবেগময় ভাবায় খুশী প্রকাশ করেছিলেন।

নবম হিজরীতে বনু তামিমের প্রতিনিধিদল মদীনা মুনাওয়ারা আগমন করে এবং মুসলমানদের সামনে নিজেদের অহমিকা প্রকাশ করে। তাদের কবি যবরকান (রাঃ) বিন বদর (যে সময় পর্যন্ত ইসলাম গ্রহণ করেননি) নিজের কণ্ঠের প্রশংসায় স্বরচিত অত্যন্ত উচ্চাঙ্গের কবিতা আবৃত্তি করেন।

প্রিয়নবী (সাঃ) হযরত হাসসান (রাঃ)-কে নির্দেশ দিলেন যে, ওঠো এবং যবরকানের জবাব দাও। তিনি উঠে দাড়িয়ে উপস্থিতভাবে এত উচ্চাঙ্গের কবিতা বললেন যে, বনু তামিম সন্দার আকরা (রাঃ) বিন হাবেস বলে উঠলেনঃ “মুহাম্মাদ-পিতার কসম! তোমাদের কবি আমাদের কবির চেয়ে ভালো।”

প্রিয় নবী (সাঃ) হযরত হাসসান (রাঃ)-এর প্রতি অত্যন্ত স্নেহশীল ছিলেন। হুদায়বিয়ার সন্ধির (৬ হিজরীর জেলকদ) পর রাসূলুল্লাহ (সাঃ) হযরত হাতিব (রাঃ) বিন আবি বালতা’কে মিসরের গবর্নর মাক্কাসের নিকট ইসলামের মুবাঈন হিসেবে প্রেরণ করলেন। মাক্কাস ইসলাম গ্রহণ করেননি তবে হযরত হাতিব (রাঃ)-এর প্রতি অত্যন্ত শ্রদ্ধা প্রদর্শন করেন। মিসর ত্যাগ করার প্রাকালে মাক্কাস প্রিয় নবী (সাঃ)-এর জন্য অনেক তোহফা এবং হাদিদা তারি নিকট প্রদান করেন। এ তোহফার মধ্যে মারিরা (রাঃ) এবং শিরিন (রাঃ) নামী দু’জন কিশতী সহোদরা ছিলেন। দু’সহোদরা হযরত হাতিবের ডাবলীগের বলে ইসলাম গ্রহণ করেন। মদীনা প্রত্যাবর্তন করে হযরত হাতিব (রাঃ) তাদেরকে রাসূল (সাঃ)-এর বিদমত্তে পেশ করলেন। এ সময় হুইর (সাঃ) হযরত

মারিয়া (রাঃ)-কে নিজের গৃহে আশ্রয় দিলেন এবং হযরত শিরীন (রাঃ)-কে হযরত হাসান (রাঃ)-এর মালিকানায় অর্পণ করলেন। এভাবে হযরত হাসান (রাঃ) প্রিয় নবী (সাঃ)-এর শ্যালিকার স্বামী হয়ে গেলেন। হযরত শিরীন (রাঃ)-এর পেটে হযরত হাসান (রাঃ)-এর পুত্র আবদুর রহমান (রাঃ) জন্মগ্রহণ করেন। তিনিও একজন কবি হিসেবে স্বীকৃতি পান। আবদুর রহমান (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ)-এর পুত্র হযরত ইবরাহিম (রাঃ)-এর আপন খালাত ভাই ছিলেন।

হযরত হাসান (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ)-এর ডকাতের পরও দীর্ঘদিন বেঁচে ছিলেন। এ সময়ে তিনি কখনো কখনো মসজিদে নববীতে বসে মানুষকে নিজের কবিতা শুনাতেন। একবার হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনামলে এমনিভাবে কবিতা পড়ছিলেন। আমিরুল মুমিনীন (রাঃ) তা দেখলেন, মসজিদে কবিতা পড়তে নিষেধ করলেন। হযরত হাসান (রাঃ) দ্রোণাঘাত হয়ে বললেন, আপনার চেয়েও উত্তম ব্যক্তিত্বের সামনে মসজিদে নববীতে বসে কবিতা পাঠ করেছি। এ জন্যে আমাকে কেউ এ কাজ থেকে বিরত রাখতে পারবে না। হযরত ওমর ফারুক (রাঃ) তাঁর এ জবাব শুনে চুপ হয়ে গেলেন।

আহেলী যুগের শেষ গাসসানী শাসক আব্বালা বিন আইহাম হযরত হাসান (রাঃ)-এর প্রতি বিশেষভাবে অনুরক্ত ছিলেন। হযরত হাসান (রাঃ) তাঁর প্রশংসায় অত্যন্ত শক্তিশালী কালিদাহ রচনা করতেন এবং তিনিও তাকে প্রচুর দক্ষিণা দিতেন। হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনামলে আব্বালা অত্যন্ত শান-শওকতের সাথে মদীনা আগমন করেন এবং আমিরুল মুমিনীনের হাতে ইসলাম গ্রহণ করেন। কিন্তু বাদশাহীর ঠাট ও অহংকার তাঁর মন থেকে তখনও দূর হয়নি। কা'বা শরীফ ভাঙার সময় তাঁর ছুরের ওপর এক বন্ধুর পা পড়ে। আব্বালা অগ্নিশর্মা হয়ে তাঁর মুখের ওপর এমন জোরে এক ধাপ্পড় মারেন যে তাতে তাঁর নাক জখম হয়ে যায়। বধুটি এ ব্যাপারে খলিকার দরবারে অভিযোগ দায়ের করলো। আমিরুল মুমিনীন আব্বালাকে নির্দেশ দিলেন, হয় বধুকে সম্মত করাও, না হয় শরীরত মুতাবিক সে তোমার মুখের ওপর ধাপ্পড় মেয়ে নিজের বদলা নেবে।

আব্বালা এক রাতের সময় চাইলেন। আমিরুল মুমিনীন সম্মত সজ্জর করলেন। আব্বালা সে রাতেই মদীনা মুনাওয়ারা থেকে পালিয়ে গেলেন এবং মুরতাদ হয়ে রোমের বাদশাহ হারকলের নিকট কালভানডুনিয়া চলে গেলেন। কিছু দিন পর হযরত ওমর ফারুক (রাঃ) আলামা কিন মালানীকে ইসলামের দাওয়াত সম্বন্ধিত পত্রসহ হারকলের নিকট কালভানডুনিয়া প্রেরণ করলেন। হারকল ইসলামের দাওয়াত কবুল না করলেও কালিদকে অত্যন্ত খাতির বদ্ধ করলো। আলামা কিনে আসছিলেন। এ সময় হারকল

তাকে বললো তোমার একজন আরব ভাই এখানে আছে। তার নাম জাবালা বিন আইহাম। তার সাথে দেখা করে যাও। আসামা তার সাথে সাক্ষাৎ করতে গেলেন। একজন বাদশাহর যে ঠাট-বাট তাই তিনি আবলোকন করলেন। জাবালা আসামাকে খুব সম্মান ও ডাক্তিম করলেন। তার সামনে বাবার শেখ করলেন এবং কতিপয় অঙ্গুরা সদৃশ বাদীকে গান গেয়ে তাকে খুশী করার নির্দেশ দিলেন। তারা অভ্যস্ত সুললিত কণ্ঠে বনু গাসসানের প্রশস্তিমূলক একটি কাসিদাহ গাইলো। এ কাসিদাহর প্রথম চরণের অর্থ নিম্নরূপঃ

“কতই না ভালো ছিল সে সব লোক বাদের সাথে আমি বালাখানার একত্রিত হয়েছিলাম।”

এ কবিতায় জাবালা এবং তার বংশের ইজ্জত ও উদার অন্তরের প্রশংসা করা হয়েছিল। কবিতা শুনে জাবালা অবাচিত ভাবে হাসতে শুরু করলেন এবং আসামাকে জিজ্ঞেস করলেন ‘এ কবিতা কার তা কি তুমি জানো?’ তিনি বললেন ‘না’। জাবালা বললেন, এটা হাসসান বিন সাবিতের কবিতা। এরপর তাকে কাদিয়ে দেয়ার মত গান গাওয়ার জন্য নির্দেশ দিলেন। তারা গাইলোঃ

“মামান নামক স্থানে তাবুকের সৈদিকে এবং আমান উপত্যকার এ গৃহ কার? যা বিরান হয়ে পড়ে রয়েছে।”

এটা কোন কবিতা ছিল না। বরং বনি গাসসানের বাদশাহের বিরাট বালাখানার মসিরা ছিল। এ মসিরা শুনে জাবালার চক্ষু দিয়ে সমুদ্রের জলধারা নেমে এলো এবং আসামাকে জিজ্ঞেস করলেন, জানো এ কবিতা কার? তিনি বললেন, না। জাবালা বললো, এটাও হাসসান বিন সাবিতেরই কবিতা। অতপর তিনি হযরত হাসসান (রাঃ) বিরচিত কতিপয় কবিতা নিয়েই আবৃত্তি করলেন। এর মধ্যে একটি কবিতা নিম্নরূপঃ

“হায়! আমার মা যদি আমার জন্ম না দিত এবং হায়! ওমর (রাঃ) আমাকে যা বলেছিল তা যদি মেনে নিতাম।”

এ কবিতা থেকে অনুভব করা যায় যে, জাবালা মুরতাদ হওয়ার কারণে অত্যন্ত লজ্জিত হয়েছিলেন। অসলাম-আবলোকনার সময় তিনি অভ্যস্ত আসব এবং ডাক্তিমের সাথে রাসূলুল্লাহ (সঃ)-এর নাম উচ্চারণ করছিলেন। কিন্তু কানতালবুনিয়ার প্রাপ্ত আরাম-আরেশ পরিচ্যাগ করা তার পক্ষে সম্ভব হয়নি। এ জন্যে দ্বিতীয়বার তিনি আর ইসলাম গ্রহণ করতে পারেননি। কবিতা পাঠ করে তিনি কিছুকণ বিচুপ রইলেন এবং আসামাকে জিজ্ঞেস করলেন, ‘হাসসান (রাঃ) বিন সাবিত কি জীবিত আছেন?’

জাসামা বললেন, 'হ্যাঁ, তিনি জীবিত আছেন। কিন্তু কৃষ্ণ ও অক্ষ হয়ে গেছেন।'

জাবালা তৎক্ষণাৎ পাঁচশ' দিনার এবং পাঁচ সেট রাজ পোশাক আনিয়ে তার হাওলালা করলেন এবং বললেন, হাসসানকে আমার সালাম বলবেন। আর এ দিনার ও পোশাক আমার ভরফ থেকে তাকে দেবেন।

জাসামা মদিনা প্রত্যাবর্তন করে আমিরুল মুমিনীন হযরত ওমর ফারুক (রাঃ)-এর নিকট এ ঘটনা বিবৃত করলেন। হযরত ওমর (রাঃ) হযরত হাসসান (রাঃ)-কে ডেকে পাঠালেন। তিনি এসে সালাম দিয়েই বললেন, 'আমিরুল মু'মিনীন। আমি এখানে আলে জাফনার রুহ সমূহের খোশবু উপলব্ধি করছি।'

হযরত ওমর ফারুক (রাঃ) বললেন, 'আল্লাহ সেই মাধ্যমে আপনাকে সাহাব্য করলেন।' অতপর তাকে জাবালা প্রেরিত দিনার ও পোশাক প্রত্যর্পণ করলেন।

অপর এক রাওলায়েতে বর্ণিত আছে, জাবালা হযরত হাসসান (রাঃ)-এর জন্যে মূল্যবান একটি পোশাক এবং কয়েকটি উন্নত জ্বাতের উট প্রেরণ করেছিলেন। তিনি জাসামাকে বলেছিলেন, মদিনায় পৌঁছেই হাসসান (রাঃ)-কে জীবিত পেলে তাকে এ পোশাক এবং উট আমার ভরফ থেকে উপটোকন হিসেবে দেবেন। আর যদি তিনি ওফাত পান তাহলে পোশাকটি তার বাড়ী পৌঁছে দেবেন এবং উটগুলো তার কবরে নিয়ে জবেহ করবেন (আল্লাহই এ ব্যাপারে ভালো জানেন)।

হযরত হাসসান (রাঃ) বিন সাবিত হযরত আমির মাযিয়্যার খিলাফত কালে ৫৪ হিজরীতে ইজ্তেকাল করেন। এ সময় তাঁর বয়স ছিল প্রায় ১২০ বছর। মৃত্যুকালে একমাত্র সন্তান পুত্র আবদুর রহমানকে রেখে যান। তিনি রাসূলুল্লাহ (সাঃ) থেকে কতিপয় হাদীস বর্ণনা করেছেন। তাঁর হাদীস বর্ণনাকারীদের মধ্যে হযরত বারা বিন আযিব, হযরত সাঈদ বিন মুসাইয়িব (রাঃ), হযরত উরুওয়াহ বিন যোবায়ের (রাঃ), হযরত আবু সালামাহ বিন আবদুর রহমান (রাঃ) এবং হযরত খারেজাহ বিন যায়েদ বিন সাবিত এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

হযরত হাসসান বিন সাবিত (রাঃ) আরবের সমকালীন প্রখ্যাত কবিদের অন্যতম ছিলেন। কেউ কেউ তাকে সর্বশ্রেষ্ঠ কবি হিসেবে স্বীকৃতি দিয়েছেন। তবে এ পরিচিতি ছাড়াও তাঁর আর একটি পরিচয় ছিল। আর এ পরিচিতিই তাকে টিরকালের জন্যে সম্মুখ করে রেখেছে। তাঁর সবচেয়ে বড় গৌরবের ব্যাপারটি হল যে তিনি রাসূলুল্লাহ (সাঃ) -এর কবি (শায়েয়ুল্লাহী) ছিলেন।

শৈশবকাল থেকেই রাসূলুল্লাহ (সাঃ)-এর স্বর্বাঙ্গের চিত্র হযরত হাস্‌সান (রাঃ)-এর অন্তরে অঙ্কিত হয়েছিল। তিনি নিজেই বলেছেন:

“আমার বয়স তখন সাত-আট বছর হবে। একদিন খুব প্রত্যুবে এক ইহুদী মদীনার সব ইহুদীকে ঢেকে একত্রিত করলো। সবাই যখন এসে উপস্থিত হলো তখন সে বললো: সেই সিতারা হ উদিত হয়েছে। সেই তারার উদয় স্থানে আজ রাতেই মুহাম্মাদ (সাঃ)-এর জন্ম হবে। [এরপর যখন তিনি রাসূল হিসেবে প্রেরিত হলেন এবং মদীনা ত্যাগের আনন্দে তখন সেই ইহুদী জীবিত ও উপস্থিত ছিল। কিন্তু সেই হতভাগা ঈমান আনেনি।]

সে দিন থেকেই হযরত হাস্‌সান (রাঃ) সর্বশেষ নবী (সাঃ)-এর দিদারের আকাংখা পোষণ করতে থাকেন। প্রিয় নবী (সাঃ)-এর মদীনা শূভাগমন ঘটলেই তিনি অত্যন্ত উসোহ-উকীপনাসহ তার সাথে সাক্ষাৎ এবং বাইরাতের সৌভাগ্য অর্জন করেন। এরপর তিনি নিজে সমগ্র কাব্যিক বোগ্যতা রাসূল (সাঃ)-এর প্রশংসা এবং তার সুরক্ষার লক্ষ্যে উদ্যোগ করে দেন। তিনি অত্যন্ত শিষ্টাচারে আবেগ দিয়ে হুমুর (সাঃ)-এর প্রশংসার হক আদায় করেন। তার মত অন্য কোন কবির পক্ষেই এত সুউচ্চ কল্পনা রাজ্যে বিচরণ করা সম্ভব হয়নি। এ প্রসঙ্গে তার দু’টি কবিতা:

“| ইয়া রাসূলুল্লাহ! আপনার চেয়ে সুন্দর আমার চক্ষু অবশ্যই দেখেনি এবং কোন নারীই আপনার চেয়ে সুন্দর শিশু জন্ম দেয়নি।

আপনাকে ক্রটিমুক্তভাবে সৃষ্টি করা হয়েছে। | অর্থাৎ মনে হয় মট্টা আপনাকে আপনার ইচ্ছা ও মর্শি হিসেবেই সৃষ্টি করেছেন।।”

হযরত হাস্‌সান (রাঃ)-এর রাসূল (সাঃ) প্রশংসামূলক কাসিদাহ এবং না’তের বিশেষ বৈশিষ্ট্য হলো, তা খুব কল্পনামূলকই ছিল না। বরং তার প্রতিটি কবিতাই অন্তর রসে জারি ছিল।

প্রিয় নবী (সাঃ)-এর শানে তিনি হাজার কবিতা রচনা করেছেন। কিন্তু কোন কবিতাতেই অবাচ্য কিছু বলেনি। কবিতার গুণ্ডি এখানে উল্লেখ করা গেল:

“তিনি আল্লাহর নবী। নিরাশা ও নবী সমূহের অতীত হওয়ার পর যখন বিশেষ মূর্তির পূজা চলছিল তখন আমাদের নিকট তার শুভাগমন ঘটেছে।

তিনি আমাদের জন্য প্রোক্ষল প্রদীপ এবং কব প্রসঙ্গক হয়ে গেলেন। তিনি এমন দীপ্তিমান ও প্রকৃষ্টভাবে অবিদ্যুত হলেন যেমন শান মেয়া হিন্দী তরবারী চমক মারে।

তিনি আমাদেরকে আহান্নামের আওনের ভয় দেখিয়েছেন এবং বেহেশতের সুসংবাদ শুনিয়েছেন। তিনি আমাদেরকে ইসলামের শিক্ষা দিয়েছেন। যে জন্য আমরা আপ্নাহর শুকরিয়া জ্ঞাপন করি।”

নবী (সাঃ)-এর হিজরত প্রসঙ্গে তিনি মক্কাবাসীদের দুর্ভাগ্য এবং মদীনাবাসীর সৌভাগ্য সম্পর্কে মনোভাব ব্যক্ত করতে গিয়ে বলেছেন:

“নিঃসন্দেহে সে জাতি হতাশ হয়েছে যাদের কাছ থেকে তাদের নবী চলে গেছেন এবং তারা মর্যাদা লাভ করেছেন যাদের কাছে গিয়ে তিনি উপস্থিত হয়েছেন ও তারা শুভ সকাল লাভ করেছে।

যে জাতির কাছ থেকে তার পক্ষান্তর চলে গেছেন সে জাতির আনও লুপ্ত হচ্ছে এবং যাদের কাছে উপস্থিত হয়ে অবস্থান নিয়েছেন তাদেরকে তিনি নিজের আলোয় আলোকিত করেছেন।

মদীনাবাসীর রব ওমরাহীর পর তাদেরকে হেদায়াতের সৌভাগ্য দান করেছেন এবং সরল পথ দেখিয়েছেন। যে হকের অনুসরণ করে সে হেদায়াত পায়।”

আলোচিত কয়েকটি কবিতার পংক্তির মাধ্যমেই হযরত হাসসান (রাঃ)-এর রাসূল (সাঃ) প্রেমের গভীরতা সম্পর্কে অনুমান করা যায়। এ ধরনের হাজার হাজার পংক্তিমালা তাঁর দিওয়ানের স্থানে স্থানে হীরা-মানিকোর মত জ্বলজ্বল করছে।

হযরত হাসসান (রাঃ) বিন সাবিত রাসূল (সাঃ)-এর প্রশস্তিমূলক কবিতার সাথে সাথে কাফেরদের বিরুদ্ধে অসংখ্য ব্যঙ্গাত্মক কবিতাও রচনা করেছেন। তিনি অত্যন্ত উৎসাহ-উদীপনার সাথে প্রিয় নবী (সাঃ) এবং তাঁর অনুসরণকারীদের বিরোধিতাকারীদেরকে একদিকে কবিতার মাধ্যমে বাধা দিয়েছেন। অন্যদিকে মুশরিকদের অব্যব এমন শক্তিশালী ব্যঙ্গাত্মক কবিতার মাধ্যমে প্রদান করেছেন যাতে তারা নীরব হয়ে যেতে বাধ্য হয়। এতে কোন সন্দেহ নেই যে, রাসূলুল্লাহ (সাঃ)-এর দু’জন জীবন উৎসর্গকারী সাহাবী হযরত আবদুল্লাহ (রাঃ) বিন রাওয়াহা এবং হযরত কা’ব (রাঃ) বিন মালিক আনসারীও মুশরিক কবিদের বিদ্রূপের জবাব অত্যন্ত জোরালো ভাষাতেই প্রদান করেছেন। কিন্তু এ ব্যাপারে হযরত হাসসান (রাঃ)-এর ভূমিকা ছিল সবার উর্ধে। এক

রাঙরারোতে আছে, কুরাইশ কবিরের বিদ্বানের জবাব দানের সিদ্ধান্ত গ্রহীত হয়ে নবী করিম (সাঃ) হযরত কা'ব (রাঃ) বিন মালিককে এ কাজের জন্যে বলে পাঠালেন। তিনি নির্দেশ পালন করলেন। কিন্তু নবী করিম (সাঃ) তাঁর জবাবী বিদ্বান পসন্দ করলেন না। অতপর তিনি হযরত আব্দুল্লাহ (রাঃ) বিন রাঙরারাকে এ কাজের নির্দেশ দিলেন। তিনিও তা করলেন। রাসূলুল্লাহ (সাঃ)-এর ডাঙ পছন্দ হলো না। এরপর তিনি হযরত হাসান (রাঃ)-কে কুরাইশদের বিদ্বানের জবাব দিতে বললেন। রাসূল (সাঃ)-এর নির্দেশ শুনে তিনি স্বতঃস্ফূর্তভাবে বলে উঠলেনঃ

“সময় এসেছে সেই বাঘকে আহবান জানানোর যে লেজ নাড়ছে।”

অতপর তিনি দৃঢ় আস্থার সাথে বললেনঃ আমার ভাষা দিয়ে তাদেরকে ঠিক করে দেব (অথবা ছিন্ন বিচ্ছিন্ন করে ফেলবো)। প্রকৃতপক্ষে বা তিনি বলেছিলেন, তা তিনি দেখিয়েছেন। [মুসনাদে আহমদ।]

হুয়র (সাঃ) মুশরিক কবি শোফীর মোকাবিলা এবং সাহাবী (রাঃ)-দের সুরক্ষার কাজে হযরত হাসান (রাঃ)-কে নিয়োজিত করেছিলেন। এ প্রসঙ্গে তিনি হযরত আবু বকর (রাঃ)-এর সাথে তাঁকে পরামর্শ করে নেওয়ারও হেদায়াত দিয়েছিলেন। কেননা হযরত আবু বকর (রাঃ) আরব জনগণ সম্পর্কে সম্যক গুরাকিফহাল ছিলেন। বস্তুত হযরত হাসান (রাঃ) প্রায়ই হযরত আবু বকর (রাঃ)-এর খিদমতে উপস্থিত হতেন এবং নসবনামা সম্পর্কে তাঁর কাছ থেকে তথ্য লাভ করতেন। হযরত আবু বকর (রাঃ) তাঁকে বলতেন, স্বাম বা বিদ্বানের সময় অমুক অমুক মহিলাকে ছেড়ে কথা বলবে। কেননা তাঁরা রাসূল (সাঃ)-এর দাঈ। হযরত হাসান (রাঃ) তাঁর নির্দেশ অনুযায়ীই কাজ করতেন। তিনি নিজের কবিতার কুরাইশ মুশরিকদের ওপর প্রচণ্ড আঘাত হানতেন। কিন্তু তাতে হুয়র (সাঃ) এবং কুরাইশ বংশের সাথে সম্পর্কবৃদ্ধ সাহাবী (রাঃ)-দের গায়ে কোন আঁচড় লাগতেনা।

আবু লাহাব শির নবী (সাঃ)-এর চাচা। কিন্তু ইসলামের বোরতর শত্রু ছিল। হযরত হাসান (রাঃ) তাঁর প্রতি এ ভাবার ব্যঙ্গ করেছেনঃ

“আবু লাহাবকে আলিহে দাও, মুহাম্মাদ (সাঃ) নবুরাতের দারিত্ব আজাম দানের জন্যে অবশ্যই উঁচু মরখানার আসীন হবেন। এ কথা তোমার ইচ্ছার বিরুদ্ধে গেলেও কিছু আসে যায় না।

বনি হাসিম সম্মান ও উঁচু মরখানার আসীন হয়েছে। কিন্তু তোমাকে তিরস্করের দুঃখ বেদনার অর্জিত করে ছেড়ে দেয়া হয়েছে।”

রাসূলুল্লাহ (সাঃ)-এর চাচাত ভাই আবু সুফিয়ান বিন হারিছ ইসলাম গ্রহণের পূর্বে ইসলামের একজন কটর দূশমন ছিলেন। তিনি হুযুর (সাঃ)-কে ব্যঙ্গ-বিদ্রূপ করতেও কসুর করেননি। হযরত হাসান (রাঃ) তাঁর শোধ এভাবে নিয়েছেন:

“তোমার জীবনের কসম। কুরাইশের সাথে তোমার আত্মীয়তা এমন যেমন উট শাবকের সম্পর্ক উটপাখীর বাচ্চার সাথে হয়ে থাকে।

যে কণ্ঠের তুমি নও তাদের নিয়ে গর্ব করো না। তুমিতো খবিস বনি হিসামের মতও নও।”

কুরাইশ সরদারদের মধ্যে ইসলাম বিরোধিতায় আবু জেহেল সকলের অগ্রগামী ছিল। বদরের যুদ্ধে মক্কার কাফেরদেরকে সেই টেনে এনেছিল। হযরত হাসান (রাঃ) তাকে এ ভাবে তিরস্কৃত করেন:

“অবশ্যই আল্লাহপাক সে দলের ওপর অভিসম্পাত বর্ষণ করেছেন যারা বাহাদুরীর মিথ্যা দাবীদার ছিল এবং মুহাম্মাদের বিরুদ্ধে যুদ্ধের জন্যে ডেকে এনেছিল।

সে খবিস এবং অতিশয়। যে ব্যক্তি সত্যপথের হেদায়াত প্রাপ্ত হয় তাকে সব সময়ই বড় মনে করা হয়। অথচ সে তাকে ভৎসনা করে।

সে লোকদেরকে গুমরাহির দিকে উদ্বুদ্ধ করে। এমনকি তার চারপাশে মানুষ একত্রিত হয়ে যায়। প্রকৃতপক্ষে তার নির্দেশ হেদায়াত না করে পথভ্রষ্ট করে।

আল্লাহপাক নবী করিম (সাঃ)-এর সাহায্যের জন্যে নিজের বাহিনী প্রেরণ করেছেন এবং সব যুদ্ধেই তিনি তাঁকে সাহায্য ও বিজয় দান করেছেন।

ইসলাম গ্রহণের পূর্বে আবদুল্লাহ বিন বিবারা কুরাইশের ঐনজুহানীয় কবি ছিল। ঘটনাক্রমে মুসলমানদেরকে ওহোদের যুদ্ধে প্রচুর ক্ষতি স্বীকার করতে হয়। ইবনে বিবারা একে মুশরিকদের বিজয় বলে অভিহিত করলো এবং কতিপয় অহমিকাপূর্ণ কবিতা বলে ফেললো। হযরত হাসান (রাঃ)-কে সম্মোহন করে হক পন্থীদেরকে তিরস্কার ও গালাগালি দিল তাতে। হযরত হাসান (রাঃ) এর দাঁত ডাবা জবাব দিলেন। ওহোদ যুদ্ধের প্রকৃত অবস্থা বিশ্লেষণ করলেন এবং সাথে সাথে বদরের যুদ্ধে কাফেরদের লজাজনক পরাজয়ের কথা স্মরণ করিয়ে দিয়ে ইবনে বিবারাকে তিরস্কার করলেন:

“ইবনি বিবারা এ লড়াইয়ের [ওহোদ] অবস্থা খুব ভালভাবেই আসে। যদি সে ইনসাক করে তাহলে কবিলত আমাদের জন্যেই।

অবশ্যই তোমরা আমাদের বিরুদ্ধে এবং আমরা তোমাদের বিরুদ্ধে খুব প্রতিশোধ নিয়েছি। কখনো কখনো যুদ্ধে এ ধরনের জলট পালট হয়েই থাকে। যখন আমরা (বদরের যুদ্ধে) কঠিনভাবে হামলা করলাম, তখন আমরা তোমাদের পাহাড়ের নিম্নভূমিতে ঠেলেদিলাম।

একই স্থানে আমরা তোমাদের ৭০ জনকে লুটিয়ে কেললাম। এ কথা বিস্ময়করও মিথ্যা নয়।

তোমাদের অনেক লোককে আমরা কয়েদ করলাম এবং পরাজিত হয়ে জল কুককুটের মত পালিয়ে গেলে। আমরা তোমাদের প্রত্যেক সরদারকে কতল করলাম এবং প্রতিটি মর্বাদাবান বাহাদুরকে মেয়ে কেললাম।

আমরা নই, তোমরাই লেজ জুটিয়ে পালিয়েছ। যুদ্ধ যখন তুসে আমরা তখন ময়দানে থাকি।”

উবাই বিন খালফ একজন কুচক্রী মুশরিক ছিল। একবার (হিজরতের পূর্বে) একটি পচা হাড়সহ রাসূল (সাঃ)-এর নিকট এলো এবং বলতে লাগলো, তুমি বল, আল্লাহ মৃতকে জীবিত করবে? বল, এ হাড় কে জীবিত করতে পারে? হযরত হাসান (রাঃ) এ ঘটনার দিকে ইঙ্গিত করে উবাই বিন খালফ, উতবাই বিন রবিয়াহ, শাইবা বিন রবিয়াহ এবং আবু জেহেলের তিরস্কার এভাবে করেছেনঃ

“অবশ্যই উবাই নিজের পিতার গুমরাহীর উম্মারিশ হয়েছে। যখন সে রাসূলুল্লাহ (সাঃ)-এর থেকে বিচ্ছিন্নতা অবলম্বন করে। মুহাম্মাদকে মিথ্যা প্রতিপন্ন করার জন্যে তুমি তার নিকট পচা হাড় সহ এসেছো? প্রকৃতপক্ষে তুমি নিজেই এর তাৎপর্য বুঝতে অক্ষম।

আবু জেহেলের আনুগত্য করে রবিয়ার পুত্রস্বয় ধ্বংস করে গেছে। তাদের মা তাদের জন্যে ক্রন্দন করে।”

একবার আরবের এক গোত্রের সরদার হারিছ বিন আওফ রাসূল (সাঃ)-এর দরবারে এসে হাজির হলো এবং নিবেদন করে বললো, কাউকে আমার সাথে দিন, যে আমার গোত্রকে ধ্বংসের তা'লিম দেবে। আমি তার রক্ষার দায়িত্ব নিলাম। হুবুর (সাঃ)

ঐক্যবদ্ধ আনসার সাহাবীকে তার সাথে দিলেন। তাকে সাথে নিয়ে হারিছ নিজের কণ্ঠের কাছে গেল। কিন্তু তার কণ্ঠম বিশ্বাসঘাতকতা করলো এবং আনসার সাহাবী (রাঃ)-কে শহীদ করে ফেললো। কিছুদিন পর হারিছ বিন আব্বাস নিজের গোত্রের বিশ্বাসঘাতকতার দুঃখ প্রকাশের জন্যে হুযুর (সাঃ)-এর বিদায়তে হাজির হলো। এ হৃদয় বিদারক কাহিনী শুনেন রাসূল (সাঃ) খুব ব্যথিত হলেন। তবে হারিছের সুমিষ্ট কমা প্রার্থনা দেখে ভয়ভীরু ঝড়ের ঝড়েরে চুষ করে থাকলেন। এ সময় হযরত হাসান (রাঃ) হারিছ ও তার গোত্রের বিশ্বাসঘাতকতা সম্পর্কিত দু'টি কবিতা বলেন। কবিতা দু'টি শুনেন হারিছ খুব পেরেশান এবং তীব্র হয়ে রাসূল (সাঃ) নিকট আরজ করলেনঃ "হে মুহাম্মাদ (সাঃ)! আমি এ ব্যক্তির [হাসান] বিদূষ থেকে বাঁচার জন্যে আপনার নিকট আশ্রয় চাই। তিনি সে ব্যক্তি, নিজের তিস্ত ভাষা যদি সমুদ্রে মিশিয়ে দেন তাহলে আল্লাহর কসম সমুদ্রের সমুদ্র পানি তেতো হয়ে যাবে।"

সংক্ষেপে কথা হলো, হযরত হাসান (রাঃ) বিন সাবিত শক্তিশালী কবিতার মাধ্যমে হকের শত্রুদের মুখ বন্ধ করেছিলেন এবং হক পছন্দদেরকে করেছিলেন আনন্দিত। কলে বরং রাসূলুল্লাহ (সাঃ) তাঁকে আল্লাহের সুসংবাদ দিয়েছিলেন।

হযরত আবু মাসউদ বদরী আনসারী (রাঃ)

রাসূল (সাঃ)-এর মাদানী যুগের একটি ঘটনা। একদিন এক সাহাবী (রাঃ) নিজের গোলামের আচরণে ক্ষোভান্বিত হলেন এবং বেত দিয়ে পিটানো শুরু করলেন। ইত্যবসরে পিছনে অনেক দূর থেকে এক আগওয়াজ শুনতে পেলেন। তিনি সে কণ্ঠস্বর চিনতে পারলেন না। স্বপ্ন সে আগওয়াজ নিকটবর্তী হলো তখন দেখলেন যে, স্বয়ং রাসূলে করিম (সাঃ) আগওয়াজ দিচ্ছেন। তিনি (সাঃ) তাকে সম্বোধন করে বললেনঃ “তুমি যেভাবে আল্লাহর অধীনত তেমন এ গোলাম তোমার অধীনত নয়। অথবা তিনি বলেছিলেন যে, যে আল্লাহ তোমাকে এ গোলামের ওপর শক্তিশালী করেছেন সেই আল্লাহ তাকেও তোমার ওপর শক্তিশালী করতে পারেন।”

রহমতে আলম (সাঃ)-এর ইরশাদ শ্রবণ করে সে সাহাবীর হাত থেকে বেত পড়ে গেল এবং তিনি লজ্জিত কণ্ঠে আরজ করলেন : “হে আল্লাহর রাসূল (সাঃ)! আমি ভবিষ্যতে কখনো কোন গোলামকে আর মারবো না। এবং এ গোলামকে আল্লাহর সন্ধুটি বিধানের জন্য আজাদ করে দিচ্ছি।”

সৃষ্টির সেরা শ্রীর নবী (সাঃ)-এর প্রতি এ সাহাবীর কি ধরনের অশ্রদ্ধা ভক্তি ছিল তা এ ঘটনা থেকেই আন্দাজ করা যায়। কারণ রাসূল (সাঃ)-এর ভক্তি ইমিত শেতেই তিনি সারা জীবনের জন্য কোন গোলামের ওপর হাত ওঠানো থেকে তত্ত্বাবহ করেছিলেন এবং যে গোলামের ওপর হাত তুলেছিলেন, তাকে তৎক্ষণাৎ আজাদ করে দিয়েছিলেন। আলোচ্য এ সাহাবীর নাম ছিল হযরত আবু মাসউদ বদরী আনসারী (রাঃ)।

হযরত আবু মাসউদ বদরী আনসারী (রাঃ) আলিসূল কদর সাহাবী (রাঃ)-এর মধ্যে পরিগণিত ছিলেন। তার নাম ছিল উক্বাহ। কিন্তু তিনি আবু মাসউদ কুন্সিরূপেই বেশী প্রসিদ্ধ ছিলেন। খাবরাজ সোজের কবু হায়েজ বংশের সাথে তিনি সম্পৃক্ত ছিলেন। বংশধারা নিম্নরূপ :

উকবাহ বিন আমর ছা'লাবাহ বিন আছির বিন আছিরাহ বিন আভিন্নাহ বিন খাদারাহ বিন আওক বিন হারের্ছ বিন খায়রাজ।

কোন কোন মতে বদরী উপাধির কারণ হলো, তিনি বদরে অবস্থান করতেন। আবার কেউ কেউ বলেছেন যে, তিনি বদরী সাহাবী ছিলেন। আল্লাহ পাক হযরত আবু মাসউদ (রাঃ)-কে সুলতান সজ্জা দান করেছিলেন। নবী (সাঃ)-এর হিজরতের দু'এক বছর পূর্বে তিনি ইসলাম গ্রহণ করেন। আবার বনু মুত্তাহ ঞ্জির ১৩ বছর পর তিনি মক্কা গিয়ে বাইয়াতে উকবাহে কবিরাতে অংশ গ্রহণের মহান সৌভাগ্য লাভ করেছিলেন। এ সময় রাসূল (সাঃ)-এর হাতে বাইয়াতকারী সাহাবী (রাঃ)-দের মধ্যে তিনি ছিলেন সর্ব কনিষ্ঠ।

হিজরতের পর যুদ্ধ সমূহ শুরু হলো। হযরত আবু মাসউদ (রাঃ) সর্ব প্রথম বদরের যুদ্ধে অংশ নেন। ইমাম ইবনে ইসহাক (রঃ), হাফিজ ইবনে আবদুল বার (রঃ) এবং অন্য কতিপয় চরিত্রকার ও যুদ্ধ ইতিহাস লিখকের মতে তিনি বদরের যুদ্ধে অংশ নেননি। কিন্তু ইমাম বুখারী (রঃ) ও ইমাম মুসলিম (রঃ) দৃঢ়মত প্রকাশ করে বলেছেন যে, তিনি বদরের যুদ্ধে অংশ নিয়েছিলেন। সহিহ বুখারীতে বর্ণিত অসংখ্য হাদীসের উদ্ধৃতি দিয়ে ইমাম বুখারী প্রমাণ করেছেন যে, তিনি বদরের যুদ্ধে অংশ নেন। তিনি যদি বদরের যুদ্ধে অংশ না নিয়ে থাকেন তাহলেও তার মর্যাদা খাটো হওয়ার কোন কারণ নেই। কেননা আকাবাহতে অংশগ্রহণকারী সাহাবীদের মর্যাদা বদরের যুদ্ধে অংশগ্রহণকারী সৈন্য সাহাবীর চেয়ে বেশী হারা বাইয়াতে আকাবাহতে শরীক হননি।

ওহোদ এবং পরবর্তী সকল যুদ্ধে হযরত আবু মাসউদ (রাঃ)-এর অংশ গ্রহণ সম্পর্কে সকল চরিত্রকার এবং ঐতিহাসিক ঐকমত্য পোষণ করেন। সম্ভবতঃ তিনি সৈন্য সাহাবীদের অস্তিত্ব যারা রাসূল (সাঃ)-এর যুগে সকল যুদ্ধে শ্রিয় নবী (সাঃ)-এর সহগামী হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন।

রাসূলুল্লাহ (সাঃ)-এর ইম্ব্রেকালের পর হযরত আবু মাসউদ (রাঃ) হযরত ওসমান জুনরায়িন (রাঃ)-এর খিলাফতের শেষ অবধি মদীনা মুনাব্বারাতে অবস্থান করেছিলেন। অবশ্য এ সময় তিনি কিছুদিন বদরে কাটান। তৃতীয় খলিফা (রাঃ)-এর খিলাফতের শেষ দিকে তিনি কুফা চলে যান। এক বর্ণনা অনুযায়ী তিনি সেখানে বাড়ী তৈরী করেছিলেন।

সহিহ বুখারীর এক বর্ণনায় জানা যায় যে, হযরত আলী কাররামাত্লাহ ওরাজ্জাহ্ খলিকার আসনে সমাসীন হলে উম্মুল মুমিনিনি হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) ওসমান (রাঃ)-এর খুনের বদলা নেয়ার জন্য সংশোধনের বাণী তুলে ধরার সময় হযরত আবু মাসউদ (রাঃ) কুফার ছিলেন। উটের যুদ্ধের পূর্বে হযরত হাসান (রাঃ) এবং হযরত আশ্কার বিন ইয়াছির (রাঃ) কুফা গমন করেন। সেখানকার লোকজন যাতে হযরত আলী (রাঃ)-কে সাহায্য করে এ জন্যেই তারা গিয়েছিলেন। সেসময় হযরত আবু মুসা আশশারী কুফার গবর্ণর ছিলেন। হযরত আবু মাসউদ (রাঃ) তাঁকে সাথে নিয়ে হযরত আশ্কার বিন ইয়াছিয়া (রাঃ)-এর নিকট গেলেন এবং বললেন: “হে আবুল ইয়াকজান! আপনার সখীদের এমন কেউ নেই, যাকে আমি ভালো মন্দ বলতে না পারি। কিন্তু আপনি তার ব্যতিক্রম। যখন থেকে আপনি রাসূল (সাঃ)-এর সাহচর্য গ্রহণ করেছেন তখন থেকে আমি আপনার মধ্যে লোভের কিছু দেখিনি। অবশ্য এ ব্যাপারে তাড়াতাড়ি করা অর্থাৎ হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ)-এর বিরুদ্ধে যুদ্ধে প্রত্যাগমন দোষী।”

হযরত আশ্কার (রাঃ) বিন ইয়াছির (রাঃ) জবাবে বললেন: “হে আবু মাসউদ! আমি ও আপনি এবং আপনার এ সাখীর (হযরত আবু মুসা আশশারী) মধ্যে রাসূল (সাঃ)-এর সাখীত্ব গ্রহণের পর দোষী কিছু দেখিনি। অবশ্য এ ব্যাপারে দেরী করা অর্থাৎ হযরত আলী (রাঃ)-এর সাহায্যে দেরী করা দোষী ব্যাপার।”

আলোচনা এখানেই শেষ করে হযরত আবু মাসউদ (রাঃ) হযরত আশ্কার বিন ইয়াছির ও হযরত আবু মুসা আশশারী (রাঃ)-কে জুম্মার নামায় আদায়ের কথা বলে বিদায় করে দিলেন।

এ ঘটনার কিছু দিন পর দুঃখজনক উটের যুদ্ধ সংঘটিত হলো। হযরত আবু মাসউদ (রাঃ) কি এ যুদ্ধে অংশ নিজেছিলেন? ইতিহাস এবং চরিত্রগ্রন্থগুলো এ ব্যাপারে নীরব। কিম্বাস হলো যে, তিনি এ যুদ্ধে অংশ নেননি। অবশ্য যখন হযরত আলী (রাঃ) এবং আশীর মাযিয়া (রাঃ)-এর মধ্যে বিরোধ তুলে উঠলো তখন আবু মাসউদ (রাঃ) হযরত আলী (রাঃ)-কে জোয়েশোরে সমর্থন দিলেন। হযরত আলী (রাঃ) তাঁকে খুব প্রচা করতেন এবং বিশ্বাস মনে করতেন। সিফকিনের যুদ্ধে অংশ নেয়ার জন্য কুফা থেকে রওনা হওয়ার প্রাকালে তিনি হযরত আবু মাসউদ (রাঃ)-কে হুলাভিভিত্ত করে বান। হযরত আলী (রাঃ)-এর অনুপস্থিতিতে তিনি কুফার ইমামতের দায়িত্ব সুন্দরভাবে আভ্যাম দেন। হযরত আলী (রাঃ)-এর প্রতি তার ভালোবাসা ছিল অত্যন্ত গভীর। এ কারণেই তিনি নিজের কন্যাকে সাইয়েদনা হযরত হোসাইন (রাঃ) বিন আলী (রাঃ)-এর সাথে

বিয়ে দিয়েছিলেন। হযরত হোসাইন (রাঃ)-এর এক পুত্র বায়েন তারই কন্যার পর্বে জন্ম গ্রহণ করেন।

সিফকিনের যুদ্ধের পর হযরত আবু মাসউদ (রাঃ)-এর অত্রে মদীনার প্রতি আকর্ষণ এবং টাল এত বৃদ্ধি পায় যে, তিনি কুফা ত্যাগ করে পুনরায় মদীনা মুনাওয়ারাহ গমন করেন এবং সেখানেই জীবনের বেনীর ভাষ সমগ্র কাটান। অবশ্য মাঝে মধ্যে কুফা আসতেন।

হযরত আবু মাসউদ (রাঃ) আমীর মাবিয়াহ (রাঃ)-এর শাসনকালে ৪১ থেকে ৫০ হিজরীর মধ্যে কোন এক সময় ইজেকাল করেন। কতিপয় বর্ণনায় আছে যে, তিনি আমীর মাবিয়াহ (রাঃ)-এর শাসনকালের শেষ পর্বে (৬০ হিজরী) জীবিত ছিলেন। তবে হযরত মুগিরাহ (রাঃ) বিন শুবায়র কুফায় ইমামতকালে তিনি ওফাত পান। এ মতই শক্তিশালী মত বলে ধারণা করা হয়। কালটি ছিল ৪১ থেকে ৫০ হিজরীর মধ্যে।

হযরত আবু মাসউদ (রাঃ)-এর এক পুত্র এবং কন্যা ছিল বলে জানা যায়। কন্যা হযরত হোসাইন (রাঃ)-এর স্ত্রী ছিলেন। এ সম্পর্কের ভিত্তিতে হযরত হোসাইন (রাঃ) হযরত আবু মাসউদ (রাঃ)-এর আন্নাতা হন এবং হযরত আলী (রাঃ) হন বোরাই। পুত্রের নাম ছিল বশির। তিনি রাসূল (সাঃ)-এর জীবদ্দশায় অথবা তার ওফাতের কিছু দিন পর জন্মগ্রহণ করেন।

জান ও বজিলদের দিক দিয়ে হযরত আবু মাসউদ (রাঃ) উচু মর্যাদার সমাসীন ছিলেন। তিনি হাদীস বর্ণনাকারী সাহাবী (রাঃ)-দের জুতীর পরবারদুত হিসেবে পরিগণিত। তিনি ১০২টি হাদীস বর্ণনা করেছেন।

তিনি অত্যন্ত হক কথা বলতেন। একবার কুফার পর্বর্ন হযরত মুগিরাহ (রাঃ) বিন শুবায়র আহজের নামাব দেরী করে ফেললেন। হযরত আবু মাসউদ (রাঃ) সে সময় কুফায় ছিলেন। তিনি তাঁকে প্রকাশ্যে সমালোচনা করলেন এবং বললেন, রাসূলুল্লাহ (সাঃ) বেতাবে পড়তেন তেমনি সঠিক সময়ে নামাব পড়া উচিত। আবু হাইয় (আঃ) রাসূল (সাঃ)-কে যে সময়ে নামাব পড়তে বলতেন সে সময়েই তিনি নামাবের সময় নির্ধারণ করেছিলেন।

হযরত আবু মাসউদ (রাঃ) অত্যন্ত আত্মরিকতা এবং আত্মহের সাথে রাসূল (সাঃ)-এর হাদীসসমূহ শোনাতে এবং লোকদেরকে নবী (সাঃ)-এর সুন্নাতের ওপর আমল করার নির্দেশ দিতেন। একবার তিনি দেখলেন যে, লোকজন আমাদের সময় মিলেমিশে দাঁড়ানোর ভেমন আর খেয়াল করছে না। এতে তিনি বললেন, যতদিন তোমরা হযরত (সাঃ)-এর সুন্নাত অনুযায়ী মিলেমিশে দাঁড়াতে ততদিন তোমাদের মধ্যে ঐক্য ছিল। এখন সে সুন্নাত পালন ছেড়ে দিয়েছে বলে তোমাদের মধ্যে ঐক্য সৃষ্টি হয়েছে।

একদিন লোকদেরকে বললেন, তোমরা কি জান রাসূলুল্লাহ (সাঃ) কিভাবে নামায আদায় করতেন? অতপর নিজে নামায পড়িয়ে বলে দিলেন যে, এটি ছিল রাসূল (সাঃ)-এর নামায পড়ানোর পদ্ধতি।

কোন কাজে তড়িঘড়ি করা তিনি পছন্দ করতেন না এবং লোকদেরকেও এটা করা থেকে বিরত থাকতে বলতেন। মুসনাদে আবু দাউদে উল্লেখ আছে যে, একবার তিনি কিছু লোকজনসহ বসেছিলেন। এমন সময় দু'ব্যক্তি এসে বললো, এখানকার কোন ব্যক্তি কি আমাদের ব্যাপারে সিদ্ধান্ত দিতে পারে? সেখানে বসা জনৈক ব্যক্তি বললো, “আমি সিদ্ধান্ত দিতে পারি।” এতে হযরত আবু মাসউদ আনসারী (রাঃ) মুঠিভরে পাথর উঠিয়ে তল্ল প্রতি নিক্ষেপ করলেন এবং বললেন, “চুপ, তাড়াতাড়ি করে সিদ্ধান্ত গ্রহণ করা মাকরুহ।”

* * *

হযরত আবদুল্লাহ (সাঃ) বিন উনাইস জুহান্নি

হিজরাতের পর বিশ্বনেতা হযরত মুহাম্মাদ মুতাকা (সাঃ) মদীনায় শূভ পদার্পণ করলেন। এতে শূধু মদীনাতেই নয়, বরং মদীনার উপকণ্ঠের এলাকাসমূহেও অত্যন্ত দ্রুততার সাথে ইসলামের বিস্তৃতি ঘটতে লাগলো। ইসলামের এ প্রসারে ইহুদী এবং মুশরিকদের বুকের ওপরে বেন সাপ দৌড়াতে লাগলো। তারা রাসূলুল্লাহ (সাঃ) এবং তাঁর অনুসারীদের বিরুদ্ধে নিত্যনতুন পরিকল্পনা তৈরী করলো। তারা শূধু লোকদেরকে হক দীন কবুল থেকেই বিরত রাখতো না বরং হযুর (সাঃ)-এর বিরুদ্ধে নানা ধরনের কুৎসা রটনা করে বেড়াত। বনু হাযিলের খালিদ বিন নবিহ নামক এক ব্যক্তি এ ধরনের হকের দুশমন ছিল। সে ছিল বিশাল বপূর এক ভয়ঙ্কর আকৃতির মানুষ। আর হকের বিরোধিতা করাই ছিল তার একমাত্র কাজ। শ্রিয় নবী (সাঃ)-এর নিকট অব্যাহতভাবে তার অপকর্মের কথা পৌঁছতে লাগলো। একদিন তিনি সাহাবায়ে কিরামের (রাঃ)-এর একটি দলের সামনে বললেন : “খালিদ বিন নবিহকে খতম করবে?”

সাথে সাথে একজন সাহাবী উঠে দৌড়ালেন। আবিদ হওয়ান কারণে তাঁর চেহারায়ে আলোর বিচ্ছুরণ ঘটছিলো। তিনি দাড়িয়ে আরজ করলেন : “হে আল্লাহর রাসূল! আমার মাতা-পিতা আপনার ওপর কুরবান হোক। এ কাজ আমার ওপর সোপর্দ করুন এবং সে ব্যক্তির কিছু চিহ্ন বলে দিন।”

শ্রিয় নবী (সাঃ) বললেন : “তাঁর চিহ্ন হলো, তাকে যে দেখে সেই ভয় পায়।”

তিনি আরজ করলেন : “হে আল্লাহর রাসূল! আমি তো কখনো কাউকে ভয় করিনি।”

অতপর তিনি খালিদ বিন নবিহ'র বাসস্থানের দিকে রওয়ানা হলেন। তাঁর বাসস্থান ছিল আরফাতে। সেখানে পৌঁছে খালিদকে তেমনি পেলেন যেভাবে রাসূলুল্লাহ (সাঃ) বর্ণনা করেছিলেন। কিন্তু তিনি ছিলেন সাহসী মানুষ। তাঁর

সাথে দু'চরটি কথা বলে তরবারী ঝের করে তার ওপর ঝাপিয়ে পড়লেন এবং মুহুর্তের মধ্যে ধর থেকে মাথা খণ্ডিত করে ফেললেন। ফিরে এসে রাসূল (সাঃ)-এর বিদমতে আরজ করলেন, 'হে আব্দুল্লাহর রাসূল! আমি আব্দুল্লাহর সেই দূশমনকে যমলায়ে পাঠিয়ে দিয়েছি।'

এ খবর শুনে রাসূল (সাঃ) খুব খুশী হলেন এবং তিনি তাকে নিজের লাঠি দান করে বললেনঃ "এ লাঠিতে হেলান দিও। যাতে তুমি কিয়ামতের দিন এ লাঠিসহ আমার সাথে সাক্ষাত করতে পার।"

রাসূল (সাঃ)-এর এ সাহাবী যিনি নিজের জীবন বাজী রেখে হকের এক ভয়ঙ্কর শত্রুকে জাহান্নামে পাঠিয়েছিলেন এবং এ সাহসিকতাপূর্ণ কাজের জন্য শ্রিয় নবী (সাঃ) যাকে নিজের পবিত্র লাঠি প্রদান করেছিলেন তিনি ছিলেন, হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস জুহান্নি।

সাইয়েদেনা হযরত আবু ইম্বাহিয়া আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস মর্যাদাপূর্ণ সাহাবীদের অন্তর্ভুক্ত ছিলেন। তিনি কাজ্জারা কবিলার সাথে সম্পর্কযুক্ত ছিলেন। বংশনামা হলোঃ আবদুল্লাহ বিন উনাইস বিন আসন্নাদ বিন হারাম বিন হাবিব বিন মালিক বিন গানাম বিন কা'ব বিন তাইম বিন নাফাছাহ বিন ইয়াস বিন ইয়াবু বিন বারক বিন দুবরাহ।

বারক বিন দুবরাহ'র সন্তান-সন্ততি জাহিনাহ কবিলার সাথে সংযুক্ত হয়ে গিয়েছিল। লোকজন তাকে জুহান্নাম বলে অভিহিত করতো। হযরত আবদুল্লাহ বিন উনাইস (রাঃ)-এর বংশ খাখরাজের বনু সালমাইয় মিশ্র। এজন্য তাদেরকে আনসারীও বলা হয়।

বাইয়াতে আকাবায়ে কবিলার পূর্বেই হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস ইসলাম গ্রহণ করেছিলেন। অতপর তিনি মদীনার ৭৪ জন, হকপছীর সাথে মক্কা গমন করেন এবং শ্রিয় নবী (সাঃ)-এর হাতে বাইয়াত করেন ও তাকে মদীনা গমনের দায়িত্ব দেন। এভাবে তিনি আকাবার সাহাবীদের অন্তর্ভুক্ত হন। তাদের মর্যাদা আনসারী বদলী সাহাবীদের থেকেও বেশী।

দ্বিতীয় আকাবার বাইরাতের পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস মক্কাতেই হারীভাবে বসবাস শুরু করেন এবং পুনরায় মক্কা সাহাবীদের সাথে মদীনা হিযরত করেন। এ জন্য তাকে মুহাজিরী আনসারী বলা হয়। মদীনা পৌঁছে তার ইমামানী আবেগ এ পর্যন্তে পৌঁছে যে, হযরত মারাজ বিন আবাল (রাঃ) এবং অন্যান্য যুবকের সাথে মিলে বনু সালমার প্রতিটি ঘরে বেতেন ও সেখানে অবস্থিত মূর্তি ভেঙ্গে বাইরে-নিক্ষেপ করতেন। বনু সালমার এক নেতা আমর বিন জমুহ নিজের ঘরে রক্ষিত মূর্তিকে অত্যন্ত ভালবাসতো, আবেগে উদ্বেলিত এ সব যুবক রাতে তার অগোচরে মূর্তিটি নিয়ে আসে এবং আবার্জনার এক গর্তে নিক্ষেপ করে। সকালে নিদ্রা থেকে উঠে আমর মূর্তির অনুসন্ধানের বের হলো এবং তা আবার্জনার গর্তে উনু হয়ে পড়া অবস্থায় পেল। এতে খুব রাগাবিত হলো এবং বলতে লাগলো, যে এ কাজ করেছে তার খোঁজ পেলে একদম গিলে ফেলবো। কাহোক, মূর্তিটি উঠিয়ে সে ঘরে নিয়ে এলো এবং গোসল করিয়ে খুশু লাগিয়ে যথাস্থানে রেখে দিল। কিন্তু এ মূর্তি ভালো যুবকরা প্রত্যেকদিন মূর্তিটি নিয়ে আবার্জনার গর্তে নিক্ষেপ করতো। বর্ধন কয়েকবার এ ঘটনা ঘটলো তখন আমর (রাঃ) বিন জমুহ মূর্তিটির গুপ্ত অসভু হলে ইমান গ্রহণ করলেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস মদীনায় বাইরে নিজের কবিলার সাথে এক নির্জন মরু বস্তিতে বাস করতেন। বিষ নবী (সাঃ) হিজরতের পর মদীনা মুনাওয়ারাহ তামরীক আনলেন। তখন তিনি প্রায়ই রাসূল (সাঃ)-এর ফয়জ লাভ করতেন। কতিপয় নেতৃস্থানীয় চরিতকার লিখেছেন যে, তিনি আসহাবে সুককার অতর্ভু হলে গিয়েছিলেন। কিন্তু সময় সময় নিজের গ্রামে চলে যেতেন।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস বিরাট কসিআওয়ালো এবং নিভীক মানুষ ছিলেন। রাসূল (সাঃ)-এর প্রতি তার অগাধ ভক্তি ও ভালবাসা ছিল। হযুর (সাঃ)-এর প্রতিটি নির্দেশ পালনের জন্য এক পায়ে দাড়িয়ে থাকতেন এবং মদীনা এসে বেশীর ভাগ সময় নবী (সাঃ)-এর নিকট উপস্থিত থাকার চেষ্টা করতেন। হযুর (সাঃ) প্রথমে বায়তুল মুকাব্বাসের দিকে মুখ করে নামায পড়তেন। দ্বিতীয় হিজরীর রজব মাসে বর্ধন এ আরাভ নাখিলহলোঃ

“(হে নবী) আপনি আপনার মুখ মসজিদে হারামের দিকে কিরিয়ে দিন এবং হে মুসলমানরা! তোমরা যেখানেই থাকোনা কেন সে দিকেই মুখ কিরিয়ে নেবে। এ নির্দেশের সাথে হযুর (সাঃ) নিজের মুখ তৎক্ষণাৎ কাবার দিকে কিরিয়ে দিলেন। সাহাবারা

কিরামত তাঁর অনুসরণ করলেন। এ সময় হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইসও সেখানে উপস্থিত ছিলেন।

যুদ্ধসমূহ শুরু হলে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস সর্বপ্রথম গহোদের যুদ্ধে শরীক হন এবং তারপর অন্যান্য সকল যুদ্ধেই রাসূল (সাঃ)-এর সহযাত্রী ছিলেন। মওলানা সাঈদ আনসারী মরহুম “সিয়রে আনসার” গ্রন্থে লিখেছেন যে, হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস বদরের যুদ্ধেও অংশ নিয়েছিলেন। কিন্তু ঐতিহাসিকরা বদরী সাহাবীর যে তালিকা প্রদান করেছেন তাতে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইসের নাম সেই।

বড় বড় যুদ্ধে অংশগ্রহণ ছাড়াও হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস কয়েকটি বিশেষ অভিযানেও অংশ নিয়েছিলেন।

বনু হামিলের ইসলামের শত্রু খালিদ বিন নবির হত্যার ঘটনা ওপরে বর্ণনা করা হয়েছে। ৬ষ্ঠ হিজরীতে শ্রিয় নবী (সাঃ) খবর শেলেন যে, খালিদদের এক ইহুদী নেতা আবু রাফে সালাম বিন আবিল হুকাইক গাতাফান প্রভৃতি গোত্রকে তার বিরুদ্ধে উম্মানী দিয়ে একটি বড় বাহিনী একত্রিত করছে এবং তারা আক্রমণের প্রতৃতি নিচ্ছে। শ্রিয় নবী (সাঃ) আবু রাফেকে উৎখাতের জন্য হযরত আবদুল্লাহ (রাঃ) বিন আতিকের নেতৃত্বে পাঁচজনের একটি দল খালিদার রওয়ানা করালেন। এ অভিযানে হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইসও অংশ নিয়েছিলেন। এ পাঁচ মুজাহিদ মাখার কাকন বোঁবে খালিদার শেলেন এবং আবু রাফেকে হত্যা করে মিশন সফল করে বিজয়ী বেশে ফিরে এলেন। এ অভিযানে অংশগ্রহণকারী অবশিষ্ট তিন সাহাবীর নাম হলোঃ হযরত আবু কাতাদাহ (রাঃ), হযরত মাসউদ (রাঃ) বিন সানান এবং হযরত খাবারী (রাঃ) ইবনুল আসওয়াদ।

একবার এক ইহুদী হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইসের মাখার ওপর বাঁকা কাঠ দিয়ে এমন জোরে আঘাত করলেন যে, তার মাথা কেটে গেল। তিনি বল্লং বর্ণনা করেছেন যে, আমি সেই অবস্থার রাসূল (সাঃ)-এর বিকমতে হাজির হলাম। তিনি কতের ওপর থেকে কাণ্ড সন্নিয়ে হুঁ দিলেন। আমার কত সেরে গেল এবং আমার মাখার আর কোনদিন কোন কষ্ট হরনি। (তিব্বরানী)

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস একজন বড় আবেদ ছিলেন। একবার পবিত্র রামাদান মাসে তিনি নির্জন মরুর বস্তিতে অবস্থান করছিলেন। সেখান থেকে প্রতিদিন

মসজিদে নববীতে আসা সম্ভব ছিল না এবং তিনি লাইলাতুল কদরে জেগে থাকতে চাচ্ছিলেন। অথচ তার কোন তারিখ নির্দিষ্ট ছিল না। তিনি নবী (সাঃ)-এর দরবারে দরখাস্ত করলেন : "হে আল্লাহর রাসূল ! আমার জন্য একটি তারিখ নির্দিষ্ট করে দিন। যাতে আমি সেদিন মসজিদে নববীতে উপস্থিত হয়ে শববিদারী বা রাতি আগরণ করতে পারি।"

হুযর (সাঃ) তাকে রামাদানের ২৩তম রাতে উপস্থিত হওয়ার নির্দেশ দিলেন। বক্তৃতঃ হযরত আবদুল্লাহ (রাঃ)-এর আবেদনের পরিশ্রেক্ষিতে সে রাতে নির্দিষ্ট হয়েছিল। এজন্য লোকজন সে রাতের নাম দিয়েছিল "লাইলাতুল জুহনী"। এরপর প্রতিবছর এ রাতে মদীনাবাসী মসজিদে নববীতে একত্রিত হতেন এবং সকাল পর্যন্ত ইবাদাতে মশগুল থাকতেন।

বিশ্ব নবী (সাঃ)-এর শুভাতের কয়েক বছর পর হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস মিসর সীমান্তের নিকট গাজার উপকণ্ঠীয় শহরে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। কতিপয় বর্ণনার আছে যে, তিনি মিসর ও আফ্রিকাতেও গিয়েছিলেন। সম্ভবতঃ তাঁর এ সফর জিহাদ কি সাবিলিগ্নাহর জন্য ছিল।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস ৫৪ হিজরীতে শুভাত পান। হাফিজ আবু নন্নিম ইসবাহানী (রঃ) মুহাম্মাদ বিন কা'ব (রঃ) থেকে বর্ণনা করেছেন যে, মৃত্যুর পূর্বে তিনি রাসূল (সাঃ)-এর কাছ থেকে শ্রাণ্ড লাঠিসহ দাফন করার জন্য ওসিয়ত করেছিলেন। বক্তৃতঃ ইতিকালের পর সেই পবিত্র লাঠি কাকনের মধ্যে তার পেটের ওপর রেখে দেয়া হয়েছিল এবং লাঠিসহই তাকে দাফন করা হয়।

হযরত আবদুল্লাহ (রাঃ) বিন উনাইস থেকে ১২৪ টি হাদীস বর্ণিত আছে। এ সকল হাদীস তিনি সরাসরি রাসূলে আকরাম (সাঃ) এবং হযরত ওমর ফারুক (রাঃ) থেকে বর্ণনা করেছেন। তাঁর হাদীস বর্ণনাকারীদের মধ্যে হযরত জাবের (রাঃ) বিন আবদুল্লাহ, হযরত আবু উমামাহ বাহেলী (রাঃ), আবদুল্লাহ বিশ্ব আবি উমাইরাহ, আবদুর রহমান (রাঃ) ও হযরত কা'ব বিন মালিক (রাঃ)-এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

হাদীস বর্ণনার তাঁর মর্যাদা এ ঘটনা থেকে অনুমান করা যায় যে, একবার জালিলুল কদর সাহাবী হযরত জাবের (রাঃ) বিন আবদুল্লাহ (রাঃ) আনসারী এক মাসের দূরত্ব অভিগ্রম করে শুধুমাত্র একটি হাদীস প্রবণের জন্য তাঁর নিকট খাজা হতে এসেছিলেন।

আকিদাহ এবং নৈতিকতার দিক দিয়ে তাঁর একটি হাদীস অত্যন্ত মশহুর হয়ে আছে। এ হাদীসে রাসূলুল্লাহ (সাঃ) বলছেন, কবিরাহ গুনাহর মধ্যে সবচেয়ে বড় গুনাহ হলোঃ

- আল্লাহর সাথে কাউকে শরীক করা।
- মাতা-পিতার নাকরমানী করা।

○ জেনে-শুনে মিথ্যা কসম খাওয়া এবং আদালতে কসমকারী যদি মাছির পাখনা সমান গরবড় করে তাহলে আল্লাহর তরফ থেকে তার অন্তরে কিয়ামত পর্যন্ত একটি চিহ্ন লাগিয়ে দেয়া হয়।

* * *

রাফায়াহ (রাঃ) বিন রাফে' (রাঃ) আনসারী

সাইয়েদেনা হযরত আবু মারাজ রাফায়াহ (রাঃ) ছিলেন এক মহান মর্যাদা সম্পন্ন পিতার সন্তান। তিনি শুমু অরবতী পবিত্র আনসার দলের একজন খ্যাতনামা সদস্যই ছিলেন না বরং হকের পথে নিজের জীবন কুরবানী করার সুযোগও পেয়েছিলেন। অর্থাৎ হযরত রাফে (রাঃ) বিন মালিক যারকী রাসূল (সাঃ)-এর নবুন্নাত প্রাপ্তির ১১ বছরে সর্বপ্রথম মকা গিয়ে রাসূলে (সাঃ)-এর দর্শন এবং বাইন্নাতের সৌভাগ্য অর্জন করেন। অতপর নবুন্নাতের ১২ বছরে ১১ জন সাথীসহ দ্বিতীয়বার মকা গমন করেন এবং ছয়র (সাঃ)-এর হাতে বাইন্নাত হন। সে সময়েই তাঁর স্ত্রী উম্মে মালিক (রাঃ) এবং ডাগ্যবান পুত্র হযরত রাফায়াহ (রাঃ) ঈমান আনয়ন করেন। নবুন্নাতের ১৩ বছরে হজ্জের মওসুমে হযরত রাফে' (রাঃ) মদীনার ৭৪ জন ঈমানদারের সাথে তৃতীয়বার মকা যান এবং "লাইলাতুল আকাবাহ"তে ছয়র (সাঃ)-এর সাথে সাক্ষাৎ ও বাইন্নাত গ্রহণ করেন। এ বাইন্নাত ইতিহাসে মাইল ষ্টোন হিসেবে খ্যাত।

কতিপয় নেতৃস্থানীয় ঐতিহাসিক লিখেছেন যে, হযরত রাফে' (রাঃ) নবুন্নাতের ১৩ বছরে নিজের ডাগ্যবান পুত্র হযরত রাফায়াহ (রাঃ)-কেও সাথে এনেছিলেন। এভাবে যুবক রাফায়াহ (রাঃ)-ও বাইন্নাতে আকাবাহ কাকিরাতে শরীক হওয়ার মহান সুযোগ লাভ করেছিলেন। খায়রাজ শোওর বনু যারিক শাখার সাথে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। তাঁর বংশনামা হলোঃ রাফায়াহ (রাঃ) বিন রাফে' (রাঃ) বিন মালিক বিন আজ্জলান বিন আমর বিন আমের বিন যারিক বিন আবদি হারোছাহ বিন গাজাব বিন জাশম বিন খায়রাজ।

হযরত রাফায়াহ (রাঃ)-এর মাতা হযরত উম্মে মালিক (রাঃ) বিনতে উবাই বনু হবলা (খায়রাজ)-এর সরদার আবদুল্লাহ বিন উবাইর বোন ছিলেন। আন্নাহর কি কুমরাত বে, ইবনে উবাই ছিল মুনাফিকদের সরদার। আর তাঁর বোন, ডগ্নিপতি এবং ডাগ্যবানের রাসূল (সাঃ)-এর আন নিছার সাহাবীদের দলে অন্তর্ভুক্ত হওয়ার সৌভাগ্য লাভ করেন।

খির নবী (সাঃ)-এর হিজরতের পর যুদ্ধ সমূহ শুরু হলো। এ সময় হযরত রাকারাহ (রাঃ) হক ও বাস্তিলের মধ্যকার সর্বপ্রথম সংঘর্ষ বদরের যুদ্ধে বীরত্ব প্রদর্শন করেন এবং বদরী সাহাবী হওয়ার স্বামী মর্যাদার সুযোগ লাভ করেন। এ যুদ্ধে তিনি ওয়াহাব বিন উমাইর আমরী নামক মুশরিককে শ্রোকভার করেন।

বদরের পর রাকারাহ (রাঃ) সম্মানিত পিতা হযরত রাকে' (রাঃ) বিন মালিকের সাথে ওহোদের যুদ্ধে শরীক হন। গিতা-পুত্র উভয়েই অত্যন্ত বীরত্বের সাথে লড়াই করেন। যুদ্ধে হযরত রাকে' (রাঃ) শাহাদাত প্রাপ্ত হন। আর এমনিভাবে হযরত রাকারাহ (রাঃ) মালিকুল রুম্মা খিতার স্নেহ থেকে বঞ্চিত হন।

ওহোদের যুদ্ধে পর হযরত রাকারাহ (রাঃ) পরিবার যুদ্ধে অংশ নেন। ৬ষ্ঠ হিজরীর জিলকদ মাসে হযরত রাকারাহ (রাঃ) বাইরাতে রিদওয়ানের মহান সৌভাগ্য লাভ করেন। এমনিভাবে তিনি "আসহাবিশ শাজারাহ"তে "শামিল হয়ে আগ্রাহর সফট অর্জনের সাটিকিকেটে ভূষিত হন। এরপর তিনি খারবার, মকা বিজয় এবং অন্যান্য যুদ্ধে রাসূল (সাঃ)-এর সহায়ী হন।

রহমতে আলম (সাঃ) -এর ওকাতের পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) হযরত ওমর কারক (রাঃ) এবং হযরত ওসমান জন্নারাইন (রাঃ)-এর খিলাফতকালে হযরত রাকারাহ (রাঃ)-এর ভ্রমভঙ্গার রিক্রমিত কোন কিছু ইতিহাসে পাওয়া যায় না। অবশ্য হযরত আলী (রাঃ)-এর খিলাফতকালে তিনি হযরত আলী (রাঃ)-এর একজন শক্তিশালী সমর্থক ছিলেন। উম্মুল মু'মিনিন হযরত আয়েশা বিদিকা (রাঃ) হযরত উসমান (রাঃ) হত্যার কিসাসের দাবী নিয়ে দাঁড়ালেন এবং হযরত তালাহা (রাঃ) ও হযরত বোবায়ের (রাঃ)-কে সাথে নিয়ে বসরা গেলেন। এতে হযরত আলী (রাঃ) খুবই দুঃখিত হলেন। মিনী নিজের সমর্থক এক দলের সামনে বললেন:

"রাসূলগ্ৰাহ (সাঃ)-এর ইতিকালের পর আহলে বাইত হওয়ার ভিত্তিতে আমার রাসূল (সাঃ)-এর খিলাফতের সবচেয়ে বেশী হকদার হওয়ার কথা মনে করতাম। কিছু লোকেরা যখন অন্যদেরকে বলিকা বানালো তখন আমরা ধৈর্য ধারণ করলাম এবং ফিতনা ফাসাদ থেকে বিরত থাকলাম। এর কল খুবই ভালো হলো। এরপর লোকেরা বিগ্রাহ করে ওসমান (রাঃ)-কে হত্যা করলো। তাঁর শাহাদাতের পর সাধারণ মানুষ বোহর উম্মাহ উব্বীশনার সাথে আমার হাতে বাইরাত করলো। আমি কাতো ওপর শক্তি

প্ররোপ করিনি। বাইরাতকারীদের মধ্যে তালহা (রাঃ) এবং যোবারের (রাঃ)-ও ছিলেন। কিছু একমাস অভিযাত্র না হতেই তারা আমার বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে গেলেন এবং সৈন্যসহ বসরা পৌঁছেন। আল্লাহ পাক এ কিতনা-ফাসাদ দেখছেন!”

এখানে হযরত রাফায়াহ (রাঃ)-ও উল্লিখিত ছিলেন। তিনি আমিরুল মুমিনিন (রাঃ)-এর বক্তৃতা শুনে আরজ করলেনঃ

“আমিরুল মুমিনিন। নবী করিম (সাঃ)-এর ইন্তেকালের পর হক পথে কুরবানীর ভিত্তিতে আমরা আনসাররাই খিলাফতের সবচেয়ে বেশী যোগ্য বলে মনে করতাম। কিছু কুরাইশের মুহাজিররা রাসূল (সাঃ)-এর সাথে নিজেদের নিকটতম সম্পর্ক, ইসলাম গ্রহণে অগ্রবর্তী ছুমিকা এবং হিজরতের মত কজ্বিলত বর্ণনা করে নিজেদেরকে খিলাফতের যোগ্য বলে প্রমাণিত করলেন। আমরা মনে করলাম যে, কিতাব ও সুন্নাত কারেম আছে এবং হকের ভিত্তিতেই কাজ হচ্ছে। অতএব, আমরা কুরাইশের খিলাফতের দাবী মেনে নিলাম এবং আমাদেরকে এটাই কল্পা উচিত ছিল। এখন আপনার হাতে বাইরাত গ্রহণের পর কতিপয় ব্যক্তি আপনার বিরুদ্ধে দাড়িয়েছে। আল্লাহর কসম! আমরা আপনাকেই তাদের ওপর অগ্রাধিকার দিয়ে থাকি। আপনি যে নির্দেশই দিন না কেন, আমরা তা পালন করবো।”

হযরত রাফায়াহ (রাঃ)-এর বক্তৃতার পর আরও কতিপয় বুজুর্গ একই ধরনের আবেগময় ভাষণ দিলেন এবং হযরত আলী (রাঃ) নিজের সমর্থকদের নিয়ে বলরা রওয়ানা হয়ে গেলেন। সেখানে উক্তির যুদ্ধের দুঃখজনক ঘটনা সংঘটিত হলো। এ যুদ্ধে হযরত রাফায়াহ (রাঃ) হযরত আলী (রাঃ)-এর সাথে ছিলেন। এরপর তিনি সিকফিনের যুদ্ধে হযরত আলী (রাঃ)-এর প্রতি পূর্ণ সমর্থন দান করেন।

৪০ হিজরীতে হযরত আলী (রাঃ) শহীদ হলেন। হযরত রাফায়াহ (রাঃ)-ও তারপর বেশীদিন জীবিত ছিলেন না। ডিগ্র মত অনুযায়ী তিনি ৪১ অথবা ৪২ হিজরীতে শুভাত পান। সন্তানদের মধ্যে মার্বায (রাঃ) এবং ওবায়দ (রাঃ) নামক দু'পুত্রের নাম জানা যায়। হযরত রাফায়াহ (রাঃ) থেকে বেশ কিছু হাদীস বর্ণিত আছে।

* * *

হযরত আবদুর রহমান (রাঃ) বিন জাবার আনসারী

নব্ব্বাত্তের ১২ বছর পর হযরত মাছরাব (রাঃ) বিন উমায়ের ইসলামের প্রথম মুবাফ্ফি হিসেবে মদীনা মুনাওয়রাহ গমন করেন। সেখানে তাবলিগের কাজ শুরু করার পর আওস গোত্র সরদার হযরত সামাদ (রাঃ) বিন মারাজ তাদের মহত্তার গমনে তাঁকে বাধা দান করেন। কিন্তু হযরত মাছরাব (রাঃ) যখন তাঁকে অত্যন্ত সুন্দরভাবে ইসলামের দাওরাত পেশ করলেন তখন তাঁর সুন্দর কথা এবং ঠৈখেরে খুব প্রভাবিত হয়ে তিনি ইসলাম গ্রহণ করলেন। তাঁর প্রভাব প্রতিপত্তিতে তাঁর নিজের গোত্র বনু আবদুল আশহাল সেই দিনই মুসলমান হয়ে গেল। আওসের অন্যান্য পরিবারেও ইসলাম দ্রুততার সাথে বিস্তার লাভ করলো। সে যুগেই আওস খোত্রের শাখা বনু হারেরার এক সুন্দর মত্তাব সম্পন্ন ব্যক্তি আবদুল উজাহ ইসলাম গ্রহণ করেন। বিশ্বনেতা হযরত মুহাম্মাদ মুত্তকা (সাঃ) হিজরাতের পর মদীনায় শুভ পদার্পন করলেন। এ সময় একদিন আবদুল উজাহ রাসূল (সাঃ)—এর খিদমতে হাজির হয়ে আরজ করলেনঃ “হে আল্লাহর রাসূল (সাঃ) ! এখানে আপনার আগমনের পূর্বেই আল্লাহ পাক আমাকে ইসলামের নিমামতে সম্বন্ধ করেছেন।”

হযর (সাঃ) একথা শুনে খুশী প্রকাশ করলেন এবং তাঁকে জিজ্ঞেস করলেন, “তোমার নাম কি?” তিনি বললেন, “আবদুল উজাহ।” খ্রিয় নবী (সাঃ) বললেন, “না, আজ থেকে তোমার নাম হবে আবদুর রহমান।”

বনু হারেরার এ ব্যক্তি বাকে খ্রিয় নবী (সাঃ) ‘আবদুর রহমান’ নাম দিয়েছিলেন ইতিহাসে তিনি আবু আবাস কুনিয়াতে মশহুর হয়ে আছেন। তাঁর মলখানা হলোঃ আবু আবাস আবদুর রহমান বিন জাবার বিন আমর বিন যারের বিন হাশাম বিন মারজানাহ বিন হারেরাহ বিন হারেহ বিন খায়রাজ বিন আমর বিন মালিক বিন আওস।

হযরত আবু আবাহ (রাঃ) নব্ব্বাত্তের ১৩ পর হজের মওসুমে মক্কা গিয়ে সাইলাতুল আকাবার অংশ নিতে পারেননি। তবে তাঁর একজন বন্ধু হযরত আবু বুরদাহ (রাঃ) বিন নিমার আসহাবে উকবার অর্ন্তুক্ত হওয়ার সুযোগ পেয়েছিলেন। হযরত আবু বুরদাহ

(রাঃ) মক্কা থেকে ফিরে এলেন এবং হযরত আবাহ (রাঃ)-কে মক্কার সংঘটিত ঘটনাবলী সম্পর্কে অবহিত করলেন। খবরাদি শুনে তার মনোমালীনে আবেগ উদ্বেলিত হয়ে ওঠলো। হাকিম ইবনে হাজার (রাঃ) “ইসাবাহ” তে লিখেছেন যে, হযরত আবু আবাহ (রাঃ) হযরত আবু বুরদাহ (রাঃ)-কে সাথে নিয়ে নিজের পোকে মূর্তি ভেঙ্গে ফেললেন। এ ঘটনার কিছুদিন পর খির নবী (সাঃ) মদীনা তাম্রীক আলমের। এ সময় অন্য আলমার ডাইদের সাথে হযরত আবু আবাহ (রাঃ)-ও রাসূলুদ্বাহ(সাঃ)-কে সম্বর্ধনা জ্ঞাপন করলেন এবং মুহাজির সাহাবীদেরকে অত্যন্ত সূত্রসর চিঙে মেহমানদারী করলেন। হিজরতের পাঁচ মাস পর খির নবী (সাঃ) মুহাজির ও আলমারদের মধ্যে ঝিনী তাতুত কারেম করেন। হযরত আবু আবাহ (রাঃ)-এর তাতুতে আলমের জলিলুল কন্নর মুহাজির সাহাবী হযরত খুনাইস (রাঃ) বিন হাজারাহ।

হযরত আবু আবাহ (রাঃ) আলমারে আলমেরে সোপা কক্রেক ব্যক্তির অন্যতম ছিলেন বারী জাহেলী মুগেও আরবী লিখা-পড়া আলমেরে। আলমার ইবনে আলমির (রাঃ) “উসুদুল গাববাহ” গ্রন্থে তার সম্পর্কে লিখেছেনঃ “তিনি ইসলাম গ্রহণের পূর্বে আরবী লিখতেন।”

নবী (সাঃ)-এর হিজরতের পর হযরত আবু আবাহ (রাঃ) প্রায়ই তার নিকট বেতেন এবং সামর্থ অনুযায়ী কক্রেক লাভ করতেন। এভাবে তিনি কুরআন ও হাদীস শাস্ত্রে প্রভূত ব্যুৎপত্তি লাভ করেছিলেন।

বুদাসমূহের মধ্যে তিনি সর্বপ্রথম বদরের যুদ্ধে অংশগ্রহণ করেন এবং বদরী সাহাবী হওয়ার গৌরব অর্জন করেন। সে সময় তার বয়স ছিল প্রায় ৪৮ বছর।

খিরনবী (সাঃ) মদীনা মুনাওয়ারাহ তাম্রীক আলমের পর মদীনার ইহুদীদের সাথে হাদীসভাবে কলবাসের জন্য চুক্তি ও সন্ধি করেছিলেন। ইহুদীরা মদীনা চুক্তি নামে খ্যাত এ চুক্তিতে দখলত করেছিলেন ঠিকই কিন্তু তারা স্পেসনে সোপানে ইকপহীদের বিরুদ্ধে বড়বলে মেতে উঠলো। কা'ব বিন আশরাফ নামক তাদের এক সরদার এ ব্যাপারে বেশী অগ্রসরী ছিল। সে একজন অনলববী বক্তা এবং সক্তিশালী কবি ছিল এবং কুলসবাসদের কেশরকন্ন তোরাকাই করতেন সা। সে কবিতার মাধ্যমে রাসূল (সাঃ)-এর বিরুদ্ধে অব্যাহতভাবে বিধ প্রকাশ করতো।

হাকিম ইবনে হাজার (রাঃ) বর্ণনা করেছেন, সে হতভাগা একবার খির নবী (সাঃ)-কে শহীদ করার পরিকল্পনা এটেছিল। কিন্তু স্বর্ধ হর। বদরের যুদ্ধে কুনাইস মুসরিকদের পরিকল্পনা হলো। কা'ব এ সময় বিহত কুনাইসদের স্বরণে মরজিয়া রচনা করতেন এবং

তাদের শিকড় শোক প্রকাশের জন্য মফা বেশ। সেখানে কয়েকদিন অবস্থান করে তাদের নিহতদের বদলা নেয়ার জন্য উত্তেজিত করলো। মদীনা কিংবে এসে নিজের কণ্ডমের মুসলমানকে বিরুদ্ধে আনের চেয়ে বেশী উত্তেজনা হুজাতে লাগলো এবং খিরনখী (সাঃ)-এর বিরুদ্ধে নিত্য-নতুন কবিতা কাঁদতে লাগলো। তার এ তৎপরতা শুবুমাআ মদীনা চুক্তির খেলাপই ছিল না করং তা গাফরীর সংজ্ঞায় পড়তো। হযুর (সাঃ) বেশ কিছু দিন যাবৎ তার এ তৎপরতা উপেক্ষা করে আসছিলেন। কিন্তু যখন সে মদীনা মুনাওয়ারায় নতুন নগর রাষ্ট্রের জন্য বিপদজনক হুজ্রে উঠলো তখন একদিন তিনি সাহাবীদের সামনে কা'ব বিন আশরাফের অপতৎপরতার অত্যন্ত অসন্তোষ প্রকাশ করলেন এবং সাহাবীদেরকে এ ব্যাপারে তদারক করার উৎসাহ দিলেন। হযুর (সাঃ)-এর ইরশাদ শুনে আনসারের পাঁচ ব্যক্তি ফিতনা উৎখাতের সংকল্প করলো। কিন্তু কা'ব বিন আশরাফের মূলোৎপাটন সহজ কাজ ছিল না। তার বাসস্থান অথবা মহল এক মজবুত দুর্গ সদৃশ ছিল এবং নিজের রক্ষার জন্য সে অনেক সশস্ত্র যুবক নিয়োগ করেছিল। এ সম্বন্ধে আনসারী জানবাজরা আল্লাহ এবং আল্লাহর রাসূল (সাঃ)-এর খাতিরে নিজেদের জীবনকে তুচ্ছ জ্ঞান করে একরাতে কা'বের দুর্গে প্রবেশ করে তার ভবলীলা সাক করে ফেললো। ইসলামের এ সর্বনিকট দুশমন হত্যাকারী জানবাজ লোকদের অন্যতম ছিলেন হযরত আবু আবাহ আবদুর রহমান (সাঃ)।

এ ঘটনার পর হযরত আবু আবাহ (সাঃ) ওহোদের যুদ্ধ, পরিবার যুদ্ধ এবং রাসূল (সাঃ)-এর যুগে সংঘটিত বেশীর ভাগ অন্য যুদ্ধে অংশ নিয়েছিলেন। কতিপয় বর্ণনায় আছে যে, রিসালাত যুগের শেষ দিকে হযরত আবু আবাহ (সাঃ) অক হুজ্রে গিয়েছিলেন। এ অবস্থায় তিনি একদিন হযুর (সাঃ)-এর খিদমতে হাজির হলেন। তিনি রাত্তা চলার জন্য তাকে একটি লাঠি প্রদান করেছিলেন।

হযরত আবু আবাহ আবদুর রহমান ৩৪ হিজরীতে কঠিন রোগে আক্রান্ত হন। আমিরুল মু'মিনিন হযরত ওসমান (সাঃ) তার পীড়ার খবর পেয়ে দেখতে এলেন। এ অসুখই তাঁর শেষ অসুখ ছিল এবং ইসলামের এ মহান সন্তান প্রায় ৮০ বছর বয়সে আল্লাহর সান্নিধ্যে পাড়ি জমালেন। আমিরুল মু'মিনিন হযরত ওসমান জুবুরাইন (সাঃ) জানাজার নামায পড়ালেন বাকি পৌরভানে দাফন করলেন। হযরত কাভাদাহ (সাঃ) বিন নুমান হযরত আবু বুরদাহ (সাঃ) বিন নিয়াল এবং হযরত মুহাম্মাদ (সাঃ) বিন মাসলামাহর মত মহান সাহাবী তাঁর লাশ কবরে নামিয়েছিলেন।

হযরত আবু আব্বাহ (রাঃ) মুহাম্মাদ (রাঃ) এবং যাজেদ (রাঃ) নামক দু'পুত্র জেখে যান। তিনি হাদীস বর্ণনার প্রত্যন্ত সতর্কতা অবলম্বন করতেন। হাদীসের কিতাবসমূহে তাঁর থেকে বর্ণিত মাত্র পাঁচটি হাদীস পাওয়া যায়।

এক বর্ণনার আছে যে, হযরত আবু আব্বাহ (রাঃ) কুকালে চলে মেহেদি লাগাতেন।



হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাবিত আনসারী

বিশ নেতা হযরত মুহাম্মাদ মুতাকা (সাঃ) মক্কা থেকে হিজরত করে মদীনা মুনাওয়রাহ্ আগমন করলেন। তাঁর শুভাগমনে এ প্রাচীন শহর নব বসন্তে সজ্জিত হলো। মদীনায় অগ্নি-গণি রিসালাতের সুগন্ধিতে ভবপুর হয়ে গেল। একদিন কতিপয় আনসারী সাহাবী ১২ বছর বয়স্ক এক তরুণকে ছয়র (সাঃ)-এর পবিত্র বিদমতে সমন্বিত করে আরজ করলেনঃ ইয়া রাসূলান্নাহ! এ তরুণ বনু নাজারের আশার প্রদীপ। পবিত্র কুরআনের প্রতি তার আকর্ষণ এত বেশী যে, ইতিমধ্যেই ১৭টি সূরা মুখত করে ফেলেছে।”

রহমতে আলম (সাঃ) একথা শুনে খুব খুশী হলেন এবং বনু নাজারের সেই সৌভাগ্যবান সন্তানকে পবিত্র কুরআন পাঠের নির্দেশ দিলেন। তিনি নির্দেশ পালনার্থে তৎক্ষণাৎ ১৭টি সূরা পাঠ করলেন। প্রিয় নবী (সাঃ)-এর বিস্মিত চেহারা আলোকচ্ছটা বলমলিয়ে উঠলো। তিনি ভাগ্যবান পুত্রের মাথায় স্নেহের হাত বুলালেন এবং তার কল্যাণের জন্য দোয়া করলেন। পবিত্র কুরআনের প্রতি এত অধিক আকর্ষণ পোষণকারী এ মাদানী তরুণের নাম ছিল হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাবিত আনসারী।

সাইয়েদেনা হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাবিত আনসারী ছিলেন মর্বাদাবান সাহাবীদের অন্যতম, যিনী এবং ইলমী বিদমতের কারণে কতিপয় সাহাবীর মত তিনিও উম্মাহর স্তম্ভ হিসেবে পরিগণিত। তাঁর কুনিয়ত ছিল আবু সাঈদ এবং আবু খারিজাহ। কেউ কেউ আবার আবু আবদুর রহমান নামের তৃতীয় কুনিয়তের কথাও উল্লেখ করেছেন। উম্মাহর আনের সাগর, ওহির কাতিব, কারী এবং ফরয সম্পর্কিত বিশেষজ্ঞ এ সকল উপাধি ছিল তাঁর। খায়রাজের সম্প্রসৃত শাখা বনু নাজারের সাথে ছিল তাঁর সম্পর্ক। তার নসবনামা হলোঃ য়ায়েদ (রাঃ) বিন ছাবিত বিন আছহাক বিন য়ায়েদ বিন লওয়ান বিন আমর বিন আবদি বিন আত্রফ বিন গানাম বিন মালিক বিন নাজার।

হযরত য়ায়েদ (রাঃ)-এর পিতা ছাবিত বিন আছহাক নবী (সাঃ)-এর হিজরতের পাঁচ বছর পূর্বে বুয়াহেরে যুদ্ধে নিহত হয়েছিল। সে সময় হযরত য়ায়েদ (রাঃ)-এর বয়স যাত্র ৬ বছর ছিল। তিনি মাতা নাওয়ার বিনতে মালিকের স্নেহে লাগিত পালিত হন।

হিজরতের একবছর পূর্বে ইসলামের প্রথম মুবাল্লিগ হযরত মুহাম্মাদ (রাঃ) বিন উমাইর মদীনা আগমন করেন। তাঁর তাবলিগী প্রচেষ্টায় আবুস এবং খায়রাজ গোত্রের সকল পরিবারে ইসলামের চর্চার বিস্তার লাভ ঘটে। সে যুগে মদীনায় যে সকল পুণ্যাত্মা ইসলাম গ্রহণ করেছিলেন তাদের মধ্যে হযরত বায়েদ (রাঃ) বিন হাবিতও অন্তর্ভুক্ত ছিলেন। সে সময় তার বয়স ছিল ১১ বছর। আদ্রার পাক স্রোতে অত্যন্ত পবিত্র কভাব দান করেছিলেন। ইসলাম গ্রহণ করেই অত্যন্ত উৎসাহ-উদ্বীপনার সাথে পবিত্র কুরআনের শিক্ষা লাভ শুরু করেন। এমনকি খির নবী (সাঃ)-এর মদীনা শূভাগমনের পূর্বেই ১৭টি সূরা হেফজ করে ফেলেছিলেন। কুরআনের প্রতি এ আকর্ষণের কারণে আনসারদের মধ্যে তাঁকে বিশেষ নজরে দেখা হতো। হিজরতের পর হযরত বায়েদ (রাঃ) রেশীদ জাগ সময় নবী (সাঃ)-এর ফয়েজ ল্যাডের জন্যই কাটাতেন। অত্যন্ত সেধাসম্পন্ন হওয়ার কারণে খুব শীঘ্রই আনের মর্খাদার পরিপ্রেক্ষিতে তিনি রাসূল (সাঃ)-এর বিশেষ সান্নিধ্য লাভ করেন। চরিত্রকাররা বলেছেন, হযরত বায়েদ (রাঃ) শুধু আরবী ভাষাই লিখতে পড়তে জানতেন না বরং হযুর (সাঃ)-এর ইঙ্গিতে ইবরানী এবং সুরইয়ানী ভাষাও শিখেন এবং খুব কম সময়ে এ ভাষাধরে লিখা-পড়ার অনুশীলনীও চালান। পরবর্তী পর্যায়ে আরো অল্পসর হয়ে তিনি ডাওরাত এবং ইঞ্জিলেরও আলেম হয়ে যান। আদ্রামা মাসউদী (রঃ) “কিতাবুত তালবিহ ওয়ালা আশ্বাকাক” গ্রন্থে লিখেছেন, হযরত বায়েদ (রাঃ) হাবশী, কিবতী, রোমক এবং কারনী ভাষাও জানতেন। মদীনায় বসরা এ সকল ভাষা জানতেন তাদের নিকট থেকে তিনি শাসিখেছিলেন।

হযরত বায়েদ (রাঃ)-এর হস্তলিপি ছিল অত্যন্ত সুন্দর। তিনি একজন ভালো কারুশিল্পী ছিলেন। ইবনে সন্নাদ (রাঃ) বর্ণনা করেছেন যে, তিনি একজন অন্ধ বিশারদ ছিলেন এবং অংকের জটিলতম সমস্যাদি মুহূর্তের মধ্যে সমাধান করে দিতেন।

খির নবী (সাঃ) হযরত বায়েদ (রাঃ) বিন হাবিতের বোগ্যভার খুব কদর করতেন। তিনি তাঁকে কাতিবে ওহির পদে নিয়োগ করেছিলেন। রাসূল (সাঃ)-এর ইচ্ছাকাল পর্যন্ত তিনি এ দায়িত্ব পালন করেন। তিনি শুধু ওহিই লিখতেন না, বরং অন্যান্য সেশের রাজা-বাদশাহর যে সকল পত্রাবলী আসতো, রাসূল (সাঃ)-এর পক্ষ থেকে তাঁর জবাবও লিখতেন।

মুহাম্মাদে আহম্মদ বিন হাম্বলে বর্ণিত আছে যে, হযরত বায়েদ (রাঃ) খির নবী (সাঃ)-এর অত্যন্ত সান্নিধ্য লাভ করেছিলেন। কোণ কোণ সময় তিনি হযুর (সাঃ)-এর পাশে বসে যেতেন। খির নবী (সাঃ) স্নেহবশতঃ তাঁর রানের ওপর নিজের পবিত্র উর রাখতেন। একদিন হেই অবস্থায়ই রাসূল (সাঃ)-এর ওপর স্রহী নামিল হলো। হযরত বায়েদ (রাঃ) বলেনঃ “সে সময় হযুর (সাঃ)-এর পবিত্র উর আমার নিকট এত ভারী

মনে হ'ল যে, আমার রান বুকি ভেঙ্গে চূর্ণ হবে।” কিন্তু নবী (সাঃ)-এর প্রতি এত আশঙ্ক ছিল যে, তিনি মুখ দিয়ে উহা বদল উচ্চারণ করেন নি এবং অত্যন্ত ঠৈর্ষের সাথে বলেছিলেন।

রাসূলে আকরাম (সাঃ) ওহী লিখার কাজ অন্যান্য সাহাবী (রাঃ) দিয়েও করিয়েছিলেন। এভাবে পর লিখনের কাজও অন্য সাহাবীরা করেছিলেন। কিন্তু তাদের মধ্যে হবরত বারোদ (রাঃ)-এর নাম এ জন্য প্রসিদ্ধ হয়ে আছে যে, তিনি নবী (সাঃ)-এর ইচ্ছাকাল পরেও এ দায়িত্ব আঞ্জাম দিয়েছিলেন।

মুশাদ্দে আহমাদ (রাঃ)-এ বর্ণিত আছে যে, বারোদ (রাঃ) বিন ছাবিত দোয়াত-কলম হাতের টুকরো অথবা হাফা পাথর প্রভৃতিসহ রাসূল (সাঃ)-এর নিকট বসে যেতেন। যখন ওহী নাযিল হতো তখন হুযুর (সাঃ)-এর পবিত্র মুখে বা শুনতেন তা লিখে নিতেন। কোন কোন সময় শ্রির নবী (সাঃ) ওহী লিখনের ব্যাপারে তাঁকে বিশেষ হেদায়েত দিলে তা তিনি অবিলম্বে পাঠন করতেন।

নবী (সাঃ)-এর হিজরতের পর তিনি বেশীকাল সময় ওহী লিখার কাজে ব্যস্ত করেছেন। বা কিছু লিখতেন তাই অতরে গেঁথে নিতেন। অন্যান্য সাহাবী ওহীর বে অংশ লিখতেন তাঁদের নিকট থেকেও তিনি তা শুনেন মুখত করে নিতেন। এ ভাবে রাসূল (সাঃ)-এর যুগেই তিনি লক্ষ্য কুরআন শরীফ মুখত করে নিয়েছিলেন।

সহীহ বুখারীতে আছে যে, বারোদ (রাঃ) বিন ছাবিত শুধুমাত্র পুরো কুরআনেরই হাফেজ ছিলেন না বরং তিনি হুযুর (সাঃ)-এর সম্মুখেই বিভিন্ন বয়স ওপর লিখিত কুরআনের সকল অংশ একত্রিতও করেছিলেন।

হক ও বাতিলের প্রথম সংঘর্ষ বিত্তীয় হিজরীর রামাদান মাসে বদায়ের ময়দানে সংঘটিত হয়েছিল। সে সময় হবরত বারোদ (রাঃ) বিন ছাবিতের ব্যঙ্গ ছিল ১৩ বছর। যুদ্ধে অংশ গ্রহণের জন্য হুযুর (সাঃ) ব্যঙ্গ নির্ধারণ করেছিলেন কমপক্ষে ১৫ বছর। কিন্তু হবরত বারোদ (রাঃ)-এর ইমানী উদ্বীপনা এত ছিল যে, কতিপয় যুগের সাথে রাসূল (সাঃ)-এর নিকট হাজির হলেন এবং যুদ্ধে অংশগ্রহণের অনুমতি প্রার্থনা করলেন। হুযুর (সাঃ) তাদের ইমানী আবেগের প্রশংসা করলেন। কিন্তু যুদ্ধে অংশগ্রহণের অনুমতি দিলেন না। এতে তিনি শিরপার হয়ে মদীনা ফিরে এলেন।

ওহোদের যুদ্ধে (দ্বিতীয় হিজরী) হবরত বারোদ (রাঃ)-এর অংশগ্রহণ সম্পর্কে মতভেদ আছে। অবশ্য পরিষ্কার যুদ্ধে (প্রথম হিজরী) তাঁর অংশগ্রহণ সম্পর্কে সর্বদেই একমত্য সোপান করেন। এ সময় তাঁর বয়স প্রায় ১৬ বছর ছিল। ইবনে সায়্যাদ (রাঃ)

বলেছেন, পরিখা খননে তিনি অত্যন্ত উৎসাহের সাথে অংশ নিয়েছিলেন। হুম্মুর (সঃ) তাঁকে পরিখা থেকে মাটি বের করতে দেখে খুব খুশী হয়েছিলেন এবং বলেছিলেনঃ “কি ভালো ছেলে।” ঘটনাক্রমে তিনি হুম্মিরে পড়লেন। হযরত আম্মারাহ (সঃ) বিন হাব্বাম আনসারীর দৃষ্টি তাঁর ওপর পড়লে মজাক করে তিনি তাঁর অস্ত্র খুলে নিলেন। আত্মীয়তার দিক থেকে হযরত আম্মারাহ (সঃ) হযরত যার্বদ (সঃ)-এর চাচা হতেন এবং বরসে তাঁর চেয়ে বেশ বড় ছিলেন। সম্ভবতঃ অস্ত্র খুলে নিয়ে তিনি তাঁকে সতর্ক করতে চেয়েছিলেন যে, এ অবস্থায় হুম্মানো ঠিক নয়। কিন্তু তা সত্ত্বেও হযরত যার্বদ (সঃ) ক্রান্তির কারণে এত গভীর নিদ্রামগ্ন ছিলেন যে, অস্ত্র খুলে নেয়া টেরই পেলেন না। প্রিয় নবী (সঃ) সৈদিক দিয়ে যাচ্ছিলেন। তিনি কৌতুক করে বললেন, “হে হুম্মের পিতা ওঠো।” তিনি নিদ্রা থেকে জাগলেন হুম্মুর (সঃ) সাহাবীদেরকে সম্বোধন করে বললেন, “কারো সাথে এ ধরনের মজাক বা ঠাট্টা করো না।”

পরিখার যুদ্ধের পর হযরত যার্বদ (সঃ) অন্যান্য যুদ্ধেও রাসূল (সঃ)-এর সাথে অংশ নিয়েছিলেন। তাবুকের যুদ্ধেও তিনি অত্যন্ত উৎসাহ-উদ্বীপনার সাথে যোগদান করেন। এ যুদ্ধে তার গোত্র মালিক বিন নাজ্জারের ঝাণ্ডা হযরত আম্মারাহ (সঃ) বিন হাজ্জামের নিকট ছিল, হুম্মুর (সঃ) এ ঝাণ্ডা তাঁর নিকট থেকে নিয়ে হযরত যার্বদ (সঃ) বিন হাব্বিতের কাছে সমর্পণ করলেন। হযরত আম্মারাহ (সঃ) আরম্ভ করলেনঃ “ইয়া রাসূলুদ্রাহ! আমার মাতা-পিতা আপনাদের ওপর কুবরান হোক। আমার কি অপরাধ হয়েছে।”

প্রিয় নবী (সঃ) বললেনঃ “তেমন কিছু ঘটেনি। আমি যার্বদকে ঝাণ্ডা শুধু এ জন্য দিয়েছি যে, সে তোমার থেকে কুরআন বেশী পড়েছে।”

বিখনবী হযরত মুহাম্মাদ (সঃ)-এর ইচ্ছাকালের পর হকিফারের বনু সায়্যেদাতে আনসারদের এক সমাবেশ হলো। হযরত যার্বদ (সঃ) বিন হাব্বিতও তাতে যোগদান করেন। এ সমাবেশে কতিপয় বুর্জ আনসার খায়রাজ সৌদের নেতা হযরত সায়াদ (সঃ) বিন উবাদাহকে খলিফা বানানোর প্রস্তাব পেশ করলো এবং আনসারদের খিলাফতের হকদার প্রমাণের জন্য জোরে শোরে বক্তৃতা করলেন। হযরত যার্বদ (সঃ) এ সময় চুপ রলেন। ইত্যবসরে হযরত আবু বকর সিদ্দিক (সঃ), হযরত ওমর কারক (সঃ) এবং হযরত আবু ওবায়দাহ (সঃ) ইবনুল আন্নরাহও এ সমাবেশে উপস্থিত হলেন। তাঁরা কুরাইশ মুহাজিরদের খিলাফতের হকদার হওয়া সম্পর্কে আলোচনা শুরু করলেন এবং এ কথাও তারা পরিষ্কার করে বুঝিয়ে দিলেন যে, আন্নববাসী কুরাইশের নেতৃত্ব ব্যতীত অন্যের নেতৃত্ব মেনে নেবে না। এ সময় আনসারদের মধ্যে সর্বপ্রথম হযরত যার্বদ (সঃ) বিন হাব্বিতই তাঁদের সমর্থনে কথা বলেন। তিনি জানান, রাসূলুল্লাহ (সঃ) মুহাজিরদের

মধ্যে ছিলেন। এ জন্য ইমামও মুহাজিরদের মধ্য থেকে নির্বাচিত করা উচিত। আমরা বেভাবে রাসূল (সাঃ)-এর আনসার বা সাহায্যকারী ছিলাম তেমনি ইমামেরও সাহায্যকারী থাকবো।

হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) সাহসিকতাপূর্ণ বক্তৃতা দানের জন্য হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাবিতকে মুবারকবাদ দিলেন এবং তার মঙ্গলের জন্য দোয়া করলেন। এরপর হযরত য়ায়েদ (রাঃ) অন্য কতিপয় আনসারসহ সর্বপ্রথম হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)-এর হাতে বাইয়াত হন।

হযরত সিদ্দিকে আকবর (রাঃ) নিজের ক্বিলাকত কালে হযরত য়ায়েদ (রাঃ)-কে খিলাফতের পদে বহাল রাখেন এবং মজলিশে শুরার সদস্য নিয়োগ করেন। ধর্মত্যাগের ফিতনার শুরুতে হযরত য়ায়েদ (রাঃ) মদীনা মুনাওয়্যারার প্রতিরক্ষায় রাসূল (সাঃ)-এর খলিফার সাহায্য করেন। অতপর তিনি মুসায়লামা কাক্বাবের বিরুদ্ধে ইমামামার রক্তাণ্ড যুদ্ধে অংশ গ্রহণ করেন। যুদ্ধ কালে তার শরীরে একটি তীর বিদ্ধ হয়। কিন্তু আব্দুল্লাহ পাক তাঁকে রক্ষা করেন। এ যুদ্ধে অসংখ্য কুরআনের হাফিজ শহীদ হন। এতে পবিত্র কুরআনের কোন অংশ নষ্ট হয়ে যাওয়ার আশংকা দেখা দেয়। সুতরাং হযরত ওমর ফারুক (রাঃ)-এর দৃষ্টি আকর্ষণের ফলে হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) কুরআনে হাকিমের সকল লিখিত অংশ একত্রিত করে এক মুসহাফের আকৃতিতে সংকলন করার দায়িত্ব হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাবিতের ওপর অর্পন করেন। প্রথমতঃ এ দায়িত্ব পালনে হযরত য়ায়েদ (রাঃ) খুব চিন্তিত হয়ে পড়লেন। কিন্তু তিনি সিদ্দিকে আকবর (রাঃ)-এর অনুপ্রেরণায় এ কাজে অগ্রসর হলেন। রাসূল (সাঃ)-এর খলিফা এ মহান কাজে তাঁকে সাহায্য করার জন্য ৭৫ জন সাহাবী (রাঃ)-এর একটি দল নিয়োগ করলেন।

যদিও রাসূল (সাঃ)-এর জীবদ্দশাতেই হযরত য়ায়েদ (রাঃ) কুরআনে হাকিমের সকল অংশ একত্রিত করেছিলেন তবুও যে সকল অংশ তখনো মানুষের নিকট ছিল তাও তিনি নিয়ে একত্রিত করলেন এবং সমগ্র কুরআন পাক এক সাথে এক জিলদে লিখে নিলেন। কোন আয়াত সম্পর্কে মত বিরোধ দেখা দিলে দু'সাহাবীর সাক্ষ্য অনুযায়ী তা সিপিদ্ধ করেন। সহীহ বুখারীতে আছে যে, কুরআনে হাকিমের এ নুসখা প্রথম হযরত আবু বকর সিদ্দিক এবং পরে হযরত ওমর ফারুক (রাঃ)-এর নিকট ছিল। তাদের পরে উম্মুল মু'মিনিন হযরত হাকসা (রাঃ)-এর নিকট রাখা হয়।

হযরত ওসমান পপি (রাঃ)-এর খিলাফতকালে বিভিন্ন এলাকার লোকদের মধ্যে ভিন্ন ভিন্ন ধরনের ক্বিরাত পাঠ শুরু হয়। এ সময় হযরত ওসমান (রাঃ) হযরত হাকসা (রাঃ)-এর নিকট থেকে এ মুসহাফ চেয়ে পাঠালেন এবং চার সাহাবী দিয়ে তার পাঁচটি অনুলিপি করালেন। অতপর তা বিভিন্ন ইসলামী প্রদেশে প্রেরণ করলেন। সহীহ বুখারী অনুযায়ী

যেসব বুর্জা ব্যক্তি অনুলিপির কাজ করেছিলেন তাদের মধ্যে হযরত য়ায়েদ (রাঃ) বিদ্ব ছাভিতও অন্তর্ভুক্ত ছিলেন।

হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনকাল এলো। এ সময় তিনি য়ায়েদ (রাঃ) বিন ছাভিতকে শুধুমাত্র লিখক এবং মজলিশে শুরার সদস্য পদেই বহাল রাখলেন না বরং কাছীর পদ সৃষ্টি করে তাকে মদীনা মুনাওয়ারার কাজী নিয়োগ করলেন এবং বেতনও ঠিক করে দিলেন, বস্তুতঃ সেসময় লিখনীর কাজ অনেক বেড়ে গিয়েছিল। এ জন্য হযরত মুয়াইকিব দাওসী (রাঃ)-কে তার সহকারী নিয়োগ করেন। প্রথম প্রথম কাছীর জন্য কোন পৃথক ভবন নির্মাণ করা হয়নি। এ জন্য হযরত য়ায়েদ (রাঃ) কাজীর দায়িত্ব নিজেদের ঘরেই আঞ্জাম দেন। বিশেষ করে মদীনা শহর এর উপকণ্ঠ সমূহের মামলা তার নিকট আসতো। একবার হযরত উবাই (রাঃ) বিন কায়াব এবং আমিরুল মু'মিনিন হযরত ওমর ফারুক (রাঃ)-এর মধ্যে কোন ব্যাপারে কণ্ঠা হয়ে গেল। হযরত উবাই (রাঃ) বিন কায়াব আমিরুল মু'মিনিনের বিরুদ্ধে হযরত য়ায়েদ (রাঃ)-এর আদালতে মামলা দায়ের করে দিলেন। উভয় পক্ষই হযরত য়ায়েদ (রাঃ)-এর আদালতে হাজির হলেন। হযরত য়ায়েদ (রাঃ) শ্রদ্ধা বশতঃ আমিরুল মু'মিনিনের জন্য নিজেদের আসন খালি করে দিলেন। হযরত ওমর ফারুক (রাঃ) সরকারী কর্মকর্তাদের ওপর কড়া দৃষ্টি রাখতেন। তিনি হযরত য়ায়েদ (রাঃ)-এর এ কাজ অপসন্দ করলেন এবং তাকে সম্প্রোধন করে বললেনঃ "এটা ইনসাফ থেকে অনেক দূরে। আমাকে আমার প্রতিপক্ষের সাথে বসা উচিত।" বস্তুতঃ তিনি হযরত উবাই (রাঃ)-এর সাথে বসে গেলেন। হযরত ওমর বিবাদী ছিলেন এবং তিনি বাদীর দাবী অস্বীকার করেছিলেন। এ জন্য শরীয়ত অনুযায়ী শপথ বা কসম করা তার ওপর ওলাজিব ছিল। হযরত য়ায়েদ (রাঃ) খিলাফতের সম্মানার্থে হযরত উবাই (রাঃ)-কে আমিরুল মু'মিনিন (রাঃ)-এর কসম মাফ করে দেয়ার কথা বললেন। কিন্তু হযরত ওমর (রাঃ) এ অনুমতি গ্রহণ করলেন না এবং হযরত য়ায়েদ (রাঃ)-কে আদালতে খলিকা এবং একজন সাধারণ মুসলমানকে একই পর্যায়ে রাখার নির্দেশ দিলেন। এ ঘটনার পর হযরত য়ায়েদ (রাঃ) সবসময় হযরত ওমর ফারুক (রাঃ)-এর নির্দেশ অনুযায়ী কাজ করতেন।

হযরত য়ায়েদ (রাঃ)-এর ওপর হযরত ওমর ফারুক (রাঃ)-এর সীমাহীন আস্থা ছিল। তিনি ১৬ এবং ১৭ হিজরীতে হজ্জের জন্য মক্কা মুম্বাজ্জমা গমন করেন। এ সময় হযরত য়ায়েদ (রাঃ)-কে তিনি নিজেদের স্থলাভিষিক্ত করে যান। সিরিয়া গমনের সময়ও তিনি তাকে দায়িত্ব দিয়ে মদীনা রেখে যান। সিরিয়া থেকে তাঁকে পত্র লিখলেন। এ সময় তিনি নিজেদের নামের পূর্বে তার নাম লিখলেন (অর্থাৎ য়ায়েদ বিন ছাভিতের প্রতি ওমর বিন খাতাব থেকে) আমিরুল মু'মিনিনের অনুপস্থিতিতে হযরত য়ায়েদ (রাঃ) খিলাফতের দায়িত্ব অত্যন্ত সম্পন্নভাবে আঞ্জাম দিতেন। আমিরুল মু'মিনিন ফিরে

এসে তার কুশলতার প্রশংসা করতেন এবং সুন্দরভাবে দারিত্ব পালনের জন্য কিছু আর্থগীর প্রদান করতেন।

হযরত ওমর ফারুক (রাঃ) বাইতুল মাকদাস গমনের সময় কতিপয় মুহাজির এবং আনসারকেও সাথে নিয়ে গিয়েছিলেন। এক বর্ণনায় আছে যে, হযরত যারেন্দ (রাঃ) বিন ছাবিতও এ সফরে আমীরুল মু'মিনিনের সাথে ছিলেন।

হযরত ওমর ফারুক (রাঃ) রাষ্ট্রীয় বিচারালয় প্রতিষ্ঠা করলেন এবং চাকুরীজীবীদের মর্যাদা অনুযায়ী বৃত্তি নির্ধারণ করলেন। এ বৃত্তির পরিমাণ নির্বাচন এবং তার হকদার সকল মানুষের তালিকা হযরত যারেন্দ (রাঃ)-ই প্রস্তুত করেছিলেন। ইমাম আবু ইউসুফ (রাঃ) "কিতাবুল খিরাজে" লিখেছেন, হযরত ওমর (রাঃ) আনসারদের বৃত্তি বর্টনের দারিত্ব বিশেষ করে হযরত যারেন্দ (রাঃ)-এর ওপর অর্পণ করেছিলেন। তিনি এ কাজ কুবা থেকে শুরু করেছিলেন। তার পর বনু আবদিল আশহালকে বৃত্তি দেন। অতপর আওসের অন্যান্য শাখা, তারপর খায়রাজ গোত্র এবং সর্বশেষে নিজের বৃত্তি নির্ধারণ করেন।

হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাহাদাতের পর ২৪ হিজরতে হযরত ওসমান জুন্নরাইন (রাঃ) খলিকার আসনে সমাসীন হলেন। এ সময় তিনিও হযরত যারেন্দ (রাঃ)-এর মর্যাদা ও পদ বহাল রাখলেন। ৩১ হিজরীতে তিনি হযরত যারেন্দ (রাঃ)-কে মদীনা মুনাওয়ারার কেন্দ্রীয় বাইতুল মালের অফিসার নিয়োগ করলেন। তিনি এ পদে কয়েক বছর অধিষ্ঠিত ছিলেন। হজ্ব উপলক্ষে আমীরুল মু'মিনিন মক্কা গমনের সময় খিলাফতের কাজ-কারবার হযরত যারেন্দ (রাঃ)-এর হাতে ন্যস্ত করে যেতেন। হযরত ওসমান জুন্নরাইন (রাঃ)-এর বিরুদ্ধে কিত্সা-কাসাপের আগুণ প্রজ্বলিত হরে উঠলো। হযরত যারেন্দ (রাঃ) এ সমস্ত সম্বর্ধ অনুন্নয়ী আমীরুল মু'মিনিনকে সম্বর্ধন দিলেন এবং আনসারদেরকে তার সম্বর্ধনের উদ্দেশ্যে জ্বাঙ্গর করার জন্য আশ্রয় প্রচেষ্টা চালান। কিন্তু পরিস্থিতি এমন রূপ পরিগ্রহ করেছিল যে, তার কোন প্রচেষ্টা সকল হুম্মি এবং আমিরুল মু'মিনিনকে বিদ্রোহীরা শহীদ করে ফেললো। কতিপয় বর্ণনায় আছে যে, হযরত যারেন্দ (রাঃ) এবং শহীদ খলিকার মধ্যে এত গভীর সম্পর্ক বিদ্যমান ছিল যে মানুষ তাকে ওসমানী বলতো।

হযরত ওসমান বিনি (রাঃ)-এর শাহাদাতের পর হযরত আলী কাররামাত্বাহ জেরাহাহ খিলাফতের দায়িত্ব গ্রহণ করেন। তার শাসনামলেই উম্মত এবং সিফ্বীদের গুরুত্বপূর্ণ দুই অবস্থিত হয়তো। হযরত যারেন্দ (রাঃ) এ সকল যুঁজে বসিও হযরত আলী (রাঃ)-এর সম্বর্ধন ছিলেন যা তত্বু তিনি সর্বকালে অত্যন্ত প্রম্মা করতেন এবং তার অধিষ্ঠিত ও কাছাবিরতের প্রকাশ্য স্বীকৃতি দিতেন।

হযরত য়ায়েদ (রাঃ)-এর বয়স ৫৬ বছর হয়েছিল। ঠিক এমনি সময় প্রকৃত স্রষ্টার নিকট থেকে ডাক এলো এবং ৪৫ অথবা ৪৬ হিজরীতে তিনি আদ্বাহর সান্নিধ্যে চলে গেলেন। তাঁর ওফাতের খবর প্রচারিত হলে লোকজন শোকে শোকাভিভূত হয়ে পড়লো। সে সময় আমীর মাবিয়ার গফ থেকে মারওয়ান ইবিনুল হাকাম মদীনার গবর্নর ছিল। সেই নামায়ে জানাযা পড়ালো। রাসূল (সাঃ)-এর কবি হযরত হাসসান বিন ছাব্বিত সে সময় জীবিত ছিলেন। তিনি হযরত য়ায়েদ (রাঃ)-এর ইন্তেকালে একটি মরছিয়া লিখে ফেললেন।

হযরত আবু হুরায়রাহ (রাঃ) তাঁর ওফাতের খবর শুনলেন এবং তাঁর মুখ দিয়ে নিকিধায় বেরিয়ে এলো “আজ্ঞা জানের সমূহ ওঠে গেল।”

হযরত আবদুল্লাহ বিন আব্বাস (রাঃ) জানাযা এবং দাফন কাজে শরীক ছিলেন। যখন হযরত য়ায়েদ (রাঃ)-কে দাফন করা হলো তখন তিনি শোকাভিভূত হয়ে বললেন, “দেখ, ইলম এ ভাবেই চলে যায়। আজ ইলমের একটি অংশ দাফন হয়ে গেল।”

হযরত য়ায়েদ (রাঃ) মৃত্যুকালে ১১টি পুত্র রেখে যান। ইলম ও ফজিলতের দিক দিয়ে তারা অত্যন্ত উঁচু মর্যাদার সমাসীন ছিলেন। এক পুত্র খাবেজা (রাঃ) “সাত ফকিহর অন্তর্ভুক্ত হয়ে থাকেন। শৌত্রাও জানের জগতে অন্ত্যস্ত নামকরা ব্যক্তিত্ব ছিলেন। হযরত য়ায়েদ (রাঃ)-এর স্ত্রীর নাম ছিল জামিলা (রাঃ)। তাঁর কুনিয়ত ছিল উম্মুল অলা এবং উম্মে সায়াদ এবং তিনি ছিলেন মশহুর সাহাবী হযরত সায়াদ (রাঃ) বিন রবি আনসারীর (ওহোদের শহীদ) কন্যা।

হযরত য়ায়েদ (রাঃ) বিন ছাব্বিত ছিলেন মহৎ জানের অধিকারী। রাসূল (সাঃ)-এর একটি ইরশাদ থেকেই তাঁর মহৎ জানের অনুমান করা যায়। প্রিয় নবী (সাঃ) বলেছিলেন, “আমার উম্মাতের মধ্যে সবচেয়ে বেশী ফারাজের সম্পর্কিত জানের অধিকারী হলো য়ায়েদ বিন ছাব্বিত (রাঃ)।”

ফারাজের ইলমে সবচেয়ে জটিল বিষয় হলো উম্মরাধিকার আইন। কুরআনে করিমে মিরাহ এবং ওদিয়তের বড় বড় মাসআলা সর্বাঙ্গিকভাবে বর্ণনা করা হয়েছে। কিন্তু মানবীয় সমাজে এ ক্ষেত্রে আর্চর্য এবং অভাবিতপূর্ব পরিস্থিতির উদ্ভব হয়। এ সকল সমস্যা সমাধানের প্রলে যেখানে কুরআনে হাকিমের নির্দেশাবলী জৌগিক মর্যাদা সম্পন্ন সেখানে রাসূলে আকরাম (সাঃ)-এর নির্দেশাবলী এবং বড় বড় সাহাবার সিদ্ধান্ত সমূহ ও কতজ্ঞাধারীও সামনে রাখা অত্যাৱশ্যক। ইলমে ফারাজের প্রকৃতপক্ষে কিফাইয়েই একটি শাখা। হযরত য়ায়েদ (রাঃ)-এর কুরআন, হাদীস এবং কিফাইতে এত গভীরতা

ছিল যে, ইবনে ফারাহেদে তিনি বিশেষতঃ বলে খ্যাত ছিলেন। এ ফজিলত বা মর্যাদার কারণেই তিনি রাসূল (সাঃ)-এর যুগেই মুকত্তির পদে আসীন হন। হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) ও হযরত ওমর ফারুক (রাঃ)-এর শাসনামলেও তিনি মদীনা মুনাওয়ারার মুকতী ছিলেন। হযরত ওমর ফারুক (রাঃ)-এর নিকট তাঁর মর্যাদা এমন ছিল যে, তিনি হযরত যার্বুদ (রাঃ)-এর মদীনার অবস্থানকে মদীনাবাসীদের জন্য আবশ্যিক মনে করতেন। তিনি বলতেন, “মদীনাবাসী যার্বুদ (রাঃ)-এর জ্ঞানের মুখাশেফী। কেননা তাঁর নিকট যে বস্তু রয়েছে তা অন্য কারো কাছে নেই।” এ কারণেই তিনি হযরত যার্বুদ (রাঃ)-কে মদীনার বাইরে কখনো কোন পদে নিয়োগ করেননি। হযরত ওমর (রাঃ) সিরিয়া অশরিক নেয়ার পর জাবিয়া নামক স্থানে হাজার হাজার মানুষের সম্মুখে ভাষণ দেয়ার সময় বলেছিলেনঃ কারো যদি ফারাহেব সম্পর্কে কোন কিছু জানতে হয় অথবা প্রশ্ন করতে হয় তাহলে সে যেন যার্বুদ (রাঃ) বিন ছাবিতের নিকট যায়।

হযরত আবদুল্লাহ বিন ওমর (রাঃ) নব্বয় ইলম ও ফজিলতের দু’সমুদ্রের সম্মিলন স্থল ছিলেন। তিনিও হযরত যার্বুদ (রাঃ) থেকে অনেক মাসরালার কতগুনা জেনে নিতেন। তাবকাতে ইবনে সালাদে তাঁর এ বক্তব্য উদ্ধৃত হয়েছে যে, যার্বুদ ফারুকী ফিলসফির সমুদ্র ছিলেন। হযরত ওমর (রাঃ) সমগ্র মানুষকে বিভিন্ন ছোট ও বড় শহরে পাঠিয়ে দিয়েছিলেন এবং কতগুনা প্রদান থেকে নিবেদন করেছিলেন। কিন্তু যার্বুদ (রাঃ) মদীনাতুন নবী (সাঃ)-তে বসে মদীনাবাসী এবং অন্যান্য লোকদেরকে কতগুনা দিতেন।

তাবেয়ীন সরদার হযরত সাঈদ (রাঃ) বিন মুছাইরিব যখনই কোন কঠিন মাসরালার সম্মুখীন হতেন তখনই তিনি আ হযরত যার্বুদ (রাঃ)-এর ইজতিহাদ এবং কারসালার আলোকে সমাধান করতেন। তিনি বলতেন, যার্বুদ (রাঃ) বিন ছাবিত সিদ্ধান্তমণী সম্পর্কে বেশী অজহিত ছিলেন এবং যেসকল মাসরালার ব্যাপারে রাসূল (সাঃ)-এর কোন ইরশাদ অথবা সিদ্ধান্ত নেই তা বর্ণনার সময় তিনি সবচেয়ে বেশী অজহুটির পরিচয় দিতেন।

দারুল হিজরার ইমাম হযরত মালিক (রাঃ) বিন আনাছ বলতেন, হযরত ওমর ফারুক (রাঃ)-এর পর যার্বুদ (রাঃ) বিন ছাবিত মদীনা মুনাওয়ারার ইমাম ছিলেন।

ইমাম শাফেরী (রাঃ) ফারাহেদের সকল মাসরালার হযরত যার্বুদ (রাঃ)-এর অনুসরণ করতেন। কুরআনী বিদ্যার হযরত যার্বুদ (রাঃ) ফারাহেব ছাড়া কিরাতের গভীরতা রাখতেন। ইমাম শাবী (রাঃ) বলেছেন, “যার্বুদ (রাঃ) ফারাহেব ছাড়া কিরাতের বিশেষ বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন” সাইয়েদুল কুররী হযরত উবাই (রাঃ) বিন কা’ব আনসারীর জীবনশার তাঁর পূর্ণ খ্যাতি লাভ করেনি। কিন্তু তাঁর ইজতিকালের পর যার্বুদ (রাঃ)-এর কিরাত সর্বজনন্য হয়। বস্তুতঃ তাঁর কিরাত কুরাইশের কিরাতের অনুরূপ

ছিল। এ জন্য তিনি সমগ্র ইসলামী জাহানে সুপ্রসিদ্ধি লাভ করেন। বর্তমানে ইসলামী দুনিয়াতে যে কিরাত প্রচলিত আছে তা হযরত বারয়েদ (রাঃ)-এরই কিরাত। শির নবী (সাঃ)-এর যুগে হযরত বারয়েদ (রাঃ) বেশীর ভাগ সময় নবী (সাঃ)-এর নিকটে কাটিয়েছেন। কিন্তু তিনি হাদীস বর্ণনার অত্যন্ত সতর্ক ছিলেন। এ জন্য তাঁর নিকট থেকে শুধু ৯২ টি হাদীস বর্ণিত হয়েছে। উল্লেখ্য ৫টি হাদীস ইমাম বুখারী (রাঃ) ও ইমাম মুসলিম (রাঃ) একমত শোষণ করেন। তাঁর হাদীস বর্ণনাকারীদের মধ্যে হযরত উম্মে সা'দ (স্ত্রী) ব্যতীত হযরত আবু হুরায়রাহ (রাঃ), হযরত আবু সাঈদ খুদরী (রাঃ), হযরত আনাস (রাঃ) বিন মালিক, হযরত আবদুল্লাহ বিন ওমর (রাঃ) এবং হযরত সাহাল (রাঃ) বিন সাদের মত মহান সাহাবী অন্তর্ভুক্ত রয়েছেন। তাবেরীদের মধ্যে হযরত সাঈদ (রাঃ) বিন মুসাইরিব (রাঃ), আবান বিন ওসমান (রাঃ), কাসেম (রাঃ) বিন মুহাম্মাদ বিন আবুবকর (রাঃ), খারোজা (রাঃ) বিন বারয়েদ, আতা' (রাঃ) বিন ইল্লাসার, তাউস (রাঃ), সাহাল (রাঃ) বিন আবি হাছম, বহর (রাঃ) বিন সাঈদ এবং অন্যান্য ব্যক্তিবর্গ তাঁর নিকট থেকে হাদীস বর্ণনা করেছেন।

তাফাক্কুহ ফিদ্বীন অর্থাৎ ধানের সম্বন্ধে ব্যাপারেও হযরত বারয়েদ (রাঃ) অত্যন্ত উঁচু মর্যাদা সম্পন্ন ছিলেন এবং সাহাবাদের মধ্যকার মুজতাহিদ হিসেবে পরিগণিত হতেন। তিনি শুধুমাত্র রাসূল (সাঃ)-এর যুগেই কভওয়া দানের সুযোগ লাভ করেননি, বরং হযরত আবু বকর সিদ্দিক (রাঃ), হযরত ওমর ফারুক (রাঃ), হযরত ওসমান (রাঃ), হযরত আলী (রাঃ) এবং হযরত আযীর মাযিনা (রাঃ)-এর খিলাফত কালেও মদীনার মুকত্বী ছিলেন। চরিত্রকাররা বর্ণনা করেছেন যে, হযরত বারয়েদ (রাঃ)-এর কভওয়াল সংখ্যা এক বেশী যে, তা একত্রিত করলে বড় বড় কব্রের তুলনায় হয়ে পড়ে। হযরত সাঈদ (রাঃ) বিন মুসাইরিব (রাঃ) বলতেন, হযরত বারয়েদ (রাঃ)-এর প্রতিটি কব্রবয়ের ব্যাপারে সকলেই একমত শ্রেণণ করতেন। হযরত বারয়েদ (রাঃ) বিন হাবিত সেই চর সাহাবীর একজন যাদের বিদ্যা সর্বজন গ্রাহ্য ছিল। এ ক্ষেত্রে অপর তিনজন সাহাবী হলেন হযরত আবদুল্লাহ (রাঃ) বিন মাসউদ, হযরত আবদুল্লাহ বিন ওমর এবং হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ)। কুরআন, হাদীস এবং ফিকাহ ছাড়াও হযরত বারয়েদ (রাঃ) অংক বিদ্যাতেও পারদর্শী। প্রথম প্রথম আরবদের অংক শাস্ত্রে কোন দখল ছিল না। এমনকি তারা এক হাজারের ওপর পঞ্চাশ জানতো না। কিন্তু হযরত বারয়েদ (রাঃ) নিজের ধীশক্তি এবং মেধার মাধ্যমে এ শাস্ত্রে আর্চরজনক পারদর্শীতা লাভ করেন। ইমবে সারফ (রাঃ) বলেছেন, শির নবী (সাঃ) হুদাইনের হুচে গনিযাতের মাস হযরত বারয়েদ (রাঃ)-এর পরামর্শ অনুযায়ী কটন করেছিলেন। সে সময় তখন মাস মিল মাস ১১ করে। হযরত ওমর ফারুক (রাঃ)-এর খিলাফতকালে ইমাম মুহাম্মদ হুজর গনিযাতের মাস মদীনা পৌঁছে যে তিনি তা কটনের দায়িত্ব হযরত বারয়েদ (রাঃ)-এর ওপরই দিত

করেন। এ কাজ তিনি অত্যন্ত সূচনামূলক সম্পন্ন করেন। রমাদান দুর্ভিক্ষকালে হযরত আবু মুসাব্বিহ (রাঃ) ইবনুল আছ খাদ্য ভর্তি ২০টি জাহাজ মিশর থেকে প্রেরণ করেন। এ সময় হযরত ওমর ফারুক (রাঃ) হযরত যারেন (রাঃ) এবং আরো কতিপয় সাহাবীকে সাথে নিয়ে তৎকালীন নিকটবর্তী আরাম নামক এক রূপরে গমন করেন এবং খাদ্য গ্রহণ করে দু'টি পুদাম ভর্তি করান। অস্তর দুর্ভিক্ষ প্রনীড়িত লোকদের একটি তালিকা তৈরী করে তিনি হযরত যারেন (রাঃ)-কে নির্দেশ দিলেন, এ তালিকায় প্রত্যেক ব্যক্তির নাম এবং প্রয়োজনীয় খাদ্যের পরিমাণের কথাও উল্লেখ করতে বলা হয়। হযরত যারেন (রাঃ) এক রেজিস্টার তৈরী করেন। এ রেজিস্টারে দুর্ভিক্ষ প্রনীড়িত লোকদের অবস্থার বর্ণনা দেয়া হয় এবং প্রয়োজনের মধ্যে কাগজের চেক বন্টন করেন। এ চেকের নীচে আমীরুল মুমিনিনের সীলমোহর প্রদর্শিত ছিল। চেক দেখিয়ে তারা খাদ্য নিতে পারতো। ইসলাম প্রভিকার পর এ প্রথম কাগজের চেক জারী করা হয়। আর এটা হতে শেখের হযরত যারেন (রাঃ)-এর মেধার কারণেই।

কজিলত এবং মর্যাদার কারণেই সকল সাহাবী (রাঃ) হযরত যারেন (রাঃ)-কে সন্মান ও শ্রদ্ধা করতেন। জ্ঞান সমুদ্র হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) তাঁকে এক মহান আদেশ হিসেবে মনে করতেন। একবার যারেন (রাঃ) ঘোড়ায় সওয়ার হলে। এ সময় হযরত ইবনে আবাস (রাঃ) ঘোড়ার লাগাম ধরলেন। হযরত যারেন (রাঃ) বললেন, ওয়া, ওয়া, আপনি এটা কি করছেন? আপনি হলেন রাসুল (সাঃ)-এর চাচার পুত্র এবং আমার শ্রদ্ধার পাত্র। তিনি বললেন, ওলাল্লাহু এবং সম্মানিত ব্যক্তিবর্গের সন্মান হলো তাদের লাগাম ধরা।

আমীর মাযিয়া (রাঃ)-তার নিকট থেকে যা কিছু শুনতেন তারই বিশেষ গুরুত্ব দিতেন। এভাবে অন্য সাহাবীও তার জ্ঞানের পূর্ণতার স্বীকৃতি দিতেন এবং প্রশংসা করতেন।

হযরত যারেন (রাঃ) বিন ছাবিত অত্যন্ত পবিত্র এবং পসন্দনীয় চরিত্রের অধিকারী ছিলেন। তার চরিত্রে ইসলামে অস্বভাবী হওয়া, জ্ঞান পিপাসা, রাসুল প্রেম, সূর্যাস্তের পায়রবী, হক কখন এবং বিনয় প্রভৃতি গুণাবলী স্থান পেয়েছিল ১১ বছর বয়সে ইসলাম গ্রহণ করেন এবং সাথে সাথে অত্যন্ত উৎসাহ-উদ্বীণনার সাথে জ্ঞান অর্জনে ব্যাপৃত হয়ে পড়েন। এমনকি জ্ঞানের মর্যাদার দিক থেকে বড় বড় সাহাবীর কাছারে शामिल হন এবং রাসুল (সাঃ)-এর সামনে কতগুলো দানের বোধ্য বলে বিবেচিত হন। প্রিয় নবী (সাঃ)-এর প্রতি তার ছিল অগাধ শ্রদ্ধা এবং পতীর ভালোবাসা। এ জন্য তিনি বেশীর ভাগ সময় নবী (সাঃ)-এর দরবারে কাটাতেন। অতি প্রত্যয়ে দুই বছর আগে সোফা হযরত (সাঃ)-এর পবিত্র খিয়ারত শেখা যেতেন। প্রত্যয়ে এ কারণে অন্য তিনি কখন নবী (সাঃ)-

এর সাথে সেহরী খাওয়া এবং রোযা রাখার সৌভাগ্য লাভ করেছিলেন। বিশ্বনবী (সাঃ)-ও তাঁকে খুব রোহ করতেন। তাঁকে নিজের ছুঁরা মোকরকে ডেকে নিতেন এবং নামাযের জন্য নিজের সাথে মসজিদে নিয়ে যেতেন। কোন কোন সময় হুয়র (সাঃ) তাঁকে নিজের পাশে বসাতেন। ওহী নাখিল হওয়ার সাথে সাথে তাঁকে দিয়ে শিখাতেন। কখনো কখনো হুয়র (সাঃ) ইবরানী ভাষায় পত্র পেতেন। এ পত্র তিনি ইহুদীদের দিয়ে পড়িয়ে নিতেন। এ অবস্থা তাঁর নিকট খুব সন্তোষজনক ছিল না। কেননা ইহুদীরা পত্রের বিষয়বস্তু জানে মুসলমানদের অন্য ভয়ের কারণ হতে পারতো। সুউরাং রাসূলুল্লাহ (সাঃ) হযরত বায়েদ (রাঃ)-কে বললেন, তুমি ইবরানী ভাষা শিখে নাও। তিনি রাসূল (সাঃ)-এর নির্দেশ পালনার্থে রাত দিন একাকার করে ফেললেন এবং ১৫ দিনের মধ্যে ইবরানী ও সুরিয়ানী ভাষায় এত দক্ষতা অর্জন করলেন যে, সে সব ভাষায় লিখিত পত্রাবলী খুব সহজে পড়ে নিতেন এবং তার জবাবও শিখে দিতেন।

হযরত বায়েদ (রাঃ) সূরাতের খুব অনুগত ছিলেন। নিজেও হুয়র (সাঃ)-এর নির্দেশাবলীর ওপর আমল করতেন এবং অন্যদেরকেও সেভাবে আমল করার নির্দেশ দিতেন। কাউকে সূরাত পরিপন্থী কোন কাজ করতে দেখলে চুপ থাকতে পারতেন না এবং তা নিবেদন করতেন। মুসনাদে আহমদ (রাঃ)-এ আছে যে, একবার হযরত শুরাহবিল বিন সায়াদ (রাঃ)-কে মদীনা মুনাওয়ারার এক বাগানে জাল পাতে দেখে উঠেবসে ডেকে বললেন, শুরাহবিল! এটা হারাম জমিন। এখানে শিকার করা নিষিদ্ধ। আরেকবার শুরাহবিল (রাঃ)-কে বাজারে একটি পাখী ধরতে দেখলেন। এতে তিনি খুব দ্রোহাশিত হলেন। শুরাহবিল (রাঃ)-এর নিকট থেকে পাখী ছিনিয়ে নিয়ে উড়িয়ে দিলেন এবং তাঁকে খাপ্পড় মেরে বললেন, হে নিজের নফসের দূশমন। তোমার কি জানা নেই যে, আল্লাহর রাসূল (সাঃ) মদীনা মুনাওয়ারাহকে হারাম ঘোষণা করেছেন।

মদীনার গবর্নর মারওয়ান ইবনুল হাকামের সাথে তাঁর বক্তৃত্বপূর্ণ সম্পর্ক ছিল। কিন্তু এ সম্পর্ক তাঁর স্পষ্টবাদিতায় বাধা হয়ে দাঁড়ায়নি। একবার জালিলুল কদর সাহাবী হযরত আবু সাঈদ খুদরী (রাঃ) সাহাবীদের মর্বাদার ব্যাপারে মারওয়ানের সামনে একটি হাদীস বর্ণনা করলেন। মারওয়ান তা মানলো না এবং হযরত আবু সাঈদ খুদরী (রাঃ)-এর বিরুদ্ধে মিথ্যা বর্ণনার অভিযোগ আনলো। সে সময় হযরত বায়েদ (রাঃ) বিন ছাব্বিত এবং হযরত রাফে বিন খুইইজও মারওয়ানের পাশে বসে ছিলেন। তাঁরা উভয়েই তৎক্ষণাৎ হযরত আবু সাঈদ (রাঃ)-এর বক্তব্যের সত্যতা স্বীকার করলেন এবং মারওয়ানের মতকে ভুল বলে আখ্যারিত করলেন।

সহীহ বুখারীতে আছে যে, মসজিদের নামায পড়ানোর সময় ছোট ছোট সূরা পড়া মারওয়ান একটি শিরক বলে শিরেছিল। হযরত বায়েদ (রাঃ) বাধা দিলেন এবং

বললেন, ছুঁমি কি নিরাম খানিক্রে রেখেছি। রাসূলে করিম (সাঃ) মাসরিবের নামাযে সন্না সূরা পাঠ করতেন।

একবার হযরত আবদুল্লাহ বিন ওমর (রাঃ) এক সিরীয় ব্যবসায়ীর নিকট থেকে বাইকনের ডেল কিনলেন মাল সেখানে রাখা অবস্থাতেই অন্য একজন ক্রেতা সৃষ্টি হলো। সে ইবনে ওমর (রাঃ)-কে বললো, এত লাভ দেব, আমার নিকট বিক্রি করে দিন। হযরত ইবনে ওমর (রাঃ) তাতে রাজী হয়ে গেলেন। কে যেন পিছন দিক থেকে তাঁর হাত ধরে বললেন, আবু আবদুর রহমান! শির নবী (সাঃ) এ ধরনের করা থেকে নিবেধ করেছেন। প্রথমে মাল এখান থেকে সরান। তারপর বিক্রি কর।

একবার উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) বোবারের (রাঃ)-এর পরিবারের নিকট জানান যে, একদিন ছয়র (সাঃ) তাঁর নিকট আছরের পর দু'রাকাত নামায পড়ে ছিলেন। তাঁরা এটাকে সূন্নাত মনে করে পড়া শুরু করলেন। হযরত যামেদ (রাঃ) এ কথা জানতে পেরে বললেন, আব্দুল্লাহ পাক আয়েশা (রাঃ)-কে মাফ করুন। প্রকৃত ঘটনা এ ছিল যে, জিহাদের সময় কতিপয় গ্রামবাসী ছয়র (সাঃ)-এর নিকট এলেন তাঁরা তাঁর নিকট মাসরাশা জিজেস করতে লাগলেন। ইতিমধ্যে জোহরের সময় হয়ে পড়লো। তিনি শুধুমাত্র জোহরের করব পড়ে গৃহে চলে গেলেন। সেখানে জোহরের পরিত্যক্ত দুই রাকাত সূন্নাতের কথা স্মরণ হলে তিনি তা আছরের পর পড়ে নিলেন। নচেৎ ছয়র (সাঃ) আছরের পর নামায পড়া নিষিদ্ধ করে দিয়েছিলেন।

মহান মরখাদা সম্পন্ন সাহাবী হযরত রাফে (রাঃ) বিন খুদাইছ একবার লোকদের নিকট বর্ণনা করলেন যে, রাসূলুল্লাহ (সাঃ) ক্ষেত ভাড়া প্রদান নিবেধ করেছেন। কলে লোকদের মধ্যে ভুল ধারণা সৃষ্টি হতে লাগলো। হযরত যামেদ (রাঃ) বিন ছাবিত শূনে বললেন, আব্দুল্লাহ পাক রাফে'কে কমা করুন। আমি সে হাদীসটির তাৎপর্য তাঁর চেয়ে বেশী জানি, ঘটনা এ ছিল যে, ক্ষেতের ভাড়া সম্পর্কিত ব্যাপার নিয়ে দু' ব্যক্তি বিবাদ করছিল। ছয়র (সাঃ) তাদেরকে বগড়া করতে দেখে বললেন, যদি অবস্থা এ হয় (অর্থাৎ ক্ষেত ভাড়া দান বগড়ার কারণ হয়ে দাড়ায়) তাহলে ক্ষেত ভাড়া দান ঠিক নয়। রাফে' (রাঃ) ছয়র (সাঃ)-এর ইরশাদের শূধুমাত্র শেষ অংশ শূনে ছিলেন এবং তাই লোকদেরকে বলা শুরু করে দিয়েছিলেন।

প্রকৃতিগত ভাবে হযরত যামেদ (রাঃ) নীরবতা পছন্দ করতেন এবং মজলিশে অত্যন্ত গাম্ভীর্যের সাথে কসতেন। তাবলীপের অন্য সমসাময়িক শাসকদের নিকটও গমন করতেন। একবার মারওয়ানের মহল থেকে বের হয়ে শিব্যরা জিজেস করলো হযরত মারওয়ানের নিকট কিভাবে দিয়েছিলেন? তিনি বললেন, সে কতিপয় হাদীস জিজেস করেছিল। আমি তাকে বললাম, এমন তিনটি জিনিস রয়েছে বা মুসলমানের অন্তরকে

অধিত রাখে। প্রথম, প্রতিটি কালে আব্রাহামের স্মৃতির প্রতি স্মৃতি রাখা। দ্বিতীয়, শাসক এবং আধারদেরকে নসিহত করা এবং তৃতীয় হলো আমামাতবক হয়ে থাকা।

হযরত আব্রাহাম (রাঃ) - এর চরিত্রে বিনয় পুরোপুরিই বিদ্যমান ছিল। প্রত্যেকের সাথেই হাসি মুখে মিশিত হতেন এবং বিনয় ও বুদ্ধিমত্তার সাথে প্রবলের আবার শিক্তন। অবশ্য আশের গভীরতার কারণে কোন কোন সময় নিজের বক্তব্য প্রকাশ করে যেতেন। তিনি অত্যন্ত প্রভাবশালী কুর্খান মানুষ ছিলেন। কিন্তু মুসলমানদের পারস্পারিক বিবাদে পক্ষাবলম্বন করা পসন্দ করতেন না। কিভাবে থেকে তিনি নিজেকে সব সময়ই বাচিয়ে রেখেছিলেন এবং মুসলমানদের পারস্পারিক বিবাদ ও বিরোধে কোন সম্পর্ক রাখতেন না।

হযরত ছারমাহ (রাঃ) বিন আবি আনাছ আনসারী

বিশ্ব নবী (সাঃ)-এর স্মরণার্থে প্রতিদিন পূর্বে যদিও সকল আরববাসী সামগ্রিকভাবে কুফর, শিরক এবং নাকরমানীর অটোপাশে আবদ্ধ ছিল। তবুও তাদের মধ্যে কিছু এমন লোকও ছিল বারা তাওহীদশরী এবং ইবরাহীমের পথ অনুসরণকারী ছিলেন। আবার কতিপয় এমন লোকও ছিলেন যারা আল্লাহ কৃতীত অন্য কারো ইবাযাত করতেন না। কিন্তু তারা আবার কোন শরীয়াতের অন্তর্ভুক্তও ছিলেন না। তারা তাওহীদ ও ইবাযাত ইলাহীর আকাংখায় শেষ নবী হযরত মুহাম্মাদ (সাঃ)-এর আবির্ভাবের অপেক্ষাকৃত ছিলেন। ইতিহাসে এ ধরনের সাহাবীকে হুলাকা উপাধিতে ভূষিত করা হয়েছে। এ ধরনের সৌভাগ্যবান সাহাবীর সংখ্যা আসুলে সোনা যায়। তবে তারা যকা ও কারকের অন্যান্য এককার ছিলেন। এককি ইল্লাহ্রাবেও তাদের অস্তিত্ব ছিল। ইল্লাহ্রাবের হুলাকর মধ্যে আবু কাসেম হারমাহ (রাঃ) বিন আবি আনাস অগ্রিক, কসেম ও পবিত্রতার জন্য বিশেষ মর্যাদার অধিকারী ছিলেন। খাবরাক শোভের সম্পন্ন শাখা হু নাখরের সাথে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। তাঁর মকরনামা হলোঃ হারমাহ (রাঃ) বিন অবি আনাস কাসেম বিন মালিক বিন আদী বিন আন্নর বিন গাম্ম বিন আদী বিন নাফর।

আল্লাহ্‌তারালা হযরত হারমাহ (রাঃ)-কে সং হত্যাব দান করেছিলেন। বৌকনকালেই তিনি মুর্তিপূজা পরিহ্রায়ণ করেছিলেন এবং দুনিয়াবরী অফান করে অফালীত গ্রহণ করেন। সেই সময় তিনি ক্যানভাস বা চটের পোশাক পরিধান করতেন এবং নিরাক্তন বলে বলে খানে তন্দর থাকতেন। কিছুদিন এ এককীত ও নিরাক্তন কাছিরের পর দুনিয়ার ধাত্মর অপেক্ষহণ শুরু করেন। কিন্তু মুর্তিপূজা এবং অশরকর্ম তদকে মকনমাই বিরত থাকতেন। হকুমীতের মত মকনমার পর সেই খুজির অন্য খোলাস করতেন এবং এমন যত্রে গ্রাশেশ করতেন না যে যত্রে হারমাহা মহিলা অকবা কোন মকনমাই মকনম উপস্থিত থাকতেন। একবার তিনি তৎকালীন মকরে প্রচলিত মকরে মক মককে তে মক সঠিক অর্থে কল্যাণের দিকে পথ প্রদর্শন করে তা গ্রহণ করতে চেয়েছিলেন। বকুতঃ তিনি এ অকমবায়ন খুটান মকরে প্রতি অকমবিত হকুমছিলেন। কিন্তু অকন তিনি খেব্দেন যে, তৎকালীন খুটানরা নিজের কককে পরিবর্তন করে হারমাহ মুর্তিপূজা অকম্বুত করে মকমাই তখন তিনি খুটান কক গ্রহণ খেব্দে বিরত রাখেন এবং কীলে ইবরাহীম গ্রহণ করলেন।

যদিও পথ প্রদর্শক কেউ ছিল না কিছু তিনি নিজের প্রজ্ঞা দূরদর্শীতার ভিত্তিতে এক ষোড়শ ইবাদাতে মশগুল হয়ে যান। এ উদ্দেশ্যে তিনি একটি ইবাদাতখানাও তৈরী করলেন। ইবাদাতখানাটিকে খুব পাক পবিত্র রাখতেন এবং গোসল ওরাজিব হওয়ার ব্যক্তিকে তাতে প্রবেশ করতে দিতেন না। হাকিম ইবনে হাজার (রঃ) বলেছেন, তিনি নিজের ইবাদাতের ব্যাপারে বলেছেনঃ "আমি ইবরাহীম (আঃ)-এর রবের ইবাদাত করি।"

এভাবে স্বীয় কাটাতে কাটাতে হযরত হারমাহ (রাঃ)-এর রাস একশ বছরের বেশী হয়ে গিয়েছিল। পবিত্র চরিত্র এবং বার্বকোর কারণে তিনি মদীনারবীর সত্যক প্রচা ও সম্মানের পাত্র ছিলেন।

নবী (সাঃ)-এর হিজরাতের কিছুকাল পূর্বেই ইয়াছরাবে ইসলাম চর্চার বিস্তার লাভ ঘটে এবং লোকজন শেষ নবী (সাঃ)-এর কথা উল্লেখ করতে থাকে। ফলে হযরত হারমাহ (রাঃ)-এর অজর সাক্ষ্য দিয়ে ফেলল যে, মকায় যে পবিত্র ব্যক্তিত্ব মরাতের দাবী করেছেন তিনি আল্লার সত্য রাসূল এবং সত্য ঈমানের সাক্ষী ও প্রসারের জন্যই প্রেরিত হয়েছেন। তিনি রাসূল (সাঃ)-এর পরিবারে উল্লিখিত হয়ে ইমান আনয়নের জন্য অহির হয়ে পড়লেন। কিছু বার্বক ও ভয় সাহের কারণে মকা মুসাজ্জাম সফর করে যাওয়া তার পক্ষে কোনভাবেই সম্ভব ছিল না। তিনি হযর (সাঃ) কবে মদীনা আসবেন সে জন্য অহির চিন্তে পথদানে চেয়ে থাকতেন। তখন তার জীবনের একমাত্র কামনা, বাসনা এবং আরাধ্য বস্তুই ছিল পরগাম্বরে আখির জামান (সাঃ)-কে নমস্কর দেখে চোখ এবং স্তরকে সুশীতল করা।

অশেষে সেই শূভক্ষণ এসে। বিশ্বনবী হযরত মুহাম্মাদ (সাঃ) ইয়াছরিবের মাটিতে শূভ পদার্পন করলেন। সে সময় ইয়াছরাব "মদীনাতুন নবী" রূপে আত্মপ্রকাশ করলো। প্রিয় নবী (সাঃ)-এর মদীনা শূভাগমনে হযরত হারমাহ (রাঃ) বিন আবি আদাহ আনন্দে আত্মহারা হয়ে পেলেন। অত্যন্ত আবেগ ভরা ঊর্ধ্বরে মকী করিম (সাঃ)-কে মোখারক্বাম জানালেন। ইমান আনয়ন এবং বাইতাত প্রার্থন করে নিজেকে বন্য করলেন এবং এ হারী সম্পদ লাভে আল্লাহর পরিবারে গিলাহ জামন করলেন।

ইসলাম প্রচার সময় হযরত হারমাহ (রাঃ)-এর সময় প্রায় ১০৮ বছর ছিল।

আত্মাহ্বানক হযরত হারমাহ (রাঃ)-কে কাব্য রচনার ক্ষমতা দিয়েছিলেন। তাঁনি স্ত্রোত্রের একজন নামকরা কবি ছিলেন। নেতৃত্বানীর চরিতকাররা তাঁর স্মরণে কবিতা নিয়েছেন এবং স্থান দিয়েছেন। এ সকল করিতা পড়ে মনে হয় যে, তিনি তৎকালীন যুগের শেখ সাদী ছিলেন। কেননা তাঁর অধিকাংশ কবিতাতেই খারপ কাজ থেকে পরিষ্করণ এবং ভাল কাজের প্রতি আগ্রহী কৃতিকা পালনের নির্দেশ রয়েছে। আত্মাহ্বান আত্মমত সা মহানত্ব বর্ণনার সাথে সাথে তিনি মূর্তিপূজী, আত্মীয়তার বন্ধন ছিন্ন করা, হারাম খাওয়া এবং ধোকাবাগী প্রভৃতি থেকে বেঁচে থাকা ও আত্মীয়দের সাথে ভালো ব্যবহার করা, ইয়াতিম-গরীবদের সাহায্যের ওপর বিশেষভাবে জোর দিয়েছেন।

আত্মাহ্বান ইবনে আছির (রাঃ) "উসুদুল গাব্বাহ" এয়ে লিখেছেন, "হারমাহ (রাঃ) বিন আবি আনাছের অধিকাংশ কবিতা হিকমত ও নসীহতে পূর্ণ।"

ইমানের প্রসবণে অবগাহনের পর তিনি এক শক্তিশালী কাসিদাহ বলেন। তাতে তিনি মক্কার কুরাইশদের বন্ধনাপূর্ণ ভাগ্যের জন্য দুঃখ প্রকাশ এবং মদীনাবাসীদের সৌভাগ্যের গর্ব করলেন।

ইমাম হাকিম (রাঃ) এবং ইবনে আসির (রাঃ) বর্ণনা করেছেন, উস্মাহর জ্ঞানের সমুদ্র হযরত আবদুল্লাহ বিন আবাস (রাঃ) হযরত হারমাহ (রাঃ) বিন আবি আনাছের নিকট যেতেন এবং তাঁর কবিতা শ্রবণ করতেন।

হযরত হারমাহ (রাঃ) বিন আবি আনাছ শতাব্দে হওয়া সত্ত্বেও পবিজ রামাদানের রোযা ছাড়তেন না। বরং রোযা অবস্থান মাঠে নিজের ক্ষেতে কাজ করতে চলে যেতেন। একদিন রোযা অবস্থায় সন্ধ্যায় ঘরে ফিরে এলেন এবং ইফতারের জন্য খাবার চাইলেন। খাবার আসতে দেরী হওয়ার তিনি ঘুমিয়ে পড়লেন। কেননা রোযা এবং সারা দিনের পরিশ্রমে তিনি অবসাদগ্রস্ত হয়ে পড়েছিলেন। সে সময় নিয়ম ছিল যে, ইফতারের সময় যদি কেউ ঘুমিয়ে পড়ে তাহলে তাকে সেই রাত এবং পরের দিনও রোযা রাখতে হত। তাঁর স্ত্রী খাবার নিয়ে এসে তাকে নিদ্রামগ্ন দেখে বললেন, "তোমার ওপর আফসোস।" খুব ভোরে ঘুম থেকে জাগরিত হয়ে খুব দুর্বলতা অনুভব করতে লাগলেন। এমন কি বেহুঁশ হয়ে পড়লেন। শ্রিন্ন নবী (সাঃ) এ ঘটনার কথা শুনে এ আয়াত (অন্য মতে এ আয়াত নাখিল হয়) পাঠ করলেনঃ "এবং খাও ও পান কর এমনকি যতক্ষণ না রাতের কালো রেখা থেকে সুবহে সাদেকের সাদা রেখা পরিষ্কার রূপে দেখা দেয়।"

শ্রিন্ন নবী (সাঃ)-এর পবিজ মুখ থেকে এ আয়াত শুনে মানুষের মধ্যে খুশীর বন্যা বয়ে গেল। হাকিম ইবনে হাজার (রাঃ) বলেন, এ আয়াতের শানে নুযুলের ব্যাপারে মতভেদ রয়েছে। বিশেষ করে এ আয়াত কোন সাহাবীকে উপলক্ষ করে নাখিল হয়েছে

সে ব্যাপারে এ আয়াতের শাসনিক অর্থ হলো: তোমরা সে সময় পর্বত খানা পিনা কর বর্তকণ পর্বত সাদা সূতা এবং কালো সূতর মধ্যে পার্থক্য না করা যার। এ আয়াত মনে একজন সাহাবী নিজের পায়ের আঙ্গুলে একটি কালো ও অপর আঙ্গুলে একটি সাদা সূতা বেধে নিয়েছিলেন। অন্য এক রাত্তরাত্রেতে আছে যে, সাহাবীটি বিছানার মাথার দিকে একটি কালো ও একটি সাদা সূতা রেখে দিল এবং বর্তকণ পর্বত উভয়ের মধ্যে পার্থক্য ঠিকভাবে হত না উত্তকণ খানা-পিনা করতেন। এ সময় মিনাল কাজরি শব্দ নাবিল হয়। এ থেকে স্পষ্ট হয়ে যায় যে, সাদা এবং কালো সূতার অর্থ আলো ও অন্ধকারের দু'টি জেখা।

হবরত হারবাহ (রাঃ) একশ বিশ বছর বয়সে ইচ্ছকাল করেন।

০.০.০

হযরত সাহাল (রাঃ) বিন হুнайফ আনসারী

ওহদের যুদ্ধে এক আকস্মিক দুঃখপূর্ণ ঘটনা ঘটে গেল। এ আকস্মিকতার মুসলমানদের মধ্যে বিশৃঙ্খলা দেখা গেল এবং হযরত মুহাম্মাদুল্লাহ (সাঃ) শূণ্যমাত্র কয়েকজন আনসার সাহাবীসহ মরদানে সরে গেলেন। এ সকল সাহাবীর মধ্যে একজন সুদর্শন সাহাবী রাসূল্লাহ (সাঃ)-কে কোন কতি থেকে কচানোর জন্য সামনে দিগে দাঁড়িয়ে বললেনঃ "ইয়া রাসূল্লাহ! অম্মার মাতা-পিতা আপনার ওপর কুরবান হোক। আপনি আমার আড়ালে দাঁড়ান। আল্লাহ কসম, যতক্ষণ পর্যন্ত আমার জীবন আছে ততক্ষণ পর্যন্ত আমি আপনাকে রক্ষা করবো এবং এখান থেকে আমার পা পিছু হটাবোনা।"

মুশরিকদের তরফ থেকে হুদর (সাঃ)-এর দিকে যে উর আসতে থাকলো তাতে তিনি বধা দিতে থাকলেন এবং জবাবে নিজেও মুশরিকদের ওপর উর নিক্ষেপ করতে লাগলেন। রাসূল্লাহ (সাঃ) তার এ আত্মত্যাগের আবেগে খুব পছন্দ করলেন। তিনি বার বার অসত্য সাহাবীকে বললেন, "তাকে উর দাও। সে সাহাল।"

এ সাহাবী—তিনি ওহদের যুদ্ধে নিজের জীবন হাতে রেখে শুর থেকে শেষ পর্যন্ত রাসূল (সাঃ) কে রক্ষা করেছিলেন এবং তার সুনসর কেড়েছিলেন—তিনি ছিলেন হযরত সাহাল (রাঃ) বিন হুнайফ আনসারী।

হযরত আবু সারাহ সাহাল (রাঃ) বিন হুнайফ আনসারীর সম্পর্ক ছিল আউল গোত্রের সাথে। তার নসবনামা হলোঃ সাহাল (রাঃ) বিন হুнайফ বিন ওরাহিব বিন আকিম বিন হুরায়সা বিন হারিহ বিন মারগারা হ বিন আমর বিন আশর বিন আওক বিন আশর বিন আওক বিন মালিক বিন আউল।

হযরত সাহাল (রাঃ) ছোট সহোদর হযরত ওসমান (রাঃ) বিন হুнайফের সাথে হিজরতে নব্বীর আগেই ইসলাম গ্রহণ করেছিলেন। এভাবে তিনি আনসারের প্রথমতী কলের অন্তর্ভুক্ত হলেন। হিজরতের কয়েক মাস পর হিজ

নবী (সাঃ) মুহাজির ও আনসারদের মধ্যে বাতৃত্বের বন্ধন কায়েম করেন। ইবনে সান্নাদ (রাঃ)-এর বর্ণনা অনুসারে এ সময়ে হযরত সাহাল (রাঃ)-কে হযরত আলী কারামাত্লাহ ওয়াছহাহুর ডাই বানিয়েছিলেন। কিন্তু অধিকাংশ চরিত্রকারের মত হলো, হযুর (সাঃ) হযরত আলী (রাঃ)-কে নিজের ডাই বলে আখ্যায়িত করেছিলেন।

হক ও বাতিলের প্রথম যুদ্ধ বদরে হযরত সাহাল (রাঃ) বিন হুনাইফ অংশ গ্রহণ করে বদরী সাহাবী হওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন।

ওহোদের যুদ্ধে তিনি প্রচণ্ড বাহাদুরী প্রদর্শন করেন। চরম বিশৃঙ্খলার মধ্যেও তিনি অটল ছিলেন। হাকিম ইবনে হাকার (রাঃ) কখনো বলেন, যেদিন তিনি সূত্বুর হাতে বাইয়াত হয়েছিলেন। যুদ্ধের শেষ পর্যন্ত তিনি শত্রুর ওপর অক্লান্তভাবে তীর নিক্ষেপ করতে থাকেন এবং হযুর (সাঃ) অন্যান্য সাহাবীকে বলতে থাকেন যে, তাঁকে তীর গিতে থাকো। হস সাহাল।

ওহোদের যুদ্ধের পর তিনি পরিবার যুদ্ধেও বাহাদুরী প্রদর্শন করেন। ৬ষ্ঠ হিজরীতে বাইয়াতে রেদওয়ানে অংশগ্রহণের সৌভাগ্য লাভ করেন। এরপর খায়বর, মকা বিজয়, হুনাইন, ত্রয়েক এবং আবুকের যুদ্ধসমূহে রাসূল (সাঃ)-এর সহচর ছিলেন। হযরত সাহাল (রাঃ) যুদ্ধ সমূহে অংশগ্রহণের সাথে সাথে নবী (সাঃ) এর ক্রোধও লাভ করতেন। হযুর (সাঃ)-ও তাঁকে অভ্যস্ত রেহ করতেন। আল্লাহ তায়ালা সুন্দর অভাবের সাথে সাথে রূপও দান করেছিলেন। তিনি অভ্যস্ত সুদর্শন ছিলেন। কোন এক যুদ্ধে হযুর (সাঃ)-এর সাথে ছিলেন। নিকটেই একটি নালা ছিল। তাতে গোসল করতে লাগলেন। একজন আনসারী সাহাবী তার সুন্দর শরীর দেখে বলে ওঠলেন, “বাঃ বাঃ কি সুন্দর দেহ! আমি এত সুন্দর দেহ আর কখনো দেখিনি।” তিনি এ কথা বলতেই হযরত সাহাল (রাঃ) বেহুশ হয়ে পড়ে গেলেন। তার সাখী দৌড়ে গিয়ে প্রচণ্ড ছায়ে শরীর উড়তে দেখতে হলেন। উঠিয়ে তিনি তাকে সৈন্যস্বাক্ষরীরা মধ্যে নিয়ে এলেন। শির নবী (সাঃ) জিজ্ঞেস করলেন, “কি ব্যাপার?” সাহালটি ঘটনা বর্ণনা করলেন। তিনি কহলেন, “আর্চর্চ মানুষ বিজয় ডাইয়ের শরীর ছত্রাক্ত মাল দেখে বরকতের দোরা করে না। এ অন্যই বরকতের।” আরামের রহস্যের হযরত সাহাল (রাঃ) তাড়াতাড়ি সুস্থ হয়ে ওঠলেন।

রাসূল (সাঃ)-এর ওফরতের পর হযরত ওয়াছহাহুর জুরায়নের শাসনকাল পর্যন্ত সাহাল (রাঃ)-এর জ্ঞানবুদ্ধির ব্যাপারে চরিত্রকাররা কিছুই লিখেননি। হযরত আলী (রাঃ)-এর শাসনকালে তার নাম জনসমক্ষে আবার প্রকাশ পায়। হযরত

সাহাল (রাঃ)-কে তিনি মদীনার আমীর নিয়োগ করেছিলেন। তাও সম্প্রকাশীন সময়ের জন্য। কিছুদিন পর তিনি তাকে কুফা ভেঙে পাঠান এবং তিনি মদীনা থেকে কুফা চলে যান।

উত্তর যুদ্ধের পর হযরত আলী (রাঃ) বিভিন্ন প্রদেশে গবর্নর নিয়োগ করেন। তখন হযরত সাহাল (রাঃ)-কে হযরত আমীর মাযিয়া (রাঃ)-এর স্থানে সিরিয়ার গবর্নর নিয়োগ করা হয়। কিন্তু সিরিয়ার ওপর আমীর মাযিয়া (রাঃ)-এর ঋণা মজবুত ছিল। হযরত সাহাল (রাঃ) সিরিয়ার সীমান্তে অবস্থিত তাবুক নামক স্থানে শত্রু আমীর মাযিয়া (রাঃ)-এর সওয়ার পেলেন এবং তাকে ফিরে যেতে বাধ্য করা হলো। তিনি ফিরে এসে হযরত আলী (রাঃ)-কে বললেন, আমীর মাযিয়া (রাঃ) আপনায় বিরোধিতার পথ বেছে নিয়েছেন এবং সিরিয়াবাসী তাঁর বাইয়াত করে নিয়েছে। ঘটনার পর আলী (রাঃ) এবং হযরত মাযিয়া (রাঃ)-এর মধ্যে সিফ্বিনের যুদ্ধ শুরু হয়। এসময় হযরত সাহাল হযরত আলী (রাঃ)-এর পক্ষ থেকে যুদ্ধে পুরোপুরি অংশ গ্রহণ করেন।

আবু হানিফাহ দিনাওয়ারী (রাঃ) বর্ণনা করেছেন যে, যুদ্ধে একবার তিনি হেজাজবাসীর নেতৃত্ব দিয়েছিলেন। সে সময় হযরত আলী (রাঃ) তাকে পারস্যের আমীর নিয়োগ করেন। কিন্তু ইমামতের দায়িত্ব গ্রহণ করতেই তিনি কঠিন অবস্থার সম্মুখীন হন এবং শক্তি প্রয়োগ করে তাকে পারস্য থেকে বের করে দেয়া হয়।

হযরত সাহাল (রাঃ) যদিও একজন বড় বাহাদুর ছিলেন। তবুও সিফ্বিনের যুদ্ধে তিনি এক দলের ইচ্ছার বিরুদ্ধে সন্ধি আলোচনার পক্ষে মত প্রদান করেন। ফলে তারা তাকে বুজদিল হিসেবে আখ্যায়িত করে। তিনি এ কথা শুনলে বলেছিলেনঃ

“তাদের মত ঠিক নয়। আমি বুজদিল বা কাপুরুষ নই। আমি যে কাজের জন্য তরবারী উঠিয়েছি তা আসান বা সহজ করে নিয়েছি। হুদাইবিয়ার দিন যদি তরবারী দিয়ে কাজ করা রাসূল (সাঃ)-এর মরজী বিরোধী না হতো তাহলে সেদিন আমি মুশরিকদের সাথে লড়াই করতে প্রস্তুত ছিলাম।”

হযরত সাহাল (রাঃ) বিন হুদাইক ৩৮ হিজরীতে কুফায় ইচ্ছাকাল করেন। আমীরুল মুমিনিন হযরত আলী করনামাশ্রাফ ওয়াহহাছ ৬ তাকবীরের সঙ্গে তার নামাযে জানাযা পড়ান এবং বলেন, “তিনি বদরী সাহাবী ছিলেন।” বদরী সাহাবীদের নামাযে জানাযার এ বৈশিষ্ট্য বজায় রাখা হতো।

মুহাম্মদ সন্নত হযরত সন্নত (রাঃ) দু' পুত্র রেখে যান। তারা হলেন আবু উমামাহ আসন্নত (রাঃ) ও আবদুল্লাহ (রাঃ)। আবু উমামাহ আসন্নত (রাঃ) রাসূল (সাঃ)-এর যুগে জন্ম গ্রহণ করেন।

হাদীস বর্ণনার ক্ষেত্রে হযরত আহল (রাঃ)-এর নাম চতুর্থ পর্যায়ভুক্ত করা হয়েছে। তার থেকে ৪০টি হাদীস বর্ণিত আছে।

তিনি হুসু (সাঃ) এবং হযরত যার্নেদ (রাঃ) বিন হাবিত হককে হাদীস বর্ণনা করেছেন। যেসব ভাবেই তার থেকে হাদীস বর্ণনা করেছেন তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলেন আবু আব্দুল্লাহ (রাঃ), উবাইদুল্লাহ (রাঃ) বিন আবদুল্লাহ (রাঃ) ও আবদুল রহমান বিন আবি সারলা (রাঃ)।

হযরত নূ'মান (রাঃ) বিন বশির (রাঃ) আনসারী

হীনের প্রতি ভালোবাসাই আল্লাহর হীন। মহিলা হোক অথবা পুরুষ, শিশু হোক অথবা বৃদ্ধ। স্রষ্টা যাকে ইচ্ছা তাকেই তা দান করেন। রাসূল (সাঃ)-এর জীবনের শেষ দিকে মদীনাবাসী এক অপ্রাপ্ত বয়স্ক শিশুর হীনের প্রতি ভালোবাসা এবং রাসূল প্রেমের এক আত্মীয় ধরনের অবস্থা প্রত্যক্ষ করেন। এ শিশু প্রায়ই নবী (সাঃ)-এর নিকট উপস্থিত থাকতো এবং অত্যন্ত উৎসাহ-উদ্বীপনার সাথে তার কাছ থেকে হীনের কথা শিখতো। হযুর (সাঃ) ওয়াজের জন্য মিমরের ওপর দাঁড়াতে, তখন এ শিশু মিমরের নিকট বসে যেত। তখনই হযুর (সাঃ)-এর কথা শুনতো এবং তা স্মরণ রাখার চেষ্টা করতো। সে হযুর (সাঃ)-এর পিছনে নামায পড়তো এবং পবিত্র রামাদান মাসের রাতে জেমে ইবাদাত করতো। দ্বিতীয় নবী (সাঃ)-ও সে শিশুকে খুব ভালবাসতেন এবং স্নেহ করতেন। একবার হযুর (সাঃ)-এর নিকট তাকে থেকে আনুর এলো। শিশুটিও তখন রাসূল (সাঃ)-এর বৈদমতে উপস্থিত ছিল। তিনি তাকে দু'ছড়া আনুর দিয়ে বললেন, “পুত্র, একছড়া তোমার এবং আরেক ছড়া তোমার মাতার। বাড়ী নিয়ে তাকে দিয়ে দিও।” সেতো শিশু ছিল। পথে নিজের ছড়া খেয়ে খুব মজা পেল। দ্বিতীয় ছড়াও খেয়ে ফেললো এবং মাকে এ কথা কখনো বললোও না। কিছুদিন পর হযুর (সাঃ) তাকে জিজ্ঞেস করলেন, “পুত্র, মাকে কি আনুরের ছড়া দিয়েছিলে?” রাসূল (সাঃ)-এর সাহচর্যের গুণে সে-ও সত্যবাদী হয়েছিল। আরজ করলো, “হে আল্লাহর রাসূল—না। দু'ছড়াই আমি খেয়ে ফেলেছিলাম।” তার জবাব শুনে হযুর (সাঃ) মুচকি হাসলেন এবং তার কান ধরে বললেন, “খুব ধূর্ত হয়ে গেছ দেখি।”

শিশুটি নবী শ্রেষ্ঠ হযরত মুহাম্মাদ(সাঃ)-এর প্রচুর স্নেহ ও ভালোবাসা পেয়েছিল এবং আল্লাহ ও রাসূল (সাঃ)-এর প্রতি তারিও ছিল অসাধ ভক্তি প্রহ্লা। আর সেই শিশু ছিলো হযরত নূ'মান (রাঃ) বিন বশির আনসারী।

হযরত আবু আবদুল্লাহ নূ'মান বিন বশির (রাঃ)-এর সম্পর্ক ছিল খায়রাজ বংশের বনু হারেরের সঙ্গে। নসবনামা হলোঃ নূ'মান (রাঃ)-বিন বশির (রাঃ) বিন সামান বিন

ছায়ালাবা বিন খালাছ বিন বায়েদ বিন মালিক আগার বিন ছায়ালাবা বিন কায়াব বিন খাযরাজ বিন হারিছ বিন খাযরাজুল আকবার।

হযরত নূ'মান (রাঃ) দ্বিতীয় হিজরীতে বদরের যুদ্ধের তিন চার মাস পূর্বে অনু গ্রহণ করেন। জ্ঞান হলে নিজের বাড়ীতে ইসলামের সুস্বাদু মোহিত হতে দেখেছিলেন। তাঁর পিতা হযরত বশির (রাঃ) বিন সায়াদ আনসারের অস্বাভী দলভুক্ত ছিলেন এবং শ্রিয় নবী (সাঃ)-এর প্রতি ছিলো অগাধ শ্রদ্ধা। তিনি বাইয়াতে উকাবায়ে কবিরাতে অংশ নিয়েছিলেন এবং বদর, শুহোদ, ঝন্দক ও অন্যান্য সকল যুদ্ধে রাসূল (সাঃ)-এর সহগামী ছিলেন। হযুর(সাঃ)-এর শুফাতের পর আনসারের এক বড় শ্রেণীর ধারণা ছিলো যে, খাযরাজের সরদার হযরত সায়াদ (রাঃ) বিন উবাদাহ সারোদী আনসারীকে খিলাফতের আসনে আরোহণ করা উচিত। কিন্তু হযরত বশির (রাঃ) বিন সায়াদ মুহাজিরদের খিলাফতের পক্ষে জোরশোরে সমর্থন জ্ঞাপন করলেন এবং আনসারদের মধ্যে সর্বপ্রথম হযরত আবু বকর সিদ্দিক (রাঃ)-এর বাইয়াত করলেন। হযরত নূ'মানের মাতা হযরত উমরাহ (রাঃ) বিনতে রাওন্নাহা জালিলুল কদর সাহাবী হযরত আবদুল্লাহ (রাঃ) বিন রাওন্নাহার সহোদরা এবং অত্যন্ত মুখলিস সাহাবিলাহ ছিলেন। পুত্র নূ'মান (রাঃ)-এর প্রতি ছিল অসাধারণ ভালোবাসা। একবার তিনি একটি বিশেষ সম্পদ হযরত নূমান (রাঃ)-এর নামে হেবাহ করতে চাইলেন এবং স্বামী হযরত বশীর (রাঃ) বিন সাদেককেও রাজী করিয়ে নিলেন। অতপর তিনি হযরত বশীর (রাঃ)-কে বললেন, এ কাজে রাসূল (সাঃ)-কে সাক্ষী বানিয়ে নিন। হযরত বশীর শিশু নূমান (রাঃ)-কে সাথে নিয়ে রাসূলে (সাঃ)-এর নিকট হাজির হলেন এবং আরজ করলেন : "হে আল্লাহর রাসূল ! আপনি সাক্ষী থাকুন যে, আমি আমার অমুক সম্পদ এ পুত্রকে প্রদান করছি।"

হযুর (সাঃ) জিজ্ঞেস করলেন, "এ সম্পদ থেকে তুমি কি তার অন্যান্য ভাইদেরকেও অংশ দিয়েছ?"

হযরত বশির (রাঃ) আরজ করলেন, "হে আল্লাহর রাসূল, না।"

হযুর (সাঃ) বললেন, "তাহলে আমি জুলুমের সাক্ষী হতে পারি না।" অন্য অপর এক রাওন্নাতে তাঁর সঙ্গে এ শপথবলী সর্ঘন্ত্রিট আছে: "আল্লাহকে ভয় কর এবং সন্তানদের মধ্যে ন্যায় ও ইনসাক প্রতিষ্ঠা করা।"

এরপর হযরত বশির (রাঃ) চূপ-চাপ ঘরে ফিরে গেলেন এবং হযরত উমরাহ (রাঃ)-ও শ্রিয় নবী (সাঃ)-এর নির্দেশের সামনে মাথা নত করে দিলেন।

স্বৈ সম্পদ মাতা-পিতা হযরত নূ'মান (রাঃ)-কে বিশেষভাবে দিতে চেয়েছিলেন তা কি ছিল? এ ব্যাপারে মতভেদ রয়েছে। কতিপয় রাওন্ডাতে আছে এটা অমি ছিল। আবার কতিপয় রাওন্ডাতে আছে যে তা একটি শোল্যাম ছিল।

বলা হয়ে থাকে যে, নবী (সাঃ)-এর হিজরতের পর কোন আনসারীর গৃহে হযরত নূ'মানই প্রথম অনু গ্রহণ করেন। মাতা-পিতা তাকে অসাধারণভাবে ভালবাসতেন এবং প্রায় সময়েই ছয়র(সাঃ)-এর পবিজ্ব খিদমতে নিয়ে যেতেন। তার অন্য দোয়া করতেন। এ কারণেই শিশু নূ'মানের অন্তরে রহমতে আলম (সাঃ)-এর প্রতি সীমাহীন ভালোবাসা এবং শ্রদ্ধা অন্বৈছিল। ১১ হিজরীর রবিউল আওয়াল মাসে সিরি নবী (সাঃ)-এর ইচ্ছাকালের সময় হযরত নূমান (রাঃ)-এর বয়স আট বছর ৭ মাস ছিল। বয়স এত কম হওয়া সত্ত্বেও তিনি ছয়র (সাঃ)-এর এক বিরাট সংখ্যক ইরশাদ মুখস্ত করে নিয়েছিলেন।

হযরত আবু বকর সিদ্দিক (রাঃ), হযরত ওমর কাক্ক (রাঃ) এবং হযরত ওসমান জুন্নরাইন (রাঃ)-এর খিলাফতকালে হযরত নূমান (রাঃ) বিন বশির (রাঃ)-এর তৎপরতার কোন হসিস পাওরা যায় না। অবশ্য কতিপয় রাওন্ডেত থেকে জানা যায় যে, তিনি হযরত ওসমান (রাঃ)-এর শাহাদাতে খুব ব্যাধিত হয়েছিলেন এবং তার রক্তাক্ত কুর্তাহ ও স্ত্রী নারোলা (রাঃ)-এর কর্তিত আবুল হযরত মাযিয়া (রাঃ)-এর নিকট দামেক নিয়ে গিয়েছিলেন। হযরত আলী (রাঃ) খিলাফতের শুরুতেই বখন আমীর মাযিয়া (রাঃ)-এর সাথে তার মত বিরোধ শুরু হলো তখন হযরত নূ'মান (রাঃ) আমীর মাযিয়া (রাঃ)-কে সমর্থন দান করেন। আমীর মাযিয়া (রাঃ) হযরত নূ'মানকে খুব শ্রদ্ধা করতেন এবং নিজে শাসনকালে তাকে কয়েকটি উচ্চপদে সম্মানীন করেন। ঐতিহাসিক ইয়াকুবি বর্ণনা করেছেন, আমীর মাযিয়ার নির্দেশে হযরত নূ'মান (রাঃ) দু'হাজার সৈন্যের বাহিনীসহ আইনুত তামারের ওপর হামলা করেন। সে সময় সেখানে হযরত আলী (রাঃ)-এর পক্ষ থেকে মালিক বিন কাব গবর্নর ছিলেন। তিনি হামলাকারী বাহিনীকে হটিয়ে দিয়েছিলেন। স্বয়ং হযরত নূ'মান এ বাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন না তিনি কোন দ্বিতীয় ব্যক্তিকেই এ অভিযানে প্রেরণ করেছিলেন সে ব্যাপারে মতভেদ রয়েছে।

দামেকের কাছী হযরত ফুআলাহ (রাঃ) বিন উবায়দ আনসারী ৫৩ হিজরীতে ওফাত গেলেন। এ সময় হযরত আমীর মাযিয়া (রাঃ) হযরত নূ'মান (রাঃ)-কে তার স্থলাভিষিক্ত করেন। তার কিছুদিন পর তিনি হযরত নূ'মান (রাঃ)-কে ইরোমেনের আমীর নিয়োগ করেন। নিজের মৃত্যুর কিছু দিন পূর্বে ৫৯

হিজরীতে আমীর মাযিনা (রাঃ) হযরত নুমান (রাঃ)-কে কুফার মত গুরুত্বপূর্ণ প্রদেশের গবর্নর বানান। তিনি এ পদে বহাল থাকার অবসর ৬০ হিজরীতে আমীর মাযিনা (রাঃ) ওফাত পান এবং প্রথম ইরানি শাসন কর্মচার অধিকৃত হয়। কুফাবাসী এ ঘটনার খবর পেল। তারা বনু উমাইয়্যার বিরোধী হযরত সুলায়মান (রাঃ) বিন ছুরায়ুল খাজরীর গৃহে একত্রিত হয়ে হযরত হুসাইন (রাঃ) বিন আলী (রাঃ)-এর বিদমতে পত্র প্রেরণ করে ডাকে কুফা তাম্রীক আন্দোলন অনুপ্রবেশের সিদ্ধান্ত গৃহীত হয়। পত্রে তারা তাঁর বাইরাত করার জন্য প্রতৃত রয়েছে বলেও উল্লেখ করা হয়। এ পত্র প্রেরণের পর কুফাবাসী একের পর এক এ বিদ্রোহের পত্র প্রেরণ অব্যাহত রাখলো। হযরত হোসাইন (রাঃ) পর পর তাদের পত্র পেলেন। তিনি আপন চাচাতো ভাই মুসলিম বিন আকিল (রাঃ) কে পরিস্থিতি অবগত হওয়ার জন্য কুফা প্রেরণ করলেন। মুসলিম বিন আকিল (রাঃ) কুফা পৌঁছলে ১২ অথবা ১৮ হাজার মানুষ তাঁর হাতে বাইরাত নিলেন। হযরত নুমান বিন বশির (রাঃ) এ পরিস্থিতির খবর পেয়ে দেখেও না দেখার ভূমিকা নিলেন। কিছু যখন শাসক বিরোধী তৎপরতা বৃদ্ধি পেতে লাগলো তখন হযরত নুমান (রাঃ) মিশরে চড়ে লোকদের সামনে এক শক্তিশালী ভাবন দিলেন। ভাষণে তিনি বললেন, “হে মানুষেরা! আল্লাহকে ভয় কর এবং কিভাবে সৃষ্টি করে না। কেননা তাতে জীবন হানি হয়। রক্ত প্রবাহিত ও সম্পদ লুটপাট হয়। যে আমার সাথে লড়াই করবে না আমি তার সাথে লড়াই করবো না। যে আমার ওপর হামলা করবে না আমি তার ওপর হামলা করবো না। ধারণার বশবতী হয়ে কাউকে আটক করবো না। যার অপরাধ প্রকাশ হয়ে গেছে এবং জানা গেছে যে বাইরাত ছিন্ন করেছে তাহলে আমার হাতে যতদিন তরবারী থাকবে ততদিন তার ওপর আঘাত হানতে থাকবো। আমি যদি একাও হই তাহলেও আমি এ কাজ চালিয়ে যাব।”

এ সমাবেশে বনু উমাইয়্যার এক শক্তিশালী সমর্থক আব্দুল্লাহ বিন মুসলিমও উপস্থিত ছিল। হযরত নুমান (রাঃ)-এর নরমশহা তার পছন্দ হলো না। সে উঠে বললো, “হে আমীর! আপনার গৃহীত কর্মশক্তি দুর্বল। এখন নরম নর কঠোর হওয়ার সময়।”

হযরত নুমান (রাঃ) বললেন, “আমি আল্লাহ সাকরমানীতে শক্তিশালী হওয়া এবং আনুগত্যের প্রতি দুর্বল হওয়ারকে অপ্রাধিকার দিয়ে থাকি এবং আল্লাহ যদি কারো ওপর আকরন দিয়ে থাকেন, আমি তা ছিন্ন করতে চাই না।”

আবদুল্লাহ বিন মুসলিম সেখান থেকে উঠে গৃহে এলো এবং ইয়াযিদকে কুফার কোন শক্তিশালী ব্যক্তি প্রেরণের কথা লিখে একটি পত্র দিল। সে পত্রে উল্লেখ করলো যে, “নূ’মান (রাঃ) অত্যন্ত দুর্বলতা প্রদর্শন করেছে।”

ইয়াযিদ এ পত্র পেয়ে উবাইদুল্লাহ বিন যিয়াদকে কুফার গবর্নর নিয়োগ করলো। হযরত নূ’মান (রাঃ) শাসন ক্ষমতা তার হাতে সোপর্দ করে সিরিয়া চলে গেলেন। এটা ৬০ হিজরীর ঘটনা। কিছুদিন পর ইয়াযিদ তাকে হেমসের গবর্নর নিয়োগ করলেন এবং তার ওফাত পর্যন্ত এ পদেই বহাল ছিলেন।

হযরত নূ’মান (রাঃ) কুফা থেকে প্রত্যাবর্তনের কিছুদিন পর কারবালার হুদয়বিদারক ঘটনা সংঘটিত হলো। এ ঘটনায় সাইয়েদেনা হযরত হোসাইন (রাঃ) তার বেশ কিছু সংখ্যক আত্মীয় স্বজন এবং সাথী শাহাদত বরণ করলেন। হযরত হোসাইন (রাঃ)-এর উত্তরাধিকারদেরকে দামেস্ক নিয়ে যাওয়া হলো, তারা যখন দামেস্কে কিছুদিন অবস্থান করলেন, তখন ইয়াযিদ তাদেরকে হযরত নূ’মান বিন বশির(রাঃ)-এর তত্ত্বাবধানে মদীনা মুনাওয়ারাহ প্রেরণ করলো।

হযরত নূ’মান (রাঃ) যথাসাধ্য মুসিবাত যাদাহ মুসাফিরদেরকে সাহায্য করলেন এবং রাস্তায় তাঁদের কোন কষ্ট হতে দিলেন না। কোন মনযিলে এ কাফেলা যাত্রা বিরতি করলে হযরত নূমান (রাঃ) এবং তাঁর সাথীরা পর্দার খেলালে পৃথক হয়ে যেতেন। কাকেশাটি মদীনা মুনাওয়ারাহ পৌঁছলে হযরত যন্নব (রাঃ) হযরত কাতিমা (রাঃ) সুন্দর ব্যবহারের জন্য হযরত নূমান (রাঃ)-কে চুরি ও বাজু বন্ধ খুলে প্রদান করলেন। সাথে সাথে তাদের নিকট অন্য কোন জিনিস না থাকার কারণে দিতে পারলেন না বলে ক্ষমা চাইলেন।

হযরত নূ’মান অশ্রুপূর্ণ নেত্রে বললেন, “হে রাসূল (সাঃ)-এর বেটিরা! আল্লাহর কসম আমি যা কিছু কয়েছি তা আল্লাহর সন্তুষ্টি এবং রাসূল (সাঃ)-এর আপনাদের আত্মীয়তার থাকার কারণে করেছি। দুনিয়ার কোন স্বার্থের জন্য করিনি। এ অলংকার নিয়ে আমি আমার ছওয়াব নষ্ট করবো না। আল্লাহর কসম! এ সব আপনাদের নিকটেই রাখুন।”

হযরত হোসাইন (রাঃ) ছাড়া ইয়াযিদ হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-কেও ভয় করতেন। তিনি মকায় অবস্থান করছিলেন এবং ইয়াযিদের বাইনাভের আদ্রাহী ছিলেন।

না। কারবালার বিরোধাক্ত ঘটনার পর সে কতিপয় লোককে ইবনে যোবায়ের (রাঃ)-এর বাইয়াত নেয়ার জন্য মক্কা প্রেরণ করেছিল। ইবনে যোবায়ের (রাঃ) তাদেরকে এ জবাব দিয়েছিলেন যে, “আমি ইয়াযিদের কোন কথার জবাব দেব না। আমি বিদ্রোহী নই। তবে, নিজেকে অন্য কারোর কবজায় কখনো ন্যস্ত করবো না।”

তার্না ফিরে গিয়ে ইয়াযিদেরকে হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ)-এর জবাব সম্পর্কে অবহিত করলো। তাতে সে আরো বেশী জ্যোৎস্বিত হলো এবং সিরিয়ার সম্ভ্রান্ত লোকদের একটি প্রতিনিধি দল ইবনে যোবায়ের (রাঃ)-এর নিকট প্রেরণ করলো। এ দলে হযরত নু'মান বিন বশীর (রাঃ)-ও ছিলেন। তারা মসজিদে হারামে গিয়ে হযরত ইবনে যোবায়ের (রাঃ)-এর সাথে সাক্ষাত করলেন এবং তাকে ইয়াযিদের বাইয়াত গ্রহণে সম্মত করাতে চাইলেন। এতে ইবনে যোবায়ের (রাঃ)-এর প্রতিনিধি দলের এক সদস্য আবদুল্লাহ বিন উজাত আশন্নারীকে সম্বোধন করে বললেন:

“এ হেরেমে আমার সাথে লড়াই করা কি হালাল হবে?” ইবনে উজাত জবাবে বললেন, “হাঁ, আপনি আমীরুল মুমিনিনের অনুগত্য না করলে তা হালাল হবে।”

ইবনে যোবায়ের (রাঃ) হেরেমের একটি কবুতরের দিকে ইঙ্গিত করে বললেন, “এ কবুতর মারা কি হালাল?” ইবনে উজাত বললেন, “হাঁ, যদি জানা যায় যে, সে আমীরুল মুমিনের অধাধ্য।” ইবনে উজাতের সাথে আলোচনার পর হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) হযরত নু'মান বিন বশির(রাঃ)-কে নির্জনে গিয়ে শেলেন এবং বললেন, “আমি তোমাকে আক্কাহর কসম দিয়ে জিজ্ঞেস করছি যে, তোমার নিকট আমিই আফজাল না ইয়াযিদ?”

হযরত নুমান (রাঃ): “আপনি”

হযরত ইবনে যোবায়ের (রাঃ) “আমার পিতা আফজাল না ইয়াযিদের পিতা?” হযরত নু'মান (রাঃ) “আপনার পিতা” হযরত ইবনে যোবায়ের (রাঃ), “আমার মাতা আফজাল না ইয়াযিদের মাতা।” হযরত নু'মান (রাঃ), “আপনার মাতা।” হযরত ইবনে যোবায়ের (রাঃ), “আমার খালা আফজাল, না ইয়াযিদের খালা আফজাল?” হযরত নুমান (রাঃ), “আপনার খালা।” হযরত ইবনে যোবায়ের (রাঃ), “আমার কুকু আফজাল না ইয়াযিদের কুকু?” হযরত নুমান (রাঃ) আপনার—আপনার পিতা যোবায়ের (রাঃ),

মাতা আসমা (রাঃ) বিনতে আবি বকর (রাঃ) — খালা উম্মুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকাহ (রাঃ) এবং কুসু উম্মুল মুমিনিন হযরত খোদারজাহ (রাঃ) বিনতে খুন্নায়েদ।”

হযরত ইবনে যোবায়ের (রাঃ) বললেন, “এরপরও তুমি কি পরামর্শ দাও যে, আমি ইয়াযিদেদে বাইয়াত করি।”

হযরত নুমান (রাঃ) বিন বশির (রাঃ) বললেন, “আপনি যদি আমার পরামর্শ চান তাহলে আমি আপনাকে এ মত দেব না এবং ভবিষ্যতে আপনার নিকট আসবোও না।” এরপর প্রতিনিধি দলটি ইয়াযিদেদের নিকট ফিরে গেল।

ইয়াযিদেদের মৃত্যু এবং মাবিয়া (রাঃ) বিন ইয়াযিদেদের ক্ষমতা থেকে পদত্যাগের পর ৬৪ হিজরীতে হযরত নুমান (রাঃ) বিন বশির হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) — এর বাইয়াত করেন। হযরত আবদুল্লাহ বিন যোবায়ের (রাঃ) তাঁকে হেমেসের শাসনকর্তা এবং সিরিয়ার কতিপয় জেলার শাসক হিসেবে জাহহাক বিন কায়েসকে নিয়োগ করেন। নতুন উমাইয়া খলিফা মারওয়ান ইবনুল হাকাম জাহহাক বিন কায়েসকে অনুগত করার জন্য একটি শক্তিশালী বাহিনী প্রেরণ করলেন। হযরত নুমান (রাঃ) এ খবর পেয়ে পুরাহ বিল বিন জুল কালার নেতৃত্বে কিছু সৈন্য জাহহাক বিন কায়েসের সহায়ার্থে প্রেরণ করলেন। মারজে রাহাত নামক স্থানে উভয় বাহিনীর মধ্যে রক্তাক্ত যুদ্ধ সংঘটিত হলো। যুদ্ধে জাহহাক বিন কায়েস পরাজিত হলেন। হযরত নুমান (রাঃ) পরাজয়ের খবর পেয়ে রাতে হেমেস থেকে বেরিয়ে গেলেন। মারওয়ান খালিদ বিন আদিল কিলারীর নেতৃত্বে একটি বাহিনী দিয়ে তার পিছু ধাওয়া করালেন। খালিদ বিন আদিল তাঁকে হেমেসের উপকণ্ঠে বিরান নামক একটি গ্রামে গিয়ে ঘিরে নিল এবং শহীদ করে মাথা কেটে নিল। অতপর সে হযরত নুমানের পরিবার — পরিজনকে জাফতার করলো এবং তাদেরকে হযরত নুমান (রাঃ) — এর মাখাসহ মারওয়ানের নিকট পেশ করলো। মারওয়ান হযরত নুমান (রাঃ) — এর মাখা তাঁর স্ত্রীর কোলের ওপর নিক্ষেপ করলো। এক বর্ণনায় আছে, তার স্ত্রী মাখাটি তাকে প্রদানের জন্য ঝগড়া করেছিলেন। যাহোক এটা ছিল এক শিক্ষণীয় ঘটনা। ইসলামের উন্নত নৈতিক মানদণ্ডের সঙ্গে এর কোন সামঞ্জস্য ছিল না। কারণ, ইসলাম লাপ অবমাননা করার অনুমতি দেয় না। অন্যদিকে হযরত নুমান বিন বশির (রাঃ) বিশ বছরেরও বেশী সময় ধরে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে বনু উমাইয়াদের বিদমত করেন। কিন্তু অবশেষে একজন উমাইয়া শাসকের হাতেই তাঁকে শাহাদাত প্রাপ্ত হতে হয়।

হযরত নূ'মান (রাঃ)-এর শাহাদতের ঘটনা ৬৫ হিজরীতে ঘটে। সে সময় তাঁর বয়স ছিল প্রায় ৬৪ বছর। তাঁর তিনটি ছেলের নাম জানা যায়। তাঁরা হলেন : মুহাম্মাদ, বশির এবং ইয়াযিদ।

হযরত নূ'মান (রাঃ) বিন বশির (রাঃ) অত্যন্ত উন্নত চরিত্রের অধিকারী ছিলেন। চরিতকাররা তাঁর ধৈর্য, রহমদিল হওয়া, নরম মেজাজ এবং বদান্যতার খুব প্রশংসা করেছেন। তাঁর জীবনের একটি বিরাট অংশ ঘনঘোর দুর্খোগপূর্ণ অবস্থায় কেটেছিল। তবুও রক্তারক্তি থেকে বিরত থাকার জন্য তিনি সাধ্যমত চেষ্টা করেছিলেন এবং নাজুক থেকে নাজুকতম পরিস্থিতিতে নিজেকে আয়ত্তে রেখেছিলেন। ইবনে জরির, তাবারি (রাঃ) তাঁর সম্পর্কে বলেছেন, “তিনি ধৈর্যশীল, ইবাদাতগুজার এবং ক্ষমাশীল ছিলেন।”

হাফিজ ইবনে আবদুল বার (রাঃ) “আল ইসতিয়াবে” তাঁর দানশীলতার এক হৃদয়গ্রাহী ঘটনা বর্ণনা করেছেন। তিনি বলেন, হযরত নূমান (রাঃ) যখন হেমসের গভর্ণর ছিলেন (ইয়াযিদের শাসনকালে) তখন প্রখ্যাত কবি আ'শা হামদানি তাঁর নিকট এসে আরজ করলো, আমি ইয়াযিদের কাছে গিয়ে সাহায্যের আবেদন করেছিলাম। কিন্তু সে আমার আবেদনের প্রতি ক্রক্ষেপই করেনি। এখন আপনার নিকট এসেছি। আত্মীয়তার হক আদায় করুন এবং আমার ঋণ পরিশোধ করে দিন। হযরত নূ'মান সে সময় শূন্য হস্ত ছিলেন এবং কসম খেয়ে বললেন তার কাছে কিছুই নেই। আশা হামদানী তাঁর জবাব শুনে অত্যন্ত নিরাশ হলো। নূ'মান (রাঃ) তাঁর ওপর খুব রহম হলো। কিছুক্ষণ চিন্তা করে বললেন, ঠিক আছে। অতপর মানুষজন একত্রিত করে ২০ হাজার লোকের সামনে মিস্বরে দাড়িয়ে বললেন : “হে মানুষেরা! আশা হামদানি তোমাদের নিকট এসেছেন। সে তোমাদের চাচার পুত্র। একজন মুসলমান এবং সম্প্রান্ত বংশীয়। কালের বিভ্রম্ভনায় সে আজ অর্থের মুখাপেক্ষী হয়ে পড়েছে। এখন তোমার মত কি।”

উপস্থিত সকলেই এক বাক্যে বললো, “আপনি যে নির্দেশ দেবেন তাই পালন করবো।”

হযরত নূ'মান (রাঃ) বললেন, “না, আমি এ ব্যাপারে তোমাদের কোন নির্দেশ দেব না। তোমরা নিজেরাই তার সাহায্যের একটি পথ বের কর।”

জনতা বললো, “ আপনি মাথা পিছু এক দিনার ঠিক করে দিন” তিনি বললেন, “না, দু’জন মিলে এক দিনার দাও।” সকলেই তাতে রাজী হয়ে গেল।

এরপর তিনি বললেন, আমি এখন আশা’কে সরকারী তহবিল থেকে অর্থ দিচ্ছি। যখন তেমাদের প্রদত্ত অর্থ জমা হবে তখন হিসেব করে তা সরকারী তহবিলে জমা দেয়া হবে। বস্তুত তিনি আশাকে ১০ হাজার দিনার দিলেন। তিনি তাতে আপাদমস্তক কৃতজ্ঞতা প্রকাশ করলেন এবং এ প্রসঙ্গে একটি কবিতা আবৃত্তি করলেন।

জ্ঞান ও ফজিলতের দিক থেকে হযরত নূ’মান বিন শির (রাঃ) অত্যন্ত উচু মর্যাদা সম্পন্ন ছিলেন। যদিও তিনি রাসূল (সাঃ)-এর যুগে কম বয়স্ক ছিলেন। কিন্তু আল্লাহ তায়ালা তাঁর তকদিরে জ্ঞান অন্তর্ভবনের স্পৃহা আমানত রেখেছিলেন এবং সাথে সাথে প্রবল মুখস্ত শক্তির নেয়ামত দান করেছিলেন। তিনি রাসূল (সাঃ)-এর জবানীতে যা কিছু শুনতেন তাই মুখস্ত করে নিতেন। রাসূল (সাঃ)-এর ওফাতের পর তিনি উম্মুল মুমিনিন হযরত আয়েশা (রাঃ) এবং হযরত ওমর ফারুক (রাঃ)-এরনিকট থেকে ফয়েজ হাসিল করেন। এক বর্ণনায় আছে যে, তিনি নিজের মামা হযরত আবদুল্লাহ বিন রাওয়াহা (মুতা যুদ্ধের শহীদ) থেকেও হাদীস শুনছেন।

হাদীস বর্ণনায় হযরত নূ’মান (রাঃ) অত্যন্ত সতর্ক ছিলেন। এরপরও তিনি ১২৪টি হাদীস বর্ণনা করেছেন। তাঁর হাদিস বর্ণনাকারী এবং শিষ্যদের মধ্যে ইমাম শাবী (রঃ), সামমাক বিন হারব (রঃ) আবু ইসহাক সাবিয়ী, সালিম বিন আবিল জামাদ (রঃ), উরওয়াহ (রঃ) বিন যোবায়ের (রঃ), আবু কালাবাল জারামী (রঃ), উবাইদুল্লাহ (রঃ) বিন আবদুল্লাহ বিন উতবাহ হাবিব বিন সালেম (রঃ) এবং আবদুল মূলক বিন উমায়ের(রঃ)-এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

হযরত নূ’মান (রাঃ) বিভিন্ন প্রদেশের গবর্নর ছিলেন। এ কারণে তাকে হাজার হাজার মামলার ফায়সালা করতে হয়। চরিতকাররা বলেছেন, ফায়সালা করার সময় তিনি প্রিয় নবী (সাঃ)-এর নির্দেশাবলী এবং আদর্শকে সামনে রাখতেন ও হাদীসের হাওয়ালাহও দিতেন। বক্তৃতাতোও তিনি খুব পারদর্শী ছিলেন। অত্যন্ত সুন্দর ও সুশ্লিষ্ট বক্তৃতা দিতেন। বক্তৃতায় রাজনৈতিক বিষয়বস্তুর ইঙ্গিত দিতেন, হাদীস বর্ণনা করতেন এবং মাসয়ালাও বলতেন। তাঁর এক শিষ্য আমমাক বিন হারব তাবেয়ী (রঃ) বলেছেন, তিনি যত লোকের

বক্তৃতা শুনেছেন তাদের মধ্যে হযরত নুমান (রাঃ)-ই ছিলেন সবচেয়ে বড় বক্তা।

কখনো কখনো হাদীস বর্ণনার সময় আবুল দিহনে কানের দিকে ইশারা করে বুঝাতে চাইতেন যে, তিনি ঋগ্বেদ এ কান দিয়ে রাসূল (সাঃ) এভাবে বলতে শুনেছেন। তাঁর লেখনী বুদ্ধিমত্তায় পূর্ণ থাকতো। কবিতাতেও তাঁর আকর্ষণ ছিল। কতিপয় চরিতকার তাঁর কিছু কবিতা উপস্থাপন করেছেন।

হযরত ইয়ামিন (রাঃ) বিন উমায়ের

মদীনার ইহুদীরা আগুস এবং খাজরাজ গোত্রের লোকদেরকে প্রায়ই শেব নবী (সাঃ)-এর আত্ম প্রকাশের স্বর দিতো। কিন্তু তাদের দুর্ভাগ্যের ব্যাপার হলো যে, শেব নবী হযরত মুহাম্মাদ মুত্তাফা (সাঃ) মদীনায় শূভ পদার্পন করলেন তখন তারা তাঁর ওপর ইমান আনতে স্পষ্টভাবে শূধু অস্বীকারই করলোনা বরং তাঁর বিরুদ্ধে বিভিন্নমুখী ষড়যন্ত্র আটলো। কিন্তু এ সকল বাকী স্বভাবের লোকদের মধ্যেও কিছু সৎস্বভাবের লোক ছিলেন। নিজের কণ্ডমের এ ভূমিকা তাদের পছন্দ হলোনা। তাঁরা জ্ঞান-প্রান দিয়ে নিজেরদের ভাণ্ড ইসলামের সঙ্গে সম্পৃক্ত করে নিল। এ ধরনের সৎস্বভাবের লোকদের মধ্যে ইয়ামিন (রাঃ) বিন উমায়েরও ছিলেন। ইহুদী গোত্র বনি নজ্জিরের সাথে তিনি সম্পর্কযুক্ত ছিলেন। বংশ নামা হলোঃ ইয়ামিন (রাঃ) বিন উমায়ের বিন কা'ব বিন আমর বিন হাজ্জাশ। কতিপয় বর্ণনায় তাঁর পিতার নামও ইয়ামিন হিসেবে উল্লেখ করা হয়েছে এবং তাঁর নাম ইবনে ইয়ামিন বলা হয়েছে।

বনু নজির গোত্রের লোকেরা হযরত ইয়ামিন (রাঃ)-কে সঠিক পথ থেকে বিচ্যুত করার জন্য লোভ-লালসা এবং ভয়-ভীতির সকল অস্ত্রই প্রয়োগ করেছিল। কিন্তু তাঁর অটলতা এবং স্থির চিন্তে কোন পরিবর্তন আসেনি। দিন দিন রাসূল (সাঃ)-এর সাথে তাঁর ভালোবাসা বৃদ্ধি পেয়েছিল।

একবার বনু নজিরের এক অসং লোক আমর বিন হাজ্জাশ শ্রিয় নবী (সাঃ)-কে এক ঘরে ডেকে নিয়ে ওপর থেকে ভারী বস্ত্র বেলে দিয়ে শহীদ করার পরিকল্পনা করেছিল। হযুর (সাঃ) এ পরিকল্পনার কথা জানতে পেলেন। আর এ ভাবেই ষড়যন্ত্র ব্যর্থ হয়ে গেল। এসময়েও তাঁর মনে আমর বিন হাজ্জাশের সেই অপক্লিত তৎপরতার কথা দাগ কেটে রাখলো। এ ব্যক্তি হযরত ইয়ামিন (রাঃ) বিন উমায়েরের চাচাতো ভাই ছিল। হযরত ইয়ামিন (রাঃ) ইসলাম গ্রহণের পর একদিন হযুর (সাঃ) তাকে বললেনঃ “ইয়ামিন, তুমি কি তোমার ভাইয়ের তৎপরতা দেখেছ? সে আমাকে ধোকা দিয়ে ডেকে হত্যা করতে চেয়েছিল। কিন্তু আল্লাহ তায়ালা হযরত জিবরাইল আমীনের মাধ্যমে আমাকে তার অসং উদ্দেশ্যের কথা জানিয়ে দেন।”

হযরত ইয়ামিন (রাঃ) হযুর (সাঃ)-এর এরশাদ শুনে দ্রোখে অস্থির হয়ে পড়লেন সেই সময়ই তিনি উঠে দাঁড়ালেন এবং আমর বিন হাজ্জাশের ভাকে রইলেন। একদিন সুযোগ পেয়ে তাঁর ভবলীলা সাক্ষ করে দিলেন এবং শান্তির নিখাস ফেললেন।

নবম হিজরীতে তাবুকের যুদ্ধ সংঘটিত হলো। বছরটি ছিল প্রচণ্ড ঋণার। এজন্য অনেক মুসলমানকে যুদ্ধ সরঞ্জাম ও সফরের সুযোগ-সুবিধা প্রদানে খুব বেগ পেতে হচ্ছিল। কতিপয় সাহাবী (রাঃ) রাসূল (সাঃ)-এর দরবারে হাজির হয়ে সরকারের সামান্য প্রদানের দরখাস্ত করলেন। সে সময় দেওয়ার মত কোন বস্তুই ছিলনা। এজন্য প্রিয় নবী (সাঃ) অক্ষমতা প্রকাশ করলেন। তারা অত্যন্ত পাকা এবং মুখলিস মুসলমান এবং যেকোন মূল্যে রাসূল (সাঃ)-এর সহগামী হয়ে জিহাদে শরীক হতে ইচ্ছুক ছিলেন। কিন্তু সফর ছিল সুদীর্ঘ এবং কষ্টকর। তাছাড়া সওয়ারী এবং সামান্য ছাড়া তা অতিক্রম করাও সম্ভব ছিলনা। যখন এ সকল বস্তু প্রাপ্তির কোন পথ বেরলোনা তখন নিরাশ হয়ে তারা রোদন করতে লাগলেন। কুরআনে হাকিমে তাদের নৈরাশ্য এবং দুশ্চিন্তার চিত্র এ ভাবে অংকিত করা হয়েছে:

“এবং না আছে কোন অভিযোগ সেই সকল লোকের ওপর যারা তোমার নিকট সওয়ারী চাইতে এসেছিল। এবং তুমি বললে, আমার নিকট এমন কোন জিনিস নেই যার ওপর তোমাদের সওয়ার করাবো। ফলে তারা ঐ দুশ্চিন্তায় ফিরে গেল যে তাদের নিকট রাহা ঋণচ ছিলনা। তাদের চক্ষু দিয়ে অশ্রু প্রবাহিত হচ্ছিল।”

এ সকল অক্ষম সাহাবীর মধ্যে হযরত আব্দুল্লাহ (রাঃ) বিন মুখাফফাল মুযনি এবং হযরত আব্দুর রহমান (রাঃ) বিন রগবও ছিলেন। ঘটনাক্রমে হযরত ইয়ামিন (রাঃ) বিন উমাইর তাদেরকে ক্রন্দন অবস্থায় দেখে ফেললেন। ক্রন্দনের কারণ জিজ্ঞাসা করলে তাঁরা বললেন, রাসূলের নিকট সফরের সামান্য চেয়েছিলাম কিন্তু পাওয়া যায়নি এবং আমাদের এমন সামর্থ্যও নেই যে সামান্য সরবরাহ করতে পারি। হযরত ইয়ামিন (রাঃ) তাদেরকে সাহায্য দিলেন এবং দুই সওয়ারী ও কিছু রাত্তর ঋণচ পেশ করলেন। এ কথা হাফিজ ইবনে হাজার (রঃ) বর্ণনা করেছেন। ইবনে হিশামের রায়গায়েত অনুযায়ী হযরত ইয়ামিন (রাঃ) তাদেরকে একটি উট এবং কিছু খেজুর দিয়েছিলেন। এ সামান্য সামান্যসহ সেই দুজন তাবুকের যুদ্ধে অংশ গ্রহণ করেন।

হযরত ইয়ামিন (রাঃ) বিন উমাইয়ের বিস্তারিত তথ্য চরিত্র গ্রন্থে পাওয়া যায়না। এমনকি তাঁর মৃত্যুর সাল পর্যন্তও পাওয়া যায়নি।

হাফিজ ইবনে আব্দুল বার (রঃ) “আল-ইসতিয়াব” গ্রন্থে হযরত ইয়ামিন (রাঃ) বিন উমাইয়ের সম্পর্কে লিখেছেন: “তিনি মহান সাহাবীদের মধ্যে পরিগণিত।”

গ্রন্থপঞ্জী

- ১। পবিত্র কুরআন শরীফ
- ২। সহিহ বুখারী
- ৩। সহিহ মুসলিম
- ৪। মুসনাদে আবু দাউদ
- ৫। মুসনাদে আহম্মদ বিন হাম্বল
- ৬। জামে' তিরমিডী
- ৭। মুসতাদরাকে হাকিম
- ৮। মিশকাত শরীফ
- ৯। তাবকাতে ইবনে সামাদ (রঃ)
- ১০। তারিখুল উমাম ওয়াল মুলুক—ইবনে জারীর তাবারী (রঃ)
- ১১। আল-ইসাবাহ ফি তামাইয়িজ্জুস সাহাবাহ—হাফিজ ইবনে হাজার আসকালানী (রঃ)
- ১২। তাহজিবুত তাহজিব—হাফিজ ইবনে হাজার আসকালানী (রঃ)
- ১৩। আল-ইসতিয়াব মারিফাতুল আসহাব—হাফিজ ইবনে আব্দুল বার (রঃ) উন্দুলসী
- ১৪। আস-সিরাতুন নবুবিয়াত—ইবনে হিশাম (রঃ)
- ১৫। যাদুল মিয়াদ—হাফিজ ইবনে কাইয়েম (রঃ)
- ১৬। উসুদুল গাবাহ—ইবনে আছির (রঃ)
- ১৭। আল-কামিল ফিত তারিখ—ইবনে আছির (রঃ)
- ১৮। আল-বিদায়্যা ওয়াল নিহায়্যা—হাফিজ ইবনে কাছির (রঃ)
- ১৯। ফতুলুল বুলদান—বালাজুরী (রঃ)
- ২০। আল-আনবারুত তাওয়াল—আবু হানিফাহ দিনাওয়ারী
- ২১। তরজুমানুস সুন্নাহ—মওলানা বদরে আলম মির্রাটি (রঃ)
- ২২। মায়ারিফুল হাদীস—মওলানা মুহাম্মদ মনজুর নুমানী
- ২৩। খালিদ সাইফুল্লাহ—আবু য়ায়েদ শালবী
- ২৪। আল-কারুক—শিবলী নুমানী (রঃ)
- ২৫। তারিখে ইসলাম—শাহ মুন্নীন উদ্দীন আহমদ নদবী মরহুম
- ২৬। তারিখে ইসলাম—আকবর শাহ খান নজিব আবাদী মরহুম
- ২৭। মিয়াকুস সাহাবাহ (রঃ)—শাহ মুন্নীন উদ্দীন আহমদ নদবী মরহুম
- ২৮। সিয়ারে আনসার (রঃ)—মওলভী সাঈদ আনসারী মরহুম
- ২৯। সিয়াকুস সাহাবাহ (রঃ)—প্রথম ও দ্বিতীয় খণ্ড—মওলভী সাঈদ আনসারী মরহুম

- ৩০। আহলি কিতাবে সাহাবাহ ওয়া তাবেন্নীন—হাফিজ মুজিবুল্লাহ নদবী
 ৩১। তারিখে মিল্লাত—কাজী যমুনুল আবেদীন মীরঠাঠি
 ৩২। হজরত ওমরের (রাঃ) সরকারী পত্রাবলী—খুরশীদ আহমদ ফারুক
 ৩৩। আল-মাশাহেদ—হাকিম রহমান আলী খান মরহুম
 ৩৪। দায়েরায়ে মামারেফে ইসলামিয়া (ইনসাইক্লোপেডিয়া অব ইসলাম) পাজ্জাব
 বিশ্ববিদ্যালয়—বিভিন্ন ২৩
 ৩৫। হামাতুস সাহাবাহ (রাঃ)—মওলানা মুহাম্মদ ইউসুফ কানখলুদী (রঃ)

আমাদের প্রকাশিত কিছু বই

- তাফহীমুল কুরআন (১-১৯ খণ্ড)
-সাইয়েদ আবুল আ'লা মওদুদী র.
- তরজমায়ে কুরআন মজীদ (এক খণ্ড)
-সাইয়েদ আবুল আ'লা মওদুদী র.
- তাদাব্বুরে কুরআন (১-২ খণ্ড)
-মাওলানা আমীন আহসান ইসলাহী
- শব্দে শব্দে আল কুরআন (১-১ ৪ খণ্ড)
-মাওলানা মুহাম্মাদ হাবিবুর রহমান
- সহীহ আল বুখারী (১-৬ খণ্ড)
-আবু আবদুল্লাহ মুহাম্মাদ ইবনে ইসমাইল আল বুখারী র.
- সুনান ইবনে মাজা (১-৪ খণ্ড)
-আবু আবদুল্লাহ ইবনে মাজা র.
- শারহু মাআনিল আছর (তাহাবী শরীফ) (১-২ খণ্ড)
-ইমাম আবু জাফর আহমাদ আত-তাহাবী র.
- সীরাতে সরওয়ারে আলম (১-২ খণ্ড)
-সাইয়েদ আবুল আ'লা মওদুদী র.
- মহানবীর সীরাত কোষ
-খান মোসলেহ উদ্দীন আহমদ
- বিশ্বনবীর মোযেজা
-ওয়ালিদ আল আযমী
- হযরত আবু বকর রা.
-মুহাম্মদ হুসাইন হাইকল
- শতাব্দীর শ্রেষ্ঠ দায়ী ইলাল্লাহ
-মুহাম্মদ নূরুজ্জমান
- মাওলানা মওদুদীকে যেমন দেখেছি
-অধ্যাপক গোলাম আযম
- মুন্সী মেহেরউদ্দা : জীবন ও কর্ম
-নাসির হেলাল